কেমব্রজ পাবিলক স্কুল

# 2021-2022
# শিক্ষার্থী এবং পরিবারদের জন্য নির্দেশাবলী

একত্রিত থাকা অ্যানুয়াল স্টুডেন্ট ফর্মস পুস্তিকাটির সব ফর্ম গুলি অবশ্যই সম্পূর্ণ করতে হবে এবং **স্কুলের প্রথম দিনে** শিক্ষার্থীদের সাথে তাদের হোমরুম শিক্ষক- শিক্ষিকাকে ফেরত্ দিয়ে দিতে হবে।

এই প্রকাশনার অনুবাদগুলি CPS ওয়েবসাইটে পাওয়া যাবে: www.cpsd.us.

# বিষয় সারণী


| বিভাগ | বিবরণ | পৃষ্ঠা # |
|---|---|---|
| 1 | শিক্ষার্থীর গোপনীয়তা | 4 |
| 2 | শিক্ষার্থীদের নথি | 5 |
| 3 | সামরিক নিয়োগকারী, ভবিষ্যত্ নিয়োগকারী কলেজ ও বিশ্ববিদ্যালয়ের কাছে যোগাযোগের সাধারণ তথ্যাবলী প্রকাশ করা | 6 |
| 4 | ফ্যামিলি এডুকেশন রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্টের (FERPA) অধীনে যা যা অধিকার রয়েছে তার বিজ্ঞপ্তি | 6 |
| 5 | শিক্ষার্থীদের ডেটা এবং অনলাইন নির্দেশমূলক আবেদনপত্র | 8 |
| 6 | উপস্থিতি | 8 |
| 7 | সহায়তার প্রয়োজনীয়তা থাকা শিশু (চাইল্ড রিকোয়ারিং অ্যাসিস্ট্যান্স) (CRA) | 10 |
| 8 | যেসব শিক্ষার্থী স্কুল ছেড়ে যায় তাদের সম্পর্কে বিজ্ঞপ্তি | 10 |
| 9 | শিশু নিগ্রহ | 10 |
| 10 | যত্ন এবং সুরক্ষার পদক্ষেপ | 11 |
| 11 | হিসাববহির্ভূত বা নিখোঁজ হয়ে যাওয়া শিশু | 11 |
| 12 | পরিবহণ | 12 |
| 13 | প্রামাণ্য পরীক্ষণ | 12 |
| 14 | যৌন শিক্ষা | 12 |
| 15 | শারীরিক শাসন | 12 |
| আচরণবিধি | | |
| 16 | ভূমিকা | 17 |
| 17 | আদর্শ | 17 |

## আচরণ এবং শৃঙ্খলা সংক্রান্ত নীতি


18 ধূমপান: তামাক-মুক্ত নীতি ..... 18
19 মাদক, অস্ত্র এবং স্কুল কর্মীদের উপর আক্রমণ হানার ব্যাপারে বিধিবদ্ধ নিষেধাজ্ঞা ..... 18
20 মাদক নীতি ..... 18
21 অস্ত্র নীতি ..... 18
22 কর্মীদের উপর আঘাত হানা ..... 19
23 গুরুতর অপরাধে অভিযুক্ত বা দন্ডপ্রাপ্ত শিক্ষার্থী ..... 19
24 নির্মম নির্যাতন করা ..... 19
25 ভাঙচুর করা ..... 21
26 মারামারি/শারীরিক আক্রমণ ..... 21
27 উত্পীড়ন-রোধী নীতি এবং উত্পীড়ন রোধ ও হস্তক্ষেপের পরিকল্পনা ..... 22
28 কিশোর-কিশোরীদের মধ্যে ডেটিং সংক্রান্ত হিংসা রুখবার নীতি ..... 28


## শাস্তিদানের কার্যধারা (যথাযথ প্রক্রিয়া)


29 স্থগিতাদেশ ..... 30
30 বহিষ্করণ ..... 31
31 শিক্ষার্থীদের অনুসন্ধান এবং জিজ্ঞাসাবাদ করা ..... 31
32 শিক্ষার্থীদের অভিযোগ জানানোর প্রক্রিয়া ..... 32
33 পাঠক্রম বহির্ভূত কার্যকলাপে অংশগ্রহণ ..... 33


## অধিকার এবং বিশেষ সুবিধা


34 শিক্ষার্থীদের মধ্যে বৈষম্যহীনতা ..... 33
35 যুক্তিসঙ্গত আবাসন নীতি এবং পদ্ধতি ..... 33
36 1973-এর পুনর্বাসন আইনের বিভাগ 504-এর অধীনে অধিকারের বিজ্ঞপ্তি ..... 33
37 বিশেষ শিক্ষা ..... 34
38 IEPS এবং 504 পরিকল্পনা থাকা শিক্ষার্থী ..... 34
39 ইতিবাচক পদক্ষেপ/অবৈষম্যমূলক বিজ্ঞপ্তি ..... 36
40 গৃহহীন শিক্ষা সংযোগ ..... 37
41 জোট বাঁধার স্বাধীনতা ..... 37
42 ভাবপ্রকাশের স্বাধীনতা ..... 37
43 ব্যক্তি স্বাধীনতা ..... 37
44 অবৈষম্যমূলক নীতি এবং যৌন হয়রানির বিরুদ্ধে নিষেধাজ্ঞা ..... 37

45 শিক্ষার্থীদের বিবাহ, গর্ভাবস্থা এবং অভিভাবকত্ব ..... 38
46 টাইটেল IX কোঅর্ডিনেটর ..... 39
47 ধর্মের স্বাধীনতা ..... 39
48 অঙ্গীকার পালনের প্রতিশ্রুতি ..... 39

**সাধারণ নীতি এবং প্রশাসনিক নির্দেশিকা**

49 কম্পিউটার নেটওয়ার্কের গ্রহণযোগ্য ব্যবহার নীতি ..... 39
50 সফ্টওয়্যার আচরণবিধি ..... 42
51 স্কুল পরিদর্শনকারী ..... 42
52 কোনো যানবাহন এমনি এমনি দাঁড় করিয়ে রাখা যাবে না ..... 42
53 শিক্ষার্থীদের লকার ..... 42
54 ফৌজদারি অপরাধীর তথ্য রক্ষা ..... 43
55 ফিল্ড ট্রিপ ..... 43
56 টিকাকরণ ..... 44
57 পারিবারিক নিযুক্তি ..... 44
58 অগ্রগতি এবং ধারণ ..... 44
59 প্রেসক্রিপশনের ওষুধ প্রয়োগ এবং জীবনহানিকর খাবারে অ্যালার্জি নিয়ন্ত্রণ ..... 44
60 সুস্থতা নীতি ..... 44
61 খেলাধূলো থেকে মাথায় চোট লাগা এবং প্রচন্ড আঘাত লাগা ..... 47
62 এইচআইভি/এইডস নীতি ..... 48
63 শিক্ষার্থীদেরকে মাদক, মদ, তামাক এবং মাদক সেবন রোধ করা সম্পর্কে শেখানো ..... 48
64 SBIRT (বাছাই, সংক্ষিপ্ত হস্তক্ষেপ এবং চিকিত্সার সুপারিশ) ..... 48
65 পাঠক্রম মূল্যায়ন ..... 49
66 স্কুল প্রাঙ্গণে তামাক ব্যবহারের উপরে নিষেধাজ্ঞা ..... 49

কেমব্রিজ পাবলিক স্কুলগুলি নিয়োগকারীদের কাছে সমান সুযোগ প্রদান করে এবং সব শিক্ষার্থীদেরকে গুণমানসম্পন্ন শিক্ষামূলক কর্ম সূচীর বন্দোবস্ত প্রদান করতে দায়বদ্ধয কেমব্রিজ পাবলিক স্কুলগুলি জাতি, গায়ের রঙ, বর্ণ, জাতীয় উত্স, বংশ, ধর্ম, বয়স, প্রতিবন্ধকতা, জিনগত তথ্য, অভিজ্ঞতা, বৈবাহিক স্থিতি, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, যৌন প্রবৃত্তি, গর্ভাবস্থা বা গর্ভাবস্থা সম্পর্কিত রোগের ভিত্তিতে এদের প্রোগ্রাম ও কার্য কলাপে বৈষম্য করে না এবং বয় স্কাউটে ও অন্যান্য মনোনীত কিশোর দলে সমানাধিকার প্রদান করে।

বার্ষিক শিক্ষার্থী ফর্মটি, যেটি আলাদা করে দেওয়া হয়েছে সেটি পূরণ ও স্বাক্ষর করে ফেরত দিতে হবে

শেষবার আপডেট করা হয়েছে: 20শে জুলাই**20**

## 1. **শিক্ষার্থীর গোপনীয়তা**

CPS এদের স্কুলে আসা শিক্ষার্থীদের গোপনীয়তা এমনভাবে রক্ষা করা নিশ্চিত করে যা ফেডারেল ও স্টেটের আইনের সাথে সঙ্গতিপূর্ণ, যার মধ্যে ফেডারেল ফ্যামিলি এডুকেশনাল রাইটস ও প্রাইভেসি অ্যাক্ট এবং ম্যাসাচুসেটস স্টুডেন্ট রেকর্ডস রেগুলেশনের পাশাপাশি কেমব্রিজ স্কুল কমিটির শিক্ষার্থী গোপনীয়তা নীতিও যথাযথভাবে রক্ষিত হয়। শিক্ষার্থীদের গোপনীয়তা সম্পর্কে আরও তথ্য পাওয়ার জন্য, আপনার স্কুলের অধ্যক্ষ/হাই স্কুলের প্রধানের সাথে যোগাযোগ করুন।

প্রোটেকশন অফ পিউপিল রাইটস অ্যামেন্ডমেন্ট (PPRA), যুক্তরাষ্ট্রের কোডের অনুচ্ছেদ 20-র বিভাগ 1232h-বিভাগে বলা হয়েছে যে, স্কুল ডিস্ট্রিক্টের সমীক্ষা পরিচালনা, সংগ্রহ ও সেই তথ্য বিপণন ও নির্দিষ্ট শারীরিক পরীক্ষার জন্য ব্যবহার করা নিয়ে অভিভাবক/বাবা-মা/পরিচরর্যাকারীদের কিছু নির্দিষ্ট অধিকার রয়েছে। এর মধ্যে এই অধিকারগুলিও অন্তর্ভুক্ত রয়েছে:

- নিম্নলিখিত এক বা একাধিক সুরক্ষিত ক্ষেত্রকে নিয়ে করা কোনো সমীক্ষায় শিক্ষার্থীদের অংশগ্রহণ করার আগে সম্মতিগ্রহণ ("সুরক্ষিত তথ্যের সমীক্ষা") যদি সমীক্ষাটি যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগের (ED) কোনো প্রোগ্রাম কর্তৃক সমগ্র বা আংশিক মঞ্জুরিপ্রাপ্ত হয়: (1) শিক্ষার্থী বা শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর রাজনৈতিক মতামত বা অধিভুক্তি; (2) শিক্ষার্থী বা শিক্ষার্থীর পরিবারের মানসিক বা মনস্তাত্ত্বিক সমস্যা; (3) যৌন আচরণ বা আচার; (4) বেআইনি, অসামাজিক, নিজেকে দোষারোপ করা বা, হীনমন্যকর আচরণ; (5) দোষীদের সাথে যাদের ঘনিষ্ঠ পারিবারিক সম্পর্ক আছে তাদের নিন্দা করা; (6) আইনতঃ স্বীকৃত যে পেশাগুলিতে বিশেষ সুবিধা পাওয়া যায় যেমন, আইনজীবী, চিকিত্সক বা মন্ত্রী; (7) শিক্ষার্থী বা শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর ধর্মীয় আচরণ, অধিভুক্তি, বা বিশ্বাস; বা (8) উপার্জন, যা প্রোগ্রামের যোগ্যতা নির্ধারণ করতে আইনি আবশ্যিকতা বহির্ভূত।
- কোনো শিক্ষার্থীকে নিম্নলিখিতগুলি থেকে বাদ দেওয়া নিয়ে বিজ্ঞপ্তি লাভ করা এবং সুযোগ পাওয়া: (1) অর্থ মঞ্জুরি নির্বিশেষে, অন্য কোন সুরক্ষিত তথ্যের সমীক্ষা; (2) কোনো অ-আপত্কালীন, কাটাছেঁড়ার শারীরিক পরীক্ষা বা উপস্থিতির শর্ত হিসাবে আবশ্যিক অন্য কোনো পরীক্ষা, যা স্কুল বা তাদের এজেন্ট কর্তৃক প্রয়োগ করা হয়, এবং যেটি শিক্ষার্থীর অব্যবহিত স্বাস্থ্য ও সুরক্ষা রক্ষার্থে প্রয়োজনীয় নয়, ব্যতিক্রম হল স্টেট আইনের অধীনে অনুমোদিত অথবা আবশ্যিক কোনো শ্রবণ, দৃষ্টি বা স্কোলিওসিস, বা অন্য কোনো শারীরিক পরীক্ষা বা বাছাইকরণ; এবং (3) এমন কার্যকলাপ যাতে তথ্য বাজারজাত করার জন্য বা অন্যথায় অন্যদেরকে বিক্রী বা বিতরণ করার জন্য শিক্ষার্থীদের থেকে তথ্য সংগ্রহ, প্রকাশ, বা ব্যক্তিগত তথ্য ব্যবহার করা হয়।
- নিম্নলিখিতগুলি পরীক্ষা করা, প্রয়োগের আগে বা পরে, অথবা ব্যবহার করা: (1) শিক্ষার্থীদের সুরক্ষিত তথ্যের সমীক্ষা; (2) শিক্ষার্থীদের কাছ থেকে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করার জন্য ব্যবহৃত আনুষঙ্গিক জিনিস যা উপরে লিখিত যে কোনো বিপণন, বিক্রয় বা অন্যান্য বিতরণের উদ্দেশ্যে কাজে লাগানো হয়; এবং (3) শিক্ষামূলক পাঠক্রমের অংশ হিসাবে ব্যবহৃত আনুষঙ্গিক উপকরণ।

এই অধিকারগুলি কোনো বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর থেকে এমন শিক্ষার্থীদের মধ্যে স্থানান্তরিত হয় যার 18 বছর বয়স হয়েছে বা যে স্টেট আইনের অধীনে নাবালকত্ব থেকে মুক্তি পেয়েছে।

CPS বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদের সাথে পরামর্শ করে এই অধিকারগুলির সাথে শিক্ষার্থীদের গোপনীয়তা নিশ্চিত রাখার অন্যান্য বন্দোবস্ত করার জন্যও বেশ কিছু নীতি অবলম্বন করেছে যেগুলি সুরক্ষিত তথ্য সমীক্ষার ব্যবহারের সময় এবং বিপণন, বিক্রয় বা অন্যান্য বিতরণের উদ্দেশ্যে ব্যক্তিগত তথ্য সংগ্রহ, প্রকাশ ও ব্যবহারের সময় শিক্ষার্থীদের গোপনীয়তা সুরক্ষিত রাখবে। CPS প্রত্যেক স্কুল বর্ষের প্রথমে বার্ষিকভাবে এবং কোনো গুরুতর পরিবর্তন আনা হলে তার পরে সরাসরি বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদেরকে এই নীতিগুলি সম্পর্কে অবহিত করবে। CPS ইউ.এস মেল বা ইমেল মারফত্ সরাসরি এমন শিক্ষার্থীদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদের জানিয়ে রাখবে যে শিক্ষার্থীরা নিম্নোল্লিখিত বিশেষ কার্যকলাপ বা সমীক্ষায় অংশগ্রহণ করতে চলেছে এবং বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদেরকে সেই বিশেষ কার্যকলাপ বা সমীক্ষা থেকে তাঁদের সন্তানকে বের করে নেওয়ার সুযোগ দেবে। যদি কোনো স্কুল ডিস্ট্রিক্ট স্কুল বর্ষের প্রথমেই কার্যকলাপ বা সমীক্ষাগুলির জন্য বিশেষ বা আনুমানিক তারিখ

দিয়ে থাকে, তাহলে CPS স্কুল বর্ষের শুরুতেই বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদেরকে সেই বিষয়ে অবহিত করবে। স্কুল বর্ষ শুরু হয়ে যাওয়ার পরে যে সমীক্ষা বা কার্যকলাপগুলি হবে, তার জন্য বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদেরকে পরিকল্পিত সমীক্ষা ও কার্যকলাপের ব্যাপারে যুক্তিসঙ্গত সময় রেখে অবহিত করা হবে এবং বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদেরকে সেই বিশেষ কার্যকলাপ বা সমীক্ষা থেকে তাঁদের সন্তানকে বের করে নেওয়ার সুযোগ দেবে। কোনো প্রাসঙ্গিক সমীক্ষা পর্যালোচনা করার জন্যও বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদেরকে সুযোগ দেওয়া হবে। স্কুল ডিস্ট্রিক্টের শিক্ষার্থী গোপনীয়তা নীতি অনুসরণ করে, আপনার সন্তানের স্কুলের হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান আপনাকে এমন যে কোনো কার্যকলাপের ব্যাপারে জানাবেন যেগুলির জন্য বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর অবগতি ও সম্মতি দকার হয় নতুবা স্কুল বর্ষ চলাকালীন তা থেকে বাদ পড়ার সুযোগ গ্রহণ করা যায়। নীচে এই আবশ্যিকতার অধীনে অন্তর্ভুক্ত বিশেষ কার্যকলাপ ও সমীক্ষার একটি তালিকা দেওয়া হল: (1) বাজারজাতকরণ, বিক্রী বা অন্যান্যভাবে বিতরণ করার জন্য শিক্ষার্থীদের থেকে ব্যক্তিগত তথ্য সংগ্রহ, প্রকাশ, বা ব্যক্তিগত তথ্য; (2) যে কোনো সুরক্ষিত তথ্যের সমীক্ষা চালানো যা ED কর্তৃক সমগ্র বা আংশিকভাবে মঞ্জুরিপ্রাপ্ত নয়, এবং (3) এবং যে কোনো অ-আপত্কালীন, শল্যমূলক শারীরিক পরীক্ষা বা বাছাইকরণ যা উপরে বর্ণিত হয়েছে।

যেসব বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীরা মনে করেন যে তাঁদের অধিকার লঙ্ঘিত হয়েছে তাঁরা এখানে অভিযোগ দায়ের করতে পারেন:

Family Policy Compliance Office
U.S. Department of Education
400 Maryland Avenue, S.W.
Washington, D.C. 20202-5920
ফোন: 800.USA.LEARN (800.872.5327)

## 2. **শিক্ষার্থীদের নথি**

ম্যাসাচুসেটস আইনের অধীনে, যে কোনো শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর, বা নবম শ্রেণীতে প্রবেশ করা অথবা ন্যূনতম 14 বছর বয়স হওয়া যে কোনো শিক্ষার্থীর অনুরোধ সাপেক্ষে শিক্ষার্থীর নথি পরীক্ষা করার অধিকার আছে। বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী বা যোগ্য শিক্ষার্থী অনুরোধ করার দশ দিনের মধ্যেই শিক্ষার্থী নথি লাভ করবে, এবং তারা কোনো সুযোগ্য পেশাদার কর্তৃক সেই নথি অনুবাদ করাতে বা হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান কর্তৃক নথি সংশোধন করাতেও চাইতে পারে। এছাড়া, স্টেট আইনে এমন বিশেষ কিছু পদ্ধতি বর্ণিত রয়েছে যা প্রতিটি সরকারী স্কুলকে হেফাজত না করা অভিভাবকদের হাতে শিক্ষার্থীর নথির তথ্য দেওয়ার আগে অনুসরণ করতে হয়। কোনো শিক্ষার্থীর নথি দেখার সব অনুরোধগুলি অবশ্যই শিক্ষার্থীর স্কুলের হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের কাছে পাঠাতে হবে। এছাড়া, যে স্কুলে শিক্ষার্থী স্থানান্তরিত হতে চাইছে সেই স্কুলের কোনো অনুমোদিত স্কুলকর্মী যোগ্য শিক্ষার্থীর এবং/অথবা শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর সম্মতি বিনাই শিক্ষার্থীর নথি লাভ করতে পারে এবং CPS সেই স্কুলের কাছে শিক্ষার্থীর নথি পাঠিয়ে দিতে পারে যে স্কুলে শিক্ষার্থী ভর্তি হতে চাইছে বা হওয়ার ইচ্ছে আছে।

কেমব্রিজ পাবলিক স্কুল থেকে পাস করে যাওয়া, স্থানান্তরিত হয়ে যাওয়া বা নাম কাটিয়ে নেওয়ার পরে কোনো শিক্ষার্থীর সাময়িক নথি কোনোভাবেই সাত (7) বছরের বেশি রাখা হবে না এবং নষ্ট করে ফেলা হবে। কোনো শিক্ষার্থী কেমব্রিজ পাবলিক স্কুল থেকে পাস করলে, স্থানান্তরিত হলে বা নাম কাটিয়ে নিলে, শিক্ষার্থী এবং শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে সাময়িক নথি নষ্ট করে দেওয়ার আনুমানিক তারিখ জানিয়ে লিখিত নোটিশ দেওয়া হবে। কোনো শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্ট (বা ফলাফলের নথি) স্কুল বিভাগ কর্তৃক রক্ষা করা হয় এবং সেই শিক্ষার্থী কেমব্রিজ পাবলিক স্কুল থেকে পাস করার, স্থানান্তরিত হওয়ার বা নাম কাটিয়ে নেওয়ার ষাট (60) বছর পরে সেটি নষ্ট করে দেওয়া হবে।

ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট (FERPA), একটি ফেডারেল আইন, এবং ম্যাসাচুসেটস স্টুডেন্ট রেকর্ড আইনের আবশ্যিকতা অনুসরণ করে কোনো স্কুল ডিস্ট্রিক্টকে, নির্দিষ্ট কিছু ব্যতিক্রম ছাড়া, আপনার সন্তানের শিক্ষামূলক নথির ব্যক্তিগত শনাক্তকরণযোগ্য তথ্য প্রকাশের আগে আপনার লিখিত অনুমতি নিতে হয়। যাইহোক, CPS হয়তো যথাযথভাবে মনোনীত "ডিরেক্টরির তথ্য" আপনার সম্মতি ছাড়াই প্রকাশ করতে পারে, যদি না আপনি CPS-কে এদের পদ্ধতির বিরুদ্ধে কোনো কিছু করার পরামর্শ না দিয়ে থাকেন। ডিরেক্টরি তথ্যের প্রাথমিক উদ্দেশ্য হল CPS-কে এই ধরনের তথ্য আপনার সন্তানের শিক্ষা নথি থেকে নিয়ে

নির্দিষ্ট কিছু স্কুল প্রকাশনায় ঢোকানো, যেমন প্লেবিল, যাতে কোনো নাটকে আপনার সন্তানের ভূমিকাটি দেখানো হচ্ছে; বার্ষিকভাবে বেরোনো ইয়ারবুক; সাম্মানিক স্বীকৃতি বা অন্যান্য স্বীকৃতিপ্রাপ্তির তালিকা; উত্তীর্ণ হওয়ার প্রোগ্রাম; এবং ক্রীড়ামূলক কার্যকলাপের তথ্যপৃষ্ঠা।

ডিরেক্টরির তথ্য, যা এমন তথ্য যেটি সাধারণতঃ ক্ষতিকর নয় বা প্রকাশ পেয়ে গেলে গোপনীয়তা বিঘ্নিত করবে না বলেই মনে করা হয়, তাও বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর আগাম লিখিত সম্মতি ব্যতীত বাইরের সংস্থার কাছে প্রকাশ করা হতে পারে। CPS হয়তো কোনো শিক্ষার্থী নাম, ঠিকানা বা ইমেল ঠিকানা বাইরের সংস্থার কাছে প্রকাশ করতে পারে যার মধ্যে যেসব কোম্পানি বিশেষ ও সীমিত উদ্দেশ্যে শিক্ষার্থীদেরকে প্রাতিষ্ঠানিক পরিষেবা বা সুবিধা প্রদানের জন্য ক্লাস রিং তৈরি করে বা ইয়ারবুক প্রকাশনা করে সেগুলি অন্তর্ভুক্ত থাকলেও তার মধ্যেই সীমিত নয়। তার সাথে, দুটি ফেডারেল আইন অনুসারে 1965-র এলিমেন্টারি অ্যান্ড সেকেন্ডারি এডুকেশন অ্যাক্টের (ESEA) অধীনে সহায়তাপ্রাপ্ত স্থানীয় শিক্ষামূলক সংস্থাগুলিকে (LEAs) সামরিক নিয়োগকারীদের কাছে অনুরোধ সাপেক্ষে তিনটি শ্রেণীতে ডিরেক্টরির তথ্য প্রদান করতে হয়-নাম, ঠিকানা এবং টেলিফোন তালিকা—যদি না বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী LEA-কে প্রস্তাব দিয়ে থাকে যে তাঁরা তাঁদের সন্তানের তথ্য তাঁদের আগাম লিখিত সম্মতি ব্যতীত প্রকাশ করতে দিতে চান না।

CPS নিম্নলিখিত তথ্য বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর সম্মতি না নিয়েই প্রকাশ করে: শিক্ষার্থীর নাম, উপস্থিতির তারিখ, শ্রেণী বা গ্রেড, আনুষ্ঠানিকভাবে স্বীকৃত কার্যকলাপ ও খেলাধূলায় অংশগ্রহণ, ছবি/ভিডিও, ক্রীড়া দলে সদস্যপদ, ডিগ্রী, সম্মান এবং পুরস্কার, পড়াশুনার মুখ্য ক্ষেত্র, এবং হাইস্কুলের পরবর্তী পরিকল্পনা। যা অতিরিক্তভাবে M.G.L.c-র অনুসারী। 71, §89(g), CPS, কমনওয়েলথ চার্টার স্কুল থেকে অনুরোধ পাওয়ার পরে, সরকারী স্কুলের শিক্ষার্থীদের নাম এবং ঠিকানা এমন কোনো তৃতীয় পক্ষের মেল হাউসের (ডাক সংস্থা) কাছে প্রকাশ করে যারা ম্যাসাচুসেটস ডিপার্টমেন্ট অফ এলিমেন্টারি অ্যান্ড সেকেন্ডারি এডুকেশন কর্তৃক অনুমোদিত।এটি করা হয় যাতে কমনওয়েলথ চার্টার স্কুল এমন শিক্ষার্থীদের কাছে নিয়োগ সংক্রান্ত তথ্য পাঠাতে পারে যারা কমনওয়েলথ চার্টার স্কুলে ভর্তি হওয়ার যোগ্য।

যদি আপনি আপনার সম্মতি ব্যতীত এই তথ্য প্রকাশ করতে না চান, তাহলে আপনি অবশ্যই প্রত্যেক স্কুলবর্ষের 1লা অক্টোবরের মধ্যে লিখিতভাবে আপনার স্কুলের হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানকে অবগত করবেন। এই পুস্তিকার সাথে একটি লিখিত অনির্বাচনের ফর্ম একত্রিত রয়েছে যেটি যেসব শিক্ষার্থী ও তাদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীরা এই তথ্য প্রকাশ হতে দিতে না চান তাঁদেরকে পূরণ করতে হবে।

শিক্ষার্থীর নথি ও শিক্ষার্থীর নথির ব্যাপারে শিক্ষার্থীদের এবং বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদের অধিকার সংক্রান্ত স্টেটের নিয়মকানুনের প্রতিলিপি প্রতিটি স্কুলে পাওয়া যাবে।

এছাড়া, স্কুল সমিতি শিক্ষার্থীর নামের সাথে শিক্ষার্থী ও বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদের ঠিকানা(গুলি), টেলিফোন নম্বর(গুলি) এবং ইমেল ঠিকানা (গুলি) ডিরেক্টরি তথ্য হিসাবে মনোনীত করেছে যেগুলি শুধুমাত্র কোনো নির্দিষ্ট স্কুলে স্কুল-নির্ভর ফ্যামিলি কনট্যাক্ট বুক তৈরির বিশেষ ও সীমিত উদ্দেশ্যেই বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদের গোষ্ঠীদের মধ্যে এবং প্রাক্তনী ডিরেক্টরি তৈরির বিশেষ ও সীমিত উদ্দেশ্যে স্কুলের প্রাক্তনী গোষ্ঠীর মধ্যে প্রকাশ করা যাবে এবং এইরকমভাবে তথ্য তবেই প্রকাশ করা যাবে যদি শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীরা স্কুল-নির্ভর ফ্যামিলি কনট্যাক্ট বুকে বা স্কুল-নির্ভর প্রাক্তনী ডিরেক্টরিতে এইরকম তথ্য অন্তর্ভুক্ত করার জন্য স্পষ্ট লিখিত সম্মতি দিয়ে থাকেন। যদি কোনো বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী এই প্রকাশনাগুলির কোনো একটিতেও অংশগ্রহণ করতে চান, তাহলে তাঁদেরকে সেই স্কুলবর্ষের শুরুতে "নির্বাচন" করে রাখতে হবে।

স্কুল কমিটি শিক্ষার্থীর নাম, টেলিফোন নম্বর(গুলি), বাড়ির ঠিকানা, এবং জন্ম তারিখও "ডিরেক্টরি তথ্য" হিসাবে মনোনীত করতে পারে যা শুধুমাত্র কেমব্রিজ পাবলিক স্কুলের কিন্ডারগার্টেন শিক্ষার্থীদেরকে লাইব্রেরি কার্ড প্রদান করার উদ্দেশ্যেই কেমব্রিজ পাবলিক লাইব্রেরি কর্তৃক প্রকাশ করা হবে। পাঁচবছর বা তার বেশি বয়সী সব কিন্ডারগার্টেন শিক্ষার্থীদেরকে স্কুলবর্ষের শুরুতে লাইব্রেরি কার্ড দেওয়া হবে, এবং স্কুল বর্ষ চলাকালীন পাঁচ বছরে পা দেওয়া কিন্ডারগার্টেন শিক্ষার্থীদেরকেও লাইব্রেরি কার্ড দেওয়া হবে। যদি কোনো বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী কেমব্রিজ পাবলিক

লাইব্রেরির কাছে এই তথ্য প্রকাশ পছন্দ না করেন, তাহলে তাঁদেরকে অবশ্যই প্রত্যেক স্কুল বর্ষের শুরুতে "অনির্বাচন" করা বেছে নিতে হবে।

তার সাথে, CPS হয়তো শিক্ষার্থীদের ডেটা এমন বিক্রেতাদের সাথে ভাগ করতে পারে যারা অনলাইন ও ক্লাউড-নির্ভর শিক্ষামূলক অ্যাপ্লিকেশন সরবরাহ করে থাকে, যেগুলি মূলতঃ শিক্ষার্থীদের ক্ষেত্রেই ব্যবহার করা হয়, যেগুলি প্রাতিষ্ঠানিক কোনো কার্যকলাপ বা পরিষেবা হতে পারে, কিন্তু সেটি শুধু তখনই হবে যখন বিক্রেতা স্কুল ডিস্ট্রিক্টের সাথে একটি শিক্ষার্থীর ডেটা গোপনীয়তা চুক্তিতে স্বাক্ষর করবে যাতে সেই বিক্রেতা প্রাতিষ্ঠানিক কার্যকলাপ ও পরিষেবার জন্য সেই অনলাইন ও ক্লাউড-নির্ভর শিক্ষামূলক অ্যাপ্লিকেশন সরবরাহ করতে পারেsঅথবা যদি বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী একটি স্পষ্ট লিখিত সম্মতিতে স্বাক্ষর করে থাকেন। অনুমোদিত অনলাইন এবং ক্লাউড-নির্ভর সংস্থানগুলির একটি তালিকা এখানে পাওয়া যেতে পারে: bit.ly/CPSDigRes

যে কোনো শিক্ষার্থীর কাজ, যা সেই শিক্ষার্থী স্কুলের বিভাগীয় কম্পিউটারে/সার্ভারে তৈরি ও সংরক্ষণ করে, সেগুলি শিক্ষার্থী কেমব্রিজ পাবলিক স্কুল ছেড়ে চলে যাওয়ার পরের সাত বছর পর্যন্ত রক্ষা করা হবে, এবং কেমব্রিজ পাবলিক স্কুলের ব্যবহৃত কোনো অনলাইন শিক্ষামূলক পরিষেবা প্রদানকারীর মাধ্যমে তৈরি ও সংরক্ষণ করা কোনো শিক্ষার্থীর কাজ সেই অনলাইন শিক্ষামূলক পরিষেবা প্রদানকারীর তথ্য ধারণ ও বিনষ্টিকরণের আবশ্যিকতা অনুসারে রক্ষা করা হবে। বেশিরভাগ ক্ষেত্রেই কোনো অনলাইন শিক্ষামূলক পরিষেবা প্রদানকারীর তথ্যধারণ পর্ব কেমব্রিজ পাবলিক স্কুলের সাথে প্রদানকারীর চুক্তিপর্বের সাথে মিলে যায়, বা কেমব্রিজ পাবলিক স্কুলের তরফ থেকে কোনো প্রতিক্রিয়া পেলে সেই পর্বটি সংক্ষিপ্তও করা হতে পারে।
কোনো শিক্ষার্থী যে সময় স্কুলে নথিভুক্ত রয়েছে সেই সময় চলাকালীন স্টেট আইন অনুসারে, হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান অথবা মনোনীত ব্যক্তি পর্যায়ক্রমে কোনো শিক্ষার্থীর সাময়িক নথিতে থাকা ভ্রান্তিকর, সময়োত্তীর্ণ বা অপ্রাসঙ্গিক তথ্য পর্যালোচনা করবেন, যেগুলির বিষয়ে শিক্ষার্থী ও তাদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদের লিখিতভাবে জানানো হবে এবং তাঁরাও সেই নথি নষ্ট করে ফেলার আগে তথ্।টি বা তার প্রতিলিপি লাভের সুযোগ পাবেন। স্টেটের আইন অনুসারে, কেমব্রিজ পাবলিক স্কুল থেকে পাস করে যাওয়া, স্থানান্তরিত হয়ে যাওয়া বা নাম কাটিয়ে নেওয়ার পরে কোনো শিক্ষার্থীর সাময়িক নথি কোনোভাবেই সাত বছরের বেশি রাখা হবে না এবং নষ্ট করে ফেলা হবে।কোনো শিক্ষার্থী কেমব্রিজ পাবলিক স্কুল থেকে পাস করলে, স্থানান্তরিত হলে বা নাম কাটিয়ে নিলে, শিক্ষার্থী এবং শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে সাময়িক নথি নষ্ট করে দেওয়ার আনুমানিক তারিখ জানিয়ে লিখিত নোটিশ দেওয়া হবে।

স্টেটের আইন অনুসারে কোনো শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্ট (বা ফলাফলের নথি) সেই শিক্ষার্থী কেমব্রিজ পাবলিক স্কুল থেকে পাস করার, স্থানান্তরিত হওয়ার বা নাম কাটিয়ে নেওয়ার ষাট (60) বছর পরে সেটি নষ্ট করে দেওয়া হবে।

## 3. সাধারণ যোগাযোগের তথ্য সামরিক নিয়োগকারী, ভবিষ্যত্ নিয়োগকারী, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের কাছে প্রকাশ করা

একটি ফেডারেল আইন নো চাইল্ড লেফ্ট বিহাইন্ড অ্যাক্ট 2001-এর একটি বিধানের জন্য মাধ্যমিক স্কুলগুলিকে অনুরোধ পাওয়ার পরে, হাই স্কুলে উপস্থিত থাকা শিক্ষার্থীদের নাম, ঠিকানা, ইমেল ঠিকানা এবং টেলিফোন নম্বর সাধারণ যোগাযোগের তথ্য সামরিক নিয়োগকারী, ভবিষ্যত্ নিয়োগকারী, কলেজ এবং বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষামূলক প্রতিষ্ঠানের কাছে প্রকাশ করা আবশ্যিক হয়ে দাঁড়িয়েছে। মাধ্যমিক স্কুলের শিক্ষার্থী এবং তাদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদের কাছে মাধ্যমিক স্কুলগুলিকে এইরকম অনুরোধ পেলেও তাঁদের সাধারণ তথ্য প্রকাশ করতে না বলার পছন্দ রয়েছে। যাইহোক, যদি মাধ্যমিক স্কুলের শিক্ষার্থীরা এবং/অথবা তাদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীরা তথ্যের প্রকাশ আটকাতে এই ইতিবাচক পদক্ষেপ না নেন, তাহলে আইনি আবশ্যিকতা মেনেই অনুরোধ পেলে যোগাযোগের তথ্য প্রকাশ করা হবে। এই পুস্তিকার সাথে একটি লিখিত অনির্বাচনের ফর্ম একত্রিত রয়েছে, যেটি যেসব মাধ্যমিক শিক্ষার্থী ও তাদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীরা এই তথ্য প্রকাশ হতে দিতে না চান তাঁদেরকে পূরণ করতে হবে।

## 4. ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্টের (FERPA) অধীনে অধিকারের বিজ্ঞপ্তি

FERPA বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী ও আঠারো (18) বছরের বেশি বয়সী শিক্ষার্থীদেরকে ("যোগ্য শিক্ষার্থীদেরকে") শিক্ষার্থীদের শিক্ষামূলক নথির ব্যাপারে কিছু নির্দিষ্ট অধিকার দেয়। এই অধিকারগুলি হল:

- স্কুলের তরফ থেকে নথি পরীক্ষার অনুরোধ পাওয়ার দিন থেকে পঁয়তাল্লিশ (45) দিনের মধ্যে শিক্ষার্থীর শিক্ষামূলক নথি পরীক্ষা ও পর্যালোচনা করার অধিকার। বাবা-মা/অভিভাবকরা বা যোগ্য শিক্ষার্থীরা তাদের হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের কাছে একটি লিখিত অনুরোধ জমা দেবে যেটিতে তারা যে নথিটি(গুলি) পরীক্ষা করতে চায় তা চিহ্নিত করা আছে। স্কুল আধিকারিকরা নথি দেখার বন্দোবস্ত করে রাখবেন এবং বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী অথবা যোগ্য শিক্ষার্থীদেরকে সেই নথি পরীক্ষার সময় ও স্থানের ব্যাপারে জানিয়ে রাখবেন।

- শিক্ষার্থীর শিক্ষামূলক নথি সংশোধনের অনুরোধ করার অধিকার, যেটি বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী অথবা যোগ্য শিক্ষার্থী ভুল বা বিভ্রান্তিকর বলে মনে করছেন, বা যেটি অন্যথায় FERPA-র অধীনে থাকা শিক্ষার্থীর গোপনীয়তার অধিকার লঙ্ঘন করছে। বাবা-মা/অভিভাবক অথবা যোগ্য শিক্ষার্থীরা, যারা কোনো নথি সংশোধনের জন্য স্কুলের কাছে অনুরোধ করতে চাইছেন, তাঁদেরকে লিখিতভাবে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের কাছে লিখিতভাবে সেটি জানিয়ে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে যে তাঁরা নথির কোন অংশটুকু পরিবর্তন করাতে চাইছেন এবং কেন সেটি পরিবর্তন করা দরকার। যদি স্কুল মনে করে যে বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী অথবা যোগ্য শিক্ষার্থীদের অনুরোধ অনুসারে নথি সংশোধন করা হবে না, তাহলে স্কুল বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী অথবা যোগ্য শিক্ষার্থীদেরকে সেই সিদ্ধান্তের ব্যাপারে জানাবেন এবং তাঁদেরকে তাঁদের সংশোধনের অনুরোধ সম্পর্কিত শুনানি লাভের অধিকারের ব্যাপারে অবগত করবেন। শুনানির অধিকারের ব্যাপারে অবগত করার সময়েই শুনানির প্রক্রিয়া সংক্রান্ত অতিরিক্ত তথ্য বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী অথবা যোগ্য শিক্ষার্থীদেরকে জানিয়ে দেওয়া হবে।

- স্কুলের তরফ থেকে শিক্ষার্থীর শিক্ষামূলক নথি থেকে ব্যক্তিগতভাবে শনাক্তকরণযোগ্য তথ্য (PII) প্রকাশ করার আগে লিখিত সম্মতি প্রদানের অধিকার, এর ব্যতিক্রম হল FERPA যতটা পর্যন্ত সম্মতি ব্যতীত প্রকাশের অনুমতি দেয়।

  এর একটি ব্যতিক্রম, যেটি সম্মতি ছাড়াই প্রকাশ অনুমোদন করে সেটি হল, বৈধ শিক্ষামূলক আগ্রহ থাকা স্কুল আধিকারিকদের কাছে এই তথ্য প্রকাশ করা। কোনো স্কুল আধিকারিক হলেন এমন একজন ব্যক্তি যিনি স্কুল কর্তৃক একজন প্রশাসক, তত্ত্বাবধায়ক, শিক্ষক বা সহায়ক কর্মী সদস্য (স্বাস্থ্য বা চিকিত্সা কর্মী এবং আইন বলবত্করণ ইউনিটের কর্মীসহ) হিসাবে নিযুক্ত হয়েছেন; বা কোনো ব্যক্তি যিনি স্কুল কমিটিতে রয়েছেন। কোনো স্কুল আধিকারিকের মধ্যে স্কুলের বাইরের কোনো স্বেচ্ছাসেবী বা ঠিকাদারও থাকতে পারেন যিনি এমন কোনো প্রাতিষ্ঠানিক পরিষেবা বা কাজ পালন করেন যেটির জন্য স্কুলকে এর নিজস্ব কর্মচারীদের ব্যবহার করতে হত এবং যিনি শিক্ষামূলক নথি থেকে PII ব্যবহার ও রক্ষণাবেক্ষণের প্রসঙ্গে সরাসরি স্কুলের নিয়ন্ত্রণাধীন থাকেন, যেমন কোনো অ্যাটর্নি, অডিটর, চিকিত্সক বা থেরাপিস্ট; কোনো বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী অথবা স্বেচ্ছাসেবী শিক্ষার্থী যে অভিযোগ নিষ্পন্নকারী কমিটি বা শাস্তিগ্রহণের কমিটিতে রয়েছে; অথবা কোনো বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী, শিক্ষার্থী বা অন্যান্য স্বেচ্ছাসেবক যারা অন্যান্য স্কুল আধিকারিককে তাঁদের কাজ নিষ্পন্ন করায় সাহায্য করছেন। কোনো স্কুল আধিকারিকের বৈধ শিক্ষামূলক স্বার্থ আছে তবেই বলা যাবে যদি সেই আধিকারিককে তাঁর পেশাদারী দায়িত্ব পালনের জন্য শিক্ষামূলক নথি দেখতে হয়।

  অনুরোধ পেলে, স্কুলটি অনুমতি ছাড়াই শিক্ষার নথি এমন কোনো অন্য স্কুল ডিস্ট্রিক্টের কাছে প্রকাশ করতে পারে যে ডিস্ট্রিক্টে কোনো শিক্ষার্থী ভর্তি হতে চাইছে বা ইতিমধ্যেই ভর্তি হয়েছে, যদি নথি প্রকাশটি শিক্ষার্থীর ভর্তি হওয়া বা স্থানান্তরিত হওয়ার কারণেই করা হয়ে থাকে।

- FERPA-র আবশ্যিকতাগুলি মেনে চলতে স্কুল ব্যর্থ হলে সেই নিয়ে যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগের কাছে অভিযোগ দাখিল করার অধিকার। যে অফিস FERPA পরিচালনা করে থাকে তাদের নাম এবং ঠিকানা হল:

  Family Policy Compliance Office
  U.S. Department of Education
  400 Maryland Avenue, SW

Washington, D.C. 20202-5920
ফোন: 800.USA.LEARN (800.872.5327)

FERPA বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীরা এবং যোগ্য শিক্ষার্থীদের সম্মতি ছাড়াই শিক্ষার্থীদের শিক্ষামূলক নথি থেকে PII প্রকাশকরা অনুমোদন করে, যদি সেই প্রকাশটি FERPA নিয়মের §99.31-এর অধীনে নির্দিষ্ট কিছু শর্ত পূরণ করে তবেই। স্কুল আধিকারিকদের কাছে, কিছু বিচার সম্পর্কিত আদেশ, বা আইনিভাবে জারী করা সমনের জন্য, ডিরেক্টরি তথ্যের জন্য এবং বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীরা এবং যোগ্য শিক্ষার্থীদের কাছে প্রকাশ ব্যতীত, FERPA নিয়মের §99.32 অনুসারে স্কুলকে নথির প্রকাশটি নথিভুক্ত করে রাখতে হয়। বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীরা এবং যোগ্য শিক্ষার্থীদের প্রকাশের নথি পরীক্ষা ও পর্যালোচনা করার অধিকার আছে। কোনো স্কুল হয়তো বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীরা এবং যোগ্য শিক্ষার্থীদের থেকে আগাম লিখিত সম্মতি না নিয়েই কোনো শিক্ষার্থীর শিক্ষামূলক নথি থেকে PII নিয়ে তা প্রকাশ করতে পারে:

- অন্যান্য স্কুল আধিকারিকদের কাছে, যার মধ্যে সেইসব শিক্ষআমূলক সংস্থা বা প্রতিষ্ঠানের শিক্ষকরাও অন্তর্ভুক্ত রয়েছেন, যাদের বৈধ শিক্ষামূলক স্বার্থ রয়েছে বলে স্কুল নির্ণয় করেছে। তার মধ্যে রয়েছেন এমন ঠিকাদার, উপদেষ্টা, স্বেচ্ছাসেবী, বিক্রেতারা যাঁরা শিক্ষার্থী বা অন্যান্য পক্ষের ব্যবহারের জন্য অনলাইন ও ক্লাউড-নির্ভর শিক্ষামূলক অ্যাপ্লিকেশন প্রদান করে থাকেন, যে অন্য পক্ষের কাছ থেকে স্কুলটি প্রাতিষ্ঠানিক পরিষেবা বা কাজ আউটসোর্স করায়, তবে তা §99.31(a)(1)(i)(B)(1) – (a)(1)(i)(B)(2)-তে তালিকাভুক্ত শর্তসাপেক্ষ (§99.31(a)(1))
- অন্য কোনো স্কুল, স্কুল ব্যবস্থা বা উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের আধিকারিকদের কাছে যেখানে শিক্ষার্থী ভর্তি হয়েছে বা হতে চাইছে, বা যেখানে শিক্ষার্থী ইতিমধ্যেই ভর্তি হয়ে রয়েছে সেখানে শিক্ষার্থীর নাম নথিভুক্তিকরণ বা স্থানান্তরকরণের উদ্দেশ্যে প্রকাশটি করা হবে, তবে তা §99.34. (§99.31(a)(2))-এ দেওয়া আবশ্যিকতার বিবেচনাধীন।
- যুক্তরাষ্ট্রের কন্ট্রোলার জেনারেল, যুক্তরাষ্ট্রের অ্যাটর্নি জেনারেল, যুক্তরাষ্ট্রের সেক্রেটারি অফ এডুকেশন, বা স্টেট ও স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষদের অনুমোদিত প্রতিনিধির কাছে, যেমন, বাবা বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীবা যোগ্য শিক্ষার্থীর স্টেটের স্টেট এডুকেশনাল এজেন্সি (SEA)। কোনো অডিট বা ফেডারেল অথবা স্টেট-সমর্থিত শিক্ষামূলক প্রোগ্রামের মূল্যায়নের জন্য, অথবা সেই প্রোগ্রামগুলি সম্পর্কিত ফেডারেল আইনি আবশ্যিকতা বলবত্করণ বা সঙ্গতিসাধনের জন্য §99.35-র আবশ্যিকতাগুলি মেনে এই বিধানের অধীনে তথ্য প্রকাশ করা যেতে পারে। এই সংস্থাগুলি হয়তো PII নিয়ে বাইরের অন্যান্য এমন সংস্থার কাছেও প্রকাশ করতে পারে যে সংস্থাগুলিকে তারা তাদের অনুমোদিত প্রতিনিধি হিসাবে তাদের হয়ে কোনো অডিট, মূল্যায়ন, বলবত্করণ অথবা সঙ্গতিসাধনের কার্যকলাপ পালনের জন্য মনোনীত করেছে।(§§99.31(a)(3) and 99.35)
- শিক্ষার্থী আবেদন করেছে বা পেয়েছে এমন আর্থিক সহায়তা সম্পর্কিত ক্ষেত্রে, যদি সেই তথ্যটি সহায়তার যোগ্যতা নির্ধারণের জন্য, সহায়তার পরিমাণ ঠিক করার জন্য, সহায়তার শর্তাবলী নির্ধারণের অথবা সহায়তার শর্তাবলী বলবত্ করার জন্য প্রয়োজনীয় হয়।(§99.31(a)(4))
- স্টেট ও স্থানীয় কর্তৃপক্ষ বা আধিকারিকদের কাছে, যাদের কাছে তথ্যপ্রদান করা বা তথ্য প্রকাশ করা স্টেটের বিশেষ বিধি অনুসারে সম্মত, যে বিধিগুলি কিশোর বিচার ব্যবস্থা এবং রায় দানের আগে সেই ব্যবস্থার পক্ষে এমন শিক্ষার্থীর ক্ষেত্রে কার্যকরভাবে কাজ করার ক্ষমতা সম্পর্কিত হয়ে থাকে, যে শিক্ষার্থীর নথি প্রকাশ করা হচ্ছে তা §99.38.(§99.31(a)(5))-র শর্তধীন।
- এমন সংস্থার কাছে, যারা স্কুলের জন্য, বা স্কুলের হয়ে গবেষণা চালাচ্ছে নিম্নলিখিত উদ্দেশ্যে: (a) অনুমানমূলক পরীক্ষার বিকাশ, প্রমাণ বা প্রয়োগ; (b) শিক্ষার্থীদের সহায়ক প্রোগ্রাম প্রয়োগের জন্য; বা (c) শিক্ষা নির্দেশনা উন্নত করার জন্য।(§99.31(a)(6))
- স্বীকৃতিপ্রাপ্ত সংস্থাগুলিকে তাদের স্বীকৃতির কার্যকলাপ নির্বাহ করতে দিতে।(§99.31(a)(7))
- যদি কোনো শিক্ষার্থী IRS করের উপর নির্ভরশীল হয়ে থাকে তাহলে সেই উদ্দেশ্যে কোনো যোগ্য শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদেরকে। (99.31(a)(8))
- কোনো বিচার সংক্রান্ত আদেশ বা আইনিভাবে জারী করা সমনের সাথে সঙ্গতিসাধন করতে। (99.31(a)(9))

- স্বাস্থ্য বা নিরাপত্তার আপত্কালীন ব্যবস্থার যথাযথ আধিকারিকদের কাছে, যা §99.36. (§99.31(a)(10))-এর শর্তসাপেক্ষ।
    - এটি এমন তথ্য যা স্কুল §99.37. (§99.31(a)(11))-এর অধীনে "ডিরেক্টরি তথ্য" হিসাবে মনোনীত করে রেখেছে।
- কোনো এজেন্সির কেসওয়ার্কার বা স্টেট বা স্থানীয় শিশুকল্যাণ সংস্থা বা ট্রাইবুনাল সংস্থার প্রতিনিধির কাছে যিনি এই সংস্থাগুলি আইনতঃ দায়িত্ব নিয়ে থাকলে কোনো পালিত আশ্রয়ে থাকা কোনো শিক্ষার্থীর সুরক্ষা ও পরিচর্যার জন্য স্টেট ও উপজাতি আইন অনুসারে কেস প্ল্যান লাভ করতে অনুমোদিত। (20 U.S.C. §1232g(b)(1)(L))
- রিচার্ড বি. রাসেল ন্যাশনাল স্কুল লাঞ্চ অ্যাক্ট অথবা 1966-র চাইল্ড নিউট্রিশন অ্যাক্টের অধীনে, নির্দিষ্ট শর্তসাপেক্ষে, অনুমোদিত প্রোগ্রামগুলির নিরীক্ষণ, মূল্যায়ন ও কার্যসম্পাদন খতিয়ে দেখার জন্য কৃষিবিভাগের সচিব অথবা ফুড অ্যান্ড নিউট্রিশন সার্ভিসের অনুমোদিত প্রতিনিধির কাছে। (20 U.S.C. § 1232g(b)(1)(K))

## 5. শিক্ষার্থীদের ডেটা এবং অনলাইন শিক্ষাদানের অ্যাপ্লিকেশনসমূহ

CPS হয়তো শিক্ষার্থীদের ডেটা এমন বিক্রেতাদের সাথে ভাগ করতে পারে যারা শিক্ষার্থীদের ব্যবহার্য অনলাইন শিক্ষামূলক অ্যাপ্লিকেশন প্রদান করে থাকে, যা কোনো প্রাতিষ্ঠানিক কাজ বা পরিষেবা হতে পারে, তবে তা শুধু তখনই ভাগ করা যাবে যখন বিক্রেতা স্কুল ডিস্ট্রিক্টের সাথে একটি শিক্ষার্থীর ডেটা গোপনীয়তা চুক্তিতে স্বাক্ষর করে থাকে বা যদি শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী একটি স্পষ্ট সম্মতি ফর্মে স্বাক্ষর করে থাকেন। অনুমোদিত অনলাইন শিক্ষামূলক সংস্থানের একটি তালিকা এখানে পাওয়া যেতে পারে: bit.ly/CPSDigRes

## 6. উপস্থিতি

বাচ্চারা যখন ধারাবাহিকভাবে স্কুল উপস্থিত থাকে তখনই তারা ভালো শেখে এবং বেশি সাফল্য অর্জন করে। নিয়মিত সময়মাফিক স্কুলে আসা শিক্ষা পরিবেশে অসংহতি কমিয়ে পুরো শিক্ষার্থীমন্ডলীর মধ্যেই সাধারণভাবে কল্যাণ করে। দৈনিক উপস্থিতি এবং সময়নিষ্ঠতা ভবিষ্যত্ বাচ্চাদের স্কুল ও চাকরি ক্ষেত্রে সাফল্য আনার পক্ষে অপরিহার্য। এটি প্রত্যাশা করা হচ্ছে যে সব শিক্ষার্থী স্কুলে এবং স্কুল দিবস চলাকালীন প্রতিটি ক্লাসে অন্ততঃ পঁচানব্বই (95%) শতাংশ উপস্থিতি রাখবে। হয়তো আপনি জানবেন, যে ম্যাসাচুসেটস জেনারেল আইনের অধীনে: 6-16 বছর বয়সী সব শিশুর স্কুলে উপস্থিত থাকা বাধ্যতামূলক

সবার পক্ষেই এটি বোঝাটা গুরুত্বপূর্ণ যে সফলভাবে স্কুলে উপস্থিতি এবং শিক্ষাগত ক্ষেত্রে সাফল্য অর্জনের প্রবণতা কিন্তু কিন্ডারগার্টেন ও প্রথম শ্রেণী থেকেই তৈরি হয়। গোড়া থেকেই অনুপস্থিত হতে শুরু করলে সেই প্রবণতা শিশুর পুরো স্কুলজীবন ধরে চলতে থাকে এবং কোনো শিশুকে স্কুলে ব্যর্থ হয়ে পড়া ও স্কুলছুট হয়ে পড়ার ঝুঁকিগ্রস্ত করে তোলে। আপনার সন্তান যাতে প্রতি দিন সময়মত স্কুলে উপস্থিত হয় তা নিশ্চিত করার জন্য আমরা আপনার সহযোগিতা এবং সহায়তা অনুরোধ করছি। যখন কোনো শিশু অনুপস্থিত থাকবে, তখন তার বাবা-মা/অভিভাবক/ পরিচর্যাকারীকে অবশ্যই স্কুলে ফোন করে অনুপস্থিতির সকালের মধ্যেই অনুপস্থিতির বিষয়ে জানাতে হবে। যদি ফোন না করা হয়, তাহলে শিশুটি স্কুলে আসা শুরু করলে, তখন অবশ্যই শিশুর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে অনুপস্থিতির কারণ জানিয়ে একটি চিঠি দিতে হবে। এই চিঠিগুলিকে অবশ্য হোমরুম শিক্ষক-শিক্ষিকা পুরো স্কুলবর্ষের জন্য ফাইলে করে রেখে দেবেন।

যদি কোনো শিশু পাঁচ (5) বা ততোধিক দিনের জন্য অনুপস্থিত থেকে তা মকুব করে দিতে বলে, তাহলে তার বাবা-মা/অভিভাবককে অবশ্যই স্কুলকে জানিয়ে রাখতে হবে যাতে ঘরের কাজ দেওয়া যেতে পারে, এবং শিক্ষার্থী যদি অসুস্থতা বা চোটআঘাতের জন্য দুই (2) বা ততোধিক সপ্তাহ অনুপস্থিত থাকে, তাহলে বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে অবশ্যই ঘরে শিক্ষাদানে জন্য জরুরী ব্যবস্থা করতে স্কুলকে জানাতে হবে।

মকুব করে দেওয়া অনুপস্থিতিগুলি যখন সন্দেহভাজন হয়ে পড়ে, এবং একটি ধাঁচে পরিণত হয়, তখন স্কুল থেকে চিকিত্সকের চিঠি চেয়ে ও ঘরে পরিদর্শন করে অনুপস্থিতির কারণ নিশ্চিত করার পদক্ষেপ নেওয়া হবে।

হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান পরিসংখ্যান রাখবেন এবং বারংবার অনুপস্থিতি ও দীর্ঘসূত্রতার কারণ খতিয়ে দেখবেন, যেমন দীর্ঘদিন ধরে বা অনিয়মিত অনুপস্থিতি যার কারণ হিসাবে অসুস্থতা দেখানো হচ্ছে, এই পরিস্থিতিগুলিতে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান অথবা স্কুলের সেবিকা হয়তো এইরকম অনুপস্থিতির যুক্তিযুক্ততা যাচাই করতে

কোনো চিকিত্সকের বয়ান চাইতে পারেন। যদি কোনো শিক্ষার্থী স্কুলে না আসে বা 6 থেকে 18 বছর বয়সী কোনো শিশু যদি অভ্যাসবশতঃ কামাই করতে থাকে বা স্কুলের নিয়মকানুন মানতে ব্যর্থ হয়, তাহলে স্কুল ডিস্ট্রিক্ট আদালতে একটি চাইল্ড রিকোয়ারিং অ্যাসিস্ট্যান্সের (CRA) আবেদন করতে পারে।

কেমব্রিজ রিঞ্জ এবং লাটিন স্কুল ও হাই স্কুল এক্সটেনশন প্রোগ্রাম যে কোনো ক্লাসে চারটি (4) অনুপস্থিতিকে একটি উপস্থিতি লঙ্ঘন (AV) হিসাবে গণ্য করে। ব্যক্তিগত অসুস্থতা যাচাই করা অনুপস্থিতিগুলিসহ, মকুব করা অনুপস্থিতিগুলি কোনো শিক্ষার্থীর বিরুদ্ধে গণ্য করা হবে না এবং উপস্থিতি লঙ্ঘন (AV) জারী হবে না যদি সেই অনুপস্থিতিগুলি নিম্নলিখিত শ্রেণীতে পড়ে: (a) ব্যক্তিগত চোটআঘাত, শোকপালন, পরিবারে মৃত্যুর ঘটনা ঘটলে অনুপস্থিত হওয়া; (b) কোনো ধর্মীয় ছুটি পালন; (c) চিকিত্সার সাক্ষাত্কার বা কাউন্সেলিংয়ের সাক্ষাত যা স্কুল সময়ের বাইরে একেবারেই করা যায় না; (d) আইনি বিষয় যার জন্য ব্যক্তিগতভাবে উপস্থিত থাকার দরকার হয়; (e) স্কুলের ভিতরে ও বাইরে স্থগিতাদেশ পাওয়া; (f) স্কুল-সংক্রান্ত সফর, জমায়েত বা বৈঠক; (g) কলেজ পরিদর্শনে যাওয়া (কনিষ্ঠ বর্ষে দুই দিন এবং বরিষ্ঠ বছরে তিনদিন); এবং (h) হাই স্কুলে পড়ার সময় কোনো শিক্ষার্থীর একটি সফর বা শিক্ষামূলক অভিজ্ঞতা অর্জনে যাওয়া যা কোনমতেই পাঁচদিনের বেশি হবে না।

যে কোনো ক্লাসে চারটি (4) মাফ-অযোগ্য অনুপস্থিতি হলে, তা একটি উপস্থিতি লঙ্ঘনে রূপ নেবে। এই ক্ষেত্রে, ডিন অফ স্টুডেন্টস কর্তৃক টার্ম গ্রেডে জন্য AV-র একটি গ্রেড প্রদান করা হবে। তার সাথে, তিনবার (3) দেরী করে ক্লাসে আসা একটি (1) মকুব অযোগ্য অনুপস্থিতি হিসাবে গণ্য হবে। মকুব অযোগ্য অনুপস্থিতির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে: (a) স্কুল বা কোনো পৃথক ক্লাস কেটে পালিয়ে যাওয়া; (b) অধ্যক্ষের দ্বারা আগাম অনুমোদিত হয়নি এমন সফর; (c) অধ্যক্ষের অনুমোদন ব্যতীত কর্মসংস্থানের খোঁজ করা; (d) কোনো নির্দিষ্ট বিষয়ের পরীক্ষা এড়ানোর জন্য বা পরীক্ষার জন্য পড়াশুনা করতে ঘরে থেকে যাওয়া; (e) ডীনের অফিসে সই না করে স্কুল ভবন ছেড়ে চলে যাওয়া (ক্লাস কেটে পালানো); (f) বেশি ঘুমোনো বা অন্যথায় দেরীতে স্কুলে আসা; (g) স্কুল প্রাঙ্গণে বা তার কাছাকাছি থাকা কিন্তু আরোপিত ক্লাসে উপস্থিত না থাকা (ক্লাস কাটা); এবং (h) অন্যান্য এমন যে কোনো অনুপস্থিতি যা মকুব করা হয়নি বা মকুবযোগ্য হলেও শিক্ষার্থী স্কুলে ফেরার সাথে সাথে বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী কর্তৃক ফোন করে বা চিঠি লিখে অথবা শিক্ষার্থীর চিকিত্সা প্রদানকারীর তরফ থেকে চিঠি দিয়ে জানানো হয়নি। তার সাথে, যদি কোনো শিক্ষার্থী একটি ক্লাসে বারোবার (12) মকুব অযোগ্যভাবে দেরী করে আসে, তাহলে সে সেই কোর্সটির জন্য একটি AV পাবে।

স্কুল ডিস্ট্রিক্টের নীতি অনুসারে, স্কুল প্রত্যেকটি অনুপস্থিতি বা দেরীতে আসার পরে বাবা-মা/অভিভাবককে জানাবে এবং পর পর চারবার মকুব অযোগ্য অনুপস্থিতির পরেও বাবা-মা/অভিভাবককে জানাবে। যে কোনো দুরারোগ্য রোগ, বারংবার দেখা দেওয়া অসুস্থতা বা চারদিনের (4) বেশি চলা যে কোনো অসুস্থতার জন্য বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীরা চিকিত্সামূলক অব্যাহতি চাইতে পারেন। বাবা-মা/অভিভাবকদের যে কোনো AV নিয়ে কেমব্রিজ রিঞ্জ এবং লাটিন স্কুল অথবা হাই স্কুল এক্সটেনশন প্রোগ্রামের আবেদন পর্যালোচনা সমিতির কাছে AV জারী হওয়ার দশ দিনের (10) মধ্যে আবেদন করার অধিকার আছে, এবং আবেদন খারিজ করে দেওয়া হলে, বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী খারিজ করার দশদিনের (10) মধ্যে সেটি পর্যালোচনা করে দেখার জন্য স্কুল সুপারিন্টেন্ডেন্টের কাছে একটি লিখিত আবেদন জমা দিতে পারেন। স্কুল সুপারিন্টেন্ডেন্টের সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

লার্নিং কম্যুনিটি টিম সেইসব শিক্ষার্থীর সাথে মিলে কাজ করবে যারা AV মানদন্ড পূরণ করেছে এবং নিম্নলিখিত তিনটি (3) সহায়ক বিষয়ের যে কোনো একটি বাস্তবায়িত করেছে:

a. একটি বাই ব্যাক চুক্তি/প্রস্তাবনা (সব শিক্ষার্থীদের দেওয়া হয়ে থাকে) সম্পূর্ণ করা
b. শিক্ষার্থীদেরকে স্টুডেন্টশিপ ওয়ার্কশপে ভর্তি করানো (সেইসব শিক্ষার্থীদের জন্য যাদের অতিরিক্ত সময় পরিচালনা ও বৃত্তির সহায়তার দরকার আছে)
c. LC টিমের সাথে মিলে তৈরি করা ব্যক্তিগত সহায়তা (এমন শিক্ষার্থীদের ক্ষেত্রেই ব্যবহার করা হয় যাদের কম গুরুতর পরিবেশে অদ্বিতীয় সহায়তার দরকার হয়)

যদি কোনো শিক্ষার্থী সফলভাবে সহায়তা পরিকল্পনা সম্পূর্ণ না করে, তাহলে তাদের 10 পয়েন্ট কেটে নেওয়া হতে পারে।

## 7. সহায়তার প্রয়োজন থাকা শিশু (CRA)

বয়স নির্বিশেষে এইসব অপরাধীদের আশু বাধা দেওয়াই আদালত ও স্কুল বিভাগের মুখ্য কেন্দ্রবিন্দু হয়ে দাঁড়িয়েছে। ম্যাসাচুসেটস সাধারণ আইনে অভ্যাসগত পলাতক এবং বারংবার স্কুলে অপরাধকারী শিশুর সংজ্ঞায় বলা হয়েছে এরা এমন শিশু যারা ইচ্ছাপূর্বক ধারাবাহিকভাবে স্কুলে আসতে ব্যর্থ হয়, স্কুল পালিয়ে বেড়ায়, অথবা ধারাবাহিকভাবে তাদের স্কুলের আইনি ও যুক্তিসঙ্গত নিয়মকানুন ভঙ্গ করে। M.G.L. c.76, §2-এর অধীনে, বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদেরকে শিশুকে স্কুলে যেতে বাধ্য করা আবশ্যিক, এবং যদি শিশুটি ছয়মাসের পর্বের মধ্যে সাতদিনের সেশনের বেশি বা চৌদ্দদিনের সেশনের বেশি সেটি করতে ব্যর্থ হয়, তাহলে, উপস্থিতির সুপারভাইজার বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর বিরুদ্ধে অভিযোগ করবেন এবং তাঁদের জরিমানা হবে।

এছাড়া, স্কুলগুলি হয়তো 6 থেকে 18 বছর বয়সী যে কোনো শিশুর জন্য CRA আবেদন চাইতে পারেন যে অভ্যাসবশতঃ পলাতক হয়ে পড়ছে, কারণ স্কুল চলাকালীন তিনমাসের মধ্যে তারা পর পর আটটি বা তারও বেশি মকুব অযোগ্যভাবে অনুপস্থিত থেকেছে, বা শিশুটি বারংবার স্কুলের নিয়মকানুন মানতে ব্যর্থ হয়েছে।

যখন স্কুলের আভ্যন্তরীণ হস্তক্ষেপের প্রচেষ্টাগুলি বারংবার অনুপস্থিতি বা দেরীতে আসা, পালিয়ে যাওয়া বা বারংবার স্কুলের নিয়মভঙ্গ করা ঠেকাতে ব্যর্থ হয়, তখন স্কুল বিভাগ হয়তো আদালতে গিয়ে একটি CRA পদক্ষেপ শুরু করতে পারে। এই আইনের অধীনে, জুভেনাইল আদালত এই মামলাগুলি সংক্রান্ত স্কুলের সব তথ্য লাভ করতে পারে।

## 8. স্কুল ছেড়ে চলে যাওয়া শিক্ষার্থীদের নিয়ে বিজ্ঞপ্তি

কেমব্রিজ পাবলিক স্কুল তাদের শিক্ষার্থীদেরকে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা সম্পূর্ণ করানোর জন্য দায়বদ্ধ। ষোল বছর বা তার বেশি বয়সী কোনো শিক্ষার্থী যদি স্কুল ছাড়তে চায়, তাহলে CPS M.G.L.c. 76, §18-এর অধীনে থাকা আবশ্যিকতাগুলি পূরণ করে এবং নীচে বর্ণিত পদ্ধতিগুলি অনুসরণ করে:

1. অধ্যক্ষ বা মনোনীত ব্যক্তি শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে এই মর্মে একটি চিঠি পাঠান যে শিক্ষার্থী হয় (a) স্কুলে আর ফিরে আসার ইচ্ছা না নিয়েই স্কুল ছেড়ে দিচ্ছে বা সেই ইচ্ছা প্রকাশ করেছে অথবা (b) স্কুল থেকে পর পর পনেরো দিন (15) অনুপস্থিত থেকেছে, এবং সাথে শিক্ষার্থীর স্কুলে উপস্থিতির শেষ তারিখটিও উল্লেখ করা থাকে।

   শিক্ষার্থী স্কুলে ফিরে না আসার কোনো উদ্দেশ্য ছাড়াই স্কুল ছেড়ে দিচ্ছে কিনা নির্ধারণ করতে পারার জন্য, স্কুল শিক্ষার্থী এবং শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর সাথে একটি বৈঠক করে যাতে শিক্ষার্থীটি কেন স্কুল ছেড়ে দিচ্ছে তা আলোচনা করা যায় এবং আনুষ্ঠানিকভাবে স্কুল ছেড়ে দেওয়ার আগে শিক্ষার্থীটির জন্য বিকল্প শিক্ষামূলক ও অন্যান্য স্থাননির্ণয়ের সুযোগ অন্বেষণ কর যায়। বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী এই বৈঠকের সময় ও তারিখ পাল্টানোর অনুরোধ করতে পারেন, তবে এই প্রসারিত সময়টি যেন কোন মতেই অধ্যক্ষ বা মনোনীত ব্যক্তির চিঠি দেওয়ার তারিখের পর থেকে চৌদ্দ (14) দিনের বেশি না হয়।

2. বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী ও শিক্ষার্থীর সাথে বৈঠক করার পরে, অধ্যক্ষ বা মনোনীত ব্যক্তি শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে আলোচনার বিষয়বস্তু ও বৈঠকে উপনীত সিদ্ধান্তের সারসংক্ষেপ করে একটি চিঠি লিখবেন, যার মধ্যে সেই শিক্ষার্থী স্কুলে ফিরে আসছে কিনা, বিকল্প শিক্ষামূলক প্রতিষ্ঠান অনুসরণ করছে কিনা, অন্যান্য সহায়ক পরিষেবা অনুসরণ কছে কিনা বা চিরতরে স্কুল ছেড়ে চলে যাচ্ছে কিনা এই বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকলেও তার বাইরেও কিছু হতে পারে।

3. M.G.L.c. 76, §18-এর বিধানগুলির অধীনে, যদি এমন কোনো নিরূপণ করা হয় যে কোনো শিক্ষার্থী চিরতরে স্কুল ছেড়ে চলে যাবে তাহলে সেই শিক্ষার্থী তাদের পড়াশুনো চালিয়ে যেতে চাইলে ঘটনাটিকে শিক্ষার্থীর চিরতরে বহিষ্করণ হিসাবে দেখা যাবে না।

## 9. শিশু নিগ্রহ

ম্যাসাচুসেটস জেনারেল আইনের অধ্যায় 119-এর বিভাগ 51A-এর আবশ্যিকতা অনুসারে বলা হয়েছে

যে যদি কোনো ব্যক্তি তাঁদের পেশাদারি সামর্থ্যবলে যুক্তিগ্রাহ্য কারণে মনে করেন যে আঠারো (18) বছরের কমবয়সী কোনো শিশু গুরুতর শারীরিক বা মানসিক চোটআঘাতে ভুগছে যা নিগ্রহ, যৌন নিগ্রহ, অবহেলা, অপুষ্টি, আক্রমণের ফলে সৃষ্ট হয়েছে তাহলে সেই অবহেলা বা নিগ্রহের কথা অবিলম্বে টেলিফোন মারফত্ ডিপার্টমেন্ট অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলিজ-কে ("DCF") জানাতে হবে। যেসব পেশাদাররা শিশু নিগ্রহ বা অবহেলার ঘটনা অবশ্যই DCF-এর কাছে জানাবেন তাঁরা হলেন: চিকিত্সক, শিক্ষানবিশ চিকিত্সক, সেবিকা, শিক্ষকশিক্ষিকা, শিক্ষাক্ষেত্রের প্রশাসক, উপদেষ্টা, পারিবারিক উপদেষ্টা, শিক্ষানবিশি অফিসার, স্কুল উপস্থিতি আধিকারিক, সমাজকর্মী, মনস্তাত্ত্বিক, এবং পুলিশকর্মী। টেলিফোন প্রতিবেদনটি হয় যথাযথ স্থানের অফিস বা 24 ঘন্টার প্রতিবেদন হটলাইনের মাধ্যমে করতে হবে: 1-800-792-5200।।।।। ম্যাসাচুসেটস আইনের অধীনে এই পেশাদারদেরকে একটি আদর্শ DCF রিপোর্ট ফর্ম ব্যবহার করে আটচল্লিশ ঘণ্টার (48)মধ্যে লিখিতভাবে DCF-কে জানাতে হবে। প্রতিটি নতুন চোট বা আবার লাগা আঘাতের জন্য একটি করে নতুন রিপোর্ট ফর্ম সম্পূর্ণ করা আবশ্যিক।

কোনো কর্মীর যদি বিশ্বাস করার মত যুক্তিগ্রাহ্য কারণ থাকে যে আঠারো বছরের কমবয়সী কোনো শিশু গুরুতর শারীরিক বা মানসিক আঘাতে ভুগছে যা যৌন নিগ্রহ সহ কোনো নিগ্রহ, অথবা অপুষ্টিসহ কোনো অবহেলা থেকে উদ্ভূত হয়েছে, তাহলে তিনি তাদের হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানকে অবিলম্বে জানাবেন যাতে 51A রিপোর্ট দায়ের করা যায়।

শিশু নিগ্রহ এবং অবহেলা এমন একটি ঘটনা যাতে বিশ্বাস করার মত যুক্তিগ্রাহ্য কারণ থাকে যে কোনো শিশুর শারীরিক বা মানসিক স্বাস্থ্য অথবা কল্যাণ ক্ষতিগ্রস্ত বা ঝুঁকিগ্রস্ত হচ্ছে, সাথে শিশুর স্বাস্থ্য বা কল্যাণের দায়িত্বে থাকা কোনো ব্যক্তির(বা ব্যক্তিদের) তরফ থেকে করা নিগ্রহ বা অবহেলার জন্য ক্ষতির গুরুতর ঝুঁকি থেকে যাচ্ছে, এই ব্যক্তিরা, যার মধ্যে সরকারী স্কুল ব্যবস্থার কর্মীরাও পড়েন, তাঁদের বিরুদ্ধে অবশ্যই অভিযোগ দায়ের করা উচিত। শুধু পালিয়ে যাওয়ার প্রবণতা জানানোর মত কোনো বিষয় নয়।

*নিগ্রহের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:*

- শারীরিক, মানসিক বা মনে আঘাত লাগা যা দুর্ঘটনা ছাড়া অন্য কোনো উপায়ে তৈরি হয়েছে, যেমন, মারধর, কেটে যাওয়া, পোড়া, হাড় ভাঙ্গা, বহু জায়গায় কালশিটে পড়া;
- জন্ম থেকেই কোনো আসক্তি সৃষ্টিকারী মাদকের উপর শারীরিক নির্ভরশীলতা;
- অন্য কোনো ব্যক্তির উপরে করা যে কোনো আচরণ, যা হয় বলপূর্বক, বা বলপ্রয়োগের বা শারীরিক আঘাতের হুমকি দিয়ে বা ব্যক্তিটির ইচ্ছার বিরুদ্ধে করা হয়। এর মধ্যে অপর কোনো ব্যক্তির উপরে করা যৌন আচরণও অন্তর্ভুক্ত যে সাময়িক বা চিরস্থায়ী শারীরিক অথবা মানসিক অসামর্থ্যের জন্য বা অপ্রাপ্তবয়স্ক হওয়ার জন্য সম্মতি দিতে অক্ষম। অশালীন আক্রমণ ও অনাকাঙ্খিত স্পর্শ, ধর্ষণ, বলপূর্বক ধর্ষণ, ধর্ষণ এবং নিগ্রহ, ধর্ষণের ইচ্ছা নিয়ে আক্রমণ এবং অস্বাভাবিক ও কামুক আচরণের মত অপরাধগুলিকে যৌন আক্রমণ বলেই ধরা হয়।
- অশালীন আক্রমণ ও অনাকাঙ্খিত শারীরিক স্পর্শ, যা শুধু গোপনাঙ্গে ভুলভাবে ও অনাকাঙ্খিত স্পর্শ করার মধ্যে সীমিত নাও থাকতে পারে। 14 বছরের কমবয়সী যে কোনো ব্যক্তি যে কোনো ধরনের যৌন কার্যকলাপে সম্মতি দিতে আইনতঃ অক্ষম।
- অবহেলা তখনই করা হচ্ছে বলে মনে করা হয় যখন কোনো শিশুর পরিচর্যার জন্য দায়ী কোনো ব্যক্তি বা ব্যক্তিরা আর্থিকভাবে পরিচর্যার দায়িত্ব নিতে পারলেও শিশুটিকে নিম্নলিখিতগুলি দিতে ব্যর্থ হন:
    - পর্যাপ্ত খাবার, জামাকাপড়, আশ্রয়, শিক্ষা বা চিকিত্সা পরিচর্যা এবং/অথবা
    - যথাযথ তত্ত্বাবধান এবং/অথবা অভিভাবকত্ব।

## 10. পরিচর্যা ও সুরক্ষার পদক্ষেপ

যদি শিশুকে স্কুলে পাঠানোর ব্যর্থতার সাথে আরো গুরুতর নিগ্রহের ঘটনা ও অবহেলার সমস্যা দেখা যায়, তাহলে M.G.L. c.119, §24-এর বিধান মেনে পরিচর্যা ও সুরক্ষার পদক্ষেপ নেওয়া হতে পারে। পরিচর্যা ও সুরক্ষার পদক্ষেপে যদি আদালত সন্তুষ্ট হয় যে "শিশুটি গুরুতর নিগ্রহ বা অবহেলার শিকার অথবা আসন্ন বিপদের ঝুঁকিগ্রস্ত বলে ভাবার যথেষ্ট কারণ রয়েছে" তাহলে আদালত হয়তো শিশুটির অবিলম্বে হেফাজত বদল করার আদেশ দিতে পারে।

## 11. হিসাববহির্ভূত বা নিখোঁজ হয়ে যাওয়া শিশু

এমন বহু সম্ভাব্য পরিস্থিতি দেখা দিতে পারে যা থেকে মনে হতে পারে যে শিশুটির হিসাব পাওয়া যাচ্ছে না বা শিশুটি নিখোঁজ হয়ে গেছে। এর কয়েকটি উদাহরণ হল:

- কোনো শিশু যদি ক্লাসে না ফিরে আসে এবং তাকে স্কুল ভবন বা স্কুলের মাঠে খুঁজে না পাওয়া যায়,
- ক্লাসরুমের শিক্ষক-শিক্ষিকা যাচাই করতে না পারেন যে শিশুটি ক্লাস শেষে তার বাবা-মা কারোর সাথে বা কোনো মনোনীত ব্যক্তির সাথে চলে গেছে কিনা,
- ক্লাসরুমের শিক্ষক-শিক্ষিকা যাচাই করতে পারেন না যে শিশুটি বাসে চেপেছিল কিনা, এবং
- বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী স্কুলকে এটি জানানোর জন্য ফোন করেছেন যে শিশুটি স্বাভাবিক সময়মত ঘরে ফিরে আসেনি।

স্কুল বাসে যে সব শিশু যায় তাদের জন্য পরিবহণ অফিসে যোগাযোগ করা।

সুপারিন্টেন্ডেন্ট এবং সুরক্ষা ও নিরাপত্তা অফিসকে জানানো।

বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর সাথে যোগাযোগ করা।

আপত্কালীন অবস্থার ক্ষেত্রে, সরাসরি পুলিশের সাথে যোগাযোগ করা। অন্যথায় সুরক্ষা ও নিরাপত্তা অফিস আপনার সাথে যথাযথ বিশদ নিয়ে আলোচনা করে পুলিশকে জানাবে।

পদ্ধতি

যিনি প্রথমে ঘটনাটির জানিয়েছিলেন সেই বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী/ব্যক্তির সাক্ষাত্কার নেওয়া।

যাচাই করে দেখা যে শিশুটির সত্যিই হিসাব পাওয়া যাচ্ছে না/নিখোঁজ হয়ে গেছে।

উধাও হয়ে যাওয়ার পরিস্থিতিগুলি যাচাই করা।

কখন, কে, এবং কোথায় সেই শিশুটিকে শেষ দেখেছে তা নির্ধারণ করা।

শিশুটির ফোল্ডার খুঁজে দেখে, সব প্রাসঙ্গিক তথ্য, আপত্কালীন নম্বর হাতের কাছে উপলব্ধ রাখা ও হেফাজতের স্থিতি যাচাই করা। (সম্ভব হলে, ছবিঃ)

শিশুটির সম্পূর্ণ বিবরণ যার মধ্যে জামাকাপড়, উচ্চতা, ওজন, গায়ের রঙ, লক্ষ্যণীয় বৈশিষ্ট্য উপলভ্য করে তোলা দরকার।

বন্ধুবান্ধব/পরিচিতদের একটি তালিকা তৈরি করা হবে।

উপলভ্য সব তথ্যের ভিত্তিতে দুর্ঘটনাটির একটি প্রারম্ভিক নির্ধারণ তৈরি করা হবে: পরিবারের বাইরে কেউ অপহরণ করেছে কিনা, পরিবারের কোনো সদস্য অপহরণ করেছে কিনা, পালিয়ে গিয়েছে, হারিয়ে গিয়েছে কিনা বা অন্যথায় সত্যিই নিরুদ্দেশ বা খোঁজ পাওয়া যাচ্ছে না। হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান বা মনোনীত ব্যক্তি পদ্ধতিটি অনুসরণ করবেন, উপরে তালিকাভুক্ত সব তথ্য রক্ষণাবেক্ষণ করবেন এবং শিশুটির খোঁজ না পাওয়া পর্যন্ত উপস্থিত থাকবেন।

## 12. পরিবহণ

প্রতিটি স্কুলের এমন আভ্যন্তরীণ ব্যবস্থা থাকা উচিত যা নিশ্চিত করে যে প্রতিটি প্রাথমিক গ্রেডের শিশু যেন যথাযথ বাসেই ওঠে। পরিবহণ ব্যবস্থা ব্যবহার করে অথচ খোঁজ পাওয়া যাচ্ছে না এমন সব শিশুদের জন্য 617-349-6862-তে কল করুন।

যারা পর পর তিনবার বা তার বেশিবার বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী অথবা মনোনীত ব্যক্তি কর্তৃক সূচীনির্দিষ্ট স্টপে এসে দেখা করবে না তারা বাসের সুবিধা হারাবে।

## 13. প্রামাণ্য পরীক্ষণ

CPS বার্ষিক ভিত্তিতে, ম্যাসাচুসেটস শিক্ষা বিভাগের দ্বারা নির্ধারিত গ্রেড স্তরগুলিতে MCAS 2.0 পরিচালনা করে থাকে। তার সাথে, বার্ষিকভাবে, CPS ইংরেজী ভাষা শিক্ষার্থীদেরকে যেরকম যথাযথ সেই অনুসারে, ম্যাসাচুসেটস শিক্ষা বিভাগের আবশ্যিকতা মাফিক প্রবেশাধিকার মঞ্জুর করে।

## 14. যৌনতা শিক্ষা

আইনি আবশ্যিকতা অনুসরণ করেই স্কুলগুলিকে এমন পাঠ্যক্রমের ব্যাপারে অবশ্যই বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে জানাতে হবে, যেগুলি মানব যৌনতা শিক্ষা বা মানব যৌন বিষয় নিয়ে জড়িত। প্রত্যেক হেমন্তে স্বাস্থ্য শিক্ষার

পাঠ্যক্রম নিয়ে বাড়িতে একটি চিঠি পাঠানো হবে যেটিতে প্রত্যেকটি গ্রেড স্তরে ঘটা যৌনতা শিক্ষার পাঠগুলি বর্ণনা করা থাকবে। বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে যে তাঁদের সন্তানকে এই ক্লাসগুলি করানোর অনুমতি দিতেই হবে এমন নয়, এবং তাঁদের সন্তানকে এইরকম ক্লাস থেকে অব্যাহতি দেওয়ানোর অধিকারও আছে। বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীরা হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের কাছে একটি চিঠি পাঠিয়েও তাঁদের সন্তানকে এই পাঠগুলি থেকে বাদ দেওয়ার অনুরোধ জানাতে পারেন। যে কোনো বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী, যিনি উপকরণটি পর্যালোচনা করতে চান, তিনি তাঁর সন্তানের শিক্ষক বা স্বাস্থ্য শিক্ষার প্রোগ্রাম লীডারের সাথে 617-349-6851-এ কথা বলতে পারেন।

## 15. শারীরিক শাসন

কেমব্রিজ স্কুল কমিটির একটি নীতিই হল তাদের কর্মচারী ও শিক্ষার্থীদের জন্য একটি নিরাপদ ও উত্পাদনশীল কর্মস্থল এবং শিক্ষামূলক পরিবেশ গড়ে তোলা, এবং CPS-এর প্রত্যেক শিক্ষার্থী যেন ম্যাসাচুসেটস ডিপার্টমেন্ট অফ এলিমেন্টারি অ্যান্ড সেকেন্ডারি এডুকেশনের নিয়মকানুন অনুসারে শারীরিক শাসন থেকে মুক্ত থাকে তা নিশ্চিত করা, এবং শারীরিক শাসন যেন শুধুমাত্র আপত্কালীন পরিস্থিতিতে অন্যান্য আইনি ও বাধাদায়ক বিকল্পগুলি ব্যর্থ হয়ে পড়ার পরে বা অনুপযুক্ত বিবেচ্য হওয়ার পরে শেষ অবলম্বন হিসাবে অত্যন্ত সতর্কতা নিয়ে ব্যবহার করা হয় তার দেখভাল করা। স্কুল কর্মীরা শুধুমাত্র তখনই শেষ অবলম্বন হিসাবে শারীরিক শাসন প্রয়োগ করবেন যখন কোনো শিক্ষার্থী এবং/অথবা স্কুল কম্যুনিটির কোনো সদস্যকে আসন্ন, গুরুতর শারীরিক ক্ষতি থেকে রুখতে সেটি করা একান্তই প্রয়োজন হয়ে পড়ছে। যখন শারীরিক শাসন প্রয়োগ করা একান্তই দরকার হয়ে পড়ে, তখন স্কুল কর্মীরা শারীরিক শাসনের ফলস্বরূপ শিক্ষার্থীর উপরে আসা যে কোনো ক্ষতি রোধ করার বা তা নিতান্তই ন্যূনতম করার চেষ্টা করবেন। এই নীতিটিকে অন্যান্য ফেডারেল ও স্টেট আইনের অধীনে থাকা সরকারী অর্থ মঞ্জুরিপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে দেয় সুরক্ষা সীমিত করার জন্য ব্যবহার করা চলবে না, তার মধ্যে এমন আইনও অন্তর্ভুক্ত রয়েছে যা বিশেষ শিক্ষা পরিষেবা পাওয়ার জন্য উপযুক্ত শিক্ষার্থীদের অধিকার প্রদান করে। তাছাড়াও, কোনো শিক্ষক, কর্মচারী বা কোনো সরকারী শিক্ষামূলক প্রোগ্রামের এজেন্ট যদি নিজেদেরকে, অন্যান্য ব্যক্তি বা শিক্ষার্থীদেরকে আক্রমণ, বা আসন্ন গুরুতর শারীরিক ক্ষতির হাত থেকে রক্ষা করার জন্য যুক্তিগ্রাহ্য বল প্রয়োগ করে থাকেন তাহলে এই নীতিটি তাঁদের বিরুদ্ধে ব্যবহার করা চলবে না।

CPS-এর এই নীতিটি নিয়ে কিছু লিখিত পদ্ধতি ও নির্দেশিকা রয়েছে যা স্কুল ডিস্ট্রিক্টের ওয়েবসাইটে পোস্ট করা রয়েছে এবং যা হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের অফিস থেকে পাওয়া যেতে পারে, যাতে সূচিত করা হয়েছে: (i) শিক্ষার্থীদের এমন আচরণে অব্যবহিত প্রতিক্রিয়াদান যে আচরণে সত্যিই হস্তক্ষেপ করা প্রয়োজন; এবং (ii) বিকল্প পদ্ধতিগুলি যেগুলি কোনো শিক্ষার্থীকে অন্য শিক্ষার্থীদের দলের মধ্যে বা অন্য কোনো শিক্ষার্থীর সাথে হিংসা, নিজের ক্ষতি করার আচরণ এবং/অথবা সম্ভাব্য বিপজ্জনক আচরণ করা থেকে রুখতে প্রথমে ব্যবহার করা প্রয়োজন, যার মধ্যে শারীরিক শাসন অবলম্বন করা এড়ানোর জন্য গৃহীত জরুরী বিকল্প অবস্থাগুলিও অন্তর্ভুক্ত রয়েছে।

### শারীরিক শাসন বা বাধাদানের পদ্ধতি

**সংজ্ঞা**

"সম্মতি" মানে হল কোনো বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর তরফে সম্মত হওয়া যিনি যে কার্যকলাপের জন্য সম্মতি চাওয়া হয়েছে সেটির প্রাসঙ্গিক সব তথ্য সম্পর্কে তাঁদের মাতৃভাষায় বা অন্যান্য যোগাযোগ মাধ্যম মারফত্ সম্পূর্ণ অবগত, এবং সেই বাবা-মা/অভিভাবক বুঝেছেন ও লিখিতভাবে সেই কার্যকলাপ পালন করার সম্মতি দিচ্ছেন, এবং এটিও বুঝেছেন যে চুক্তিটি স্বৈচ্ছিক ও যে কোনো সময়ে প্রত্যাহার করা হতে পারে। এই চুক্তিটি কার্যকলাপগুলির বিবরণ দেয় এবং কোন নথিগুলি কাদের কাছে প্রকাশ করা হবে সেগুলির তালিকা করে (যদি আদৌ কিছু থেকে থাকে)।

"বাধা" কথাটির অর্থ হল শিক্ষার্থীর প্রতিরোধ সত্ত্বেও বলপ্রয়োগ করে তার শারীরিক চলাচল সীমিত করা।

"শারীরিক শাসন" কথাটির অর্থ হল সরাসরি শারীরিক সংস্পর্শ যা শিক্ষার্থীর চলাচলের স্বাধীনতাকে প্রতিরোধ করে বা গুরুত্বপূর্ণভাবে অবদমিত করে। শারীরিক শাসন কথাটির মধ্যে দমন, যান্ত্রিকভাবে দমন বা ওষুধ দিয়ে দমন করা অন্তর্ভুক্ত নয়। এছাড়াও, শারীরিক শাসনের মধ্যে অন্তর্ভুক্ত নয়: শিক্ষার্থীর নিরাপত্তা বাড়াতে বা নিজের উপর ক্ষতি করার আচরণ সীমিত করতে বলপ্রয়োগ

না করে স্বল্প শারীরিক সংস্পর্শ, কোনো দক্ষতা শেখানোর সময়, নজর ঘোরানো, সান্ত্বনা দেওয়ার সময় বা শারীরিক প্রহরার সময় শারীরিক নির্দেশনা বা আদেশ দেওয়া।

"শারীরিক প্রহরা" মানে হল সাময়িকভাবে হাত, কব্জী, বাহু, কাঁধ বা পিঠ স্পর্শ করা বা ধরে রাখা, অথচ বলপ্রয়োগ না করা, যাতে কোনো উত্তেজিত শিক্ষার্থীকে একটি নিরাপদ স্থানে যেতে প্ররোচিত করা যায়।

"যান্ত্রিক দমন" মানে হল কোনো শিক্ষার্থীর চলাচল বা তাদের শরীরের কোনো অংশের স্বাভাবিক কার্যকারিতা বা নড়াচড়া সংবরণ করতে কোনো বাস্তব যন্ত্রের ব্যবহার করা। **চিকিত্সকের পরামর্শে প্রস্তাবিত কোনো সুরক্ষামূলক বা স্থিতিকারক যন্ত্রকে যান্ত্রিক দমন হিসাবে গণ্য করা হবে না। যান্ত্রিক দমনের ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ যদি না তা কোনো চিকিত্সকের দ্বারা স্পষ্টতঃ অনুমোদিত হয় এবং শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী লিখিতভাবে তা অনুমোদন করে থাকে।**

"একলা বিচ্ছিন্ন করে রাখা" মানে হল কোনো শিক্ষার্থীকে অনৈচ্ছিকভাবে এমন কোনো কামরা বা স্থানে একলা আটকে রাখা যেখানে শিক্ষার্থী শারীরিকভাবে দমিত থাকে, বা মনে করা হয় যে সে সেখান থেকে পালিয়ে যেতে পারবে না। একলা বিচ্ছিন্ন করে রাখার মধ্যে 603 C.M.R. 46.02-তে বর্ণিত অনুসারে সাময়িক বিরতি অন্তর্ভুক্ত নেই। **একা করে রেখে শারীরিক দমন করা স্পষ্টতই নিষিদ্ধ।**

"সাময়িক বিরতি" মানে হল আচরণ সহায়ক একপ্রকার কৌশল যাতে কোনো শিক্ষার্থীকে শান্ত করার জন্য সাময়িকভাবে শ্রেণীকক্ষ বা শিক্ষামূলক কার্যকলাপ থেকে বিচ্ছিন্ন করা হয়, তা সে পছন্দমাফিকই হোক বা কর্মীদের নির্দেশেই হোক। সাময়িক বিরতি চলাকালীন, কোনো শিক্ষার্থীকে অনৈচ্ছিকভাবে আটকে রাখা চলবে না এবং সর্বদাই কোনো কর্মী সদস্যকে সেই শিক্ষার্থীকে ধারাবাহিকভাবে পর্যবেক্ষণ করতে হবে। কর্মীরা যেন সর্বদাই শিক্ষার্থীর সাথে থাকেন বা শিক্ষার্থীর সাথে থাকার জন্য অবিলম্বে উপলভ্য থাকেন। শিক্ষার্থী শান্ত হয়ে যাওয়া বা তিরিশ মিনিট(30) কেটে যাওয়া যেটিই আগে ঘটবে তখনই সাময়িক বিরতি বন্ধ হয়ে যাবে। শ্রেণীকক্ষের মধ্যে প্রয়োগ করতে হলে সাময়িক বিরতির পছন্দটি ভালো বিকল্প। সাময়িক বিরতির জন্য যদি শ্রেণীকক্ষের বাইরের কোন স্থান ব্যবহার করতে হয় তবে তা অবশ্যই ব্যবহারের আগে শিক্ষার্থী পরিষেবা অফিসের দ্বারা অনুমোদিত হতে হবে।

"ওষুধ দিয়ে দমন" মানে হল সাময়িকভাবে আগ্রাসী আচরণ দমন করার বন্দোবস্ত প্রয়োগ করা। **রাসায়নিক দমনের ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ যদি না তা কোনো চিকিত্সকের দ্বারা স্পষ্টতঃ অনুমোদিত হয় এবং শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী লিখিতভাবে তার সম্মতি দিয়ে থাকেন।**

"মাথা নত করে বাধাদান" মানে হল এমনভাবে বাধা দেওয়া যাতে কোনো শিক্ষার্থীকে মেঝে বা অন্য কোনো তলের দিকে মাথা নীচু করে ঝুঁকিয়ে শিক্ষার্থীকে আনত অবস্থানে রাখার জন্য তার উপর শারীরিক চাপ প্রয়োগ করা হয়। **মাথা নত করে বাধাদান করা স্পষ্টতঃ নিষিদ্ধ।**

"হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান" মানে হল কোনো সরকারী শিক্ষামূলক প্রোগ্রামের নেতৃস্থানীয় ব্যক্তি বা মনোনীত ব্যক্তি।

**<u>যে কোনো রকম বাধার ব্যবহার</u>**

যদি অন্যান্য আইনি এবং কম বাধাদায়ক বিকল্পগুলি ব্যর্থ হয়ে পড়ে বা শিক্ষার্থীকে হিংসা, নিজের ক্ষতি ও/বা অন্যান্য শিক্ষার্থী দল বা কোনো একজন শিক্ষার্থীর উপরে হানা সম্ভাব্য বিপজ্জনক আচরণ কমানোর পক্ষে সেগুলি অনুপযুক্ত বলে বিবেচিত হয়, তাহলে শেষ অবলম্বন হিসাবে **শারীরিক বাধা ব্যবহার করা হতে পারে। অন্যভাবে বলতে গেলে, শারীরিক বাধা শুধুমাত্র তখনই শেষ অবলম্বন হিসাবে ব্যবহার করা যেতে পারে যখন শিক্ষার্থীর আচরণ অন্যান্য শিক্ষার্থী দল বা কোনো একজন শিক্ষার্থীর উপরে হানা আসন্ন, গুরুতর শারীরিক ক্ষতির সম্ভাবনা বহন করে, বা শিক্ষার্থীটি মৌখিক নির্দেশ শোনা না, বা অন্যান্য আইনি এবং কম অনধিকারপ্রবেশমূলক আচরণে সাড়া দেয় না, অথবা সেই পরিস্থিতির অধীনে এরকম হস্তক্ষেপগুলি অনুপযুক্ত বলে মনে করা হয়।** কোনো শারীরিক বাধা শুধুমাত্র যতটা প্রয়োজনীয়, ন্যূনতম যতক্ষণ সময় প্রয়োজনীয় ততক্ষণই ব্যবহার করার মধ্যে সীমিত রাখতে হবে, যাতে কোনো শিক্ষার্থীকে বা স্কুল কম্যুনিটির কোনো সদস্যকে আসন্ন, গুরুতর শারীরিক ক্ষতি বা আক্রমণের হাত থেকে রক্ষা করা যায়। শারীরিক বাধা শুধুমাত্র এমন

স্কুল কর্মীর দ্বারাই প্রয়োগ করতে হবে যিনি শারীরিক বাধার ব্যবহার নিয়ে যথাযথভাবে প্রশিক্ষিত।

## বাধা ব্যবহার করার উপরে অন্যান্য বিধিনিষেধ

নিম্নলিখিত চর্চাগুলি করা স্পষ্টতঃই নিষিদ্ধ: (i) উপরে বর্ণিত বন্দোবস্তের সাথে ধারাবাহিক নয় এমন কোনো বাধার ব্যবহার; (ii) কোনো শিক্ষার্থী যদি সম্পত্তি ভাঙচুর করে, স্কুলের নিয়মশৃঙ্খলা ভঙ্গ করে, বা স্কুলের নিয়মকানুন বা কোনো কর্মীর আদেশ, বা মৌখিক হুমকি মেনে চলতে অস্বীকার করে অথচ সেই কাজগুলি থেকে কোনো আসন্ন, গুরুতর শারীরিক ক্ষতির শঙ্কা না থাকে তাহলে শাস্তিদান বা শৃঙ্খলিত করার ব্যবস্থা হিসাবে বাধাদানকে ব্যবহার করা যাবে না; (iii) মাথা নত করে বাধাদান করা, (iv) যান্ত্রিক বাধার ব্যবহার, (v) ওষুধ প্রয়োগ করে বাধাদান করা যা চিকিত্সকের অনুমোদিত নয় এবং যা শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী কর্তৃক লিখিতভাবে অনুমোদিত নয়, (vi) যখন কোনো শিক্ষার্থীকে নিরাপদে অবদমিত করা যায় না তখন কোনো বাধার ব্যবহার, এবং (vii) বাধার ব্যবহার চালিয়েই যাওয়া যখন শিক্ষার্থী জানাচ্ছে যে তারা শ্বাস নিতে পারছে না বা তাদেরকে দেখে মনে হয় যে তাদের প্রচন্ড কষ্ট হচ্ছে (যার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত থাকলেও এর মধ্যেই সীমিত নাও থাকতে পারে: শ্বাসকষ্ট হওয়া, দীর্ঘক্ষণ ধরে কাঁদা বা কাশি হওয়া যা থামতেই না চায়)।

কোনো ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রামে (IEP)(ব্যক্তিগত শিক্ষা কর্মসূচী) পরিকল্পিত প্রতিক্রিয়া হিসাবে বাধাদানকে অন্তর্ভুক্ত করা যাবে না। যাইহোক, যেসব শিক্ষার্থীরা বারংবার নিজেকে ক্ষতি করার মত আচরণ দেখায়, সেখানে হয়তো হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানরা বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে আপত্কালীন পরিস্থিতিতে সীমিত ও নির্দিষ্ট সময়ের জন্য বাধাদানের ব্যবহার করার জন্য পৃথক লিখিত সম্মতি চাইতে পারেন। এইরকম ক্ষেত্রে পরিকল্পনাটির মধ্যে অবশ্যই বাধাদানের পৌনঃপুনিকতা এবং তার মেয়াদ সম্পর্কে বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে বিশদ প্রতিবেদন করা, এবং হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান পরিকল্পনা বাস্তবায়নের আগে পরিকল্পনাটির জন্য বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর কাছ থেকে লিখিত সম্মতি লাভ করবেন।

## শারীরিক বাধাদানের সঠিক প্রয়োগ

**শুধুমাত্র প্রশিক্ষিত স্কুল কর্মীরাই শারীরিক বাধাদানের প্রয়োগ করবেন।** প্রশিক্ষিত স্কুল কর্মী হলেন এমন ব্যক্তি যাঁরা হয় গভীর প্রশিক্ষণ পেয়েছেন অথবা যাঁরা নীচে বর্ণিত আবশ্যিক সাধারণ প্রশিক্ষণ নিয়েছেন। যেখানে সম্ভব, সেখানে শারীরিক বাধাদানের প্রয়োগ অন্ততঃ একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি দেখবেন যিনি শারীরিক বাধায় অংশগ্রহণ করবেন না। শারীরিক বাধা প্রয়োগ করার সময় স্কুল কর্মী যেন শুধুমাত্র ততটুকুই বল প্রয়োগ করেন যতটা সেই শিক্ষার্থীকে বা অন্যদেরকে শারীরিক চোটআঘাত থেকে বাঁচানোর জন্য করা জরুরী। এছাড়াও, শারীরিক বাধা প্রয়োগকারী স্কুলকর্মী যতটা পারা যায় নিরাপদ পন্থাটি অবলম্বন করবেন যেটি নীচে বর্ণিত সুরক্ষা আবশ্যিকতার সাথে উপযুক্ত হয়, এবং যত শীঘ্র সম্ভব বাধা প্রদান করা বন্ধও করে দেবেন। শিক্ষার্থী যে মুহূর্তে নিজের বা অন্যদের প্রতি আর কোনো আসন্ন বিপদের ঝুঁকি বহন করবে না, বা যদি দেখা যায় শিক্ষার্থীর দমবন্ধ হয়ে আসছে, বা যদি মনে হয় শিক্ষার্থীর প্রচন্ড কষ্ট হচ্ছে, যেমন শ্বাস নিতে কষ্ট, বা অনেকক্ষণ ধরে কাশি হচ্ছে বা কাঁদছে তাহলে সেই মুহূর্তেই সবরকম শারীরিক বাধা বন্ধ করে দিতে হবে। মনে রাখা প্রয়োজন যে, এই প্রশিক্ষণের আবশ্যিকতাগুলি কিন্তু স্কুলের কোনো শিক্ষক, কর্মচারী বা এজেন্টকে শিক্ষার্থীদেরকে বা অন্য কোনো ব্যক্তিদেরকে আসন্ন গুরুতর শারীরিক ক্ষতির হাত থেকে বাঁচাতে যুক্তিগ্রাহ্য ও প্রয়োজনীয় বলপ্রয়োগ করা থেকে আটকাবে না।

## সুরক্ষা আবশ্যিকতা

**কোনো বাধাই এমনভাবে প্রয়োগ করা চলবে না যাতে কোনো শিক্ষার্থীর দমবন্ধ হয়ে যায় বা তার বাকরুদ্ধ হয়।**কোনো বাধা প্রয়োগ করার সময়ে স্কুল কর্মীকে ধারাবাহিকভাবে শিক্ষার্থীর শারীরিক স্থিতি পর্যবেক্ষণ করতে হবে, যার মধ্যে তার ত্বকের বর্ণ, তাপমাত্রা ও শ্বাসপ্রশ্বাস অন্তর্ভুক্ত রয়েছে। যদি দেখা যায় যে শিক্ষার্থীটি নিজের বা অন্যদের আর কোনো শারীরিক ক্ষতি করার ঝুঁকি নেই তাহলে যে স্কুলকর্মী শারীরিক বাধা প্রয়োগ করছেন তাঁকে মনস্থির করে অবিলম্বে যে কোনো এবং সব বাধা সরিয়ে নিতে হবে। এছাড়াও, বাধাদান এমনভাবে করতে হবে যাতে শারীরিক ক্ষতি রোধ করা যায় বা যতটা সম্ভব কম করা যায়। **যদি বাধাদানের মধ্যে কোনো সময়ে শিক্ষার্থীর শ্বাসকষ্ট বা প্রচন্ড শারীরিক কষ্ট হতে দেখা যায়, যার মধ্যে শ্বাস নিতে কষ্ট হওয়া বা অনেকক্ষণ ধরে কাশা বা কাঁদা অন্তর্ভুক্ত থাকলেও তার মধ্যেই সীমিত নয়, তাহলে শিক্ষার্থীটিকে অবিলম্বে বাধার কবল থেকে মুক্ত করতে হবে, এবং চিকিত্সা সহায়তা চাওয়ার জন্য স্কুলকর্মীকে যথাযথ পদক্ষেপ নিতে হবে।**কোনো

নির্দিষ্ট শিক্ষার্থীর উপরে শারীরিক বাধার ব্যবহার নিয়ে যে কোনো জ্ঞাত চিকিত্সা বা মনস্তাত্ত্বিক সীমাবদ্ধতা এবং/অথবা আচরণগত হস্তক্ষেপের পরিকল্পনাগুলির সাথে শিক্ষার্থীর চোটআঘাতের ইতিহাস আছে বলে সন্দেহ করা হলে স্কুল কর্মীকে সেটি পর্যালোচনা ও বিবেচনা করে দেখতে হবে। শারীরিক বাধাদান করার মধ্যে যে কোনো সময়ে স্কুল কর্মী অফিস অফ স্টুডেন্ট সার্ভিসেস বিহেভিয়ারাল স্পেশালিস্ট, বা সঙ্কট মোকাবিলা দলের সাথে যোগাযোগ করতে চাইতে পারেন, অথবা শিক্ষার্থীকে দেখে যদি শারীরিক কষ্টের লক্ষণ বোঝা যায় তাহলে তিনি চিকিত্সা সহায়তা চাওয়ার জন্য অন্যান্য পদক্ষেপও নিতে পারেন।

## অনুধাবন প্রক্রিয়া এবং প্রতিবেদনের আবশ্যিকতা

শিক্ষার্থীকে বাধা থেকে মুক্ত করার পরে কোনো উপযুক্ত সময়ে, হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান বা মনোনীত ব্যক্তি নীচে বর্ণিত অনুধাবন প্রক্রিয়াগুলি আরোপ করবেন:

a. শিক্ষার্থীর যে আচরণের জন্য বাধাটি দিতে হয়েছিল সেই আচরণটি নিয়ে শিক্ষার্থীর সাথে পর্যালোচনা করা;

b. যে স্কুল কর্মী বাধাদান করেছিলেন সেই ব্যক্তির ঘটনাটি পর্যালোচনা করা যে সঠিক বাধাদানের প্রক্রিয়া অনুসরণ করা হয়েছিল কিনা; এবং

c. যে সব শিক্ষার্থীরা ঘটনাটির সাক্ষী থেকেছে তাদের সাথেও অনুধাবন করতে হবে, সাথে অন্তর্ভুক্ত থাকবে শিক্ষকশিক্ষিকাদের জিজ্ঞাসাবাদ, কাউন্সেলরের জিজ্ঞাসাবাদ অথবা শৃঙ্খলা পুনর্স্থাপনের পদ্ধতি; এবং

d. অফিস অফ স্টুডেন্ট সার্ভিসেস এবং হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের অব্যবহিত সুপারভাইজারের কাছে বাধাদানের লিখিত বিজ্ঞপ্তি পাঠাতে হবে।

নিম্নলিখিতগুলি হল প্রতিবেদনের আবশ্যিকতা যা স্কুলের তরফ থেকে অনুধাবন করতে হবে:

a. বাধা প্রয়োগের প্রত্যেকটি ঘটনা বাধা প্রয়োগ করা শিক্ষার্থীর নামসহ লিখিতভাবে প্রতিবেদন করতে হবে এবং অফিস অফ স্টুডেন্ট সার্ভিসেস এবং হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের অব্যবহিত সুপারভাইজারের কাছেও তা প্রতিবেদিত করতে হবে।

b. যে স্কুল কর্মী শারীরিক বাধা প্রয়োগ করবেন, শিক্ষার্থীর কোনো চোটআঘাত লাগলেও তাঁকেই মৌখিকভাবে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানকে অথবা মনোনীত ব্যক্তিকে যত শীঘ্র সম্ভব জানাতে হবে, তা যেন কোনো মতেই যে স্কুল দিবসে বাধাপ্রয়োগ করা হয়েছে তার পরে না হয়। শারীরিক বাধাদান প্রয়োগ করার পরবর্তী কার্যদিবসের মধ্যেই বাধাদানের ব্যবহার পর্যালোচনা করার জন্য একটি লিখিত রিপোর্ট সম্পূর্ণ করে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের কাছে জমা দিতে হবে। যদি হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান বাধা প্রয়োগ করে থাকেন, তাহলে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানই রিপোর্ট তৈরি করবেন এবং সেটি সুপারিন্টেন্ডেন্টের মনোনীত একটি দলের দ্বারা পর্যালোচনার জন্য সুপারিন্টেন্ডেন্টের কাছে জমা দেবেন।

c. হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান শারীরিক বাধাদানের প্রতিবেদিত ঘটনাগুলির ধারাবাহিক নথি রক্ষা করবেন।

d. হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান বা মনোনীত ব্যক্তি বাধাদানের পরে যত শীঘ্র সম্ভব কিন্তু চব্বিশ (24) ঘন্টার মধ্যেই, মৌখিকভাবে শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে বাধাদানের ব্যবহার সম্পর্কে জানাবেন, এবং সেই কথাটিই লিখিতভাবে শারীরিক বাধাদানের পরের তিনটি (3) স্কুল দিবসের মধ্যে পোস্টমার্ক করা চিঠিতে লিখিতভাবে জানাতে হবে। হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান শিক্ষার্থী ও বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে বাধাদানের ব্যবহার নিয়ে এবং লিখিত প্রতিবেদনে থাকা তথ্যের ব্যাপারে মন্তব্য লেখার সুযোগ দেবেন।

e. যখন এইরকম শারীরিক বাধাদানের ফলস্বরূপ কোনো চোটআঘাত লাগে তখন হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান শারীরিক বাধার লিখিত প্রতিবেদনের একটি প্রতিলিপি সুপারিন্টেন্ডেন্টের অফিসে জমা দেবেন, সাথে প্রতিবেদিত শারীরিক বাধাটির আগের তিরিশ (30) দিনের মধ্যে স্কুলে শারীরিক বাধাদানের সব ঘটনার প্রতিবেদনের প্রতিলিপিও জমা দিতে হবে। **হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের তরফ থেকে লিখিত প্রতিবেদন প্রাপ্তির পরে এক (1)স্কুল দিবসের মধ্যে নথিটি সুপারিন্টেন্ডেন্টের অফিসে জমা দিতে হবে।** যদি কোনো শিক্ষার্থীকে তিরিশ (30) দিন সময়ের মধ্যে তিনবার (3) অথবা সাতদিন (7) সময়ের মধ্যে দুটি (2) পৃথক ঘটনায়

শারীরিকভাবে বাধা দিতে হয়, তাহলে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান সেই শিক্ষার্থীর মূল্যায়ন করানোর জন্য একটি স্টুডেন্ট সাপোর্ট টিমের বৈঠক ডাকবেন। গ্রেড লেভেল টিমের সদস্যরা এবং হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান নির্ধারিত অনুসারে এইরকম অন্যান্য প্রোগ্রাম কর্মীরা মূল্যায়নে অংশগ্রহণ করবেন। স্টুডেন্ট সাপোর্ট টিমের প্রত্যেক সদস্য বাধাদানের লিখিত প্রতিবেদন এবং শিক্ষার্থী ও তাদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর দ্বারা এইরকম প্রতিবেদন ও বাধাদানের ব্যবহার নিয়ে প্রদত্ত মন্তব্য পড়বেন। স্টুডেন্ট সাপোর্ট টিম কর্তৃক এইরকম প্রতিবেদনের কোনো পর্যালোচনা ও আলোচনা ছাড়াও, মূল্যায়নের মধ্যে যে পরিস্থিতি থেকে প্রত্যেকবার শারীরিক বাধাদান পর্যন্ত গড়িয়েছে সেই পরিস্থিতির বিশ্লেষণ, সাথে দিনের কোন সময়ে, সপ্তাহের কোন দিনে তা ঘটেছে, তার পূর্ববর্তী ঘটনাক্রম ও নিযুক্ত ব্যক্তিবর্গের বিশ্লেষণও করা হবে। মূল্যায়নটি এমন একটি পরিকল্পনায় শেষ হবে যেটিতে উত্তেজিত আচরণ বেড়ে ওঠার কারণগুলিকে বোঝার চেষ্টা করা হয়েছে, বাধাদানের বিকল্প নিয়ে বিবেচনা করা হয়েছে, যার মধ্যে আচরণটি কমানোর কৌশল ও সম্ভাব্য হস্তক্ষেপের ব্যবস্থা এবং অনুরূপ অন্যান্য কৌশল ও যথাযথ সিদ্ধান্ত অন্তর্ভুক্ত রয়েছে, এবং সাথে ভবিষ্যতে বাধাদানের ব্যবহার কমানো বা পুরোপুরি বন্ধ করার লক্ষ্যের ব্যাপারেও বিবেচনা করা হয়েছে। যদি হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান সরাসরি বাধাদানে অংশগ্রহণ করে থাকেন, তাহলে সুপারিন্টেন্ডেন্টের মনোনীত কোন যথোপযুক্ত যোগ্য ব্যক্তি স্টুডেন্ট সাপোর্ট টিমের আলোচনায় নেতৃত্ব দেবেন। হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান নিশ্চিত করবেন যে স্টুডেন্ট সাপোর্ট টিমের তরফে করা প্রত্যেক শিক্ষার্থীর পর্যালোচনার নথি যেন রক্ষিত হয় এবং ম্যাসাচুসেটস ডিপার্টমেন্ট অফ এলিমেন্টারি অ্যান্ড সেকেন্ডারি এডুকেশন সেটি পর্যালোচনা অনুরোধ করলেই তা যেন উপলভ্য করে তোলা হয়।

হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান পুরো স্কুলে শারীরিক বাধাপ্রদানের ডেটা মাসে একবার করে পর্যালোচনা করবেন। এই পর্যালোচনাটিতে দিনের সময়, সপ্তাহের দিন, বা নিযুক্ত ব্যক্তিদের মধ্যে সাদৃশ্য; শারীরিক বাধার সংখ্যা ও মেয়াদ; এবং যদি শারীরিক বাধা থেকে আদৌ চোটআঘাত লেগে থাকে তাহলে তার প্রকার ও সংখ্যা দেখে বাধা ব্যবহারের ধাঁচগুলি বিচার করা হবে। হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান নির্ধারণ করবেন যে স্কুলের বাধাপ্রদান রোধ ও নিয়ন্ত্রণের নীতি ও পদ্ধতিগুলি সংশোধন করা, অতিরিক্ত কর্মী প্রশিক্ষণ অথবা ইতিবাচক আচরণের হস্তক্ষেপ ও সহায়তার মত বাধাদান কমানো/প্রতিরোধের কৌশল কাজে লাগানো, অথবা বাধাপ্রদান কমানো বা পুরোপুরি বাদ দেওয়ার মত জরুরী ও প্রয়োজনীয় অন্য কোনো পদক্ষেপ গ্রহণ করার প্রয়োজনীয়তা বা উপযুক্ততা আছে কিনা।

## ডিস্ট্রিক্টের তরফ থেকে থাকা প্রশিক্ষণের আবশ্যিকতা

### *A. সব প্রোগ্রাম কর্মীদের জন্য*

প্রত্যেক স্কুলবর্ষের প্রথম মাসের মধ্যে, প্রত্যেক স্কুলের হাই স্কুলের প্রধান/অধ্যক্ষ সব প্রোগ্রাম কর্মীদেরকে বাধাদান প্রতিরোধ ও আচরণে সহায়তা করার প্রশিক্ষণ দেবেন, কখন বাধাদান করা আবশ্যক হয়ে পড়ে তা এবং এই নীতি সম্পর্কে জানাবেন। এছাড়াও যেসসব নতুন স্কুল কর্মচারী স্কুলবর্ষ শুরু হয়ে যাওয়ার পরে নিযুক্ত হচ্ছেন, তাঁদের জন্য হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান তাঁদের নিয়োগের প্রথম মাসের মধ্যেই তাঁদেরকে এই নীতির প্রশিক্ষণ দেবেন। প্রশিক্ষণের মধ্যে নিম্নলিখিতগুলি থাকবে: (a) এই নীতিটি ও সুপারিন্টেন্ডেন্টের তৈরি অন্যান্য নির্দেশিকা ও সংশ্লিষ্ট পদ্ধতি; (b) এমন কোনো হস্তক্ষেপ করা যাতে শারীরিক বাধাদানের প্রয়োজনীয়তা এড়ানো যেতে পারে, যার মধ্যে সমস্যাজনক আচরণ কমানো বা আপত্কালীন পরিস্থিতিতে বাধাদানের অন্যান্য বিকল্প, বিচ্ছিন্ন করার মত নয় কিন্তু সাময়িক কিছুক্ষণের জন্য বিরতির ব্যবহার অন্তর্ভুক্ত থাকতে পারে; (c) যখন আচরণের মধ্যে এমন কোনো আপত্কালীন অবস্থা তৈরি হয় যার জন্য শারীরিক বাধার একান্তই দরকার হয়ে পড়ে, তখন অনুমোদিত শারীরিক বাধা ও সংশ্লিষ্ট নিরাপত্তামূলক ব্যবস্থাগুলির কথা বিবেচনা করে রাখা, যার মধ্যে বাধাদান করলে কোনো শিক্ষার্থীর চোট আঘাতের ঝুঁকির কথাও অন্তর্ভুক্ত রয়েছে, বিশেষ করে যদি কোনো বাধাদান বেশি সময় ধরে চলে; (d) আগে থেকে জানা চিকিত্সা বা মনস্তাত্ত্বিক সীমাবদ্ধতা এবং/অথবা আচরণগত হস্তক্ষেপের পরিকল্পনা মেনে কোনো শিক্ষার্থীর উপর শারীরিক বাধা প্রয়োগ করা, যার মধ্যে আঘাত পাওয়ার ইতিহাসও অন্তর্ভুক্ত রয়েছে বলে জ্ঞাত বা সন্দেহ করা হচ্ছে; এবং (e) বাধাদানের ব্যবহার রোধ করার জন্য শিক্ষার্থী, কর্মী ও পরিবারের ভূমিকা; এবং (f) এমন প্রোগ্রাম কর্মীদের শনাক্তকরণ যাঁরা

শারীরিক বাধার ব্যবহার নিয়ে 603 C.M.R. 46.03(3) অনুসরণ করে নিবিড় প্রশিক্ষণ পেয়েছেন। 603 C.M.R. 46.03(2) দেখুন।

### *B.* যেসব কর্মী পুরো স্কুল-জুড়ে শারীরিক বাধাদানের সঠিক প্রয়োগকারী হিসাবে কাজ করতে অনুমোদিত তাঁদের জন্য

প্রত্যেক স্কুলবর্ষের শুরুতে, হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান এমন প্রোগ্রাম কর্মীকে শনাক্ত করবেন যিনি শারীরিক বাধা প্রদানের যথাযথ প্রয়োগ করার কাজে স্কুল জুড়ে সহায়তা করতে অনুমোদিত হবেন। নিবিড় প্রশিক্ষণের বিষয়সমূহ যেন দক্ষতা-নির্ভর হয় এবং তার মেয়াদ যেন অন্ততঃ ষোল (16) ঘন্টা হয়। এইরকম ব্যক্তিরা যেন পরবর্তী স্কুলবর্ষগুলিতে অন্ততঃ একটি রিফ্রেশার কোর্সে অংশগ্রহণ করেন এবং সেটির মেয়াদ যেন অন্ততঃ আট (8) ঘন্টার কম না হয়। প্রশিক্ষণের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে, যদিও তার মধ্যেই সীমিত নয়: (a) শারীরিক বাধার ব্যবহার রোধ করার জন্য যথাযথ পদ্ধতি, যার মধ্যে সমস্যাজনক আচরণ কমানোর চেষ্টা, সম্পর্ক স্থাপন করার চেষ্টা এবং বাধাদানের বিকল্প পদ্ধতির ব্যবহার অন্তর্ভুক্ত রয়েছে; (b) শিক্ষার্থীর তরফ থেকে বিপজ্জনক ব্যবহার শনাক্তকরণ ও তার বর্ণনা যা থেকে শারীরিক বাধার প্রয়োগ করা হতে পারে এবং ভবিষ্যতে বাধাটির ব্যবহার করার দরকার আছে কিনা নির্ধারণ করতে স্বতন্ত্র পরিস্থিতিতে ক্ষতির ঝুঁকি মূল্যায়নের পদ্ধতি; (c) শারীরিক বাধা প্রয়োগ ও পাওয়ার নকল করা যাতে শারীরিক কষ্টের লক্ষণ নিরীক্ষণ করার নির্দেশ ও চিকিত্সা সহায়তা চাওয়াসহ বাধা প্রয়োগ করা ব্যক্তির উপরে কি কি প্রভাব(গুলি) পড়ছে তার নির্দেশ থাকে; (d) চোট আঘাত ও অভিযোগের তদন্ত প্রতিবেদনের আবশ্যিকতা এবং নথিপত্র রক্ষা করা নিয়ে নির্দেশ; (e) শিক্ষার্থী ও পরিবারের উপরে শারীরিক বাধাদানের প্রভাব, বাধাদানটি কীভাবে প্রভাব ফেলেছে তা শনাক্ত করা, যার মধ্যে মনস্তাত্ত্বিক, মানসিক ও সামাজিক-মানসিক প্রভাব অন্তর্ভুক্ত থাকলেও তার মধ্যেই সীমিত নয়.; এবং (f) শারীরিক বাধা প্রয়োগ করার ক্ষেত্রে অংশগ্রহণকারীদের দক্ষতা প্রদর্শন। 603 C.M.R. 46.03(3) এবং 46.03(4).দেখুন।

## <u>অভিযোগের প্রক্রিয়া</u>

### *A. শারীরিক বাধার ব্যবহার সম্পর্কে থাকা দুশ্চিন্তাগুলির বিধিবহির্ভূত সমাধান*

আনুষ্ঠানিকভাবে অভিযোগের প্রক্রিয়া শুরু করার আগে, শিক্ষার্থী বা বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী যাঁরই শারীরিক বাধার কোনো বিশেষ ব্যবহার নিয়ে চিন্তা থাকুক না কেন, তাঁরা হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের কাছে ব্যাপারটি জানিয়ে সেটির সমাধান করতে পারেন। শিক্ষার্থী এবং/অথবা তাদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর উচিত শারীরিক বাধার বিশেষ কোনো ব্যবহার নিয়ে তাঁদের যে সমস্যাগুলি রয়েছে সেগুলি নিয়ে উপরে বর্ণিত স্কুলের কাছ থেকে লিখিত প্রতিবেদন পাওয়ার দশদিনের (10) মধ্যে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের কাছে যাওয়া। হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান তাঁদের কর্তৃত্বের সীমায় থেকে সেই ব্যক্তির সাথে অভিযোগটি যতটা পারা যায় ন্যায্যভাবে ও দ্রুত সমাধানের চেষ্টা করবেন। যদি শিক্ষার্থী এবং/অথবা তাদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী সমাধানটি নিয়ে সন্তুষ্ট না হন, বা যদি শিক্ষার্থী এবং/অথবা তাদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী বিধিবহির্ভূত সমাধানের পন্থা না বাছেন, তাহলে শিক্ষার্থী এবং/অথবা তাদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী নীচে বর্ণিত আনুষ্ঠানিক অভিযোগ করায় এগোতে পারেন।

### *B. শারীরিক বাধার ব্যবহার সম্পর্কে আনুষ্ঠানিক সমাধান*

শিক্ষার্থী বা তাদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী, যাঁদেরই শারীরিক বাধার বিশেষ কোনো ব্যবহার নিয়ে সমস্যা রয়েছে, তাঁরা সুপারিন্টেন্ডেন্টের অফিসে একটি লিখিত অভিযোগ জমা দিয়ে শারীরিক বাধার বিশেষ ব্যবহার নিয়ে তাঁদের সমস্যা সমাধানের চেষ্টা করতে পারেন। শিক্ষার্থী এবং/অথবা তাদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদেরকে স্কুলের কাছ থেকে লিখিত রিপোর্ট পাওয়ার তারিখ থেকে কুড়ি (20) দিনের মধ্যে এই চিঠিটি সুপারিন্টেন্ডেন্টের অফিসে জমা দিতে হবে। লিখিত অভিযোগটির মধ্যে অন্তর্ভুক্ত থাকবে (a) শিক্ষার্থীর নাম; (b) স্কুলের নাম যেখানে শারীরিক বাধাটি দেওয়া হয়েছে বলে অভিযোগ করা হচ্ছে; (c) শারীরিক বাধাদানে যাঁরা নিযুক্ত ছিলেন তাঁদের নাম; (d) অভিযোগ বা সমস্যাটির ভিত্তি; এবং (e) যে সংশোধনমূলক পদক্ষেপ চাওয়া হচ্ছে।

অভিযোগটি গ্রহণ করার পরে সুপারিন্টেন্ডেন্টের অফিস, এদের মনোনীত ব্যক্তির মাধ্যমে সত্বর অভিযোগটি নিয়ে তদন্ত করবে। তদন্ত চলাকালীন সুপারিন্টেন্ডেন্টের অফিস এবং/অথবা এর মনোনীত ব্যক্তিরা সেইসব ব্যক্তিদের সাথে যোগাযোগ করার চেষ্টা করবেন যাঁদের কাছে অভিযোগ সংক্রান্ত প্রাসঙ্গিক তথ্য আছে বলে উল্লেখ করা হচ্ছে। তদন্ত

চালানোর জন্য কোনো যথাযথ সময়সীমা স্থির করা যায় না কারণ প্রতিটি পরিস্থিতি ভিন্ন হতে পারে। সুপারিন্টেন্ডেন্টের অফিস এবং/অথবা এর মনোনীত ব্যক্তিরা নিশ্চিত করবেন যে অভিযোগটি যতটা সম্ভব দ্রুততর নিষ্পত্তি করা হয়। আনুষ্ঠানিক তদন্ত সম্পূর্ণ হওয়ার পরে, সুপারিন্টেন্ডেন্টের অফিস থেকে তদন্তের ফলাফল এবং সেটির উপর ভিত্তি করে কোনো সংশোধনমূলক পদক্ষেপ নেওয়া হবে কিনা তা জানাতে অভিযোগকারীর সাথে যোগাযোগ করা হবে।

**<u>অন্যান্য অভিযোগ প্রক্রিয়াও উপলভ্য রয়েছে</u>**

মনে রাখা প্রয়োজন যে এই বিভাগের বিধানগুলি কোনো শিক্ষার্থীকে CPS-এর অবৈষম্যমূলক নীতি ও যৌন নিগ্রহের নিষেধাজ্ঞায় বর্ণিত অভিযোগ প্রক্রিয়া ব্যবহার করা থেকে আটকাতে পারে না এবং সে এটি ব্যবহার করে আইনি সুরক্ষার অধীনে থাকা জাতি, বংশ, বর্ণ, দেশীয় উত্স, ধর্ম, বয়স, অক্ষমতা, জিনগত তথ্য, অভিজ্ঞতার স্থিতি, বৈবাহিক স্থিতি, লিঙ্গ, লিঙ্গ পরিচয় বা ভাবপ্রকাশ, যৌন স্থিতি, গর্ভাবস্থা অথবা গর্ভাবস্থা সংক্রান্ত পরিস্থিতির মত কোনো বৈশিষ্ট্য নিয়ে হওয়া কোনো বৈষম্য বা হয়রানির বিরুদ্ধে তোলা অভিযোগের সমাধান চাইতে পারে। এটিও মনে রাখা প্রয়োজন যে *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* বর্ণিত অধিকার থেকে বঞ্চিত হওয়া সংক্রান্ত কোনো অভিযোগের সমাধান চাওয়ার ক্ষেত্রে এই বিভাগের বিধানগুলি কোনো শিক্ষার্থীকে *অধিকার ও দায়িত্বের পুস্তিকার* বিভাগ 23.0-তে বর্ণিত অভিযোগ প্রক্রিয়া ব্যবহার করা থেকে আটকাতে পারে না।

# আচরণবিধি (নীতি)

## 16. সূচনা

প্রতিটি স্কুলের নিজস্ব কিছু নিয়মকানুন থাকে- যাকে স্কুল-ভিত্তিক নিয়মকানুন বলা হয়-আশা করা হয় যে শিক্ষার্থীরা সেগুলি মেনে চলবে। যদি কোনো শিক্ষার্থী কোনো স্কুল-ভিত্তিক নিয়ম লঙ্ঘন করে, তাহলে তাদেরকে শাস্তি দেওয়া হবে। স্কুল-ভিত্তিক নিয়মকানুনগুলি প্রশাসক, শিক্ষকশিক্ষিকা, বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী এবং প্রতিটি স্কুলের মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের নিয়ে গঠিত একটি সমিতি কর্তৃক লেখা হয়, এবং প্রত্যেক বসন্তে সেটির পর্যালোচনাও করা হয়। স্কুল-ভিত্তিক নিয়মকানুনগুলি প্রত্যেক শ্রেণীকক্ষে সাঁটানো থাকে, এবং প্রত্যেকবছর শিক্ষার্থীদের সাথে বাড়িতেও পাঠানো হয়। স্কুলভিত্তিক নিয়মকানুনগুলি মেনে চলার সাথে, প্রত্যেক স্কুলকে আবশ্যিকভাবে অধিকার এবং দায়িত্বের পুস্তিকাতে বর্ণিত আচরণবিধিও মেনে চলতে হয়। অধিকার এবং দায়িত্বের পুস্তিকাটিতে এমন সব নিয়মকানুনের তালিকা দেওয়া রয়েছে যা সব শিক্ষার্থীর অনুসরণ করবে বলেই প্রত্যাশিত। যে শিক্ষার্থী এই নিয়মকানুনগুলি ভঙ্গ করবে তাদেরকে স্কুল থেকে স্থগিত করা বা বহিষ্কার করা হতে পারে। স্কুল-নির্ভর নিয়মকানুন এবং *অধিকার ও দায়িত্বের পুস্তিকা* উভয়ই স্কুলে থাকাকালীন, স্কুল-স্পনসর করা কার্যকলাপে যোগ দেওয়ার সময়, এবং তাদের স্কুলে যাতায়াতের সময় শিক্ষার্থীদের আচরণের উপর প্রযোজ্য।

*অধিকার ও দায়িত্বের পুস্তিকাটির* একটি সারসংক্ষেপ নীচে দেওয়া হল। আপপনার সন্তান যে স্কুলে যাচ্ছে সেই স্কুলের হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের কাছ থেকে আপনি স্কুল-নির্ভর নিয়মকানুনগুলির একটি প্রতিলিপি পেতে পারেন। আপনি হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের কাছ থেকেও *অধিকার ও দায়িত্বের পুস্তিকাটির* একটি প্রতিলিপি পেতে পারেন। এটি স্কুল ডিস্ট্রিক্টের ওয়েবসাইটেও পোস্ট করা আছে।

তার সাথে নীচে CPS-এর বিভিন্ন নীতিগুলির সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হল, যার মধ্যে বৈষম্য-বিরোধী নীতিগুলিও অন্তর্ভুক্ত রয়েছে। যে সব কর্মী বা শিক্ষার্থীরা এই নীতিগুলি লঙ্ঘন করবেন তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হতে পারে। এই নীতিগুলির একটি সম্পূর্ণ প্রতিলিপি পাওয়ার জন্য হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের সাথে যোগাযোগ করুন।

## 17. আদর্শ

কেমব্রিজ স্কুল কমিটির শৃঙ্খলা সংক্রান্ত নীতিগুলি সব স্কুল কর্মীদেরকে চূড়ান্ত শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা ছাড়াই শিক্ষার্থীদের সমস্যা সমাধানে সাহায্য করতে উত্সাহিত করে। শিক্ষার্থীদের খারাপ আচরণ হয়তো আরো জটিল অন্তর্নিহিত সমস্যাকে ইঙ্গিত করতে পারে যা হয়তো শিক্ষার্থী সেই সময়ে স্কুল বা সমাজের সাথে যুঝে চলেছে, এবং শিক্ষার্থী ও তাদের বাবা-মা বা পরিচর্যাকারীকে করা প্রত্যেক প্রচেষ্টাই এই সমস্যাগুলি কার্যকরভাবে মেটাতে সাহায্য করে। স্থগিতাদেশ বা বহিষ্করণের আদেশ সাধারণতঃ শেষ অবলম্বন হিসাবেই প্রস্তাবিত। কোনো শিক্ষার্থীকে স্থগিতাদেশ বা বহিষ্করণের সিদ্ধান্ত শোনানোর আগে স্কুল কর্মীদেরকে অন্যান্য

সব উপলভ্য এবং উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা ও পরিণাম দিয়ে চেষ্টা করতে উত্সাহিত করা হয়, যাতে শিক্ষার্থীটিকে সুশিক্ষা ও ভালো আচরণ করার অভ্যাস শেখানো যায়।

স্কুলের উচিত ঝুঁকিগ্রস্ত শিক্ষার্থীদের সাথে মুখোমুখি আলাদা করে বসে সমস্যার সমাধান করা, যাতে সমস্যার উত্স খুঁজে বের করা যায় এবং কোনো বিকল্পের প্রস্তাবও করা যায়। কোনো কোনো সময় বাবা-মা/অভিভাবক-পরিচর্যাকারীর সাথে বৈঠক করা, বা ঘরে গিয়ে দেখা করা জরুরী হয়ে পড়ে। যে কোনো সাফল্য আনতে গেলে বাড়ি ও স্কুলের মধ্যে যোগাযোগ স্থাপন করাটা জরুরী। স্কুল কাউন্সেলর বা মনস্তাত্ত্বিকরা প্রস্তাবনা দেওয়ায় এবং সমাধান খুঁজে বের করায় সাহায্য করতে পারেন। সমকক্ষদের হস্তক্ষেপ, শিক্ষক উপদেষ্টা, বিগ ব্রাদার্স অ্যান্ড সিস্টার্সও মূল্যবান সংস্থান হয়ে দাঁড়াতে পারে। কেমব্রিজ খুবই সৌভাগ্যবান যে তারা সামাজিক বিকাশের দলগুলির সহযোগিতা পাচ্ছে, যে দলগুলি সমস্যায় পড়া শিক্ষার্থীদের প্রয়োজনীয়তায় চটজলদি সাড়া দেয় ও জরুরী সহযোগিতা করে। এই দলগুলির কয়েকটি উদাহরণ হল: স্টুডেন্ট সাপোর্ট টিম (SSTs); টিচার অ্যাসিস্ট্যান্স টিমস (TATs); এবং অ্যাডমিনিস্ট্রেটিভ রেসপন্স টিম (ARTs)। মূল্যবান সহায়ক পরিষেবা দেওয়ার ব্যাপারে কম্যুনিটি এজেন্সিগুলি জরুরী সহযোগিতা করে থাকে। এই এজেন্সিগুলি স্কুল দলগুলিকে মূল্যবান উপদেশ দেয় এবং শিক্ষার্থীদের সাথে আলাদাভাবে বা গোষ্ঠীবদ্ধভাবে কাজ করে। এইরকম প্রতিরোধমূলক পরিষেবাগুলি অনুচিত আচণ, সম্ভাব্য স্থগিতকরণ, এবং হয়তো দীর্ঘ মেয়াদে শিক্ষার্থীদের স্কুলছুট হয়ে যাওয়া আটকাতেও দারুণ কাজ করবে।

# আচরণ এবং শৃঙ্খলা সংক্রান্ত নীতি

## 18. ধূমপান: তামাক-মুক্ত নীতি

ম্যাসাচুসেটস জেনারেল আইনে, অধ্যায় 71, বিভাগ 37H-এ স্কুলের যে কোনো কেন্দ্রে, স্কুলের মাঠে বা স্কুলের বাসে সব স্কুলকর্মীসহ যে কোনো ব্যক্তি দ্বারা তামাকজাত পণ্য ব্যবহার করা নিষিদ্ধ। এই নীতিটি স্পনসর করা সব স্কুল, স্কুল সংক্রান্ত সব অনুষ্ঠান ও খেলাধূলোর ক্ষেত্রে প্রযোজ্য। যেসব কর্মী ও শিক্ষার্থীরা এই আইনগুলি লঙ্ঘন করবেন তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। যদি কোনো কর্মী সদস্য কোনো শিক্ষার্থীকে স্কুল প্রাঙ্গণে ধূমপান করতে দেখেন তাহলে তিনি শিক্ষার্থীকে তার নাম জিজ্ঞাসা করতে পারেন এবং তাকে জানাতে পারেন যে স্কুল প্রাঙ্গণের মধ্যে ধূমপান করা নিষিদ্ধ। শিক্ষার্থীর নামটি হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের কাছে অথবা সহকারী অধ্যক্ষের কাছে দেওয়া হবে যিনি স্কুল নার্স এবং বাবা-মা বা অভিভাবককে বিষয়টি জানাবেন। টোব্যাকো অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (TAP) আমাদের পাবলিক স্কুলগুলিতে উপলভ্য রয়েছে এবং যারা তামাকের নেশা ছাড়তে চায় তাদেরকে সাহায্য করার জন্যই লক্ষিত।

## 19. স্কুল কর্মীদের উপরে আক্রমণ, মাদক এবং অস্ত্রশস্ত্রের ব্যাপারে বিধিবদ্ধ নিষেধাজ্ঞা

ম্যাসাচুসেটস জেনারেল আইনের অধ্যায় 71, বিভাগ 37H-এর প্রাসঙ্গিক অংশে বলা হয়েছে যে:

(a) স্কুলের প্রাঙ্গণে বা স্কুল স্পনসর বা ক্রীড়ানুষ্ঠানসহ স্কুল-সংক্রান্ত কোনো অনুষ্ঠানে যদি কোনো শিক্ষার্থীকে ছুরি বা বন্দুক ছাড়া অন্যান্য বিপজ্জনক অস্ত্র; বা অধ্যায় চুরানব্বই সি-তে বর্ণিত নিয়ন্ত্রণ করার মত কোনো পদার্থ, মারিজুয়ানা, কোকেইন, হেরোইন এবং অন্য কিছু নিয়ে ঘুরতে দেখা যায় তাহলে তাকে সেই স্কুল বা স্কুল ডিস্ট্রিক্ট থেকে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান কর্তৃক বহিষ্কার করা হতে পারে।

(b) যদি কোনো শিক্ষার্থী স্কুলের প্রাঙ্গণে বা স্কুল স্পনসর বা ক্রীড়ানুষ্ঠানসহ স্কুল-সংক্রান্ত কোনো অনুষ্ঠানে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান, সহকারী অধ্যক্ষ, শিক্ষকশিক্ষিকা, শিক্ষকদের সহকারী বা অন্যান্য শিক্ষাকর্মীকে আক্রমণ করে, তাহলে তাকে সেই স্কুল বা স্কুল ডিস্ট্রিক্ট থেকে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান কর্তৃক বহিষ্কার করা হতে পারে।

(c) যে শিক্ষার্থী হয় অনুচ্ছেদ (a) বা (b) লঙ্ঘন করার দায়ে অভিযুক্ত তাকে লিখিতভাবে শুনানির সুযোগের ব্যাপারে জানানো হবে; যাইহোক, তবে তা এই শর্তে যে, শিক্ষার্থী হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের সামনে নিজেকে উপস্থিত করবে এবং সাথে প্রমাণ ও সাক্ষী পেশ করার সুযোগও পাবে।

উল্লিখিত শুনানির পরে, হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান হয়তো তাঁদের বিবেচনার ভিত্তিতে, কোনো শিক্ষার্থীকে, যে হয় অনুচ্ছেদ (a) বা (b) লঙ্ঘন

করেছে, তাকে বহিষ্কারের বদলে স্থগিতাদেশ জারী করার সিদ্ধান্ত নিতে পারেন।

(d) এই বন্দোবস্তগুলি অনুসারে যদি কোনো শিক্ষার্থী কোনো স্কুল ডিস্ট্রিক্ট থেকে বহিষ্কৃত হয় তাহলে তার সুপারিন্টেন্ডেন্টের কাছে আবেদন করার অধিকার থাকবে। বহিষ্কৃত শিক্ষার্থী তার আবেদনের ব্যাপারে সুপারিন্টেন্ডেন্টকে জানানোর জন্য বহিষ্কারের তারিখ থেকে দশ দিন সময় পাবে। শিক্ষার্থীর সুপারিন্টেন্ডেন্টের সামনে শুনানিতে এসে নিজের মতামত জানানোর অধিকার আছে। শিক্ষার্থী এই বিভাগের কোনো বিধান লঙ্ঘন করেছে কিনা শুধু সেটির বাস্তবিক নির্ধারণের মধ্যেই আবেদনের বিষয়বস্তু সীমিত থাকবে না।

(e) যখন কোনো শিক্ষার্থীকে এই বিভাগের বিধানের অধীনে বহিষ্কার করা হবে, তখন কমনওয়েলথের মধ্যে থাকা কোনো স্কুল বা স্কুল ডিস্ট্রিক্ট এইরকম শিক্ষার্থীকে ভর্তি নেবে না বা উল্লিখিত শিক্ষার্থীকে শিক্ষামূলক পরিষেবা প্রদান করবে না। যদি উল্লিখিত শিক্ষার্থী অন্য কোনো স্কুলে বা ডিস্ট্রিক্টে ভর্তির আবেদন করে থাকে, তাহলে যে স্কুল ডিস্ট্রিক্টে আবেদন করা হয়েছে সেই ডিস্ট্রিক্টের সুপারিন্টেন্ডেন্ট বহিষ্কার করা স্কুলের সুপারিন্টেন্ডেন্টের কাছে অনুরোধ করে উল্লিখিত বহিষ্কারের কারণ সম্পর্কে একটি লিখিত বিবৃতি চাইতে ও পেতে পারেন।

## 20. মাদক নীতি

যদি কোনো শিক্ষার্থীকে স্কুল প্রাঙ্গণে, স্কুলের বাসে, স্কুল-স্পনসর করা অনুষ্ঠানে, বা খেলাধূলোসহ স্কুল-সংক্রান্ত অনুষ্ঠানে অধ্যায় 94C-তে বর্ণিত অনুসারে কোনো নিয়ন্ত্রক পদার্থ রাখতে দেখা যায় তাহলে সে মাদক নীতিটি লঙ্ঘন করবে, এই পদার্থগুলির মধ্যে মারিজুয়ানা, কোকেইন, বা হেরোইন অন্তর্ভুক্ত থাকলেও সেগুলি ছাড়া অন্য কিছুও হতে পারে। এইরকম ক্ষেত্রে, শিক্ষার্থীকে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান কর্তৃক বহিষ্কার করা হতে পারে।

## 21. অস্ত্র নীতি

কোনো শিক্ষার্থী অস্ত্র নীতির লঙ্ঘন করছে তবেই বলা হবে যদি: শিক্ষার্থীটি স্কুলে কোনো অস্ত্র আনে; স্কুলের মাঠে বা স্কুলের কোনো কার্যকলাপে অস্ত্র ব্যবহার করে; বা তাদের পকেটে বা লকেটে, বা স্কুলে থাকার সময়, স্কুলের বাসে বা স্কুল-পরবর্তী কোনো কার্যকলাপে কোনো অস্ত্র রাখে।

আইনত বিপজ্জনক অস্ত্রশস্ত্রের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে এমন কোনো কিছু যা এমনভাবে বহন ও ব্যবহার করা হয় যাতে অন্য ব্যক্তিকে ক্ষতি করার ভয় দেখানো যায় বা ক্ষতি করা যায়। এইরকম অস্ত্রের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- BB বন্দুক ও এয়ার রাইফেলসহ যে কোনো ধরনের আগ্নেয়াস্ত্র;
- এমন কোনো ছুরি যার দুমুখো ব্লেড, স্যুইচ ব্লেড রয়েছে বা এমন কোনো ছুরি যার মধ্যে স্বয়ংক্রিয় স্প্রিং ডিভাইস রয়েছে যার দ্বারা ব্লেডটি হাতল থেকে ছিটকে বেরিয়ে আসে; কোনো ছোট ছুরি বা ছোরা;
- ধাতব গাঁট, নানচাকু, শুরিকেন বা অনুরূপ কোনো ছুঁচোলো ফলাবিশিষ্ট বস্তু যা কোনো ব্যক্তিকে জখম করার উদ্দেশ্যে ছুঁড়ে মারা হয়;
- ব্ল্যাক জ্যাক এবং ব্লো গান;
- আর্ম ব্যান্ড বা এমন পোশাকপরিচ্ছদ যা চামড়ার তৈরি এবং যাতে ধাতব কাঁটা, সূঁচোলো অংশ, বা বোতামজাতীয় জিনিস আছে এবং অনুরূপ পদার্থ থেকে তৈরি এইরকমই কোনো ডিভাইস;
- লাঠি, কাঁদানে গ্যাস, বা অন্য এমন কোনো পদার্থ যা অন্য কোনো ব্যক্তিকে অক্ষম করে দিতে ব্যবহার করা যায়;
- বাজি বা কোনো ধরনের বিস্ফোরক; এবং
- ম্যাসাচুসেটস জেনারেল আইনের 269, বিভাগ 10-এ বর্ণিত অনুসারে এইরকম অন্যান্য সব অস্ত্রশস্ত্র।

এমন কিছু অন্যান্য জিনিসও রয়েছে যা ম্যাসাচুসেটস জেনারেল আইন 269, বিভাগ 10-এ সংজ্ঞায়িত নেই, কিন্তু সেই জিনিসগুলি স্কুল প্রাঙ্গণে, স্কুলের বাসে, স্কুল-স্পনসর করা অনুষ্ঠানে, বা খেলাধূলোসহ স্কুল-সংক্রান্ত অনুষ্ঠানে অনুমোদিত নয়। এই নিষিদ্ধ জিনিসগুলির ব্যবহার করা হলে ফলস্বরূপ স্কুল থেকে স্থগিত ও বহিষ্কার করা হবে। এগুলির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- যে কোনো ধরনের, দৈর্ঘ্যের বা মাপের ছুরি,সাথে চাবির গোছার সাথে লাগানো ছুরি এবং কিছু খোদাই করার ছুরি;
- যে কোনো মাপের ব্লেড,
- ক্ষুর, বক্স কাটার; এবং
- চেন, চাবুক বা অন্য কোনো ধরনের ধাতব বস্তু যার শিক্ষাগত ক্ষেত্রে কোনো দরকার নেই।

এমনও কিছু সাধারণ জিনিস রয়েছে যা বিপজ্জনকভাবে ব্যবহার করলে স্কুল থেকে স্থগিত ও বহিষ্কার করা হতে পারে। এইরকম জিনিসের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- পেনসিল, কাঁচি, ছুঁচ ও পিন, পেরেক, ছুতোরের সরঞ্জাম ইত্যাদি।
- যুক্তিগ্রাহ্য নয় অথচ বিপজ্জনক ক্রীড়াকৌশলে নিয়োজিত হওয়া বা নিয়োজিত হওয়ার চেষ্টা করা যা থেকে অন্য কারোর স্বাস্থ্য বা সুরক্ষা বিপন্ন হয়, যেমন হেলমেট বা অন্য কোনো খেলাধূলোর সরঞ্জামকে অস্ত্র হিসাবে ব্যবহার করা।

***বিঃদ্রঃ: ছুরি বা বন্দুকসহ কোনো ধরনের নকল বা খেলনা অস্ত্রও স্কুল প্রাঙ্গণে, স্কুলের বাসে, স্কুল-স্পনসর করা অনুষ্ঠানে, বা খেলাধূলোসহ স্কুল-সংক্রান্ত অনুষ্ঠানে অনুমোদিত হবে না। এইরকম জিনিস পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করা হবে এবং তা থেকে স্থগিতাদেশ ও বহিষ্কার পর্যন্ত গড়াতে পারে যদি হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান বা সহকারী অধ্যক্ষ দেখেন যে তারা এই নীতি লঙ্ঘন করছিল।***

## 22. কর্মীদেরকে আক্রমণ

যদি কোনো শিক্ষার্থী স্কুল প্রাঙ্গণে, স্কুলের বাসে, স্কুল-স্পনসর করা অনুষ্ঠানে, বা খেলাধূলোসহ স্কুল-সংক্রান্ত অনুষ্ঠানে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান, সহকারী অধ্যক্ষ, শিক্ষক, শিক্ষকের সহকারী বা অন্য কোনো স্কুলকর্মীকে আক্রমণ করে, তাহলে হাই স্কুলের প্রধান/অধ্যক্ষ কর্তৃক তাকে স্কুল থেকে বহিষ্কার করা হবে। কোনো কাজকে আক্রমণ বলে গণ্য করা হবে যদি শিক্ষার্থী:

- ইচ্ছাপূর্বক, জ্ঞাতসারে, বা বেপরোয়াভাবে অন্য কাউকে শারীরিকভাবে আহত করে;
- ইচ্ছাপূর্বক বা জ্ঞাতসারে অন্য কাউকে আসন্ন শারীরিক চোটআঘাতের হুমকি দেখানো; বা
- ইচ্ছাপূর্বক বা জ্ঞাতসারে এমন কোনো পরিস্থিতিতে কারোর বিরুদ্ধে শারীরিক বল প্রয়োগ করা যাতে আসন্ন বিপদের শঙ্কা প্রবলভাবে তৈরি করা যায়, সাথে প্রচেষ্টাটি রোধ না করা হলে কাজটি ঘটিয়ে ফেলারও আপাত ভয় থাকে।

## 23. গুরুতর অপরাধে অভিযুক্ত শিক্ষার্থী

যদি কোনো শিক্ষার্থী গুরুতর অপরাধে অভিযুক্ত হয় এবং তাদের স্কুলে ধারাবাহিক উপস্থিতি বজায় থাকার জন্য স্কুলের সাধারণ মঙ্গলের উপর গুরুতর হানিকর প্রভাব পড়ে, তাহলে আদালতে বিষয়টির বিচার না হওয়া পর্যন্ত শিক্ষার্থীটিকে স্থগিত রাখা হতে পারে। অভিযুক্ত প্রমাণিত হলে, যদি মনে হয় যে স্কুলে শিক্ষার্থীর উপস্থিতি স্কুলের সাধারণ মঙ্গলের পক্ষে গুরুতর ক্ষতিকারক প্রভাব ডেকে আনবে তাহলে শিক্ষার্থীকে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান কর্তৃক স্কুল থেকে বহিষ্কার করা হতে পারে।

উভয় ক্ষেত্রেই, শাস্তিদানের পূর্বে শিক্ষার্থীকে এবং বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে অভিযোগের ধারাগুলি এবং শাস্তির কারণগুলি সম্পর্কে লিখিতভাবে জানানো হবে এবং শুনানির সুযোগও দেওয়া হবে। যদি শাস্তিদান করা হয়, তাহলে শিক্ষার্থীকে সেই শাস্তির বিষয়ে আবেদন করার অধিকার ও প্রক্রিয়া সম্পর্কে লিখিত বিজ্ঞপ্তি দেওয়া হবে; যাইহোক, সুপারিন্টেন্ডেন্ট বা মনোনীত ব্যক্তির পক্ষ থেকে শুনানি না হওয়া পর্যন্ত শাস্তিটি কার্যকর থাকবে।

## 24. শারীরিক অত্যাচার

শারীরিক অত্যাচার মানে হল কোনো শিক্ষার্থীর শ্রেণী বা গোষ্ঠীর পক্ষ সরকারী বা বেসরকারী সম্পত্তিতে থেকে এমন কোনো আচরণ বা পদ্ধতি শুরু করা, যা কোনো শিক্ষার্থী বা কোনো ব্যক্তির শারীরিক বা মানসিক স্বাস্থ্যকে ইচ্ছাপূর্বক অথবা বেপরোয়াভাবে বিপন্ন করে তোলে। হাই স্কুলের সব শিক্ষার্থীদেরকে ম্যাসাচুসেটস ডিপার্টমেন্ট অফ এলিমেন্টারি অ্যান্ড সেকেন্ডারি এডুকেশনের পক্ষ থেকে শারীরিক অত্যাচার সম্পর্কিত একটি বয়ানে স্বাক্ষর করতে হবে।

শারীরিক অত্যাচার স্কুল নীতির একটি লঙ্ঘন। শারীরিক অত্যাচারে নিযুক্ত শিক্ষার্থীদেরকে স্থগিতাদেশ দেওয়া হবে। অপরাধমূলক অভিযোগ দায়ের করা হবে। এই বিষয় সম্পর্কিত তথ্য স্কুল খোলার সময়েই সব শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হয়। ম্যাসাচুসেটস জেনারেল আইন অধ্যায় *269,* বিভাগ *17*

### শারীরিক অত্যাচারের অপরাধ; সংজ্ঞা; শাস্তি

শারীরিক অত্যাচারের মুখ্য সংগঠক বা অংশগ্রহণকারী যেই হোক না কেন, এখানে সংজ্ঞায়িত অনুসারে, তাকে তিন হাজার ডলার পর্যন্ত জরিমানা দিতে হতে পারে অথবা এক বছর পর্যন্ত

সংশোধনাগারে বন্দী রাখা হতে পারে, বা বন্দীত্ব ও জরিমানা দুইই হতে পারে।

এই বিভাগে এবং আঠারো ও উনিশ নম্বর বিভাগে বর্ণিত অনুসারে শারীরিক অত্যাচার কথাটির সংজ্ঞা হল কোনো শিক্ষার্থী সংগঠনের পক্ষ সরকারী বা বেসরকারী সম্পত্তিতে থেকে এমন কোনো আচরণ বা পদ্ধতি শুরু করা, যা কোনো শিক্ষার্থী বা কোনো ব্যক্তির শারীরিক বা মানসিক স্বাস্থ্যকে ইচ্ছাপূর্বক অথবা বেপরোয়াভাবে বিপন্ন করে তোলে। এইরকম আচরণের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে চাবুক মারা, মারা, ছেঁকা দেওয়া, কোন কঠিন কসরত্ করতে বাধ্য করা, রুক্ষ আবহাওয়ায় বের করে দেওয়া, যে কোনো খাবার পানীয়, মাদক বা অন্য কোনো পদার্থ খেতে বা পান করতে বাধ্য করা, বা অন্য কোনো বর্বর আচরণ বা বলপূর্বক শারীরিক কার্যকলাপ যা থেকে কোনো শিক্ষার্থী বা কোনো ব্যক্তির শারীরিক স্বাস্থ্য বা সুরক্ষা বিঘ্নিত হতে পারে, যা এইরকম শিক্ষার্থী বা ব্যক্তিকে অত্যন্ত মানসিক চাপের মধ্যে ফেলতে পারে, যার মধ্যে দীর্ঘদিন অনিদ্রা বা বিশ্রামহানি বা নিজেকে বিচ্ছিন্ন করে নেওয়ার মত ঘটনাও অন্তর্ভুক্ত রয়েছে।

এই বিভাগের বিধানগুলির বিপরীতে না গিয়ে, এই পদক্ষেপের অধীনে স্বপ্রতিরোধে কোনো মামলা মোকদ্দমা করার সম্মতি পাওয়া যাবে না।

*St. 1985, c. 536*-র দ্বারা যোগ করা হয়েছে; *St. 1987, c. 665*-র দ্বারা সংশোধিত হয়েছে ম্যাসাচুসেটস জেনারেল আইন অধ্যায় *269,*
বিভাগ *18*

## শারীরিক অত্যাচার প্রতিবেদন করার কর্তব্য

যে ব্যক্তি জানবেন যে অন্য কোনো ব্যক্তি বিভাগ সতেরোর অধীনে বর্ণিত শারীরিক অত্যাচারের শিকার এবং যদি সেই ব্যক্তি ঘটনার অকুস্থলে এমনভাবে উপস্থিত থাকেন যাতে নিজের বা অন্যদের বিপদ বা ক্ষতি না করে ঘটনাটির কথা জানাতে পারেন, তাহলে এইরকম অপরাধের কথা যত শীঘ্র সম্ভব আইন বলবত্কারী আধিকারিকদের কাছে জানান। যে ব্যক্তি এইরকম অপরাধের কথা জানাতে ব্যর্থ হবেন তাঁর এক হাজার ডলার পর্যন্ত জরিমানা হবে।

*St. 1985, c. 536*-র দ্বারা যোগ করা হয়েছে; *St. 1987, c. 665*-র দ্বারা সংশোধিত হয়েছে ম্যাসাচুসেটস জেনারেল আইন অধ্যায় *269,*
বিভাগ *19*

## শিক্ষার্থী গোষ্ঠীগুলিকে যে বিধিবদ্ধ সতর্কতা দিতে হবে; সঙ্গতিসাধনের বয়ান এবং শৃঙ্খলা নীতি আবশ্যিক

মাধ্যমিক শিক্ষার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান এবং মাধ্যমিক-পরবর্তী প্রতিটি সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে তাদের প্রতিষ্ঠানের অংশ বা তাদের দ্বারা চিহ্নিত বা তাদের দ্বারা অনুমোদিত প্রত্যেক শিক্ষার্থী গোষ্ঠী, শিক্ষার্থী দল বা শিক্ষার্থী সংগঠন যে সংগঠন বা গোষ্ঠী বা দলগুলি তাদের নাম বা সুবিধা ব্যবহার করতে অনুমোদিত অথবা অননুমোদিত অথচ শিক্ষা প্রতিষ্ঠানটির পরিচিত শিক্ষার্থী গোষ্ঠী, শিক্ষার্থী দল বা শিক্ষার্থী সংগঠনকে এই বিভাগ সতেরো ও আঠারোর একটি নকল জারী করতে হবে; তবে তা এই শর্তে যে, কোনো প্রতিষ্ঠানের তরফ থেকে এই বিভাগটির আবশ্যিকতার সাথে সঙ্গতিসাধন করার জন্য প্রতিষ্ঠানটি যদি অননুমোদিত শিক্ষার্থী গোষ্ঠী, শিক্ষার্থী দল বা শিক্ষার্থী সংগঠনকে এই বিভাগ সতেরো ও আঠারোর একটি নকল দেয় তবে তা উক্ত অননুমোদিত শিক্ষার্থী গোষ্ঠী, শিক্ষার্থী দল বা শিক্ষার্থী সংগঠনের পৃষ্ঠপোষণ বা স্বীকৃতিদান করার প্রমাণ হিসাবে গণ্য হবে না।

এরকম প্রতিটি গোষ্ঠী, দল বা সংগঠনকে তাদের প্রত্যেক সদস্য, নব্য সদস্য ও দায়বদ্ধ সদস্য ও সদস্যের জন্য আবেদনকারীদেরকে এই বিভাগের ও বিভাগ সতেরো ও আঠারোর একটি প্রতিলিপি বিতরণ করতে হবে। এটি এইরকম প্রত্যেক গোষ্ঠী, দল বা সংগঠনের কর্তব্য হবে যে তাদের মনোনীত আধিকারিকের মাধ্যমে কাজ করে তাদেরকে প্রতিষ্ঠানের কাছে বার্ষিকভাবে একটি প্রত্যয়ক স্বীকৃতিজ্ঞাপন জমা দিতে হবে যাতে লেখা থাকবে যে এইরকম প্রতিটি গোষ্ঠী, দল বা সংগঠন এই বিভাগ ও বিভাগ সতেরো ও আঠারোর একটি নকল পেয়েছে, এবং এদের প্রত্যেক সদস্য, নব্য সদস্য, অঙ্গীকারবদ্ধ সদস্য বা সদস্যতার জন্য আবেদনকারী এই বিভাগ ও বিভাগ সতেরো ও আঠারোর একটি প্রতিলিপি পেয়েছে, এবং প্রত্যেক এইরকম গোষ্ঠী, দল বা সংগঠন এই বিভাগ ও বিভাগ সতেরো ও আঠারোর বিধানগুলি বুঝেছে ও তা মেনে চলতে সম্মত হচ্ছে।

মাধ্যমিক শিক্ষার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান এবং মাধ্যমিক-পরবর্তী প্রতিটি সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান, অন্ততঃ বার্ষিকভাবে, নথিভুক্তিকরণের আগে বা নথিভুক্তিকরণ শুরু হওয়া আগে, এইকম প্রতিষ্ঠানে পূর্ণ সময়ের শিক্ষার্থী হিসাবে ভর্তি হওয়া প্রত্যেক শিক্ষার্থীকে এই বিভাগের

ও বিভাগ সতেরো ও আঠারোর একটি প্রতিলিপি দেবে।

মাধ্যমিক শিক্ষার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান এবং মাধ্যমিক-পরবর্তী প্রতিটি সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান অন্ততঃ বার্ষিকভাবে, উচ্চ শিক্ষা পর্ষদের কাছে একটি প্রতিবেদন দাখিল করবে, এবং মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানের ক্ষেত্রে, শিক্ষা পর্ষদ প্রত্যয়ন করবে যে এইরকম প্রতিষ্ঠানগুলি এই বিভাগ ও বিভাগ সতেরো ও আঠারোর ব্যাপারে শিক্ষার্থী গোষ্ঠী, দল বা সংগঠনগুলিকে অবগত করার দায়িত্ব পূরণ করেছে এবং ভর্তি হওয়া প্রত্যেক পূর্ণ সময়ের শিক্ষার্থীকে সেটির ব্যাপারে জানিয়েছে, এবং তার সাথেও এটি প্রত্যয়িত করবে যে উল্লিখিত প্রতিষ্ঠানটি শারীরিক অত্যাচারের সংগঠক ও অংশগ্রহণকারীদের একটি শাস্তিমূলক নীতি অবলম্বন করেছে, এবং সেই নীতিটি শিক্ষার্থীদের পুস্তিকায় বা প্রতিষ্ঠানটির তরফে শিক্ষার্থীদের সাথে যোগাযোগ করার মাধ্যম মারফত্ যথাযথভাবে জোর দিয়ে বর্ণিত করা হয়েছে। উচ্চ শিক্ষা পর্ষদ, এবং মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে শিক্ষা পর্ষদ এই জাতীয় প্রতিবেদনের বিষয়বস্তু এবং পৌনঃপুনিকতা নিয়ন্ত্রণকারী বিধিগুলি প্রচার করবে এবং তত্ক্ষণাত এই জাতীয় প্রতিবেদন তৈরি করতে ব্যর্থ যে কোনও প্রতিষ্ঠানের ব্যাপারে অ্যাটর্নি জেনারেলকে জানাবে।

*St. 1985, c. 536*-তে যোগ করা হয়েছে*; St. 1987, c. 665*-র দ্বারা সংশোধিত হয়েছে*; St. 1998, c. 161, ss. 557, 558*

## 25. ভাঙচুর

কেউ স্কুলের কোনো সম্পত্তিতে অনধিকার প্রবেশ করবে না, নষ্ট করবে না, বিকৃত করবে না বা ক্ষতিগ্রস্ত করবে না। সব শিক্ষার্থী ও কর্মীদেরকে স্কুল ভবনকে যত্ন ও মর্যাদার সাথে দেখতে অনুরোধ করা হচ্ছে। যদি বাচ্চারা ভবনের কোনো ক্ষতি করে থাকে তাহলে তার টাকা মেটানোর জন্য বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীরা দায়ী হবেন। স্কুল বিভাগ বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদেরকে আদালতে নিয়ে যাবে। স্কুল ভবনের বা এর কোনো জিনিসপত্রের ক্ষতি করার খবর পাওয়া ব্যক্তিদেরকে সুরক্ষা ও নিরাপত্তা অফিসে জানাতে হবে। স্কুল ভবনে বা তার চারপাশে ভুলভাল কিছু লেখা বা স্প্রে করা-দেওয়াল চিত্র আঁকা, ডেস্কে খোদাই করা, কোনো বই নিয়ে নষ্ট করা, জানলা ভাঙ্গা, সরঞ্জাম নষ্ট করা, বা উপকরণ ক্ষতিগ্রস্ত করা এসবই স্কুল কম্যুনিটির পক্ষ থেকে পরিষ্কার পরিচ্ছন্ন পরিবেশ বজায় রাখার অধিকার লঙ্ঘন করার নিদর্শন। যেসব শিক্ষার্থীরা ভাঙচুর করেছে তাদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদের দায়ী করা হবে।

## 26. লড়াই করা/শারীরিক আক্রমণ

যেসব ব্যক্তি লড়াইয়ে অংশগ্রহণ করবে বা অন্য কোনোভাবে লড়াইয়ে প্ররোচনা দেবে তাদের বিরুদ্ধে গুরুতর, অব্যবহিত শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। এইরকম কোনো সংহতিনাশক আচরণ সহ্য করা হবে না। নিয়োজনের শ্রেণীবিভাগ, অপরাধের সংখ্যা এবং/অথবা আক্রমণের গুরুত্বের উপর নির্ভর করে এইরকম আচরণের শাস্তি হিসাবে একদিন থেকে দশদিনের স্থগিতাদেশ জারী করা হতে পারে। মনে রাখতে হবে যে কোনো ব্যক্তির উপরে আক্রমণ হানা বা অনাকাঙ্খিত স্পর্শ অপরাধ হিসাবে গণ্য হয় এবং শারীরিক সব আক্রমণের ক্ষেত্রে পুলিশকে খবর দেওয়া হয়, এবং বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদেরকে মিডলসেক্স কাউন্টি কোর্টে অপরাধমূলক অভিযোগ দায়ের করার অধিকার সম্পর্কে অবগত করা হয়। পরিস্থিতিটির উপর নির্ভর করে, CPS হয়তো তার নিজস্ব বিবেচনায় কোনো আক্রমণ এবং/অথবা আক্রমণ ও অনাকাঙ্খিত স্পর্শের ঘটনায় ফৌজদারি অভিযোগ দায়ের করতে পারে। শিক্ষার্থীরা জানে যে কখন তারা লড়াইয়ে জড়াতে চলেছে, তাই সেটিকে শান্তিপূর্ণভাবে মিটিয়ে নেওয়ার জন্য প্রয়োজন হলে সহায়তা চাওয়াটা প্রত্যাশিত। কোনো স্কুল আধিকারিককে ঘটনাটির কথা জানিয়ে লড়াই এড়ানোটা কোনো শিক্ষার্থীর দায়িত্বের মধ্যে পড়ে। ঝামেলার সমাধানে সাহায্য করার জন্য শিক্ষার্থী/কেন্দ্রের মধ্যস্থতাকারীরা সুরক্ষা ও নিরাপত্তা অফিসে উপলভ্য থাকবেন।

যেসব শিক্ষার্থী লড়াই বা শারীরিক আক্রমণে নিয়োজিত হচ্ছে তাদেরকে শাস্তি দেওয়ার জন্য নিম্নলিখিত নির্দেশিকাগুলি ব্যবহার করা যেতে পারে।

### শ্রেণী 1 – প্ররোচনা দেওয়া/উত্তেজিক করা/কুকর্মে উত্সাহ দান করা:

এমন কোনো শিক্ষার্থী যাকে উত্তেজনার স্থান বা লড়াই ছাড়তে বলা হয়েছে এবং যে সেটি করতে অস্বীকার করেছে সে এই শ্রেণীতে পড়ে।

> প্রথমবার অপরাধ-তিন থেকে পাঁচদিন পর্যন্ত স্কুলের বাইরে থাকার স্থগিতাদেশ। বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর সাথে বৈঠক।

দ্বিতীয় অপরাধ-তিন থেকে পাঁচদিন স্কুলের বাইরে থাকার স্থগিতাদেশ। বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর সাথে বৈঠক।

তৃতীয় অপরাধ-পাঁচ থেকে দশদিন পর্যন্ত স্কুলের বাইরে থাকার স্থগিতাদেশ। বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর সাথে বৈঠক। হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের অফিসে স্কুল থেকে বহিষ্কারের শুনানি।

**শ্রেণী 2 – কোনো ব্যক্তির উপরে আক্রমণ হানা এবং অনাকাঙ্খিত স্পর্শ:**

কোনো ব্যক্তির উপরে আক্রমণ হানা এবং/অথবা কোনো ব্যক্তিকে আক্রমণ করা ও অনাকাঙ্খিত স্পর্শ করা অপরাধ। পুলিশকে খবর দেওয়া হবে এবং আক্রান্ত ব্যক্তিকে ফৌজদারি অপরাধের শিকার হিসাবে তাদের অধিকার সম্পর্কে উপদেশ দেওয়া হবে। CPS অপরাধকারীর বিরুদ্ধে ফৌজদারি অপরাধের অভিযোগ দায়ের করতে পারে।

প্রথমবার অপরাধ-তিন থেকে পাঁচদিন পর্যন্ত স্কুলের বাইরে থাকার স্থগিতাদেশ। বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর সাথে বৈঠক।

দ্বিতীয় অপরাধ-পাঁচ থেকে দশদিন পর্যন্ত স্কুলের বাইরে থাকার স্থগিতাদেশ। হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের অফিসে স্কুল থেকে বহিষ্কারের শুনানি।

**শ্রেণী 3 – লড়াই/পারস্পরিকআক্রমণ হানা এবং অনাকাঙ্খিত স্পর্শ:**

প্রথমবার অপরাধ-তিন থেকে পাঁচদিন পর্যন্ত স্কুলের বাইরে থাকার স্থগিতাদেশ। বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর সাথে বৈঠক। স্কুলে ফিরে আসার পর মধ্যস্থতা করার ব্যবস্থা রয়েছে এবং সেটি করতেই উত্সাহিত করা হচ্ছে।

দ্বিতীয় অপরাধ-তিন থেকে পাঁচদিন স্কুলের বাইরে থাকার স্থগিতাদেশ। বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর সাথে বৈঠক। স্কুলে ফিরে আসার পর মধ্যস্থতা করার ব্যবস্থা রয়েছে এবং সেটি করতেই উত্সাহিত করা হচ্ছে।

তৃতীয়বার অপরাধ-পাঁচদিন থেকে দশদিন পর্যন্ত স্কুলের বাইরে থাকার স্থগিতাদেশ। হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের অফিসে স্কুল থেকে বহিষ্কারের শুনানি।

**শ্রেণী 4 – শ্রেণীকক্ষে, কাফেটেরিয়ায়, সভাগৃহে, বারান্দায়, সময় কাটানোর সময় বা স্কুলে নাচ করার সময় ইত্যাদিতে লড়াই/পারস্পরিক আক্রমণ এবং অনাকাঙ্খিত স্পর্শ।**বিকৃতি (শারীরিক বা মৌখিক), আমাদের স্কুলের পরিবেশের মধ্যে এমন বিশেষ অস্থিতিশীলতা তৈরি করে যা বিশেষ করে অনেক লোকজনের উপস্থিতিতে আরও খারাপ রূপ ধারণ করতে পারে। এই অত্যন্ত সংহতিনাশক ও ক্ষতিকর আচরণের জন্য কঠোর শাস্তিমূলক পদক্ষেপ নেওয়া অবশ্যম্ভাবী হয়ে পড়ে। উদাহরণের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে: কাফেটেরিয়ায় মধ্যাহ্নভোজ, ক্লাস শেষ হওয়ার পরে বাইরে কোথাও, বা স্কুলভবনে ঢোকার সময়, নাচ করার সময়, খেলাধূলো অনুষ্ঠানে বা স্কুলের যে কোনো জমায়েতে বা সংশ্লিষ্ট অনুষ্ঠানে।

প্রথমবার অপরাধ- তিন দিন পর্যন্ত স্কুলের বাইরে থাকার স্থগিতাদেশ। বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর সাথে বৈঠক। স্কুলে ফিরে আসার পর মধ্যস্থতা করার ব্যবস্থা রয়েছে এবং সেটি করতেই উত্সাহিত করা হচ্ছে।

দ্বিতীয় অপরাধ-তিন থেকে পাঁচদিন স্কুলের বাইরে থাকার স্থগিতাদেশ। বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর সাথে বৈঠক। স্কুলে ফিরে আসার পর মধ্যস্থতা করার ব্যবস্থা রয়েছে এবং সেটি করতেই উত্সাহিত করা হচ্ছে।

তৃতীয় অপরাধ-পাঁচ থেকে দশদিন পর্যন্ত স্কুলের বাইরে থাকার স্থগিতাদেশ। হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের অফিসে বহিষ্কারের শুনানি।

## 27. হয়রানি রোধকারী নীতি এবং উত্পীড়ন প্রতিরোধ ও হস্তক্ষেপের পরিকল্পনা

CPS সব শিক্ষার্থীদের জন্যই নিরাপদ, যত্নশীল, সম্মানজনক শিক্ষা পরিবেশ গড়ে তুলতে বদ্ধপরিকর এবং যে কোনো ব্যক্তির দ্বারা এদের যে কোনো শিক্ষার্থীর হয়রানি রুখতে ও হয়রানির কথা জানানো বা হয়রানি সম্পর্কে বিশ্বাসযোগ্য তথ্য থাকা ব্যক্তি বা হয়রানির সাক্ষী থাকা ব্যক্তির বিরুদ্ধে হয়রানির তদন্ত চলাকালীন
প্রতিহিংসা চরিতার্থ করা রুখতে কঠোর নিষেধাজ্ঞা জারী করে। সাইট-নির্ভর উদ্যোগগুলি স্কুল প্রশাসন ও কর্মচারী, শিক্ষার্থী, পরিবার এবং কম্যুনিটির

সদস্যদের সাথে সহযোগিতা করে কাজ করে নিম্নলিখিত বিষয়গুলি অর্জন করতে চাইবে: (1) সব বয়সী শিক্ষার্থীদেরকে নিরাপদে থাকার, বিচক্ষণভাবে কাজ করার এবং নিজেদের উপর বিশ্বাস রাখতে সাহায্য করা: এবং (2) শিক্ষার্থীদের প্রতিবেদন এবং তাদের নিজস্ব পর্যবেক্ষণে প্রাপ্তবয়স্কদের কার্যকরভাবে সাড়া দিতে সাহায্য করা।

উত্পীড়ন বলতে বোঝায় এক বা একাধিক শিক্ষার্থী বা শিক্ষক, প্রশাসক, স্কুল নার্স, কাফেটেরিয়া কর্মচারী, হেফাজতকারী, বাস ড্রাইভার, ক্রীড়া প্রশিক্ষক, কোনো পাঠক্রমবহির্ভূত কার্যকলাপের উপদেষ্টা বা আধাপেশাদারসহ স্কুল কর্মীর কোনো সদস্য কর্তৃক এমনভাবে কোনো শিকার/আক্রান্ত ব্যক্তির উদ্দেশ্যে মৌখিক, লিখিত বা বৈদ্যুতিন মাধ্যমে ভাবপ্রকাশ করা হয় বা শারীরিক আচরণ বা অঙ্গভঙ্গী বা এগুলির সবকটির মিশ্রণ করা হয় যাতে: (i) আক্রান্ত ব্যক্তির শারীরিক বা মানসিক ক্ষতি হয় অথবা শিকার/আক্রান্ত ব্যক্তির সম্পত্তির ক্ষতি হয়.; (ii) শিকার/আক্রান্ত ব্যক্তিকে নিজেদের বা সম্পত্তি ক্ষতির যুক্তিগ্রাহ্য শঙ্কায় ফেলা হয়; (iii) শিকার/আক্রান্ত ব্যক্তির পক্ষে স্কুলে শত্রুতাপূর্ণ পরিবেশ তৈরি করে তোলে; (iv) স্কুলে শিকার/আক্রান্ত ব্যক্তির অধিকার লঙ্ঘন করে; অথবা (v) বস্তুগতভাবে এবং গুরুতরভাবে শিক্ষার প্রক্রিয়া বা স্কুলের শৃঙ্খলিতভাবে চালানোর প্রক্রিয়া নষ্ট করে। এই নীতির উদ্দেশ্যে, উত্পীড়নের মধ্যে সাইবার উত্পীড়নও অন্তর্ভুক্ত থাকবে।

স্টেট আইনের সাথে সামঞ্জস্য রেখে, কেমব্রিজ পাবলিক স্কুলগুলি শনাক্ত করেছে যে কিছু শিক্ষার্থী হয়তো উত্পীড়ন বা হয়রানির শিকার হওয়ার ক্ষেত্রে বেশি ঝুঁকিগ্রস্ত, কারণ তাদের জাতি, বর্ণ, গায়ের রঙ, দেশীয় উত্স, বংশ, ধর্ম, বয়স, অক্ষমতা, জিনগত তথ্য, অভিজ্ঞতার স্থিতি, বৈবাহিক স্থিতি, লিঙ্গ, যৌনতা, যৌন পরিচয় বা ভাবপ্রকাশ, যৌন স্থিতি, গর্ভাবস্থা বা গর্ভাবস্থা সংক্রান্ত পরিস্থিতি, আর্থসামাজিক স্থিতি, গৃহহীনতা, শিক্ষাগত স্থিতি, শারীরিক চেহারা বা অভিভাবকত্বের স্থিতি বা উল্লিখিত এক (1) বা একাধিক বৈশিষ্ট্য থাকা কোনো ব্যক্তির সাথে মেলামেশার ফলে সেই উত্পীড়নের পরিস্থিতি বেশি করে সৃষ্টি হচ্ছে।

<u>সাইবারগুন্ডামি বা সাইবার উত্পীড়নের</u> সংজ্ঞা হল এটি এমন একরকমের উত্পীড়ন যা প্রযুক্তি বা কোনো বৈদ্যুতিন আদানপ্রদান ব্যবস্থা ব্যবহার করে করা হয়, যার মধ্যে কোনো তার, রেডিও, ইলেকট্রোম্যাগনেটিক, ফটো ইলেকট্রনিক, বা বৈদ্যুতিন মেল, ইন্টারনেট যোগাযোগ, ইনস্ট্যান্ট মেসেজ বা অনুরূপ আদান প্রদানসহ ফটো অপটিক্যাল সিস্টেমের মাধ্যমে কোনো চিহ্ন, সিগন্যাল, লেখা, ছবি, শব্দ, ডেটা বা কোনো রকমের তথ্য স্থানান্তরিত করা অন্তর্ভুক্ত থাকলেও তার মধ্যেই সীমিত নাও থাকতে পারে। সাইবার উত্পীড়নের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে (i) ওয়েব পেজ বা ব্লগ তৈরি যাতে সেটির সৃষ্টিকারী অন্য কোনো ব্যক্তির পরিচয় ধারণ করেন অথবা (ii) পোস্ট করা বিষয় বা বার্তা লেখক হিসাবে নিজেকে অন্য কোনো ব্যক্তির পরিচয়ে চালিয়ে দেওয়া, যদি সেই সৃষ্ট জিনিস বা ভুয়ো নাম নেওয়া বিষয়টি উত্পীড়নের সংজ্ঞা (i) থেকে (v) পর্যন্ত দফায় বর্ণিত যে কোনো শর্ত তৈরি করে। সাইবারগুন্ডামির মধ্যে বৈদ্যুতিন মাধ্যমে কোনো আদানপ্রদান একাধিক ব্যক্তির কাছে ছড়িয়ে দেওয়া বা এক বা একাধিক ব্যক্তি লাভ করতে পারেন এমন কোনো বৈদ্যুতিন মাধ্যমে কোনো উপকরণ পোস্ট করা, যদি বিতরণ বা পোস্টিং উত্পীড়নের সংজ্ঞায় থাকা দফাগুলির (i) থেকে (v)-এর যে কোনো পরিস্থিতি তৈরি করে।

<u>আক্রমণকারী</u> বা অপরাধকারী বলতে কোনো শিক্ষার্থী স্কুল কর্মীদের কোনো সদস্যকে বোঝানো হয়, যার মধ্যে শিক্ষক, প্রশাসক, স্কুল সেবিকা, কাফেটেরিয়া, হেফাজতকারী, বাস ড্রাইভার, ক্রীড়া প্রশিক্ষণ, পাঠক্রমবহির্ভূত বিষয়ের উপদেষ্টা বা আধাপেশাদার, স্কুল স্বেচ্ছাসেবী বা বিক্রেতা, ঠিকাদার অথবা স্কুল ডিস্ট্রিক্টের সাথে চুক্তিবদ্ধ অন্য কোনো ব্যক্তি অন্তর্ভুক্ত থাকলেও তার বাইরেও এমন কেউ হতে পারেন যিনি উত্পীড়ন, সাইবার গুন্ডামি অথবা প্রতিহিংসা চরিতার্থ করায় নিয়োজিত হন।

<u>শত্রুতাপূর্ণ পরিবেশ বলতে</u>, M.G.L.c. 71, §37O-তে যেরকম সংজ্ঞায়িত হয়েছে, তা হল এমন কোনো পরিস্থিতি যাতে উত্পীড়নের ফলে স্কুলের পরিবেশটি এতটাই ভয়, লাঞ্ছনা, উপহাস বা অপমানের জায়গা হয়ে দাঁড়ায় যা শিক্ষার্থীর পড়াশুনোর অবস্থা পাল্টানোর মত যথেষ্ট গভীর বা গুরুতর হয়ে ওঠে।

<u>প্রতিহিংসা</u> হল যে কোনোভাবে ভয় দেখানো, প্রতিশোধ নেওয়া, বা হয়রানি যা উত্পীড়নের কথা জানানো, উত্পীড়নের তদন্ত চলার সময় তথ্য প্রদান করা বা উত্পীড়নের সাক্ষী থাকা বা উত্পীড়ন সম্পর্কে বিশ্বাসযোগ্য তথ্য থাকা শিক্ষার্থীর বিরুদ্ধে করা হয়।

<u>কর্মীর</u> মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে শিক্ষক, প্রশাসক, স্কুল সেবিকা, কাফেটেরিয়া, হেফাজতকারী, বাস ড্রাইভার, ক্রীড়া প্রশিক্ষণ, পাঠক্রমবহির্ভূত বিষয়ের উপদেষ্টা

বা আধাপেশাদাররা, তবে তা ছাড়াও অন্য কেউ হতে পারেন।

আক্রান্ত বা শিকার বলতে কোনো শিক্ষার্থীকে বা প্রাপ্তবয়স্ককে বোঝানো হয় যার বিরুদ্ধে উত্পীড়ন, সাইবারগুন্ডামি বা প্রতিহিংসা চরিতার্থ করার চেষ্টা চলছে।

উত্পীড়ন বহু আকার নিতে পারে এবং যে কোনো স্থানে ঘটতে পারে। উত্পীড়নের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে নাম ধরে ডাকা বা হুমকি দেওয়া; মেলামেশা না করা বা কুত্সা রটানোর মাধ্যমে সামাজিকভাবে বিচ্ছিন্ন করে তোলা; বা কোনো শিক্ষার্থী অথবা তার সম্পত্তির উপরে আঘাত হেনে শারীরিক আক্রমণ, তবে উত্পীড়ন এগুলির বাইরে অন্যভাবেও করা হতে পারে। উত্পীড়ন স্কুল কম্যুনিটির সব সদস্যদের জন্য একটি আতঙ্কের পরিবেশ তৈরি করে। এটি অপ্রয়োজনীয় ও অনিশ্চিত উদ্বেগও তৈরি করতে পারে যা কোনো শিক্ষার্থীর স্কুলে উপস্থিত থাকার, স্কুলে গিয়ে কিছু শেখার, স্কুলের বারান্দায় হাঁটাচলা করা, স্কুলের কাফেটেরিয়ায় খাওয়া, স্কুলের উঠোনে বা প্রমোদমূলক জায়গায় খেলা করার, বিশেষ বা পাঠক্রম বহির্ভূত কার্যকলাপে অংশগ্রহণ করার অথবা স্কুলে যাতায়াত করার ক্ষমতাকে বিঘ্নিত করে। আরও বিশেষভাবে বলতে গেলে, "শত্রুতাপূর্ণ পরিবেশ" বলতে এমন কোনো পরিস্থিতিকে বোঝায় যেখানে উত্পীড়নের ফলে স্কুলের পরিবেশটি এতটাই ভয়, লাঞ্ছনা, উপহাস বা অপমানের জায়গা হয়ে দাঁড়ায় যা শিক্ষার্থীর পড়াশুনোর অবস্থা পাল্টানোর মত যথেষ্ট গভীর বা গুরুতর হয়ে ওঠে। উত্পীড়নকারী আচরণগুলিতে নজর না দিলে তা থেকে কমবয়সীদের মধ্যে মারাত্মক প্রভাব পড়তে পারে, যার মধ্যে অবসাদ, স্কুল কামাই করা এবং উপস্থিতির হারে লক্ষ্যণীয় প্রভাব পড়াও অন্তর্ভুক্ত রয়েছে। উত্পীড়নমূলক আচরণগুলিকে বন্ধ করতে ব্যর্থ হলে তা অন্য শিক্ষার্থীদের কাছে এই বার্তাই বহন করবে যে এইরকম নেতিবাচক আচরণে নিয়োজিত হওয়া অনুমোদিত।

স্কুলে শিক্ষার্থীদেরকে হয়রানি বা উত্পীড়ন করা আইনত নিষিদ্ধ এবং CPS তা কোনোমতেই সহ্য করবে না। এই নীতির উদ্দেশ্যে, "স্কুল" মানে হল স্কুল, স্কুলের মাঠ, স্কুল থেকে আসা যাওয়া করার সময় এবং স্কুলের স্পনসর করা অনুষ্ঠানে ও ঘটনায়, স্কুলের মাঠের সংলগ্ন কোনো সম্পত্তিতে, স্কুল স্পনসর করা অথবা স্কুল সংক্রান্ত কার্যকলাপ, অনুষ্ঠানে, স্কুলের মাঠে হোক বা অন্য কোথাও হোক এমন প্রোগ্রামে (যেমন সামাজিক অনুষ্ঠান, সফর, খেলাধূলোর অনুষ্ঠান, অথবা স্কুল স্পনসর করা অনুরূপ ঘটনায় ও অনুষ্ঠানে), স্কুল বাসস্টপে, স্কুলের বাসে, অথবা স্কুল ডিস্ট্রিক্টের বা স্কুলের মালিকানাভুক্ত,ইজারা দেওয়া অথবা ব্যবহার করা অন্য কোনো গাড়িতে, অথবা স্কুল ডিস্ট্রিক্টের বা স্কুলের মালিকানাভুক্ত, ইজারা দেওয়া অথবা ব্যবহার করা অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইসে বা প্রযুক্তি ব্যবহার করে স্কুলে আসা যাওয়ার সময়, এবং স্কুল সংক্রান্ত নয় এমন কোনো স্থানে, অনুষ্ঠানে বা প্রোগ্রামে অথবা স্কুল ডিস্ট্রিক্টে বা স্কুলের মালিকানাভুক্ত নয়,ইজারা দেওয়া অথবা ব্যবহার্য নয় এমন কোনো প্রযুক্তির ব্যবহার করে বা ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করে, যদি উত্পীড়নটি আক্রান্ত বা সাক্ষীর পক্ষে স্কুলকে একটি শত্রুতাপূর্ণ স্থানে পরিণত করে তোলে, স্কুলে আক্রান্ত ব্যক্তির বা সাক্ষীর অধিকার লঙ্ঘন করে অথবা বস্তুগতভাবে এবং গুরুতরভাবে স্কুলের সুশৃঙ্খল কর্মপদ্ধতি বিনষ্ট করে। স্টেট আইনের সাথে সাযুজ্য মেনে, CPS শনাক্ত করেছে যে নির্দিষ্ট কিছু শিক্ষার্থী হয়তো উত্পীড়ন বা হয়রানির শিকার হওয়ার পক্ষে বেশি ঝুঁকিগ্রস্ত, কারণ তাদের জাতি, বর্ণ, গায়ের রঙ, দেশীয় উত্স, বংশ, ধর্ম, বয়স, অক্ষমতা, জিনগত তথ্য, অভিজ্ঞতার স্থিতি, বৈবাহিক স্থিতি, লিঙ্গ, যৌনতা, যৌন পরিচয় বা ভাবপ্রকাশ, যৌন স্থিতি, গর্ভাবস্থা বা গর্ভাবস্থা সংক্রান্ত পরিস্থিতি, আর্থসামাজিক স্থিতি, গৃহহীনতা, শিক্ষাগত স্থিতি, শারীরিক চেহারা বা অভিভাবকত্বের স্থিতি বা উল্লিখিত এক (1) বা একাধিক বৈশিষ্ট্য থাকা কোনো ব্যক্তির সাথে মেলামেশার ফলে সেই উত্পীড়নের পরিস্থিতি বেশি করে সৃষ্টি হচ্ছে।

CPS উত্পীড়নের অভিযোগগুলিকে গুরুত্বের সাথে দেখে এবং উত্পীড়নের অভিযোগ ও দোষারোপগুলিতে সত্ত্বর প্রতিক্রিয়া দেবে। এছাড়াও, উত্পীড়নের ঘটনা জানানোর জন্য, উত্পীড়নের তদন্ত চলার সময় তথ্য দেওয়ার জন্য, উত্পীড়নের সাক্ষী থাকার জন্য অথবা ঘটনাটি নিয়ে বিশ্বাসযোগ্য তথ্য থাকার জন্য কোনো ব্যক্তির বিরুদ্ধে প্রতিহিংসা চরিতার্থ করা নিষিদ্ধ।

যদি কোনো শিক্ষার্থী, শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী, কর্মী সদস্য বা কম্যুনিটির অন্যান্য সদস্য মনে করেন যে শিক্ষার্থীটি উত্পীড়ন বা উত্পীড়নের ঘটনা জানানোর জন্য, উত্পীড়নের তদন্ত চলার সময় তথ্য দেওয়ার জন্য, উত্পীড়নের সাক্ষী থাকার জন্য অথবা ঘটনাটি নিয়ে বিশ্বাসযোগ্য তথ্য থাকার জন্য প্রতিহিংসার শিকার হচ্ছে, তাহলে তাদের উচিত ব্যাপারটি শিক্ষার্থী যে

স্কুলে পড়ে সেই স্কুলের হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের নজরে নিয়ে আসা। এটি মৌখিকভাবে বা লিখিতভাবে করা যেতে পারে। উত্পীড়নের প্রতিবেদন এবং/অথবা উত্পীড়নের কথা জানানোর জন্য প্রতিহিংসা নেওয়ার কথা জানানো, উত্পীড়নের তদন্ত চলাকালীন তথ্যপ্রদান করা বা সাক্ষী থাকা বা উত্পীড়নের ব্যাপারে বিশ্বাসযোগ্য তথ্য থাকার প্রতিবেদন শিক্ষার্থী যে স্কুলে পড়ে সেখানকার হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের কাছে অজ্ঞাতনামেও করা যেতে পারে। অনুগ্রহ করে মনে রাখবেন; যাইহোক শুধু জমা পড়া কোনো অজ্ঞাতনামা প্রতিবেদনের ভিত্তিতে কিন্তু কোনো শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক পদক্ষেপ নেওয়া যাবে না।

সব স্কুল কর্মীকে (যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে শিক্ষক, প্রশাসক, স্কুল সেবিকা, কাফেটেরিয়া, হেফাজতকারী, বাস ড্রাইভার, ক্রীড়া প্রশিক্ষণ, পাঠক্রমবহির্ভূত বিষয়ের উপদেষ্টা বা আধাপেশাদাররা, তবে তা ছাড়াও অন্য কেউ হতে পারেন) বার্ষিক ভিত্তিতে CPS-এর উত্পীড়ন রোধকারী নীতি ও উত্পীড়ন প্রতিরোধ ও হস্তক্ষেপের পরিকল্পনার ব্যাপারে প্রশিক্ষিত করা হয়। কর্মীদের কর্তব্য ও দায়িত্বগুলি CPS-এর উত্পীড়ন রোধ ও হস্তক্ষেপের পরিকল্পনায় পরে বর্ণিত রয়েছে।

## পরিবারগুলির সাথে সহযোগিতা করা

স্বাগতকারী স্কুলগুলি/স্কুল ক্লাইমেট কোঅর্ডিনেট এবং পরিবার সংযোগ আধিকারিকরা সেন্ট্রাল অফিস ও হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানদের সাথে মিলে বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদের শেখার সুযোগ দেবেন যে কীভাবে উত্পীড়ন শনাক্ত করতে হয় এবং কীভাবে আক্রান্ত ব্যক্তি, দর্শক ও উত্পীড়নকারীর উপরে সেটির প্রভাব পড়ে। বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদেরকে তাঁদের সন্তানের স্কুলে উত্পীড়নরোধী পাঠক্রম সম্পর্কেও জানানো হবে; উত্পীড়ন ও অনলাইন সুরক্ষা এবং সাইবারগুন্ডামির গতিশীলতা; উত্পীড়নের ব্যাপারে আইনি প্রভাব এবং যদি কোনো শিশু বা কর্মী সদস্য উত্পীড়নে নিয়োজিত হন তাহলে তার সম্ভাব্য পরিণাম এবং অভিযোগ জানানোর প্রক্রিয়া ও ম্যাসাচুসেটস স্টুডেন্ট রেকর্ড রেগুলেশনস 603 C.M.R. 23.00, এবং ফেডারেল ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট রেগুলেশনস, 34 C.F.R. খন্ড 99, যা 603 C.M.R. 49.07-তে বর্ণিত অনুসারে গোপনীয়তার আবশ্যিকতা যা বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে উত্পীড়ন অথবা প্রতিহিংসা চরিতার্থ করার ঘটনার প্রতিবেদন করার ব্যাপারে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানকে নিতে হবে।

## হস্তক্ষেপ ও প্রতিবেদনের আবশ্যিকতা

**যাইহোক এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে সব স্কুল কর্মীদেরকে উত্পীড়ন বা প্রতিহিংসা চরিতার্থ করার ঘটনা দেখা মাত্র বা সেই ব্যাপারে অবগত হওয়ার অবিলম্বে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান বা স্কুলের মনোনীত ব্যক্তির কাছে সেই সম্পর্কে জানাতে হবে।** হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান অথবা মনোনীত ব্যক্তির কাছে ঘটনার প্রতিবেদন করা কিন্তু কর্মী সদস্যদের আচরণ নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা সংক্রান্ত স্কুল ডিস্ট্রিক্টের নীতি ও পদ্ধতি মেনে ভুল আচরণে বা শাস্তিদান করার মত ঘটনায় প্রতিক্রিয়া দেওয়ার ক্ষমতা হ্রাস করে না।

অভিযোগটি পাওয়ার পরে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান নিম্নলিখিতদেরকে অবিলম্বে জানাবেন:

- আক্রান্তের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী
- অভিযুক্ত আক্রমণকারীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী অথবা অভিযুক্ত আক্রমণকারী স্কুল কর্মীদের কোনো সদস্য হলে অভিযুক্ত আক্রমণকারীকে
- সুরক্ষা ও নিরাপত্তা অফিস

হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান অভিযোগটি পাওয়ার পরেই সত্ত্বর একটি তদন্ত চালাবেন।

হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান হয়তো স্কুল সংস্থান আধিকারিকের সাথে পরামর্শ করতে পারেন কিন্তু তিনি অভিযুক্ত আক্রমণকারী বা আক্রান্ত ব্যক্তির শনাক্তকারী তথ্য ভাগ করবেন না।

আক্রান্তের এবং অভিযুক্ত আক্রমণকারীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে জানানোর সময়, হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান অবশ্যই ম্যাসাচুসেটস স্টুডেন্ট রেকর্ড রেগুলেশনের 603 C.M.R. 23.00, এবং ফেডারেল ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট রেগুলেশনের, 34 C.F.R. খন্ড 99, গোপনীয়তার আবশ্যিকতাগুলি মেনে চলবেন যা 603 C.M.R. 49.07-তে বর্ণিত রয়েছে। আরো নির্দিষ্টভাবে বলতে গেলে, হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান হয়তো কোনো বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর কাছে কোনো আক্রান্ত ব্যক্তি বা আক্রমণকারীর শিক্ষার্থী নথি থেকে তথ্য প্রকাশ করতে পারবেন না যদি না সেটি বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর নিজের সন্তান হয়। হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান হয়তো 603 C.M.R. 49.06-এর অধীনে স্থানীয় আইন

বলবত্করণ এজেন্সির কাছে উত্পীড়ন অথবা প্রতিহিংসা চরিতার্থ করা হচ্ছে বিষয়টি কোনো শিক্ষার্থী বা তাদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর সম্মতি ছাড়াই জানাতে পারেন কিন্তু হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানকে সেই বিষয়টি এমনভাবে স্থানীয় আইন বলবত্করণ এজেন্সিকে জানাতে হবে যাতে আক্রান্ত ব্যক্তি, সাক্ষী শিক্ষার্থী ও আক্রমণকারীর গোপনীয়তা সেই পরিস্থিতিতে যতটা সম্ভব ততটাই রক্ষা করা যায়। এছাড়াও, যদি আক্রমণকারী স্কুলকর্মীদের কোনো সদস্য হন, তাহলে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারেন, যা কাজ সমাপ্তিকরণ পর্যন্ত গড়াতে পারে। এছাড়াও, হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান নির্ধারণ করে থাকেন যে শিক্ষার্থীর বা অন্য কোনো ব্যক্তির স্বাস্থ্য বা সুরক্ষার আসন্ন ও গুরুতর ঝুঁকি রয়েছে, তাহলে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান হয়তো স্বাস্থ্য বা সুরক্ষার আপত্কালীন পরিস্থিতিতে আইন বলবত্করণ আধিকারিকদের সাথে যথাযথ পক্ষের কাছে কোনো আক্রান্ত ব্যক্তি বা আক্রমণকারী সম্পর্কে শিক্ষার্থীদের নথিভুক্ত তথ্য প্রকাশ করতে পারেন যদি সেই তথ্যটির জ্ঞান 603 C.M.R. 23.07(4)(e) এবং 34 C.F.R. 99.13(a)(10) এবং 99.36-তে প্রদত্ত অনুসারে শিক্ষার্থী বা অন্য ব্যক্তিদের স্বাস্থ্য এবং সুরক্ষা রক্ষার্থে প্রয়োজনীয় হয়। এই পরবর্তী পরিস্থিতিতে, তথ্য প্রকাশের ব্যাপারটি আপত্কালীন পরিস্থিতির মেয়াদ চলাকালীনই সীমিত থাকে, এবং হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান তথ্য প্রকাশের ব্যাপার ও কারণগুলি অবশ্যই নথিভুক্ত করে রাখবেন যে কারণগুলির জন্য হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের মনে হয়েছে যে স্বাস্থ্য সুরক্ষা সংক্রান্ত আপত্কালীন স্থিতি বিদ্যমান রয়েছে।

হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান সব পক্ষকে CPS-এর অবৈষম্যতার নীতি এবং যৌন হয়রানির নিষেধাজ্ঞা ও উত্পীড়ন রোধকারী নীতির একটি করে প্রতিলিপি দেবেন, এই পক্ষগুলির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে অভিযোগকারী ব্যক্তি, আক্রান্ত শিক্ষার্থী, আক্রান্ত শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী, অভিযুক্ত আক্রমণকারী, এবং যদি অভিযুক্ত আক্রমণকারীও কোনো শিক্ষার্থী হয়ে থাকে তাহলে তার বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী।

উত্পীড়ন এবং/অথবা প্রতিহিংসা চরিতার্থ করার ঘটনার প্রতিবেদন যে স্কুলে শিক্ষার্থী পড়ে সেই হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের কাছে অজ্ঞাতনামেও করা যেতে পারে। যাইহোক, অনুগ্রহ করে মনে রাখবেন যে অজ্ঞাতনামা প্রতিবেদন পেলে তার ভিত্তিতে কিন্তু কোনো শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া যেতে পারে না।

## অভিযোগের তদন্ত

যখন CPS উত্পীড়নের তদন্ত চলার সময় তথ্য প্রদান করার জন্য বা উত্পীড়ন সংক্রান্ত বিশ্বাসযোগ্য তথ্য থাকার জন্য অথবা উত্পীড়নের সাক্ষী থাকার জন্য উত্পীড়ন বা উত্পীড়নের ঘটনা জানানোর জন্য প্রতিহিংসা চরিতার্থ করা হচ্ছে বলে অভিযোগ পায়, CPS তখন সত্ত্বর সেই বিষয়টি নিয়ে ন্যায্য ও দ্রুত তদন্ত করবে। তদন্তটি এমনভাবে করা হবে যাতে সেই পরিস্থিতির অধীনে যতটা সম্ভব ততটা গোপনীয়তা বজায় রাখা যায় এবং যে ব্যক্তি উত্পীড়নের তদন্ত চলার সময় তথ্য প্রদান করার জন্য বা উত্পীড়ন সংক্রান্ত বিশ্বাসযোগ্য তথ্য থাকার জন্য অথবা উত্পীড়নের সাক্ষী থাকার জন্য উত্পীড়ন বা উত্পীড়নের ঘটনা জানানোর জন্য প্রতিহিংসা চরিতার্থ করা হচ্ছে বলে অভিযোগ করেছিলেন তাকে পরবর্তী উত্পীড়ন অথবা প্রতিহিংসা থেকে রক্ষা করা যায়।

তদন্তের মধ্যে শিক্ষার্থী, বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর, কর্মী সদস্য বা অভিযোগ দাখিল করা কম্যুনিটির কোনো সদস্যের, উত্পীড়ন বা প্রতিহিংসা চরিতার্থ করায় আক্রান্ত শিক্ষার্থী, উত্পীড়ন বা প্রতিহিংসার কাজটি করার অভিযোগ উঠেছে এমন শিক্ষার্থী(দের) বা কর্মী সদস্যের(দের), যে কোনো অভিযুক্ত ঘটনার সাক্ষী বা স্কুল বিভাগ কর্তৃক নির্ধারিত অন্যান্য ব্যক্তিদের সাক্ষাত্কার অন্তর্ভুক্ত থাকতে পারে। উত্পীড়ন অথবা প্রতিহিংসা চরিতার্থ করার কাজটি সত্যিই ঘটেছে এটি নির্ধারণ করার পরে, হাই স্কুলের প্রধান/অধ্যক্ষ সত্ত্বর আক্রান্তের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে এবং আক্রমণকারীকে ও আক্রমণকারী শিক্ষার্থী হয়ে থাকলে তার বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে বিষয়টি এবং সেটিতে প্রতিক্রিয়াদানের প্রক্রিয়াগুলি সম্পর্কে জানাবেন। এমনও পরিস্থিতির সৃষ্টি হতে পারে, যাতে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান বা মনোনীত ব্যক্তি কোনো তদন্ত চালানোর আগে বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর সাথে যোগাযোগ করতে পারেন। বিজ্ঞপ্তিটি 603 C.M.R. 49.00-এ প্রদত্ত স্টেটের নিয়মকানুন অনুসারে করা হবে। আক্রান্তের এবং অভিযুক্ত আক্রমণকারীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে জানানোর সময়, হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান অবশ্যই ম্যাসাচুসেটস স্টুডেন্ট রেকর্ড রেগুলেশনের 603 C.M.R. 23.00, এবং ফেডারেল ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড

প্রাইভেসি অ্যাক্ট রেগুলেশনের, 34 C.F.R. খন্ড 99, গোপনীয়তার আবশ্যিকতাগুলি মেনে চলবেন যা 603 C.M.R. 49.07-তে বর্ণিত রয়েছে।আরো নির্দিষ্টভাবে বলতে গেলে, হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান হয়তো কোনো বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর কাছে কোনো আক্রান্ত ব্যক্তি বা আক্রমণকারীর শিক্ষার্থী নথি থেকে তথ্য প্রকাশ করতে পারবেন না যদি না সেটি বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর নিজের সন্তান হয়। হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান হয়তো 603 C.M.R. 49.06-এর অধীনে স্থানীয় আইন বলবত্করণ এজেন্সির কাছে উত্পীড়ন অথবা প্রতিহিংসা চরিতার্থ করা হচ্ছে বিষয়টি কোনো শিক্ষার্থী বা তাদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর সম্মতি ছাড়াই জানাতে পারেন কিন্তু হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানকে সেই বিষয়টি এমনভাবে স্থানীয় আইন বলবত্করণ এজেন্সিকে জানাতে হবে যাতে আক্রান্ত ব্যক্তি, সাক্ষী শিক্ষার্থী ও আক্রমণকারীর গোপনীয়তা সেই পরিস্থিতিতে যতটা সম্ভব ততটাই রক্ষা করা যায়। এছাড়াও, হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান নির্ধারণ করে থাকেন যে শিক্ষার্থীর বা অন্য কোনো ব্যক্তির স্বাস্থ্য বা সুরক্ষার আসন্ন ও গুরুতর ঝুঁকি রয়েছে, তাহলে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান হয়তো স্বাস্থ্য বা সুরক্ষার আপত্কালীন পরিস্থিতিতে আইন বলবত্করণ আধিকারিকদের সাথে যথাযথ পক্ষের কাছে কোনো আক্রান্ত ব্যক্তি বা আক্রমণকারী সম্পর্কে শিক্ষার্থীদের নথিভুক্ত তথ্য প্রকাশ করতে পারেন যদি সেই তথ্যটির জ্ঞান 603 C.M.R. 23.07(4)(e) এবং 34 C.F.R. 99.13(a)(10) এবং 99.36-তে প্রদত্ত অনুসারে শিক্ষার্থী বা অন্য ব্যক্তিদের স্বাস্থ্য এবং সুরক্ষা রক্ষার্থে প্রয়োজনীয় হয়। এই পরবর্তী পরিস্থিতিতে, তথ্য প্রকাশের ব্যাপারটি আপত্কালীন পরিস্থিতির মেয়াদ চলাকালীনই সীমিত থাকে, এবং হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান তথ্য প্রকাশের ব্যাপার ও কারণগুলি অবশ্যই নথিভুক্ত করে রাখবেন যে কারণগুলির জন্য হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের মনে হয়েছে যে স্বাস্থ্য সুরক্ষা সংক্রান্ত আপত্কালীন স্থিতি বিদ্যমান রয়েছে। এছাড়াও, স্টেট আইনের সাথে সাযুজ্য রেখে, আক্রান্তের(দের) বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে তদন্তের ফলাফল সম্পর্কে জানানো হবে এবং যদি নির্ধারিত হয়ে যায় যে উত্পীড়ন বা প্রতিহিংসা চরিতার্থ করা হয়েছে তাহলে তা পরবর্তী ক্ষেত্রে রোধ করার জন্য কী কী করা হচ্ছে তাও জানাতে হবে।

তার সাথে, স্টেট আইন ও CPS এবং কেমব্রিজ পুলিশ বিভাগের মধ্যে হওয়া মেমোরান্ডামের সমঝোতার শর্তাবলী মেনে, যদি নির্ধারিত হয় যে উত্পীড়ন বা প্রতিহিংসা চরিতার্থ করার কাজ সত্যিই ঘটেছে, তাহলে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান, সুরক্ষা ও নিরাপত্তা অধিকর্তার সাথে মিলে:

- যদি হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান বা মনোনীত ব্যক্তির এমন মনে করার যুক্তি থাকে যে আক্রমণকারীর বিরুদ্ধে অপরাধের অভিযোগ আরোপ করা যেতে পারে বা যদি এরকম নির্ধারিত হয় যে আক্রান্ত শিক্ষার্থী বা ব্যক্তির স্বাস্থ্য অথবা সুরক্ষার ঝুঁকি আসন্ন ও গুরুতর, তাহলে তিনি স্কুল সংস্থান আধিকারিককে জানাবেন।
- *অধিকার ও দায়িত্বের পুস্তিকার* সাথে সঙ্গতি রেখে যথোচিত শাস্তিমূলক ব্যবস্থা নেবেন।
- যদি আক্রমণকারী(রা) কোনো শিক্ষার্থী হয় তাহলে আক্রমণকারীর বাবা-মা/পরিচর্যাকারী/অভিভাবককে অথবা আক্রমণকারী কোনো কর্মী সদস্য হলে তাঁকে জানাবেন
- আক্রান্তের(দের) বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে জানাবেন, এবং স্টেট ও ফেডারেল আইনে যতটা সঙ্গতিপূর্ণ হয় ততটা সঙ্গতি রেখে তাঁদেরকে পরবর্তী উত্পীড়ন অথবা প্রতিহিংসা চরিতার্থ করার ঘটনা রোধ করার পদক্ষেপের ব্যাপারেও জানাবেন।

এছাড়াও, যদি উত্পীড়ন অথবা প্রতিহিংসা চরিতার্থ করার ঘটনায় একাধিক স্কুল ডিস্ট্রিক্ট, চার্টার স্কুল, বেসরকারী স্কুল, অনুমোদিত প্রাইভেট ডে অথবা আবাসিক স্কুল বা সহযোগিতামূলক স্কুলের শিক্ষার্থীরা নিয়োজিত থাকে, তাহলে যে স্কুল ডিস্ট্রিক্ট অথবা স্কুল প্রথম উত্পীড়ন অথবা প্রতিহিংসা চরিতার্থ করার খবর পাবে, সেই স্কুল বা স্কুল ডিস্ট্রিক্ট স্টেট ও ফেডারেল আইনের সাথে সাযুজ্য রেখে সত্ত্বর অন্য স্কুল বা স্কুল ডিস্ট্রিক্টের যথাযথ প্রশাসককে খবর দেবে যাতে উভয়েই যথাযথ পদক্ষেপ নিতে পারে।

এমনকি তদন্ত শেষ হওয়ার পরেও যদি উত্পীড়ন অথবা প্রতিহিংসা চরিতার্থ করার খবর পাওয়া যায়, এবং যদি হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান বা মনোনীত ব্যক্তির এমন মনে করার যুক্তি থাকে যে আক্রমণকারীর বিরুদ্ধে অপরাধের অভিযোগ আরোপ করা যেতে পারে, তাহলে অধ্যক্ষ সুরক্ষা ও নিরাপত্তা অধিকর্তার সাথে মিলে স্থানীয় আইন বলবত্করণ বিভাগকে খবর দেবেন। 603 C.M.R. 49.00-র আবশ্যিকতা এবং CPS ও কেমব্রিজ পুলিশ বিভাগের মধ্যে থাকা সমঝোতার মেমোরান্ডামের

শর্তাবলী মেনে বিজ্ঞপ্তিটি জারী করা হবে। এছাড়াও, যদি উত্পীড়ন অথবা প্রতিহিংসা চরিতার্থ করার ঘটনাটি স্কুলের মাঠে ঘটে থাকে এবং তাতে 21 বছরের কমবয়সী এমন কোনো প্রাক্তন শিক্ষার্থী নিয়োজিত থাকে যে আর কোনো স্থানীয় স্কুল ডিস্ট্রিক্টে নথিভুক্ত নেই, তাহলে চার্টার স্কুল, বেসরকারী স্কুল, অনুমোদিত প্রাইভেট ডে অথবা আবাসিক স্কুল বা সহযোগিতামূলক স্কুল, স্কুল ডিস্ট্রিক্ট অথবা উত্পীড়ন অথবা প্রতিহিংসা চরিতার্থ করার ঘটনার খবর পাওয়া স্কুলটি স্টেট ও ফেডারেল আইন এবং নিয়মনীতি মেনে স্থানীয় আইন বলবত্করণ বিভাগের সাথে যোগাযোগ করবে। নির্ধারণটি করার সময় হাই স্কুলের প্রধান/অধ্যক্ষ পরিকল্পনাটির সাথে ধারাবাহিক থাকবেন, প্রযোজ্য স্কুল ডিস্ট্রিক্টে নীতি ও পদ্ধতি এবং CPS ও কেমব্রিজ পুলিশ বিভাগের মধ্যে থাকা সমঝোতার মেমোরান্ডামের শর্তাবলী অনুসরণ করবেন, স্কুল সংস্থান আধিকারিক ও এমন অন্যান্য ব্যক্তিদের সাথে পরামর্শ করবেন যাঁকে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান উপযুক্ত বলে মনে করেন।

## শাস্তিমূলক পদক্ষেপ/উত্পীড়নে প্রতিক্রিয়া দেওয়া

শাস্তিদানের ক্ষেত্রে কেমব্রিজ পাবলিক স্কুলের লক্ষ্যই হল
এমন একটি পরিবেশ তৈরি করা যাতে
শিক্ষার্থীরা শেখে যে কীভাবে সদস্যরা একে অপরের ক্ষতি করলে পুরো সমাজের
যে ক্ষতিটি হয় তা কীভাবে মেরামত করতে হয়। যদি নির্ধারিত হয় যে উত্পীড়ন বা অন্যান্য ভুল আচরণ ঘটেছে, তাহলে CPS সেই পরিস্থিতিতে যথোপযুক্ত পদক্ষেপ নেবে। যে শাস্তিমূলক পদক্ষেপটি নেওয়া হবে সেটি স্কুল কম্যুনিটিতে করা ক্ষতি মেরামত করার প্রয়োজনীয়তায় ভারসাম্য আনবে, সাথে যথাযথ আচরণ করতেও শেখাবে। যেরকম যথাযথ সেরকম পুনরুদ্ধামূলক পরিকাঠামো ব্যবহার করে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান অথবা মনোনীত ব্যক্তি কোনো শিক্ষার্থীকে উত্পীড়ন বা প্রতিশোধের হাত থেকে রক্ষা করার জন্য উপযুক্ত কৌশল অবলম্বন করবেন যে শিক্ষার্থীটি উত্পীড়ন বা প্রতিহিংসার কথা জানিয়েছে, উত্পীড়নের তদন্ত চলার সময় তথ্য প্রদান করেছে বা যার কাছে উত্পীড়ন ও প্রতিহিংসা সংক্রান্ত বিশ্বাসযোগ্য তথ্য আছে অথবা যে উত্পীড়ন বা প্রতিহিংসা চরিতার্থ করার সাক্ষী থেকেছে।

উত্পীড়ন বা প্রতিহিংসার অভিযোগটি নিয়ে সম্পূর্ণ তদন্ত করার আগে, হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান বা মনোনীত ব্যক্তি আক্রান্ত ব্যক্তির সুরক্ষার বোধ ফিরিয়ে আনার প্রয়োজনীয়তা মূল্যায়ন করতে এবং/অথবা আক্রান্তকে সম্ভাব্য পরবর্তী ঘটনাক্রমের হাত থেকে বাঁচাতে যথাযথ পদক্ষেপ নেবেন। সুরক্ষা বাড়ানোর জন্য দেয় প্রতিক্রিয়ার মধ্যে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত রয়েছে, যদিও তার বাইরেও অন্য কিছু হতে পারে; শ্রেণীকক্ষে, মধ্যাহ্নভোজনের সময় বা বাসে আগে থেকে বসার স্থান নির্দিষ্ট করে দেওয়া; এমন কোনো কর্মী সদস্যকে দায়িত্ব দেওয়া যিনি আক্রান্ত ব্যক্তির জন্য "নিরাপদ ব্যক্তি" হিসাবে কাজ করবেন; এবং আক্রমণকারীর সূচী বদলে আক্রান্ত ব্যক্তিকে হাতেনাতে পাওয়ার ধাঁচ বদলে দেওয়া। হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান তদন্ত চলাকালীন এবং তার পরে প্রয়োজনমত সুরক্ষা বাড়িয়ে তোলার জন্য অতিরিক্ত পদক্ষেপ গ্রহণ করবেন।

যথাযথ আচরণ শেখানোর জন্য বিভিন্ন বিকল্প রয়েছে: যেমন ব্যক্তিগতকৃত দক্ষতা গড়ে তোলার সেশন; পুনরুদ্ধারমূলক চর্চা গড়ে তোলা ও তার ব্যবহার; স্কুল কাউন্সেলর এবং অন্যান্য যথাযথ স্কুলকর্মীদের সাথে পরামর্শ করে স্বতন্ত্র কোনো শিক্ষার্থী বা শিক্ষার্থীর গোষ্ঠীকে প্রাসঙ্গিক শিক্ষামূলক কার্যকলাপ প্রদান করা; শিক্ষার্থীদেরকে লক্ষ্য পূরণ করতে সাহায্য করার জন্য সামাজিক সক্রিয় উপায়গুলি বুঝতে সাহায্য কতে বিভিন্ রকম শিক্ষামূলক ও শিক্ষাবহির্ভূত ইতিবাচক পন্থা আরোপ করা; বাড়িতে উত্পীড়ন রোধ ও সামাজিক দক্ষতা গড়ে তোলার কার্যকলাপ বলবত্ করার জন্য অভিভাবকের সহায়তা আনতে বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদের সাথে বৈঠক করা; বিশেষ সামাজিক দক্ষতা গড়ে তোলার উপরে জোর দিতে আচরণগত পরিকল্পনা অবলম্বন করা।

যেসব শিক্ষার্থীকে উত্পীড়নে নিয়োজিত হতে দেখা যাবে তাদের জন্য গৃহীত পদক্ষেপের মধ্যে আরও অন্তর্ভুক্ত থাকে আক্রমণকারীর আচরণ উন্নত করতে স্কুল কর্মীর সাথে মিলে কাজ করা; শিক্ষার্থী ও শিক্ষার্থীর পরিবারের উপযুক্ত সদস্যের জন্য কাউন্সেলিং, সহায়ক পরিষেবা ও অন্যান্য ত্রাণকারী হস্তক্ষেপ; শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা যা আদালতের অংশগ্রহণ পর্যন্ত গড়াতে পারে; বা স্কুল সংক্রান্ত শাস্তি যা *অধিকার ও দায়িত্বের পুস্তিকার* সাথে সামঞ্জস্য মেনে করা হবে এবং যা স্থগিতকরণ, বহিষ্করণ এবং/অথবা আদালতের নিয়োজনে গড়াতে পারে। যেসব কর্মীরা উত্পীড়নে নিযুক্ত বলে দেখা যাবে তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক পদক্ষেপ নেওয়া

হবে যা কাজ সমাপ্তিকরণ এবং/অথবা আদালতের অংশগ্রহণ পর্যন্ত গড়াতে পারে।

যেসব শিক্ষার্থী ও যেসব কর্মীরা উত্পীড়নে নিযুক্ত বলে দেখা যাবে তাঁদের প্রতিহিংসা চরিতার্থ করার নিষেধাজ্ঞার ব্যাপারে জানানো হবে এবং এটিও জানানো হবে যে প্রতিহিংসার ঘটনার জন্য শাস্তিমূলক পদক্ষেপ নেওয়া হবে।

যেখানে নির্ধারিত হবে যে ভুল আচরণ ঘটেছে, সেখানে CPS সেই আচরণটি দূর করার জন্য সত্ত্বর ব্যবস্থা নেবে এবং প্রয়োজন মত সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণ করবে, যার মধ্যে অপরাধকারীর আচরণ সংশোধনের জন্য স্কুল কর্মীর সাথে মিলে কাজ করা, যেখানে যথাযথ সেখানে কাউন্সেলিং বা অন্যান্য প্রতিকারমূলক পরিষেবা এবং/অথবা শাস্তিমূলক ব্যবস্থার বন্দোবস্তের প্রস্তাব করা এবং দরকার হলে স্থগিতকরণ, বহিষ্করণ এবং/অথবা আদালতের নিয়োজনও অন্তর্ভুক্ত থাকতে পারে। তার সাথে, স্টেট আইনের সাথে সামঞ্জস্য রেখে, যদি নির্ধারিত হয় যে উত্পীড়ন বা প্রতিহিংসা চরিতার্থ করার ঘটনা ঘটেছে, তাহলে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান সুরক্ষা ও নিরাপত্তা অধিকর্তার সাথে মিলে (i) যদি হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান মনে করেন যে আক্রণকারী বিরুদ্ধে অপরাধের অভিযোগ আরোপ করা যেতে পারে তাহলে স্থানীয় আইন বলবত্কারীদেরকে জানানো; (ii) যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া; (iii) বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে আক্রমণকারীর ব্যাপারে জানানো; and (iv) শিকার/আক্রান্ত ব্যক্তির বাবা-মা/অভিভাবককে জানানো এবং স্টেট ও ফেডারেল আইনে যতটা সঙ্গতিপূর্ণ, ততটা মাত্রায় গিয়ে তাঁদেরকে উত্পীড়ন বা প্রতিহিংসার পরবর্তী পদক্ষেপ আটকানোর মত পদক্ষেপ নিতে বলা। এছাড়াও যদি নির্ধারিত হয় যে কোনো শিক্ষার্থী জ্ঞাতসারে উত্পীড়নের মিথ্যা অভিযোগ করেছে বা প্রতিহিংসা চরিতার্থ করেছে, তাহলে সে *অধিকার ও দায়িত্বের পুস্তিকা* বিধানগুলি মেনে শাস্তির কোপে পড়বে, যার মধ্যে স্থগিত করা, বহিষ্কার এবং/অথবা আদালতের অংশগ্রহণও ঘটতে পারে।

আক্রান্ত এবং অন্যদের জন্য সুরক্ষা বাড়িয়ে তোলা

উত্পীড়নের শিকার হওয়া শিক্ষার্থীর মধ্যে সুরক্ষার একটি আশ্বাস ফিরিয়ে আনতে এবং আক্রান্ত শিক্ষার্থীর সুরক্ষার প্রয়োজনীয়তা মূল্যায়ন করতে, শিক্ষার্থী, তাদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী, এবং যথাযথ স্কুল কর্মীদের (যেমন, হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান, সহকারী অধ্যক্ষ, শিক্ষার্থীদের ডীন, সুরক্ষা বিশেষজ্ঞ এবং/অথবা স্কুলের সংস্থান আধিকারিক) সাথে একটি বৈঠক করা হবে। এই বৈঠকটির উদ্দেশ্য হল শিক্ষার্থীর জন্য, ও কোনো সমস্যা হলে শিক্ষার্থী যে কর্মীর কাছে জানাবে তাঁদের সুরক্ষা পরিকল্পনা ও বাস্তবায়িত করা নিয়ে আলোচনা করা। CPS যথাযথ বুঝলে, শিক্ষার্থী এবং শিক্ষার্থীর পরিবারের যোগ্য সদস্যের সাথে কাউন্সেলিং, সহায়ক পরিষেবা বা অন্যান্য উপশমকারী হস্তক্ষেপ করার প্রস্তাবও দিতে পারে।

সিদ্ধান্ত নেওয়া এবং প্রতিকারমূলক এবং/অথবা শাস্তিমূলক পদক্ষেপ গ্রহণের আদেশ দেওয়ার যুক্তিগ্রাহ্য সময়ের মধ্যে, হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান অথবা মনোনীত ব্যক্তি আক্রান্তের সাথে যোগাযোগ করে ঠিক করবেন যে নিষিদ্ধ আচরণ আবার ঘটেছে কিনা এবং অতিরিক্ত সহায়তার দরকার আছে কিনা। যদি তাই হয়, তাহলে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান অথবা মনোনীত ব্যক্তি যথাযথ স্কুল কর্মীর সাথে কাজ করে অবিলম্বে সেগুলি আরোপ করবেন।

যদি কোনো প্রতিরোধের আদেশ দেওয়া হয়ে থাকে, তাহলে বৈঠকটি করার একটি উদ্দেশ্য হবে প্রতিরোধের আদেশের প্রভাবগুলি পর্যালোচনা করা এবং যদি প্রতিরোধের আদেশ লঙ্ঘন করা হয়ে থাকে তাহলে প্রতিবেদনের পদ্ধতিগুলি খতিয়ে দেখা। যদি প্রতিরোধের আদেশটি অন্য কোনো শিক্ষার্থী বা কোনো কর্মচারীর বিরুদ্ধে দেওয়া হয়ে থাকে, তাহলে প্রতিরোধের আদেশ ও তার প্রভাব, আদেশ লঙ্ঘনের প্রত্যাশা ও পরিণাম নিয়ে পর্যালোচনা করার জন্য সেই ব্যক্তির সাথে একটি পৃথক বৈঠক করতে হবে।

## মিথ্যা অভিযোগ/প্রতিহিংসা চরিতার্থ করা

যদি নির্ধারিত হয় যে কোনো শিক্ষার্থী জ্ঞাতসারে উত্পীড়ন নিয়ে মিথ্যা অভিযোগ করেছে বা প্রতিহিংসা চরিতার্থ করেছে, তাহলে তারা *অধিকার ও দায়িত্বের পুস্তিকার* বিধানগুলি অনুসারে শাস্তি পাবে।

আইনের অধীনে শিক্ষার্থীদের স্থিতি যাইহোক না কেন সব শিক্ষার্থীদেরকে একই সুরক্ষা প্রদান করা হবে।

## স্কুল-নির্ভর কার্যকলাপ পর্যালোচনা

যদি উত্পীড়ন সম্পর্কে অভিযোগকারী ব্যক্তি, উত্পীড়নের শিকার এবং/অথবা কোনো উত্পীড়নের শিকার অথবা আক্রান্ত ব্যক্তির বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীহাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের সাথে সত্ বিশ্বাসে বিধিবহির্ভূতভাবে আলাপআলোচনা করে তাঁদের সমস্যা মেটাতে না পারেন, তাহলে সুপারিন্টেন্ডেন্ট বা চিফ অপারেটিং

অফিসারের কাছে একটি লিখিত অভিযোগ দাখিল করা যেতে পারে। লিখিত অভিযোগটিতে সমস্যাটি এবং বাস্তব তথ্যগুলির একটি সংক্ষিপ্ত বয়ান ও যে ত্রাণ চাওয়া হয়েছে তা লেখা থাকবে।

লিখিত অভিযোগটি পাওয়ার পর থেকে সাত দিনের (7) মধ্যে, সুপারিন্টেন্ডেন্ট বা মনোনীত ব্যক্তি সমস্যাগুলি আলোচনা করার জন্য বৈঠকের সময় ও তারিখ ঠিক করে একটি বিজ্ঞপ্তির চিঠি পাঠাবেন। উত্পীড়ন বা অন্য কোনো ভুল আচরণের ঘটনা যাতে আর না ঘটে তা নিশ্চিত করার জন্য বৈঠকটির পরে সুপারিন্টেন্ডেন্ট বা মনোনীত ব্যক্তি নির্ধারণ করবেন যে উত্পীড়ন বা অন্যান্য ভুল আচরণ ঘটেছে কিনা, সেই তারিখ পর্যন্ত সঠিক কি প্রতিকারের পথ নেওয়া হয়েছে, এবং অতিরিক্ত সহায়ক ব্যবস্থার নেওয়ার দরকার আছে কিনা। এই বিষয়গুলি এবং সমস্যাগুলি মেটানোর জন্য স্কুল ডিস্ট্রিক্টের তরফ থেকে নেওয়া হবে এমন কোনো অতিরিক্ত পদক্ষেপসহ একটি চিঠি বৈঠকের পাঁচদিন (5) পরে ছাড়া হবে।

যদি উত্পীড়ন সম্পর্কে অভিযোগকারী ব্যক্তি, উত্পীড়নের শিকার এবং/অথবা কোনো উত্পীড়নের শিকার অথবা আক্রান্ত ব্যক্তির বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীসুপারিন্টেন্ডেন্ট অথবা মনোনীত ব্যক্তির সাথে বৈঠক করার পরেও তাঁদের সমস্যা ও অভিযোগ মেটাতে না পারেন, তাহলে পর্যালোচনার একটি অনুরোধ স্কুল কমিটির কাছে জমা দেওয়া যেতে পারে। স্কুল কমিটি তাদের নিজস্ব বিবেচনায় শুনানি বসাতে পারে, অতিরিক্ত প্রমাণ জোগাড় করতে পারে এবং স্কুল লেভেলে আবিষ্কৃত বিষয় ও প্রস্তাবনাগুলি পর্যালোচনা করার সাথে সাথে সুপারিন্টেন্ডেন্ট অথবা মনোনীত ব্যক্তির পর্যালোচনা বৈঠকের আবিষ্কৃত বিষয় ও প্রস্তাবনাগুলি খতিয়ে দেখতে পারে। পর্যালোচনা শেষ হওয়ার পাঁচদিনের (5) মধ্যে, স্কুল কমিটি একটি লিখিত সিদ্ধান্ত জারী করবে যেটি সুপারিন্টেন্ডেন্টের আবিষ্কৃত বিষয় ও প্রস্তাবনাগুলিকে নিশ্চিত, বাতিল বা অন্যথায় সংশোধন করবে, যার মধ্যে উঠে আসা সমস্যাগুলির মোকাবিলা করার জন্য স্কুল ডিস্ট্রিক্ট যদি কোনো অতিরিক্ত পদক্ষেপ নেয়, তাহলে তা কী হবে তাও অন্তর্ভুক্ত থাকবে।

## অন্যান্য অভিযোগ প্রক্রিয়াও উপলভ্য রয়েছে

মনে রাখা প্রয়োজন যে এই বিভাগে এই *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* বর্ণিত ব্যবস্থাগুলি, এবং উত্পীড়ন রোধী নীতি ও উত্পীড়ন প্রতিরোধ এবং হস্তক্ষেপের পরিকল্পনা কোনো শিক্ষার্থীকে জাতি, গায়ের রঙ, বর্ণ, জাতীয় উত্স, বংশ, ধর্ম, বয়স, প্রতিবন্ধকতা, জিনগত তথ্য, অভিজ্ঞতা, বৈবাহিক স্থিতি, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, যৌন প্রবৃত্তি, গর্ভাবস্থা বা গর্ভাবস্থা সম্পর্কিত রোগের ভিত্তিতে হওয়া বৈষম্য বা হয়রানির বিরুদ্ধে তোলা অভিযোগের সমাধান চাওয়ার জন্য CPS-এর বৈষম্য রোধকারী নীতি ও যৌন নিগ্রহ রোধের নীতিতে বর্ণিতে অভিযোগ প্রক্রিয়া ব্যবহার করা থেকে আটকাতে পারবে না।

এটিও মনে রাখা প্রয়োজন যে এই বিভাগের বন্দোবস্তগুলি কোনো শিক্ষার্থীকে *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* থাকা বিভাগ 23.0-তে বর্ণিত অভিযোগের প্রক্রিয়া ব্যবহার করা থেকে বিরত করে না যেগুলি ব্যবহার করে *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* বর্ণিত শিক্ষার্থী অধিকার থেকে বঞ্চিত হওয়া সম্পর্কে যে কোনো অভিযোগের সমাধান চাওয়া যায়।

## অন্যান্য আইনের সাথে সম্বন্ধ

ফেডারেল এবং স্টেট আইনের সাথে ও স্কুল ডিস্ট্রিক্টের নিয়ম নীতিগুলির সাথে ধারাবাহিকতা বজায় রেখে, জাতি, গায়ের রঙ, বর্ণ, জাতীয় উত্স, বংশ, ধর্ম, বয়স, প্রতিবন্ধকতা, জিনগত তথ্য, অভিজ্ঞতা, বৈবাহিক স্থিতি, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, যৌন প্রবৃত্তি, গর্ভাবস্থা বা গর্ভাবস্থা সম্পর্কিত রোগের ভিত্তিতে কোনো মফস্বল বা কোনো শহরের কোনো সরকারী স্কুলে ভর্তি হওয়া থেকে অথবা এইরকম সরকারী স্কুলে কোনো পাঠ্যক্রমের সুবিধা ও উপকার লাভ করা থেকে আটকানোর জন্য কারোর সাথে বৈষম্যমূলক আচরণ করা হবে না।

এই বিভাগে বা *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* বা উত্পীড়ন রোধী নীতি এবং উত্পীড়ন প্রতিরোধ ও হস্তক্ষেপের পরিকল্পনায় থাকা কোনো কিছুই কোনো স্কুল অথবা স্কুল ডিস্ট্রিক্টকে স্থানীয়, স্টেট বা ফেডারেল আইন অথবা স্কুল ডিস্ট্রিক্টের নীতিভুক্ত আইনি সংরক্ষিত শ্রেণীর সদস্য কোনো ব্যক্তির বিরুদ্ধে হওয়া বৈষম্য বা হয়রানি রোধ করার পদক্ষেপ নেওয়া থেকে আটকাতে পারবে না। তার সাথে, এই বিভাগে বা *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* বা উত্পীড়ন রোধী নীতি এবং উত্পীড়ন প্রতিরোধ ও হস্তক্ষেপের পরিকল্পনায় থাকা কোনো কিছুই M.G.L.c. 71, বিভাগ 37H, 37H ½ এবং 37H ¾, অন্যান্য প্রযোজ্য আইন, বা স্থানীয় স্কুল বা স্কুল ডিস্ট্রিক্টের নীতি অধীনে হিংস্র, ক্ষতিকর বা সংহতিনাশক আচরণ রুখতে শাস্তিমূলক পদক্ষেপ নেওয়া থেকে স্কুলের বা স্কুল ডিস্ট্রিক্টের কর্তৃপক্ষকে আটকানোর জন্য পরিকল্পিত বা উদ্দিষ্ট নয়, তা সেই

আচরণটি *অধিকার ও দায়িত্বের পুস্তিকার* এই বিভাগে বা উত্পীড়ন রোধী নীতি এবং উত্পীড়ন প্রতিরোধ ও হস্তক্ষেপের পরিকল্পনায় অন্তর্ভুক্ত থাকুক বা নাই থাকুক।

## 28. কিশোর-কিশোরীদের মধ্যে ডেটিং সংক্রান্ত হিংসা রুখতে নীতি

CPS এমন শিক্ষামূলক পরিবেশ প্রদানে দায়বদ্ধ যাতে ডেটিং সংক্রান্ত হিংসা সহ্য করা হবে না। এই আদর্শের সাথে ধারাবাহিকতা রাখার জন্যই, CPS ডেটিং সংক্রান্ত হিংসামুক্ত পরিবেশ গড়ে তুলতে বদ্ধপরিকর। ঠিক সেভাবেই, CPS কিশোর-কিশোরীদের মধ্যে ডেটিংয়ের হিংসা নিয়ে সচেতনতা বাড়াতে চায় এবং যেসব আক্রান্ত ব্যক্তি ও শিশুরা এইরকম হিংসার সাক্ষী হয় তাদের প্রয়োজনীয়তায় সাড়া দেওয়ার ক্ষেত্রেও সাহায্য করতে চায়।

যে কোনো পরিস্থিতিতেই কিশোর-কিশোরীদের মধ্যে ডেটিংয়ের হিংসা বেআইনি এবং স্কুলের পরিবেশের কিশোর-কিশোরীদের মধ্যে ডেটিংয়ের হিংসা তো কোনোমতেই সহ্য করা হবে না। এছাড়াও, কিশোর-কিশোরীদের মধ্যে ডেটিংয়ের হিংসার ব্যাপারে জানিয়েছেন বা সেই ব্যাপারে তদন্তে সহায়তা করেছেন এমন কোনো ব্যক্তির বিরুদ্ধে প্রতিশোধ নেওয়া সহ্য করা হবে না। কিশোর-কিশোরীদের মধ্যে ডেটিংয়ের হিংসার খবর ও অভিযোগ পেলে CPS সত্ত্বর তাতে সাড়া দেবে এবং যেখানে দরকার সেখানে শাস্তিমূলক পদক্ষেপ নেওয়াসহ সংশোধনমূলক ব্যবস্থাও গ্রহণ করা হবে।

এই নীতিতে যে সংজ্ঞাগুলি ব্যবহার করা হয়েছে সেগুলি নীচে দেওয়া হল:

<u>গার্হস্থ্য সহিংসতা/আন্তঃপারস্পরিক হিংসা:</u> গার্হস্থ্য সহিংসতা হল একধরনের জবরদস্তিমূলক আচরণ যাতে একজন সঙ্গী অপরজনকে হুমকি প্রদর্শন বা বাস্তবিকভাবে বিভিন্ন রকম কৌশলের মাধ্যমে নিয়ন্ত্রণের চেষ্টা করেন, যার মধ্যে নিম্নলিখিতগুলির যে কোনো একটি বা সবকটি অন্তর্ভুক্ত থাকতে পারে: শারীরিক, যৌন, মৌখিক, আর্থিক, মানসিক নিগ্রহ এবং/অথবা প্রযুক্তির ব্যবহার (যেমন, সাইবার গুন্ডামি)।

গার্হস্থ্য সহিংসতা গোষ্ঠী, সংস্কৃতি বা প্রেক্ষাপট নির্বিশেষ পুরো দেশের প্রত্যেক সমাজকে প্রভাবিত করে। সব বয়স, সব উপার্জন স্তর, ধর্ম, যৌন স্থিতিবিন্যাস, লিঙ্গ, লিঙ্গ পরিচয় এবং শিক্ষাস্তরের মানুষই গার্হস্থ্য সহিংসতার শিকার হয়ে থাকেন।

<u>কিশোর-কিশোরীদের মধ্যে ডেটিংয়ের হিংসা:</u> ডেটিংয়ের হিংসা হল এক ধরনের অতি নিয়ন্ত্রণমূলক আচরণ যা কেউ তাদের পুরুষ বন্ধু বা বান্ধবীদের ক্ষেত্রে ব্যবহার করে থাকে। ডেটিংয়ের হিংসা বহু আকার নিতে পারে, যার মধ্যে মানসিক/আবেগজনক দিক থেকে নিগ্রহ করা, শারীরিক নিগ্রহ, যৌন নিগ্রহ এবং/অথবা প্রযুক্তির মাধ্যমেও নিগ্রহ করা (যেমন, সাইবার গুন্ডামি) হতে পারে। এমনকি আসলে কোনোরকম শারীরিক নিগ্রহ না করা হলেও কেউ ডেটিংয়ের হিংসার শিকার হতে পারে। এটি হালকা ডেটিংয়ের পরিস্থিতিতে ও গম্ভীর, দীর্ঘমেয়াদী সম্পর্কেও ঘটতে পারে।

<u>শিশু সাক্ষী/গার্হস্থ্য সহিংসতার প্রকাশ:</u> হিংসার সাক্ষী হওয়া কোনো শিশুর জীবন, বৃদ্ধি ও বিকাশের প্রতিটি পদে পদে বিঘ্ন ঘটাতে পারে। হিংসার প্রকাশের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নিগ্রহ হতে দেখা বা শোনা, নিগ্রহের প্রভাবগুলি লক্ষ্য করা (তাদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর চোটআঘাত অথবা ভাঙ্গা আসবাবপত্র ইত্যাদির মাধ্যমে, ইত্যাদি) এবং/অথবা বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর উপরে হওয়া নিগ্রহমূলক আচরণ ঠেকাতে গিয়ে আহত/জখম হওয়া।

<u>পারিবারিক হিংসা:</u> পারিবারিক হিংসা হল আরও বড়মাপের সংজ্ঞা, যার মধ্যে শিশু নিগ্রহ, বড়দের নিগ্রহ, এবং পারিবারিক সদস্যের মধ্যে অন্যান্য হিংসার কাজ অন্তর্ভুক্ত থাকে।

<u>আক্রান্ত/জীবিত/ক্ষতপ্রাপ্ত ব্যক্তি:</u> এমন ব্যক্তিদের জন্য ব্যবহৃত আরেক নাম যিনি ক্ষতপ্রাপ্ত, নিগৃহীত বা হুমকি দেওয়ার মাধ্যমে উত্পীড়িত হয়েছেন, তা সেখানে আসলে শারীরিক নিগ্রহ হোক বা নাই হোক।

<u>নিগ্রহকারী/অপরাধকারী/আঘাতকারী:</u> এমন ব্যক্তিদের জন্য ব্যবহৃত আরেক নাম যিনি নিগ্রহ ও ক্ষতি করেন, তা সে বাস্তবে শারীরিক নিগ্রহ করা হোক বা নাই হোক।

তার সাথে, এরকম আচরণের মধ্যে হয়রানি, এক ধরনের বৈষম্যও অন্তর্ভুক্ত থাকতে পারে, যা ফেডারেল ও স্টেট আইনে নিষিদ্ধ; এবং এইরকম আচরণ সাইবার গুন্ডামিসহ উত্পীড়ন দিয়েও হতে পারে, যা স্টেট আইনে নিষিদ্ধ। এইরকম আচরণ CPS-এর অবৈষম্যমূলক নীতি ও যৌন নিগ্রহের বিরুদ্ধে নিষেধাজ্ঞা, হিংসারোধী নীতি ও উত্পীড়নরোধী নীতিতেও নিষিদ্ধ।

**সতর্কতার লক্ষণ শনাক্ত করা**

*নিগ্রহের আচরণগুলির লক্ষণের মধ্যে কী কী অন্তর্ভুক্ত থাকতে পারে:* যদি তাদের সঙ্গী অন্য কারোর সাথে কথা বলে তাহলে সত্যিই ঈর্ষান্বিত অনুভব করা, অপরজন কী করবে তা ঠিক করে দেওয়ার চেষ্টা, অসম্মতি বহুদূর পর্যন্ত টেনে নিয়ে যাওয়া, ধারাবাহিকভাবে সম্পর্ক ভেঙ্গে দেওয়ার হুমকি দেওয়া, মুখে কথা বলার সময় মেজাজ হারিয়ে ফেলা, অপরকে নিজের সমস্যার জন্য দোষ দেওয়া, শারীরিক ও মানসিকভাবে তাদের সঙ্গীদের আঘাত করা, বা সাইবারগুন্ডামির কার্যকলাপ।

*নিপীড়নের লক্ষণগুলির মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:* বারংবার এমন কারণের জন্য পরিকল্পনা বাতিল করা যা ঠিক মনে না হয়, সর্বদাই তাদের সঙ্গী রেগে যাওয়ার ভয়ে থাকে, তাদের কাছে গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে আর না এগোনো, শারীরিক নিগ্রহের লক্ষণ দেখানো, যেমন কালশিটে বা কাটা, সেক্স করতে বাধ্য করা বা যৌন বস্তুর মত মনে হওয়া, এমন সঙ্গী থাকা যে তাদেরকে সবসময়ই ফাঁকা চায়, পরিবার ও বন্ধুদের থেকে বিচ্ছিন্ন হয়ে পড়া, অথবা সাইবার গুন্ডামির শিকার হওয়া।

## কিশোর-কিশোরীদের মধ্যে ডেটিং সংক্রান্ত হিংসার খবর জানানোর প্রক্রিয়া

যেসব শিক্ষার্থীরা মনে করে যে তারা কিশোর-কিশোরীদের মধ্যে ডেটিং সংক্রান্ত হিংসার শিকার হয়েছে, বা তাদের এইরকম ডেটিং হিংসার শিকার হওয়ার বিপদ আছে, বা কোনো ব্যক্তিরর উপরে বাধার আদেশ আরোপিত থাকে, তাহলে তারা বিষয়টি নিম্নলিখিত ব্যক্তিদের মধ্যে যে কাউকে জানাতে পারে: (1) হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান, (2) সহকারী অধ্যক্ষ, (3) ডীন, (4) শিক্ষক, বা (5) স্কুল সেবিকা।

যে ব্যক্তি খবরটি পাবেন তাঁকে অবশ্যই অবিলম্বে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানকে জানাতে হবে।

তার সাথে, যদি কোনো কর্মচারী স্কুলের সম্পত্তির মধ্যে বা স্কুল সংক্রান্ত কোনো ঘটনায় কিশোর-কিশোরীদের মধ্যে ডেটিং সংক্রান্ত হিংসা হতে দেখেন, তাহলে তিনি অবশ্যই হাই স্কুলের প্রধান/অধ্যক্ষকে জানাবেন।

হাই স্কুলের প্রধান/অধ্যক্ষ অবশ্যই নিম্নলিখিত বিষয়গুলি করবেন: (1) আক্রান্তের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে জানাবেন (2) সুরক্ষা ও নিরাপত্তার অফিসে জানাবেন।

হাই স্কুলের প্রধান/অধ্যক্ষ অবশ্যই শিক্ষার্থী ও/বা শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর কাছে CPS-এর অবৈষম্যমূলক নীতি এবং যৌননিগ্রহের বিরুদ্ধে নিষেধাজ্ঞাটির উল্লেখ করবেন যাতে ঘরোয়াভাবে সমস্যার সমাধান এবং আনুষ্ঠানিক অভিযোগ দায়েরের পদ্ধতি ও CPS-এর উত্পীড়নরোধী নীতি দেওয়া আছে, এবং অনুরোধ করা হলে তিনি সেটির প্রতিলিপিও দেবেন।

কিশোর-কিশোরীদের মধ্যে ডেটিং সংক্রান্ত হিংসার খবর পেলে, তা সেটি স্কুলে বা স্কুলের বাইরে, স্কুলে যাতায়াতের পথে বা স্কুল সংক্রান্ত কোন অনুষ্ঠানে, অথবা স্কুলের মধ্যে বা স্কুলে যাতায়াতের পথে স্কুলের সম্পত্তি থেকে দূরে থাকার আদেশ লঙ্ঘন করেই করা হোক, CPS অভিযোগ ওঠা কান্ডের ব্যাপারে সত্ত্বর যথাযথ কর্তৃপক্ষকে জানাবে। এইরকম যে কোনো ঘটনার রিপোর্ট এমনভাবে করতে হবে যাতে তা উক্ত পরিস্থিতিতে যতটা সম্ভব গোপনীয়তা বজায় রেখে করা হয়।

কিশোর-কিশোরীদের মধ্যে ডেটিং সংক্রান্ত হিংসার ক্ষেত্রে তৃতীয় পক্ষের তরফ থেকে পাওয়া তথ্য গুরুত্বের সাথেই বিচার করা হয়। স্কুল কর্মীদের মধ্যে কোনো যথাযথ প্রশিক্ষিত সদস্যকে শিক্ষার্থীর কাছে গিয়ে কি ঘটেছে ও সম্ভাব্য সমস্যাগুলির ব্যাপারে জানতে প্রস্তাব দেওয়া হচ্ছে। যদি নিগ্রহের কথা স্বীকার করা হয়, তাহলে একটি "সুরক্ষা পরিকল্পনা" নিয়ে কাজ করা উচিত, সাথে কাউন্সেলিং, সহায়তা গোষ্ঠী, এবং পুলিশ/আদালতের সহায়তা চাওয়ার পরামর্শ দেওয়াও অন্তর্ভুক্ত রয়েছে।

এছাড়াও, যে নিগ্রহ ও অবহেলার শিকার বলে সন্দেহ করা হচ্ছে তার জন্য স্কুল কর্মীরা অবশ্যই সব বিধিবদ্ধ প্রতিবেদনের বাধ্যবাধকতাগুলি মেনে চলবেন (51A প্রতিবেদন)। 51A অভিযোগ দায়েরের প্রক্রিয়াটি অবশ্যই CPS-এর শিশু নিগ্রহ এবং অবহেলা প্রতিবেদনের নির্দেশিকাগুলি মেনেই করা উচিত, যার মধ্যে যে নিগ্রহ ও অবহেলার শিকার বলে সন্দেহ করা হচ্ছে তার হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানকে জানানোও অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও স্কুল কর্মীরা সব অপরাধের খবর পুলিশকে দেওয়ার কথা মনে রাখবেন। কর্মীদের উচিত হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানকে খবর দেওয়া, যাঁরা সুরক্ষা ও নিরাপত্তা অধিকর্তাকে জানাবেন, এবং যিনি আবার পুলিশকে বিষয়টির খবর দেবেন। এইরকম যে কোনো ঘটনার রিপোর্ট এমনভাবে করতে হবে যাতে তা উক্ত পরিস্থিতিতে যতটা সম্ভব গোপনীয়তা বজায় রেখে করা হয়।

## যখন স্কুলকে একটি বাধার আদেশ দেওয়া হয়েছে তখন কী কী করণীয়

যখন কোনো শিক্ষার্থী কোনো ব্যক্তির বিরুদ্ধে বাধার বা বিরত থাকার আদেশ নিয়ে আসে এবং তার প্রতিলিপি স্কুলকে দেয়, তখন হাই স্কুলের প্রধান/অধ্যক্ষ কর্মচারী বা শিক্ষার্থী এবং শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর সাথে একটি বৈঠকে বসে বাধার আদেশ ও তার প্রভাবগুলির বিষয়ে আলোচনা করবেন। আক্রান্ত ব্যক্তির প্রয়োজনীয়তা ও সমস্যাগুলির দিকে দৃষ্টি দিতে একটি "সুরক্ষা পরিকল্পনা" বানাতে হবে, তার মধ্যে এমনকিছু কর্মীও অন্তর্ভুক্ত থাকবেন যাঁদের কাছে শিক্ষার্থী বা কর্মচারী স্কুলে বা স্কুল-সংক্রান্ত কোনো অনুষ্ঠানে থাকাকালীন দরকার পড়লে বা সমস্যা দেখা দিলে বা বাধার আদেশ লঙ্ঘিত হতে দেখলেই জানাতে পারে। যদি বাধার আদেশটি স্কুল কম্যুনিটির অন্য কোনো সদস্যের বিরুদ্ধে আনা হয়ে থাকে, তাহলে সেই ব্যক্তিকে নিয়ে একটি পৃথক বৈঠক করে বাধার আদেশ ও তার জটিলতা, প্রত্যাশা ও আদেশ লঙ্ঘনের পরিণাম সম্পর্কে আলোচনা করতে হবে। "সুরক্ষা পরিকল্পনাটি" এমনভাবে করতে হবে যাতে তা উক্ত পরিস্থিতিতে যতটা সম্ভব গোপনীয়তা বজায় রেখে করা হয়।

### শাস্তিমূলক পদক্ষেপ

যদি নির্ধারিত হয় যে ভুল আচরণ ঘটেছে, তাহলে CPS সেই পরিস্থিতিতে যথাযোগ্য পদক্ষেপ গ্রহণ করবে। এইরকম পদক্ষেপের মধ্যে কাউন্সেলিং এবং/অথবা শৃঙ্খলিত করার চেষ্টা থেকে শুরু করে স্কুল থেকে স্থগিত রাখা বা বহিষ্কারও অন্তর্ভুক্ত থাকতে পারে।

### অন্যান্য প্রতিকার

স্কুলে বা স্কুলের বাইরে, স্কুলে যাতায়াতের পথে বা স্কুল সংক্রান্ত কোন অনুষ্ঠানে ঘটা কিশোর-কিশোরীদের ডেটিং হিংসার খবর উক্ত পদ্ধতি মেনে জানানোর পরেও যদি কোনো শিক্ষার্থী মনে করে যে তারা স্কুলে বা স্কুলের বাইরে, স্কুলে যাতায়াতের পথে বা স্কুল সংক্রান্ত কোন অনুষ্ঠানে ডেটিং হিংসার শিকার হচ্ছে, তাহলে তারা হয় CPS-এর অবৈষম্যমূলক নীতি ও যৌন নিগ্রহের বিরুদ্ধে নিষেধাজ্ঞা এবং/অথবা উত্পীড়নরোধী নীতিতে বর্ণিত পদ্ধতি অনুসারে হয়রানি এবং/অথবা উত্পীড়নের ঘটনাটির একটি অভিযোগ দায়ের করতে পারে। এছাড়াও, যেসব শিক্ষার্থীরা মনে করে যে স্কুল প্রাঙ্গণের বাইরে এবং/অথবা স্কুল না চলাকালীন তারা কিশোর-কিশোরীদের মধ্যে ডেটিং হিংসার শিকার হয়েছে তারা ঘটনাটি পুলিশের কাছে জানাতে পারে। যেসব শিক্ষার্থীরা মনে করে যে তারা বিপদগ্রহস্ত তারা কোনো ব্যক্তিকে তাদের উপরে শারীরিক ব্যথা, বা চোট বা ব্যথা অথবা চোটের হুমকি দেওয়া থেকে রুখতে স্থানীয় আদালত থেকে বাধার আদেশও আনতে পারে।

## শাস্তিদানের কার্যধারা (যথাযথ প্রক্রিয়া)

শাস্তিদানের কার্যধারাগুলি অধিকার ও দায়িত্বের পুস্তিকায় বর্ণিত রয়েছে। এই প্রক্রিয়াগুলির একটি সারসংক্ষেপ নীচে দেওয়া হল:

### 29. স্থগিতাদেশ

এটি CPS-এর নীতি যে চূড়ান্ত শাস্তিদানের ব্যবস্থা না নিয়েই শিক্ষার্থীদেরকে আচরণমূলক সমস্যার সমাধানে সাহায্য করতে প্রতিটি প্রচেষ্টা দিতে হবে। স্থগিতাদেশ শেষ অবলম্বন হিসাবেই প্রস্তাবিত। ততটা পর্যন্ত, হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানকে বা মনোনীত ব্যক্তিকে উপলভ্য অন্যান্য যথাযথ হস্তক্ষেপের পদ্ধতি ও শাস্তিমূলক ব্যবস্থাগুলি নিয়ে চেষ্টা করতে উত্সাহিত করা হচ্ছে যাতে স্থগিতাদেশ ঘোষণার আগে কোনো শিক্ষার্থীর মধ্যে সুশিক্ষা ও সুঅভ্যাসের বীজ বপণ করা যায়। যাইহোক, যেসব ক্ষেত্রে শিক্ষার্থীর আচরণ স্কুলের সংহতি নাশ করার পক্ষে যথেষ্ট, বা তাদের নিজেদের অথবা অন্যদের আঘাত করছে, অথবা তারা কমনওয়েলথ অফ ম্যাসাচুসেটসের আইনে নিষিদ্ধ কোনো কার্যকলাপে জড়িয়ে পড়ছে, তখন স্থগিতাদেশ জারী করতেই হবে।

শিক্ষার্থীর স্থগিতাদেশটি হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান অথবা মনোনীত ব্যক্তিকেই সম্পন্ন করতে হবে। যদি পরিস্থিতি প্রশমিত করার বা সহনীয় করার চেষ্টা করা হয় তাহলে স্থগিতাদেশের সিদ্ধান্ত নেওয়ার আগে তা বিবেচনা করে দেখা হবে। আরও তথ্যের জন্য *অধিকার ও দায়িত্বের পুস্তিকাটি* দেখুন।

হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান কোনো শিক্ষার্থীকে এক থেকে দশদিন পর্যন্ত স্কুল থেকে বাইরে থাকার স্থগিতাদেশ দিতে পারেন যদি সেই শিক্ষার্থী স্কুল ভবনে, স্কুল মাঠে, স্কুলে যাতায়াতের পথে, বা স্কুল অনুমোদিত যে কোনো কার্যকলাপে স্কুলে অথবা স্কুলের বাইরে স্কুলের কোনো নিয়ম লঙ্ঘন করে। কোনো ঘটনার তীব্রতার উপরে নির্ভর করে, যদি দেখা যায় যে কোনো শিক্ষার্থী *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* বর্ণিত আচরণবিধি লঙ্ঘন করছে বা

স্কুলভিত্তিক নিয়মকানুনগুলি লঙ্ঘন করছে তাহলে তাকে এক থেকে দশদিন পর্যন্ত স্কুলের বাইরে স্থগিত রাখা হতে পারে। যে আচরণগুলি স্থগিতাদেশে রূপ নিতে পারে সেগুলির মধ্যে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত থাকলেও শুধু তার মধ্যেই সীমিত নাও থাকতে পারে:

- হিংসা, বল, জবরদস্তি, হুমকি, ভীতিপ্রদর্শন বা অন্যান্য তুলনীয় আচরণের ব্যবহার করে থাকলে;
- স্কুল ভবনে বা স্কুলের কোনো সম্পত্তিতে আগুন ধরিয়ে থাকলে;
- আগুন লাগলে যে সেই স্থানে কোনো আপত্কালীন প্রস্থান নেই সেটি জেনেশুনে স্কুলের অ্যালার্ম বাজালে;
- অস্ত্র রাখা হয়েছে বা অস্ত্র রাখলে;
- নিয়ন্ত্রণযোগ্য পদার্থ বা মদ রাখলে বা তার নেশায় আচ্ছন্ন হয়ে থাকলে;
- কোনো গুরুতর অপরাধে দন্ডিত হয়েছে এবং নির্ধারিত হয়েছে যে স্কুলে তাদের উপস্থিতি বজায় থাকলে তা স্কুলের সাধারণ মঙ্গলের পক্ষে হানিকারক প্রভাব ডেকে আনবে;
- স্কুলের বা শিক্ষামূলক কোনো অনুষ্ঠানে বা স্কুলের সম্পত্তিতে সংঘটিত কোনো বৈধ বৈঠক চলার সময় অনুষ্ঠানটি চলা বা মিলিত হওয়ায় শারীরিকভাবে বাধা দেওয়া অথবা দেওয়ার চেষ্টা করা।
- ব্যক্তিগত সম্পত্তির ক্ষতি করেছে বা চুরি করেছে অথবা স্কুলে থাকাকালীন চুরি যাওয়া ব্যক্তিগত সম্পত্তি খুঁজে পাওয়া গেছে;
- স্কুলের সম্পত্তি ক্ষতি করার কারণ হয়েছে বা ক্ষতি করার চেষ্টা করেছে, স্কুলের সম্পত্তি চুরি করেছে বা চুরির চেষ্টা করেছে;
- ইচ্ছাপূর্বক কোনো শিক্ষার্থীর শারীরিক চোটআঘাত সৃষ্টি করেছে বা করার চেষ্টা করেছে;
- কোনো স্কুলকর্মী তাঁদের পদমর্যাদার সামর্থ্যে বৈধভাবে কাজ করতে গিয়ে যে নির্দেশগুলি দেন সেগুলি মেনে চলতে ব্যর্থ হওয়া যার ফলস্বরূপ অন্যান্য শিক্ষার্থীদের শিক্ষায় কোনো সংহতিনাশক প্রভাব পড়েছে;
- হুমকি, হয়রানি বা জবরদস্তি অথবা সংহতিনাশক আচরণ ব্যবহার করে কোনো স্কুলকর্মী অথবা শিক্ষার্থীকে বাধা দিয়েছে বা বল অথবা হিংসার প্রয়োগসহ বা ছাড়া স্কুল কার্যকলাপে বাধা দিয়েছে;
- এমন কোনো কাজে নিয়োজিত হওয়া যা কমনওয়েলথ অফ ম্যাসাচুসেটসের আইনে নিষিদ্ধ যা থেকে স্কুলের কার্যকলাপে বিঘ্ন ঘটে;
- এমন কোনো কাজ বারবার করা বা কোনো উত্পাত সৃষ্টি করা যাকে জ্ঞাতসারে ও ইচ্ছাপূর্বক *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* দেওয়া নিয়মকানুন ও দায়িত্ব লঙ্ঘন বলেই গণ্য করা হবে;
- এমন কোনো কার্যকলাপে নিয়োজিত হয়েছে যা শারীরিক অত্যাচারের উপর নিষেধাজ্ঞা জারী করা ম্যাসাচুসেটস আইনটিকে লঙ্ঘন করেছে (G.L. c.269, Sections 17-19);
- স্কুলের প্রাঙ্গণে বা স্কুল প্রাঙ্গণের ভিতরে বা বাইরে কোনো স্কুলের কার্যকলাপে কোনো ব্যক্তিকে হুমকি দেওয়া, হয়রান করা বা ভয় দেখানো;
- M.G.L. c. 71, বিভাগ 37H এবং/অথবা 37H ½ লঙ্ঘন করার কাজে নিয়োজিত হওয়া; এবং/অথবা
- অন্যান্য স্কুলভিত্তিক নিয়মকানুন লঙ্ঘন করা অথবা *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* থাকা আচরণ লঙ্ঘনে নিয়োজিত হওয়া।

স্থগিতাদেশ চলার সময়, কোনো শিক্ষার্থী স্কুলের আশেপাশে থাকতে পারবে না এবং স্কুলের কোনো অনুষ্ঠান ও কার্যকলাপেও অংশগ্রহণ করারও যোগ্য থাকবে না। এই শর্তগুলি মেনে চলতে না পারলে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান স্থগিতাদেশের মেয়াদ বাড়িয়ে দিতে পারেন।

## 30. বহিষ্করণ

এটি CPS-এর নীতির মধ্যেই পড়ে যে এমন একটি সুরক্ষিত পরিবেশ গড়ে তোলা যাতে শিক্ষার্থীরা সব প্রোগ্রামে অংশগ্রহণ করতে পারে এবং শিখতে পারে।

দুর্ভাগ্যবশতঃ, যদি কোনো শিক্ষার্থীর আচরণ অন্যান্য শিক্ষার্থী বা স্কুল বিভাগের কর্মীদের কাছে স্বাস্থ্য ও সুরক্ষার ঝুঁকি বহন করে, তাহলে হয়তো সেই শিক্ষার্থীকে বহিষ্কার করাটা জরুরী হয়ে পড়তে পারে।

ম্যাসাচুসেটস জেনারেল আইন, অধ্যায় 71, বিভাগ 37H-এর অধীনে, হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান কোনো শিক্ষার্থীকে বিপজ্জনক অস্ত্র রাখার জন্য, নিয়ন্ত্রণকারী পদার্থ রাখার জন্য, এবং/অথবা কোনো কর্মী সদস্যকে আক্রমণ করার জন্য বহিষ্কার করতে পারেন বা স্থগিতাদেশ দিতে পারেন।

ম্যাসাচুসেটস জেনারেল আইন, অধ্যায় 71, বিভাগ 37H ½-এর অধীনে, হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান অনির্দিষ্টকালের জন্য গুরুতর অপরাধে অভিযুক্ত কোনো শিক্ষার্থীকে অনির্দিষ্টকালের জন্য স্থগিতাদেশ দিতে পারেন, এবং গুরুতর অপরাধে অভিযুক্ত কোনো শিক্ষার্থীকে বহিষ্কার করতে পারেন যদি দেখা যায় যে সেই শিক্ষার্থীর স্কুলে উপস্থিতি বজায় রাখে তা স্কুলের সাধারণ মঙ্গলের পক্ষে হানিকারক হবে।

**বহিষ্কার আবেদনের প্রক্রিয়া**:যদি শুনানির পরে হাই স্কুলের প্রধান/অধ্যক্ষ শিক্ষার্থীটিকে M.G.L. c. 37H-এর অধীনে কোনো লঙ্ঘনের জন্য শিক্ষার্থীটিকে বহিষ্কারের সিদ্ধান্ত নেন, তাহলে শিক্ষার্থীর হাতে আবেদনটির ব্যাপারে সুপারিন্টেন্ডেন্টকে জানানোর জন্য শুনানির তারিখ থেকে দশদিন পর্যন্ত সময় থাকে। আবেদনের বিষয়বস্তুটি শুধুমাত্র শিক্ষার্থী এই বিভাগের কোনো বিধান লঙ্ঘন করেছে কিনা তার বাস্তবিক নির্ধারণের মধ্যেই সীমিত থাকবে না। যদি শুনানির পরে হাই স্কুলের প্রধান/অধ্যক্ষ শিক্ষার্থীটিকে M.G.L. c. অধ্যায় 71 বিভাগ 37H ½-এর লঙ্ঘনের জন্য অনির্দিষ্টকালের জন্য বহিষ্কার বা স্থগিত রাখার সিদ্ধান্ত নেন, তাহলে শিক্ষার্থীর হাতে আবেদনটির ব্যাপারে সুপারিন্টেন্ডেন্টকে জানানোর জন্য শুনানির তারিখ থেকে পাঁচদিন পর্যন্ত সময় থাকে। কোনো আবেদনের ব্যাপারে সিদ্ধান্তে উপনীত না হওয়া পর্যন্ত শিক্ষার্থীটি স্কুলের বাইরেই থাকবে। সুপারিন্টেন্ডেন্ট বা মনোনীত ব্যক্তির সামনে শুনানির সময় আইনি উপদেশ চাওয়ার অধিকার শিক্ষার্থীর আছে। সুপারিন্টেন্ডেন্ট বা মনোনীত ব্যক্তি বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে আবেদনের সিদ্ধান্তের ব্যাপারে লিখিতভাবে জানাবেন। আরও তথ্যের জন্য *অধিকার ও দায়িত্বের পুস্তিকাটি* দেখুন।

## 31. শিক্ষার্থীদের তল্লাশি এবং জিজ্ঞাসাবাদ

স্কুল নিরাপত্তা কর্মীদের পক্ষ থেকে শিক্ষার্থীদের তল্লাশি এবং জিজ্ঞাসাবাদের ক্ষেত্রে কেমব্রিজ স্কুল কমিটির নীতিগুলি হল নিম্নলিখিত:

K-8 গ্রেড লেভেল: হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান, সহকারী অধ্যক্ষ, বা মনোনীত ব্যক্তি অবশ্যই স্কুল নিরাপত্তা কর্মী অথবা স্কুল-বহির্ভূত কর্মীদের তরফ থেকে শিক্ষার্থীদের জিজ্ঞাসাবাদ ও তল্লাশি করা অনুমোদন করবেন।

9-12 গ্রেড লেভেল: হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান, সহকারী অধ্যক্ষ, বা মনোনীত ব্যক্তি অবশ্যই স্কুল নিরাপত্তা কর্মীর পক্ষ থেকে শিক্ষার্থীদের তল্লাশি অনুমোদন করবেন।

সব গ্রেড লেভেল (K-12): হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান, সহকারী অধ্যক্ষ, ডীন বা মনোনীত ব্যক্তি, যেখানে যুক্তিগ্রাহ্যভাবে সম্ভব, সেখানে অনুরোধ করতে পারেন যে কোন নিরাপত্তা কর্মীকে স্কুলে এবং/অথবা ক্ষুদ্র শিক্ষা প্রতিষ্ঠানে পাঠানো হবে।

K-8 গ্রেড লেভেল: স্কুল নিরাপত্তা কর্মী অথবা স্কুল-বহির্ভূত কর্মীদের তরফ থেকে শিক্ষার্থীদের জিজ্ঞাসাবাদ ও তল্লাশি করার সময়ে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান, সহকারী অধ্যক্ষ, অথবা মনোনীত ব্যক্তিকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।

9-12 গ্রেড লেভেল: স্কুল নিরাপত্তা কর্মী অথবা স্কুল-বহির্ভূত কর্মীদের তরফ থেকে শিক্ষার্থীদের জিজ্ঞাসাবাদ ও তল্লাশি করার সময়ে অধ্যক্ষ, সহকারী অধ্যক্ষ, অথবা মনোনীত ব্যক্তিকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।

K-8 গ্রেড লেভেল: শিক্ষার্থীর সমলিঙ্গ বিশিষ্ট কোনো ব্যক্তিকে, যেখানে সম্ভব সেখানে অবশ্যই স্কুল নিরাপত্তা কর্মী জিজ্ঞাসাবাদ চলার সময় শিক্ষার্থীর সাথে উপস্থিত থাকতে হবে। শিক্ষার্থীর সমলিঙ্গ বিশিষ্ট কোনো ব্যক্তিকেই স্কুল নিরাপত্তা কর্মীর তরফ থেকে সব তল্লাশির কাজ সম্পাদন করতে হবে।

9-12 গ্রেড লেভেল: শিক্ষার্থীর সমলিঙ্গ বিশিষ্ট কোনো ব্যক্তিকেই স্কুল নিরাপত্তা কর্মীর তরফ থেকে সব তল্লাশির কাজ সম্পাদন করতে হবে।

K-8 গ্রেড লেভেল: স্কুল নিরাপত্তা কর্মীরা কোনো শিক্ষার্থীকে জিজ্ঞাসাবাদ করার আগে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান, সহকারী অধ্যক্ষ বা মনোনীত ব্যক্তি অবশ্যই বাবা-মা বা অভিভাবককে জানাবেন। যদি আগাম নোটিশ দিয়েও কাজ না হয়, তাহলে বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে তার পরে যত শীঘ্র সম্ভব অবগত করা হবে, এবং একই দিনে একটি চিঠি পাঠানো হবে।

9-12 গ্রেড লেভেল: স্কুলের নিরাপত্তা কর্মীরা তল্লাশি চালানোর পরে অধ্যক্ষ, সহকারী অধ্যক্ষ, ডীন বা মনোনীত ব্যক্তি অবশ্যই অবিলম্বে বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে জানাবেন। তারপরে, সেই একই দিনে একটি চিঠিও পাঠানো হবে।

K-8 গ্রেড লেভেল: স্কুল নিরাপত্তা কর্মীরা কোনো শিক্ষার্থীকে জিজ্ঞাসাবাদ করার আগে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান, সহকারী অধ্যক্ষ বা মনোনীত ব্যক্তি অবশ্যই বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে অথবা

আপত্কালীন যোগাযোগের ব্যক্তিকে জানাবেন। যদি আগাম নোটিশ জারী করা সফল না হয় তাহলে বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে যত শীঘ্র সম্ভব জানানো হবে এবং একই দিনে একটি চিঠিও পাঠানো হবে।

বিঃদ্রঃ: আপত্কালীন যোগাযোগের সূত্র বলতে বোঝায় বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী কর্তৃক মনোনীত এমন কোনো ব্যক্তি যিনি শাস্তিমূলক ব্যাপারের ঘটনাগুলিতে সাড়া দিতে পারবেন, যার মধ্যে জিজ্ঞাসাবাদ বা তল্লাশিও অন্তর্ভুক্ত রয়েছে। প্রত্যেক শিক্ষাবর্ষে বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে জিজ্ঞাসাবাদ বা তল্লাশির মত শাস্তিমূলক ব্যাপারগুলির জন্য একজন আপত্কালীন যোগাযোগের ব্যক্তিকে মনোনীত করতে বলা হয়, যে ব্যক্তি বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর অনুমোদিত মাত্রা পর্যন্ত গিয়ে বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর হয়ে জিজ্ঞাসাবাদ বা তল্লাশির মত শাস্তিমূলক বিষয়গুলিতে প্রতিক্রিয়া দিতে পারবেন।

সব গ্রেড লেভেল (K-12): স্কুল নিরাপত্তাকর্মীদের তল্লাশি বা সাক্ষাত্কার নেওয়ার আগে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান, প্রশাসক বা মনোনীত ব্যক্তি অবশ্যই শিক্ষার্থীদেরকে তাদের অধিকার সম্পর্কে অবগত করবেন।

9-12 গ্রেড লেভেল: যখন স্কুলের নিরাপত্তা কর্মীরা কোনো শিক্ষার্থীকে জিজ্ঞাসাবাদ করবে তখন বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে জানানো প্রয়োজনীয় নয়।

স্কুলের নিরাপত্তা কর্মী সুপারিন্টেন্ডেন্টের আগাম অনুমোদন ছাড়া স্বতন্ত্র তদন্ত শুরু করবে না।

বিঃদ্রঃ: স্বতন্ত্র তদন্ত বলতে বোঝায় শিক্ষার্থী, শিক্ষকশিক্ষিকা এবং/অথবা কর্মীদের প্রতি চলতে থাকা কোনো গুরুতর ঝুঁকির তদন্ত, যে ঝুঁকিটি কোনো বিচ্ছিন্ন ঘটনার ফলস্বরূপ ঘটেনি। তদন্তটিতে অবশ্যই এক বা একাধিক স্কুল অথবা ডিস্ট্রিক্টের CRLS অন্তর্ভুক্ত থাকবে।

## 32. শিক্ষার্থীদের অভিযোগ জানানোর প্রক্রিয়া

যখন শিক্ষার্থী বা বাবা-মা/অভিভাবক মনে করেন যে *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* বর্ণিত শিক্ষার্থীদের অধিকারগুলি স্কুল বিভাগের কোনো কর্মচারী কর্তৃক লঙ্ঘিত হচ্ছে, এবং সদুপায়ে সেই পরিস্থিতিটির কোনো সমাধান করা যাচ্ছে না, তখন শিক্ষার্থী বা বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী সুপারিন্টেন্ডেন্টের কাছে একটি লিখিত অভিযোগ দায়ের করতে পারেন। লিখিত অভিযোগটির মধ্যে যেন অবশ্যই অভিযোগ, যে বিশেষ অধিকারটি খারিজ করা হচ্ছে সেটি, বাস্তব তথ্যের একটি সংক্ষিপ্ত বয়ান, এবং তার প্রতিকারের একটি বিশেষ অনুরোধ অন্তর্ভুক্ত থাকে। যদি সুপারিন্টেন্ডেন্ট লিখিত অভিযোগ পাওয়ার সাতটি স্কুল দিবসের মধ্যে অভিযোগকারী পক্ষের সন্তোষ অনুসারে অভিযোগটির নিষ্পত্তি করতে না পারেন, তাহলে সুপারিন্টেন্ডেন্ট উভয় পক্ষকেই ডাকযোগে একটি বিজ্ঞপ্তি পাঠাবেন।

বিজ্ঞপ্তিটির মধ্যে থাকবে:

- অভিযোগ পাওয়ার দশদিনের মধ্যে বৈঠকের সময় ও স্থান ঠিক করতে হবে তবে ব্যতিক্রম এই যে উভয় পক্ষই শুনানির প্রস্তুতি নেওয়া জন্য অতিরিক্ত পাঁচটি স্কুলদিবস পাবে; যে অনুযোগটি করা হয়েছে লিখিত অভিযোগে তার একটি আনুষ্ঠানিক বয়ান;
- সাক্ষীদের নামসহ বাস্তব তথ্যের একটি বিবৃতি;
- যে প্রতিকারগুলি চাওয়া হয়েছে তার একটি বিবৃতি, এবং;
- সব পক্ষদের অধিকারসমূহের একটি বয়ান, সব পক্ষদের আইনজীবী বা তাদের হয়ে পক্ষ সমর্থন করার জন্য অন্য কোনো ব্যক্তিকে পেশ করার, সাক্ষী ও প্রমাণ পেশ করা, এবং বিপক্ষের সাক্ষীকে প্রশ্ন করার অধিকার আছে।

**বৈঠক**টি যেন নিম্নলিখিত নির্দেশিকা মেনে করা হয়:

- তা যেন সুপারিন্টেন্ডেন্ট বা মনোনীত ব্যক্তির সামনেই করা হয়,
- আবদ্ধ সেশনে এবং ঘরোয়াভাবে করা হয়,
- সব পক্ষই তাদের উপদেষ্টা অথবা নিজস্ব পছন্দের অন্য কোনো ব্যক্তিকে পেশ করার অধিকার রাখে,
- সব পক্ষগুলি অবশ্যই অভিযোগের প্রাসঙ্গিক সব নথি ও স্কুলের নথি পরীক্ষা করবে, এবং
- সব পক্ষগুলিরই সাক্ষীকে প্রশ্ন করার এবং সাক্ষী ও প্রমাণ পেশ করার অধিকার আছে।

যদি সুপারিন্টেন্ডেন্ট বা মনোনীত ব্যক্তি নির্ধারণ করেন যে শিক্ষার্থীর অধিকার লঙ্ঘিত হয়েছে, তাহলে সে যথাযথ প্রতিকার চাইতে পারে।

## 33. পাঠক্রমবহির্ভূত কার্যকলাপে অংশগ্রহণ

CPS প্রশাসন এবং সুরক্ষা ও নিরাপত্তা বিভাগ এমন যে কোনো ব্যক্তিকে পাঠক্রম বহির্ভূত কার্যকলাপে অংশগ্রহণ করা থেকে বাধা দিতে পারে যে দর্শক ও অংশগ্রহণকারীকে সুরক্ষা এবং নিরাপত্তায় সম্ভাব্য ঝুঁকি খাড়া করে তুলতে পারে।

যেসব শিক্ষার্থী নিম্নলিখিত পরিস্থিতিতে পড়বে তাদেরকে ক্রীড়ানুষ্ঠান, খেলাধূলো, গানবাজনা, নাচ, প্রম, ফিল্ড ট্রিপ এবং অন্যান্য এমন পাঠক্রম বহির্ভূত কার্যকলাপ থেকে বাইরে রাখা হবে যাতে দর্শক আগমন হয়:

- স্থগিতাদেশ পেয়েছে এমন শিক্ষার্থীরা;
- যেসব প্রাক্তন শিক্ষার্থীদেরকে বহিষ্কার করা হয়েছে; এবং/অথবা
- শৃঙ্খলাজনিত সমস্যার জন্য যেসব শিক্ষার্থীদেরকে কোনো বিকল্প প্রোগ্রামে নথিভুক্ত করা হয়েছে।

যেসব শিক্ষার্থীরা উল্লিখিত শ্রেণীতে পড়া সত্ত্বেও মনে করে যে তাদের আচরণ এই অনুষ্ঠানগুলিতে প্রবেশের জন্য বিচার্য, তারা অবশ্যই হাই স্কুলের প্রধান/অধ্যক্ষ, সহকারী অধ্যক্ষ বা শিক্ষার্থীদের ডীনকে একটি অনুরোধ জমা দেবে। এই শিক্ষার্থীর পক্ষে কোনো পাঠক্রম বহির্ভূত অনুষ্ঠানে প্রবেশের ছাড়পত্র পেতে হাই স্কুলের প্রধান/অধ্যক্ষ, সহকারী অধ্যক্ষ বা শিক্ষার্থীদের ডীন এবং নিরাপত্তা অধিকরত্রা মধ্যে অবশ্যই একটি পারস্পরিক সমঝোতা হওয়া প্রয়োজন।

এছাড়াও CPS সমাজের এমন সদস্যদেরকে ক্রীড়ানুষ্ঠান, খেলাধূলো, গানবাজনা, নাচ, প্রম, ফিল্ড ট্রিপ এবং অন্যান্য এমন পাঠক্রম বহির্ভূত কার্যকলাপ থেকে বাইরে রাখার অধিকার রাখে হবে যাতে দর্শক আগমন হয়:

- সমাজে কোনো গুরুতর ঘটনায় জড়িয়েছে;
- হিংসার ইতিহাস আছে; এবং/অথবা
- সংহতিনাশক হয়েছে এবং/অথবা কর্মীদের অসম্মান করছে।

# অধিকার এবং বিশেষ সুবিধা

## 34. শিক্ষার্থীদের বিরুদ্ধে বৈষম্য না করা

ম্যাসাচুসেটস জেনারেল আইনের অধ্যায় 76, বিভাগ 5-এ বলা আছে যে: "[কোনো] ব্যক্তিকে জাতি, বর্ণ, গায়ের রঙ, লিঙ্গ, ধর্ম, দেশীয় উত্স, লিঙ্গ পরিচয় বা যৌন স্থিতিবিন্যাসের বিচারে যে কোনো শহরের সরকারী স্কুলে ভর্তি হওয়া থেকে, অথবা এইরকম সরকারী স্কুলের পাঠক্রম ও সুবিধায় উপকৃত হওয়া থেকে বাদ দেওয়া যাবে না অথবা বৈষম্য করা যাবে না।"

CPS এমন একটি পরিবেশ গড়ে তোলায় দায়বদ্ধ যাতে সব শিক্ষার্থীরা তাদের শিক্ষা সংক্রান্ত কার্যকলাপে অংশগ্রহণ করতে পারে ও শিখতে পারে। শারীররিক শাস্তিপ্রদান যে কোনোভাবেই স্পষ্টত নিষিদ্ধ। তাছাড়াও, এমন কোনো আচরণ যা অন্যদের সম্মানহানি করে, বা তাদের শেখার স্বাধীনতায় হস্তক্ষেপ করে, বা শত্রুতাপূর্ণ শিক্ষা পরিবেশ সৃষ্টি করে, তা অগ্রহণযোগ্য, এবং তার ফলস্বরূপ শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও, শিক্ষার্থীদের তরফ থেকে কোনোরকমভাবে ভয় দেখানো, হুমকি দেওয়া, হয়রানি করা, অবমাননা, অপমান করা, বা অন্যান্য প্রতিশোধ চরিতার্থ করার আচরণ সহ্য করা হবে না এবং তার ফলস্বরূপ শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। স্কুল কর্মীরা এইরকম ঘটনা স্কুল আধিকারিকদের কাছে জানানো থেকে শিক্ষার্থীদের অথবা তাদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদের নিরুত্সাহিত করবেন না বা বাধা দেবেন না। এইরকম কোনো হস্তক্ষেপ করা হলে সেই বিষয়ে অবিলম্বে সুপারিন্টেন্ডেন্টকে জানাতে হবে।

নীচে আপনি CPS-এর বিভিন্ন বৈষম্যরোধী নীতির একটি সংক্ষিপ্ত বিবরণ পাবেন।

## 35. যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধান নীতি ও পদ্ধতি

CPS এদের প্রোগ্রাম ও কার্যকলাপগুলিতে কর্মসংস্থানের ক্ষেত্রে অথবা তাতে ভর্তি হওয়া, আচারবিচার বা লাভ করার ক্ষেত্রে কোনো বৈষম্য সৃষ্টি করে না। CPS-এর নীতি হল যে শিক্ষার্থীর শারীরিক ও মানসিক প্রতিবন্ধকতা আছে বলে জ্ঞাত তাদেরকে যুক্তিগ্রাহ্য স্বাচ্ছন্দ্যবিধানের ব্যবস্থা করে দেওয়া। বিভাগ 504 অনুসারে শিক্ষার্থীদের জন্য স্বাচ্ছন্দ্যবিধানের ব্যবস্থা সরাসরি শিক্ষার্থীদের স্কুলে 504 কোঅর্ডিনেটরের কাছে করা যেতে পারে। স্কুল ডিস্ট্রিক্টের জন্য 504 কোঅর্ডিনেটর হলেন স্টুডেন্ট সার্ভিসের সহকারী সুপারিন্টেন্ডেন্ট, Cambridge

Public Schools, 159 Thorndike Street, Cambridge, MA 02141, 617-349-6500.

## 36. 1973-এর পুনর্বাসন আইনের বিভাগ 504-এর অধীনে অধিকারের বিজ্ঞপ্তি

এই অধিকারগুলি বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী এবং ম্যাসাচুসেটের প্রাপ্তবয়স্কতার বয়স 18 (আঠারোতে) পৌঁছনো শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য, এবং অধিকারগুলি হল নিম্নলিখিত:

1. বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী বা প্রাপ্তবয়স্কতা লাভ করা শিক্ষার্থীর পদ্ধতিগত অধিকারের বিজ্ঞপ্তির একটি প্রতিলিপি পাওয়ার অধিকার আছে যখন স্কুল ডিস্ট্রিক্টটি শনাক্ত করে, মূল্যায়ন করে, মূল্যায়ন করতে অস্বীকার করে, একটি নতুন শিক্ষামূলক প্লেসমেন্ট তৈরি করে, নতুন শিক্ষামূলক প্লেসমেন্ট অস্বীকার করে অথবা শিক্ষার্থীর অক্ষমতা বা সন্দেহভাজন অক্ষমতার জন্য শিক্ষার্থীর স্থাননির্ণয়ে কোনো গুরুত্বপূর্ণ পরিবর্তন আনে।
2. যদি স্কুল ডিস্ট্রিক্ট মনে করে যে শিক্ষার্থীর এমন কোনো মানসিক বা শারীরিক প্রতিবন্ধকতা আছে যার ফলে শেখা বা জীবনের অন্যান্য বড় কার্যকলাপগুলি সীমিত হয়ে যেতে পারে তাহলে বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী বা প্রাপ্তবয়স্কতা লাভ করা শিক্ষার্থীর তরফ থেকে শিক্ষার্থীকে মূল্যায়নের অধিকার আছে। স্বাচ্ছন্দ্যবিধানের কোনো পরিকল্পনা করার আগে এবং শিশুটির শিক্ষামূলক স্থাননির্ণয়ে কোনো গুরুত্বপূর্ণ পরিবর্তন আনার আগে বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী বা প্রাপ্তবয়স্কতা লাভ করা শিক্ষার্থী সেটি মূল্যায়ন করার অধিকার রাখেন। শিক্ষামূলক স্থাননির্ণয়ের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পরিবর্তনের উদাহরণ হল বহিষ্কারের জন্য সুপারিশ করা।
3. শিক্ষার্থীর বিনামূল্যে যথাযথ সরকারী শিক্ষা পাওয়ার অধিকার আছে। বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী একই খরচখরচা বহন করতে দায়ী থাকবেন যে খরচাগুলি সক্ষম শিশুদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী বহন করেন।
4. সর্বাধিক যতটা সম্ভব, শিক্ষার্থীর এমন অন্যান্য শিক্ষার্থীদের সাথে শিক্ষালাভের অধিকার আছে যারা অক্ষম নয়।
5. বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী বা চোদ্দ বছর বা তার বেশি বয়স বা নবম শ্রেণীতে পা দেওয়া শিক্ষার্থীর স্কুলের তরফ থেকে শিক্ষার্থীর যত প্রাসঙ্গিক নথি আছে তা পরীক্ষা করার অধিকার আছে।
6. বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী বা প্রাপ্তবয়স্কতা লাভ করা শিক্ষার্থী যদি কেমব্রিজ পাবলিক স্কুলের তরফ থেকে শিক্ষার্থীদের শনাক্তকরণ, মূল্যায়ন বা পুনর্বাসন আইনের বিভাগ 504-এর অধীনে স্থাননির্ণয়ের কোনো পদক্ষেপ নিয়ে বাদানুবাদ করতে চায় তাহলে তাদের পক্ষপাতহীন যথাযথ প্রক্রিয়ায় শুনানি চাওয়ার অধিকার আছে।
7. বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী বা প্রাপ্তবয়স্কতা লাভ করা শিক্ষার্থী যদি কেমব্রিজ পাবলিক স্কুলের তরফ থেকে পুনর্বাসন আইনের বিভাগ 504-এর অধীনে স্থাননির্ণয়ের কোনো পদক্ষেপ নিয়ে বাদানুবাদ করতে চায় তাহলে তাদের পক্ষপাতহীন যথাযথ প্রক্রিয়ায় শুনানি চাওয়ার জন্য ব্যুরো অফ স্পেশাল এডুকেশন আপীলসের কাছে (BSEA), One Congress Street, 11th Floor, Boston, MA 02114 ডাকযোগে বা BSEA-কে 617-626-7270-কে ফ্যাক্স করে অনুরোধ জমা দিতে হবে । শুনানির জন্য লিখিত অনুরোধটি আবশ্যিকভাবে Superintendent of Schools, Cambridge Public Schools, 159 Thorndike Street, Cambridge, MA 02141-র কাছেও জমা দিতে হবে। বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী বা প্রাপ্তবয়স্কতা লাভ করা শিক্ষার্থী যদি শেষ পর্যন্ত শুনানি আধিকারিকের সিদ্ধান্তের সাথে একমত না হয়, তাহলে তাঁদের ফেডারেল ডিস্ট্রিক্ট কোর্টের কাছে অভিযোগ দাখিল করে সেই সিদ্ধান্তটির পর্যালোচনা চাওয়ার অধিকার আছে।
8. বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী বা প্রাপ্তবয়স্কতা লাভ করা শিক্ষার্থীর যদি শিক্ষার্থীর শিক্ষা নিয়ে অন্য কোনো সমস্যা থাকে যা শুধুমাত্র শনাক্তকরণ, মূল্যায়ন বা স্থাননির্ণয় নিয়ে নয়, তাহলে বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী বা প্রাপ্তবয়স্কতা লাভ করা শিক্ষার্থীর স্কুল ডিস্ট্রিক্টের 504 কোঅর্ডিনেটরের কাছে একটি অভিযোগ বা অনুযোগ পেশ করার অধিকার আছে, যিনি স্টুডেন্ট সার্ভিসের সহকারী সুপারিন্টেন্ডেন্ট। এই অফিসটি 159 Thorndike Street, Cambridge, Massachusetts-এর প্রথম তলে

অবস্থিত। স্টুডেন্ট সার্ভিস অফিসের টেলিফোন নম্বর হল 617-349-6500।

9. বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী বা প্রাপ্তবয়স্কতা লাভ করা শিক্ষার্থীর যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগের অফিস অফ সিভিল রাইটসের কাছেও নীচের ঠিকানায় একটি অভিযোগ দায়ের করার অধিকার আছে, 5 Post Office Square, 8th Floor, Boston, MA 02109-3921 ফোন: 617-289-0111; ফ্যাক্স: 617-289-0150; TDD: 1-800-877-8339; ইমেল: OCR.Boston@ed.gov.

## 37. বিশেষ শিক্ষা

ফেডারেল এবং স্টেট আইনে নিশ্চিত করে যে অক্ষমতা যাই হোক না কেন প্রত্যেক শিক্ষার্থীরই বিনামূল্যে এবং যথাযথ সরকারী শিক্ষা পাওয়ার অধিকার আছে। যদি আপনি মনে করেন যে আপনার সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবার দরকার রয়েছে, তাহলে তারা এইরকম পরিষেবা পাওয়ার যোগ্য কিনা নির্ধারণ করতে আপনার সন্তানকে মূল্যায়ন করাতে চাওয়ার অধিকার আপনার আছে। যদি কোনো কর্মী সদস্যের কোনো শিশুর শিক্ষাগত এবং/অথবা সামাজিক ও আচরণ নিয়ে বিশেষ কোনো সমস্যা থাকে, তাহলে তাঁদের উচিত সেই সমস্যাটি হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের নজরে নিয়ে আসা যাতে হস্তক্ষেপ এবং/অথবা শিক্ষামূলক সহায়তা দলের সাহায্য পাওয়া যায়।

## 38. IEPs এবং 504 পরিকল্পনা থাকা শিক্ষার্থীরা

বিশেষ শিক্ষা পাওয়া শিক্ষার্থীরা বা যাদের 504 পরিকল্পনা রয়েছে তারা *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* থাকা বিধানগুলির শর্তাধীন। যেসব শিক্ষার্থী অক্ষমতা আছে এবং 504 পরিকল্পনা থাকা শিক্ষার্থীরা, ফেডারেল ও স্টেট আইন এবং নিয়মকানুনে নির্ধারিত অনুসারে, *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* থাকা বিধানগুলির শর্তাধীন থাকবে, এর ব্যতিক্রম হল *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* বিভাগ 18-তে অন্যথায় কিছু বর্ণিত হলে সেগুলি। আরও বিশেষভাবে বলতে গেলে, IEPS এবং 504 পরিকল্পনাগুলি নির্দেশ করবে যে শিক্ষার্থীদের পক্ষে *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* দেওয়া শৃঙ্খলার আচরণগুলি পূরণ করা প্রত্যাশিত কিনা বা শিক্ষার্থীর অক্ষমতার জন্য বিশেষভাবে পরিকল্পিত শৃঙ্খলা পদ্ধতি দরকার কিনা যেগুলি শিক্ষার্থীর চাহিদা পূরণ করবে। যদি কোনো শিক্ষার্থীর আচরণ অক্ষমতার কারণে প্রভাবিত হয়ে থাকে, তাহলে সেই আচরণগুলির ব্যবস্থা IEPS এবং/অথবা 504 দলের প্রক্রিয়ার মাধ্যমে করতে হবে। *অধিকার ও দায়িত্বের* পুস্তিকার অধীনে কোনো প্রশাসনিক সিদ্ধান্ত নির্ণয়ের সাথে হাই স্কুলের অধ্যক্ষ/প্রদান বা মনোনীত ব্যক্তি স্টুডেন্ট সার্ভিস অফিসকেও অক্ষমতা থাকা কোনো শিক্ষার্থীর স্থগিতাদেশযোগ্য অপরাধের ব্যাপারে জানাবেন, যে শিক্ষার্থীর IEPS এবং 504 পরিকল্পনা *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* বর্ণিত শৃঙ্খলা সংহিতা অথবা অন্য কোনো স্কুলভিত্তিক নিয়মকানুন সংশোধনের প্রয়োজনীয়তা দর্শায় না, এবং স্থগিতাদেশের বিজ্ঞপ্তির একটি প্রতিলিপি স্টুডেন্ট সার্ভিস অফিসের কাছে পাঠাবেন।

অক্ষমতা থাকা শিক্ষার্থীদেরকে নিয়ে *অধিকার ও দায়িত্বের পুস্তিকার* অধীনে সবরকম প্রশাসনিক সিদ্ধান্ত নির্ণয়ের জন্য স্টুডেন্ট সার্ভিস অফিসের কর্মীরা নিযুক্ত থাকবেন। যদি *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* থাকা কোনো প্রশাসনিক সিদ্ধান্ত শিক্ষার্থীর স্থাননির্ণয়কে প্রভাবিত না করে এবং/অথবা কোনো স্কুলবর্ষে দশটি (10) স্কুলদিবস বা তার বেশি স্থগিতাদেশ জমা না হয়, তাহলে দলীয় বৈঠকের দরকার হবে না। যদি *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* থাকা কোনো প্রশাসনিক সিদ্ধান্ত শিক্ষার্থীর স্থাননির্ণয়কে প্রভাবিত করে এবং/অথবা কোনো স্কুলবর্ষে দশটি (10) স্কুলদিবস বা তার বেশি স্থগিতাদেশ জমা হয়, তাহলে শাস্তিদান সম্পর্কে কোনো প্রশাসনিক সিদ্ধান্ত নেওয়ার আগে দলীয় বৈঠকের দরকার হবে *অধিকার ও দায়িত্বের পুস্তিকার* অধীনে কোনো প্রশাসনিক সিদ্ধান্ত নেওয়ার আগে, হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান ঠিক করবেন যে কোনো শিক্ষার্থীকে অক্ষমতা থাকা শিক্ষার্থী বলে মনোনীত করা হয়েছে কিনা অথবা তাকে কোনো বিসেষ শিক্ষামূলক মূল্যায়নের সুপারিশ করা হয়েছে কিনা যা এখনো পর্যন্ত বিশেষ শিক্ষা পরিষেবা পাওয়ার জন্য উপযুক্ত বলে নির্ধারিত হয়নি। যে শিক্ষার্থী বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবা পাওয়ার জন্য উপযুক্ত বলে নির্ধারিত হয়নি এবং যে এমন কোনো আচরণে নিয়োজিত হয়েছে যা কোনো নিয়মকানুন বা সংহিতা লঙ্ঘন করেছে তাহলে তা স্টেট ও ফেডারেল বিশেষ শিক্ষা আইন অনুসারে সুরক্ষার দরকার চিহ্নিত করতে পারে যদি স্কুলটি এই আচরণ ঘটার আগে থেকেই জানতো যে শিক্ষার্থীটির অক্ষমতা আছে, যে আচরণটির জন্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ পর্যন্ত গড়িয়েছে।

যে আচরণটির জন্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ পর্যন্ত গড়িয়েছে সেটি ঘটার আগে যদি নিম্নলিখিতগুলি ঘটে থাকে তাহলে ধরে নেওয়া হবে যে স্কুলটি জানে যে শিক্ষার্থীর অক্ষমতা আছে:

- বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী লিখিতভাবে স্পষ্ট করে তত্ত্বাবধায়কদের অথবা প্রশাসনিক কর্মী অথবা শিশুর কোনো শিক্ষকশিক্ষিকাকে জানিয়েছেন যে শিশুটির বিশেষ শিক্ষার দরকার আছে; অথবা
- বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী শিক্ষার্থীটির একটি মূল্যায়ন করানোর অনুরোধ জানিয়েছেন; বা
- শিক্ষার্থীর শিক্ষকশিক্ষিকা অথবা অন্যান্য স্কুল কর্মীরা সরাসরি শিক্ষার্থীর প্রদর্শিত কোনো আচরণের ধাঁচ নিয়ে উদ্বেগ প্রকাশ করে স্টুডেন্ট সার্ভিসের সহকারী সুপারিন্টেন্ডেন্ট বা স্টুডেন্ট সার্ভিসের অফিসের অন্যান্য তত্ত্বাবধায়ক কর্মীদের কাছে জানিয়েছেন।

স্কুল বিভাগের জানার কথা নয় যে শিক্ষার্থীটির অক্ষমতা আছে কিনা যদি:

- বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী শিক্ষার্থীটির কোনো মূল্যায়ন করতে না দিয়ে থাকেন;বা
- বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী শিক্ষার্থীটির জন্য পরিষেবা অস্বীকার করে; অথবা
- শিক্ষার্থীর মূল্যায়ন করা হয়েছে এবং দেখা গিয়েছে সে বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবার জন্য উপযুক্ত নয়।

যদি স্কুল বিভাগটির জানার কথা নয় যে শিক্ষার্থীটির অক্ষমতা আছে কিনা, তাহলে শিক্ষার্থীকে হয়তো *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* থাকা শৃঙ্খলা সংহিতার অধীনে শাস্তি দেওয়া হতে পারে, তবে নিম্নলিখিত সীমাবদ্ধতাগুলি প্রযোজ্য হতে পারে:

- যদি শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী শিক্ষার্থীকে শাস্তিদানের পর্ব চলাকালীন মূল্যায়নের অনুরোধ করে, তাহলে সেই মূল্যায়নটি অবশ্যই দ্রুতগতিতে নিষ্পন্ন করতে হবে; এবং
- মূল্যায়ন সম্পূর্ণ না হওয়া পর্যন্ত, শিক্ষার্থী স্কুল কর্তৃপক্ষের দ্বারা নির্ধারিত শিক্ষামূলক স্থানেই থাকবে।

যদি *অধিকার ও দায়িত্বের পুস্তিকার* অধীনে কোনো প্রশাসনিক সিদ্ধান্ত শিক্ষার্থীর স্থাননির্ণয়কে প্রভাবিত করে এবং/অথবা তার জন্য কোনো স্কুলবর্ষে দশদিন (10) বা তার বেশি স্থগিতাদেশ হয়ে যায় এবং/অথবা বহিষ্কারে ফলপ্রদ হয়, তাহলে নিম্নলিখিত বিধানগুলি প্রযোজ্য হবে:

স্কুলের তরফ থেকে একটি প্রদর্শন পর্যালোচনা সম্পন্ন করা হবে, শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী এবং শিক্ষার্থী দলের অন্যান্য প্রাসঙ্গিক সদস্যরা নির্ধারণ করবে যে শিক্ষার্থীর ভুল আচরণ সত্যিই তার অক্ষমতার প্রদর্শন কিনা। এই সিদ্ধান্তটি করার জন্য দলটি ঠিক করবে যে: (a) যে আচরণটি নিয়ে প্রশ্ন তোলা হচ্ছে সেটির সাথে শিশুর অক্ষমতার প্রত্যক্ষ এবং গুরুত্বপূর্ণ কোনো সম্পর্ক আছে কিনা বা সেই সম্পর্কেই সেই আচরণটি দেখা গিয়েছে কিনা; অথবা (b) যে আচরণটি নিয়ে প্রশ্ন তোলা হচ্ছে সেটি শিক্ষার্থীর IEP এবং/অথবা 504 পরিকল্পনা প্রয়োগ না করার প্রত্যক্ষ ফলস্বরূপ ঘটেছে কিনা। প্রদর্শনের সিদ্ধান্ত নির্ণয়ে কি ফলাফল হচ্ছে তার উপর নির্ভর করে, প্রস্তাবিত শাস্তিমূলক পদক্ষেপটি আরোপ করাও হতে পারে নাও করা হতে পারে। যদি দল এই সিদ্ধান্তে উপনীত হয় যে শিক্ষার্থীর আচরণ শিক্ষার্থীর অক্ষমতার প্রদর্শনমাত্র, তাহলে শিক্ষার্থীকে সেই স্থানেই ফিরিয়ে দেওয়া হবে যেখান থেকে শিক্ষার্থীটিকে সরিয়ে দেওয়া হয়েছিল যদি না বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী এবং স্কুল ডিস্ট্রিক্ট শিক্ষার্থীর আচরণে হস্তক্ষেপ পরিকল্পনা করার অংশ হিসাবে নির্ণীত স্থানটি পাল্টানোর জন্য সম্মত না হয়। এছাড়াও,শিক্ষার্থীর IEP এবং/অথবা 504 পরিকল্পনায়, প্রযোজ্য স্টেট ও ফেডারেল আইন মেনে স্থাননির্ণয় বা তার আরোপে কোনো ঘাটতি হচ্ছে কিনা দেখার জন্য অবিলম্বে পদক্ষেপ গ্রহণ করবে, তার মধ্যে শিক্ষার্থীর আচরণগত কার্যকারিতার মূল্যায়নও অন্তর্ভুক্ত রয়েছে, তবে তা এই শর্তে যে এইরকম আচরণ মূল্যায়ন আচরণটি ঘটার আগে কখনো করা হয়নি যা থেকে দলটি প্রদর্শনের সিদ্ধান্ত নেওয়ার বৈঠক বসেছিল; এবং তারপরে হয় আচরণগত হস্তক্ষেপের পরিকল্পনা আরোপ করতে হবে অথবা শিক্ষার্থীর বিদ্যমান আচরণগত হস্তক্ষেপের পরিকল্পনা পর্যালোচনা করে প্রয়োজনমত সংশোধন আনতে হবে।

যদি দলটি এই সিদ্ধান্তে উপনীত হয় যে শিক্ষার্থীর আচরণ তার অক্ষমতার কোনো প্রদর্শন নয় তাহলে:

- দলটি একটি বিকল্প পরিকল্পনা তৈরি করবে যা স্থগিতাদেশ চলাকালীন শিক্ষার্থীকে বিনামূল্যে যথাযথ সরকারী শিক্ষা প্রদান করতে পারবে;

- দল এই বিকল্প পরিকল্পনাটি শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর কাছে লিখিত বিজ্ঞপ্তিসহ পেশ করবে যা স্টেট ও ফেডারেল আইন ও নিয়মনীতি অনুসারে করা আবশ্যিক। বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী যদি বিকল্প পরিকল্পনার অধীনে পরিষেবার বিধানগুলিতে সম্মতি দিতে ব্যর্থ হন বা সম্মতি দিতে অস্বীকার করেন, তাহলে তা স্থগিতাদেশ আরোপ করা আটকাতে পারবে না।

যদি শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী ম্যাসাচুসেটস ডিপার্টমেন্ট অফ এলিমেন্টারি অ্যান্ড সেকেন্ডারি এডুকেশন ব্যুরো অফ স্পেশাল এডুকেশন আপীলসের সম্মুখে একটি শুনানির আবেদন করেন, তাহলে শিক্ষার্থীটি *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* থাকা প্রশাসনিক সিদ্ধান্তের ফলস্বরূপ স্কুলের দ্বারা শনাক্ত একটি মধ্যবর্তী বিকল্প শিক্ষা চালিয়ে যাবে যতক্ষণ না সেই শাস্তির মেয়াদটি উত্তীর্ণ না হচ্ছে অথবা শিক্ষার্থীর স্থান নির্ণয় পাল্টানোর জন্য শুনানি আধিকারিকের তরফ থেকে কোনো আদেশপ্রাপ্ত না হচ্ছে, যেটি আগে ঘটবে সেটিই প্রযোজ্য হবে।

যেসব ক্ষেত্রে স্থাননির্ণয়ের পরিবর্তন অথবা দশটি (10) স্কুলদিবসের বেশি স্থগিতাদেশ আরোপ করা হবে, সেসব ক্ষেত্রে শিক্ষার্থীকে অবশ্যই একটি নিখরচার যথাযথ সরকারী শিক্ষাব্যবস্থা প্রদান করতে হবে। যে শিক্ষার্থী আচরণবিধি লঙ্ঘন করেছে তার স্থাননির্ণয় পরিবর্তনের আদেশ করা হবে কিনা ঠিক করার সময় স্কুলকর্মীরা ঘটনাবিশেষে কোনো অনন্য পরিস্থিতি তৈরি হয়েছে কিনা বিচার করে দেখতে পারে।

শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার প্রশাসনিক সিদ্ধান্ত নেওয়ার তারিখের দশটি (10) স্কুলদিবসের মধ্যে নিম্নলিখিতগুলি ঘটবে:

- যদি শিক্ষার্থীর কার্যকর আচরণের কোনো মূল্যায়ন ইতিমধ্যেই না হয়ে থাকে তাহলে সেটি পালন করার জন্য দলটি একত্রিত হবে;
- দলটি অবশ্যই শিক্ষার্থীর আচরণগত হস্তক্ষেপের পরিকল্পনাটি আরোপ করবে যদি সেইরকম কোনো পরিকল্পনা যে আচরণটি থেকে শাস্তিদানের সূত্রপাত ঘটেছে তার আগে আরোপ করা না হয়ে থাকে; অথবা
- দলটি অবশ্যই শিক্ষার্থীর আচরণগত হস্তক্ষেপের পরিকল্পনা পর্যালোচনা ও সংশোধন করবে যদি সেইরকম কোনো পরিকল্পনা যে আচরণটি থেকে শাস্তিদানের সূত্রপাত ঘটেছে তার আগে আরোপ করা হয়ে থাকে।
- দলটি বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর অনুমতি নিয়ে বা না নিয়েই কোনো অন্তবর্তী বিকল্প শিক্ষামূলক বিন্যাসে পঁয়তাল্লিশ (45) স্কুল দিবস পর্যন্ত শিক্ষার্থীর স্থান পাল্টানোর সিদ্ধান্ত নিতে পারে, যতক্ষণ পর্যন্ত নিম্নলিখিত এক বা একাধিক ক্ষেত্রে বিনামূল্যে যথাযথ সরকারী শিক্ষার ব্যবস্থা প্রদান না করা হচ্ছে:
- কোনো শিক্ষার্থী স্কুলে বা স্কুলের কোন অনুষ্ঠানে কোনো অস্ত্রশস্ত্র বহন করে নিয়ে আসে;
- কোনো শিক্ষার্থী জ্ঞাতসারে বেআইনি কোনো মাদক এবং/অথবা নিয়ন্ত্রণকারী পদার্থ স্কুলে বা স্কুলের কোনো অনুষ্ঠানে নিয়ে আসে, ব্যবহার করে, বিক্রী করে বা বিক্রীর পরামর্শ দেয়; বা
- কোনো শিক্ষার্থী স্কুলে, স্কুলের প্রাঙ্গণে, বা স্কুলের কোনো অনুষ্ঠানে অন্য কোনো ব্যক্তির উপরে গুরুতর শারীরিক চোটআঘাত হানে। "গুরুতর শারীরিক চোটআঘাত" আরও বিশেষভাবে বলতে গেলে এমনধরনের চোটআঘাতকে বোঝায় যার মধ্যে মৃত্যুর গুরুতর ঝুঁকি, তীব্র শারীরিক যন্ত্রণা, হাড় বের করে দেওয়া বা সুস্পষ্ট বিকৃতি ঘটানো বা সঙ্কটজনক হানি বা শরীরের কোনো অঙ্গপ্রত্যঙ্গের কার্যকারিতা বিকল করে দেওয়া অথবা মানসিক কার্যকারিতার হানি অন্তর্ভুক্ত রয়েছে।

যদি স্কুলটি নির্ধারণ করে যে শিক্ষার্থীটি তাদের বর্তমান স্থানে রয়ে গেলে তা গুরুতরভাবে শিক্ষার্থীটির অথবা অন্যান্যদের চোটআঘাতে রূপ নিতে পারে, তাহলে তারা শিক্ষার্থীটিকে পঁয়তাল্লিশ (45) দিন পর্যন্ত অন্য কোন অন্তর্বর্তী বিকল্প শিক্ষামূলক বিন্যাসে সরিয়ে দেওয়ার জন্য ম্যাসাচুসেটস ডিপার্টমেন্ট অফ এলিমেন্টারি অ্যান্ড সেকেন্ডারি এডুকেশন ব্যুরো অফ স্পেশাল এডুকেশন আপীলসের কাছ থেকে আদেশ চাইতে পারে।

## 39. ইতিবাচক পদক্ষেপ/ অবৈষম্যতার বিজ্ঞপ্তি

CPS এদের শিক্ষামূলক এবং কর্মসংস্থানের সুযোগ উভয় ক্ষেত্রেই প্রত্যেকটি আঙ্গিক থেকে সমান সুযোগের নীতি অনুসরণ করে। এরা এদের শিক্ষামূলক এবং কর্মসংস্থানের সুযোগ উভয় ক্ষেত্রেই অথবা প্রোগ্রাম ও কার্যকলাপগুলিতে জাতি,

বর্ণ, দেশীয় উত্স, গায়ের রঙ, বংশ, ধর্ম, বয়স, অক্ষমতা, জিনগত তথ্য, অভিজ্ঞতার স্থিতি, বৈবাহিক স্থিতি, লিঙ্গ, যৌনতা, যৌন পরিচয় বা স্থিতিবিন্যাস, গর্ভাবস্থা বা গর্ভাবস্থা সংক্রান্ত অবস্থার ভিত্তিকে বৈষম্য করে না ও বৈষম্য করাও নিষিদ্ধ ঘোষণা করেছে। CPS বয় স্কাউট এবং ফেডারেল আইনে আবশ্যিক অন্যান্য তরুণ দলগুলিকেও সমানাধিকার দান করে। নিম্নলিখিত ব্যক্তিকে বৈষম্যহীনতা নীতিগুলি নিয়ে জিজ্ঞাসাবাদ পরিচালনা করতে মনোনীত করা হয়েছে: ডিরেক্টর অফ ডাইভার্সিটি ডেভেলপমেন্ট, 159 Thorndike Street, Cambridge, MA 02141, 617-349-6457।

বৈষম্যহীনতার ব্যাপারে আরও তথ্য জানতে আপনি যুক্তরাষ্টের শিক্ষা বিভাগের অফিস অফ সিভিল রাইসের সাথে, 5 Post Office Square, 8th Floor, Boston, MA 02109-তে যোগাযোগ করতে পারেন, ফোন: 617-289-0111; ফ্যাক্স: 617-289-0150.

## 40. হোমলেস এডুকেশন লিয়াঁজ

কেমব্রিজে অন্যান্য শিশুরা যেরকম সরকারী শিক্ষা পায় ঠিক সেভাবেই গৃহহীন শিশু ও নিঃসঙ্গ কিশোরদের শিক্ষার সমানাধিকার দিতেও CPS দায়বদ্ধ। গৃহহীন শিশু ও নিঃসঙ্গ কিশোরদের শিক্ষার ব্যাপারে সমস্যাগুলি কেমব্রিজ পাবলিক স্কুলের হোমলেস এডুকেশন লিয়াঁজর কাছে পেশ করতে হবে। হোমলেস এডুকেশন লিয়াঁজর অফিসটি টাইটেল। অফিস 159 Thorndike Street, Cambridge, MA 02141-এ অবস্থিত। টেলিফোন নম্বরটি হল 617-349-6487।

## 41. জমায়েত হওয়ার স্বাধীনতা

শিক্ষার্থীরা মুক্তমনে ও শান্তিপূর্ণভাবে স্কুলের প্রাঙ্গণে একত্রিত হওয়ার উপভোগ করবে এবং তাদের মতামত এবং আদর্শগুলি প্রকাশের স্বাধীনতাও থাকবে। যেসব শিক্ষার্থীরা একত্রিত হওয়ার বা বৈঠক করার পরিকল্পনা করছে তাদেরকে হাই স্কুলের প্রধান/অধ্যক্ষ অথবা সহকারী অধ্যক্ষের কাছ থেকে আগাম অনুমোদন নিতে হবে। শিক্ষার্থীদের স্কুলের মধ্যে বাইরে থেকে বক্তাদের আমন্ত্রণ করার ও তাদের কথা শোনারও অধিকার আছে। কিছু আধিকারিক হয়তো সংঘাত এড়াতে এবং স্কুল সম্প্রদায়ের যথাযথ সুরক্ষা সুনিশ্চিত করতে বক্তৃতার সময় ও স্থান নিয়ন্ত্রণ করতে পারেন এবং সেটির জন্য আগাম বিজ্ঞপ্তি জারী করাও প্রয়োজন। আগাম অনুমোদনের জন্য শিক্ষার্থীদেরকে বক্তার নাম হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান অথবা সহকারী অধ্যক্ষের কাছে জমা দিতে হবে। স্কুল আধিকারিকরা সাধারণতঃ কোনো বাইরের বক্তাকে অনুমোদন করবেন যদি না তাঁদের এরকম কিছু মনে হয় যে বক্তা স্কুলের কার্যকলাপে গুরুতর সংহতিনাশ করতে পারেন। এইরকম অনুষ্ঠানের পরিকল্পনা করার পক্ষে শিক্ষার্থী সরকার বৈঠক ও স্কুল কম্যুনিটির বৈঠকগুলি হল আদর্শ জায়গা।

## 42. মতবাদ প্রকাশের স্বাধীনতা

স্কুলের মধ্যে শিক্ষার্থীদের নির্দিষ্ট কিছু সাংবিধানিক অধিকারও থাকে, যা আদালতই নির্ধারণ করে দিয়েছে। শিক্ষার্থীদের কথা বলা, লেখা, কোনো কিছু পরা, বা বোতাম, ব্যাজ, প্রতীক এবং আর্ম ব্যান্ডের মত কিছু প্রদর্শন করে, অথবা অন্যান্য মাধ্যম বা ভাবপ্রকাশের ধরন ব্যবহার করে নিজেদের মতামত প্রকাশের অধিকার রয়েছে। হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান বা সহকারী অধ্যক্ষ ভাবপ্রকাশ নিয়ন্ত্রণ করতে পারেন যদি তাঁর কাছে বাস্তবিকভাবে মনে করার কোনো কারণ থাকে যে বিশেষ কোনোভাবে ভাবপ্রকাশ করলে তা স্কুলের কার্যকলাপ গুরুতরভাবে ব্যাহত করা আসন্ন হয়ে উঠবে। এইরকম সংহতিনাশের মধ্যে সবধরনের বর্ণবিদ্বেষে সহায়তা করা, পর্ণোগ্রাফিক উপকরণ, অশ্লীল বা কুত্সাপূর্ণ বিবৃতিদান, বা অন্যদেরকে স্কুলের নিয়ম লঙ্ঘন করতে উত্সাহিত করা অন্তর্ভুক্ত থাকতে পারে।

## 43. ব্যক্তি স্বাধীনতা

শিক্ষার্থীদের স্কুল ভবনে, স্কুলের মাঠে, স্কুলে যাতায়াতের সময় এবং স্কুলের দ্বারা আয়োজিত যে কোনো অনুষ্ঠানে নিরাপদ ও সুরক্ষিত থাকার অধিকার আছে। শিক্ষার্থী, স্কুল কর্মী বা স্কুল আধিকারিকরা কোনোভাবেই অন্য কোনো শিক্ষার্থী, শিক্ষকশিক্ষিকা বা স্কুল আধিকারিককে শারীরিকভাবে জখম করতে বা সেই প্রচেষ্টায় শারীরিক বলপ্রয়োগ করবেন না। কোনো শিক্ষকশিক্ষিকা বা স্কুল আধিকারিক হয়তো যুক্তিসঙ্গত এবং প্রয়োজনীয় বলে মনে করলে শারীরিক বলপ্রয়োগ করতে পারেন। যে তিনটি পরিস্থিতিতে এইগুলি অনুমোদনযোগ্য সেগুলি হল:

- অস্ত্র বা অন্য কোনো বিপজ্জনক বস্তু কেড়ে নিতে,
- আত্মরক্ষার জন্য, এবং
- অন্য কোনো ব্যক্তি বা সম্পত্তির সুরক্ষার জন্য।

যেখানে বলপ্রয়োগ করা জরুরী হয়ে পড়ে সেখানে সাধারণ জ্ঞান ও অভিজ্ঞতার ভিত্তিতেই তা করা হয়। শিক্ষার্থীদের শাস্তি দেওয়া বা শৃঙ্খলিত করার জন্য কোনোভাবে শারীরিক বলপ্রয়োগ করা নিষিদ্ধ।

## 44. বৈষম্যহীনতা নীতি এবং যৌননিগ্রহের বিরুদ্ধে নিষেধাজ্ঞা

CPS এমন এক শিক্ষার পরিবেশ ও কর্মস্থল রক্ষা করায় দায়বদ্ধ যেখানে ধর্মান্ধতা ও অসহিষ্ণুতাসহ, জাতি, বর্ণ, গায়ের রঙ, দেশীয় উত্স, বংশ, ধর্ম, অক্ষমতা, জিনগত তথ্য, অভিজ্ঞতার স্থিতি, বৈবাহিক স্থিতি, লিঙ্গ, যৌনতা, লিঙ্গ পরিচয় বা ভাবপ্রকাশ, যৌন স্থিতিবিন্যাস, গর্ভাবস্থা, বা গর্ভাবস্থা-সংক্রান্ত পরিস্থিতিগুলি সহ্য করা হবে না, এবং যেখানে লক্ষ্য করা হবে যে ভয় দেখানো, হুমকি প্রদর্শন, জবরদস্তি এবং/অথবা হয়রানি করে অন্যদের সম্মানহানি করা হচ্ছে ও তাঁদের কাজ করা বা শেখার স্বাধীনতাকে ব্যাহত করা হচ্ছে তা অগ্রহণযোগ্য বলেই বিবেচ্য হবে।

CPS কঠোরভাবে হয়রানি ও নিগ্রহের বিরুদ্ধে নিষেধাজ্ঞা অবলম্বন করে, তা সে যৌন হয়রানি বা অন্য কোনোরকম হয়রানিই হোক না কেন।এবং সেটি এদের শিক্ষার্থী, বা কর্মচারীকে সহপাঠী শিক্ষার্থী, শিক্ষক, তত্ত্বাবধায়ক, সহকর্মী, বিক্রেতা, অন্যান্য তৃতীয়পক্ষ যেই করুক না কেন, যেহেতু এইরকম আচরণ CPS-এর লক্ষ্য ও শিক্ষা ও কর্মসংস্থানে সমানাধিকার আনার প্রতিশ্রুতিতে বিরুদ্ধাচরণ করে।

নিগ্রহ এবং হয়রানির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে অনাকাঙ্খিত আচরণ তা সে মৌখিক বা শারীরিক যাই হোক না কেন, যা আইনে সুরক্ষিত কোনো বৈশিষ্ট্যের ভিত্তিতে করা হয়, যেমন জাতি, বর্ণ, গায়ের রঙ, দেশীয় উত্স, বংশ, ধর্ম, অক্ষমতা, জিনগত তথ্য, অভিজ্ঞতার স্থিতি, বৈবাহিক স্থিতি, লিঙ্গ, যৌনতা, লিঙ্গ পরিচয় বা ভাবপ্রকাশ, যৌন স্থিতিবিন্যাস, গর্ভাবস্থা, বা গর্ভাবস্থা-সংক্রান্ত স্থিতি। "যৌন হয়রানিকে" যৌন প্রকৃতির অস্বাচ্ছন্দ্যমূলক আচরণ হিসাবে সংজ্ঞায়িত করা হয়। এর মধ্যে যৌনভাবে ঘনিষ্ঠ হওয়ার চেষ্টা, যৌন আনুকূল্য পাওয়ার অনুরোধ, যৌন প্রকৃতির মৌখিক, অমৌখিক বা শারীরিক আচরণ অন্তর্ভুক্ত থাকে যখন:

- এইরকম অনুরোধ, আচরণ বা ঘনিষ্ঠ হওয়ার চেষ্টায় বশ্যতা স্বীকার করা বা অস্বীকার করা হয় স্পষ্টভাবে বা গূঢ়ভাবে কর্মসংস্থান, শিক্ষাগত অবস্থান, স্কুল সংক্রান্ত সুযোগ বা কর্মসংস্থানের সিদ্ধান্তের ভিত্তি হিসাবে করা হয়ে থাকে।
- এইরকমভাবে ঘনিষ্ঠ হওয়া, অনুরোধ করা বা আচরণ করার মধ্যে ভীতিমূলক, শত্রুতাপূর্ণ, অপমানকর, বা যৌন অপরাধমূলক শিক্ষার পরিবেশ তৈরি করে অযৌক্তিকভাবে কারোর শিক্ষা বা কাজের অগ্রগতিতে হস্তক্ষেপ করার একটি চেষ্টা থাকে।

যৌন নিগ্রহের মধ্যে অন্তর্ভুক্ত থাকে যৌন হিংসার কার্যকলাপ যার মধ্যে সীমাহীনভাবে কোনো ব্যক্তির ইচ্ছার বিরুদ্ধে যৌন ক্রিয়াকলাপ বা যেখানে কোনো ব্যক্তি মদ বা মাদকের ঘোরে বা বুদ্ধির বিকৃতি অথবা অন্যান্য অক্ষমতার কারণে সম্মতিদানে অসমর্থ সেখানে তাঁর বিরুদ্ধে যৌনাচার করাও অন্তর্গত রয়েছে। বহু বিভিন্ন ক্রিয়াকলাপ যৌন হিংসার শ্রেণীতে পড়ে, যার মধ্যে ধর্ষণ, যৌন আক্রমণ, যৌন স্পর্শ এবং যৌনাচারে জবরদস্তিও অন্তর্ভুক্ত রয়েছে। যৌন হিংসার এই সব ক্রিয়াকলাপগুলিই যৌন নিগ্রহের বিভিন্ন আকার যা প্রচ্ছদ IX-এ রয়েছে।

CPS কোনো হয়রানিকর বা বৈষম্যমূলক আচরণ সহ্য করবে না যা কর্মসংস্থান বা শিক্ষাক্ষেত্রের পরিস্থিতিগুলিকে বিঘ্নিত করে, যা অযৌক্তিকভাবে কোনো ব্যক্তির স্কুল বা কাজের উপরে প্রভাব ফেলে, বা কাজ ও স্কুলের পরিবেশে ভয়প্রদ, শত্রুতাপূর্ণ বা অপরাধমূলক গড়ে তোলে। স্কুলে বা কর্মস্থলে শিক্ষার্থী বা কর্মচারীদের সাথে নিগ্রহ এবং/অথবা হয়রানির ঘটনা ঘটা আইনত নিষিদ্ধ এবং CPS-এর পক্ষ থেকেও তা সহ্য করা হবে না। এই নীতিটির উদ্দেশ্যে, "কর্মস্থল" বা "স্কুল" বলতে স্কুলের স্পনসর করা সামাজিক অনুষ্ঠান, সফর, খেলাধূলোর অনুষ্ঠান, কাজ সংক্রান্ত ভ্রমণ বা অনুরূপ অনুষ্ঠানকে বোঝায় যা স্কুল বা কর্মসংস্থানের সাথে জড়িত, তারমধ্যে সীমাহীনভাবে পাঠক্রমবহির্ভূত এবং অন্যান্য খেলাধূলোর কার্যকলাপ ও প্রোগ্রাম, স্পনসর করা ক্ষেত্র সফরের জন্য স্কুল থেকে যাতায়াত করাও অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও বৈষম্যমূলক আচরণ, হয়রানি বা প্রতিশোধের ঘটনার অভিযোগ জানানো কোনো ব্যক্তির বিরুদ্ধে প্রতিহিংসা চরিতার্থ করা; অথবা বৈষম্যমূলক আচরণ, হয়রানি বা প্রতিশোধের ঘটনার তদন্তে সহযোগিতা করা কোনো ব্যক্তির বিরুদ্ধে প্রতিহিংসা চরিতার্থ করা একইরকম বেআইনি এবং তা সহ্য করা হবে না।

CPS বৈষম্যমূলক আচরণ এবং হয়রানির অভিযোগগুলিকে গুরুত্বের সাথে দেখে এবং

অভিযোগে সত্ত্বর সাড়া দেয়। যেখানে নির্ধারিত হবে যে ভুল আচরণ ঘটেছে, সেখানে CPS সত্ত্বর সেই আচরণটি অপসারণ করার চেষ্টা করবে এবং প্রয়োজনমত সংশোধনমূলক ব্যবস্থা নেবে, যারমধ্যে যেখানে দরকার সেখানে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া অন্তর্ভুক্ত রয়েছে, সাথে চাকরি শেষ করা বা স্কুল সংক্রান্ত শাস্তিদানও রয়েছে।

কোনো শিক্ষার্থী ঘরোয়াভাবে শিক্ষার্থীর শিক্ষকশিক্ষিকা, হাই স্কুলের প্রধান/অধ্যক্ষ বা ডীন, ডাইভার্সিটি ডেভেলপমেন্টের অধিকর্তা অথবা শিক্ষা ও শিক্ষণের ডেপুটি সুপারিন্টেন্ডেন্টের কাছে বৈষম্যমূলক চর্চার অভিযোগ জানাতে পারে। কোনো কর্মচারী তাঁদের সুপারভাইজার, ডাইভার্সিটি ডেভেলপমেন্টের অধিকর্তা বা হিউম্যান রিসোর্স অফিসের মুখ্য কার্যনির্বাহী অধিকর্তার কাছে অভিযোগ জানাতে পারেন। ডাইভার্সিটি ডেভেলপমেন্টের অধিকর্তা, হিউম্যান রিসোর্স এবং শিক্ষা ও শিক্ষণের ডেপুটি সুপারিন্টেন্ডেন্টের অফিসগুলি 159 Thorndike Street, Cambridge, Massachusetts-এ অবস্থিত। ডাইভার্সিটি ডেভেলপমেন্টের অধিকর্তার টেলিফোন নম্বর হল 617-349-6457, হিউম্যান রিসোর্সের টেলিফোন নম্বর হল 617-349-6438 শিক্ষা ও শিক্ষণের ডেপুটি সুপারিন্টেন্ডেন্টের টেলিফোন নম্বর হল 617-349-6418। ডাইভার্সিটি ডেভেলপমেন্টের অধিকর্তা বৈষম্যমূলক চর্চা নিয়ে তোলা আনুষ্ঠানিক অভিযোগগুলিও সামলান।

কিছু কিছু ক্ষেত্রে অভিযোগ তোলা আচরণটি হয়তো প্রচ্ছদ IX-এর অধীনে যৌন নিগ্রহ ও অপরাধমূলক কার্যকলাপ হিসাবে গণ্য হতে পারে। যদি আপনি মনে করেন যে আচরণটি একটি অপরাধ, তাহলে আপনার যে কোনো সময়ে, এমনকি আপনার অভিযোগ নিয়ে স্কুলের তদন্ত চলার সময় বা তার আগেও আপনি অপরাধের অভিযোগ দায়ের করার অধিকার রাখেন।

স্কুল ডিস্ট্রিক্টের বৈষম্যহীনতা নীতি ও যৌননিগ্রহের বিরুদ্ধে নিষেধাজ্ঞার একটি সম্পূর্ণ প্রতিলিপি স্কুল ডিস্ট্রিক্টের ওয়েবসাইটে পাওয়া যেতে পারে অথবা আপনি হাই স্কুলের প্রধান/স্কুল অধ্যক্ষের কাছ থেকেও একটি প্রতিলিপি চাইতে পারেন।

## 45. শিক্ষার্থীদের বিয়ে, গর্ভাবস্থা এবং অভিভাবকত্ব

যেসব শিক্ষার্থীরা গর্ভবতী, বিবাহিত বা ইতিমধ্যেই অভিভাবক হয়ে গেছে তাদেরকে স্কুল চালিয়ে যেতে উত্সাহিত করা হবে। এইরকম শিক্ষার্থীদেরকে তাদের নিয়মিত শিক্ষামূলক ক্লাসে থাকার অনুমতি দেওয়া হবে এবং অন্য শিক্ষার্থীদের সাথে পাঠক্রম বহির্ভূত কার্যকলাপে অংশগ্রহণ করতেও তারা অনুমোদিত হবে। এছাড়াও, গর্ভবতী শিক্ষার্থীরা প্রসবের পরেও আগের মত একই শিক্ষার ক্লাসে ফিরে এবং পাঠক্রম বহির্ভূত কার্যকলাপে অংশগ্রহণ করতে পারবে। গর্ভবতী, বিবাহিত বা ইতিমধ্যেই অভিভাবক হয়ে গেছে এমন কোনো শিক্ষার্থীকে শ্রেণীকক্ষে শিক্ষা নেওয়া বা পাঠক্রম বহির্ভূত কার্যকলাপে অংশগ্রহণ করা থেকে বাধা দেওয়া যাবে না, না তো তাদেরকে গর্ভাবস্থা, বিয়ে বা অভিভাবকত্বের কারণে স্থগিত, বহিষ্কার, বাদ বা অন্যথায় শাস্তি দেওয়া যাবে।

## 46. প্রচ্ছদ IX কোঅর্ডিনেটর

CPS তাদের কোনো শিক্ষামূলক প্রোগ্রাম বা কার্যকলাপে লিঙ্গের ভিত্তিতে বৈষম্য করে না, এবং এরা এদের কোনো শিক্ষামূলক প্রোগ্রামে বা কার্যকলাপে ভর্তি হতে বা কর্মসংস্থান লাভের ক্ষেত্রেও বৈষম্য সৃষ্টি করে না। প্রচ্ছদ IX সংক্রান্ত কোনো জিজ্ঞাস্য থাকলে তা সেই স্কুল ডিস্ট্রিক্টের প্রচ্ছদ IX কোঅর্ডিনেটরের কাছে করতে হবে: Director of Diversity Development, Cambridge Public Schools, 159 Thorndike Street, Cambridge, MA 02141, 617-349-6457 or to the United States Department of Education, Office of Civil Rights, 5 Post Office Square, 8th Floor, Boston, MA 02109 Phone:ফোন: 617-289-0111; ফ্যাক্স: 617-289-0150.

## 47. ধর্মীয় স্বাধীনতা

ম্যাসাচুসেটস জেনারেল আইনের অধ্যায় 151C, বিভাগ 2B-তে বলা আছে যে:

> ধর্মীয় বা সাম্প্রদায়িক শিক্ষা অথবা বৃত্তিমূলক প্রশিক্ষণের প্রতিষ্ঠান ছাড়া শিক্ষামূলক অথবা বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রতিষ্ঠানে পড়া যে কোনো শিক্ষার্থী যদি কোনো বিশেষ দিনে তার ধর্মীয় বিশ্বাসের জন্য ক্লাসে উপস্থিত থাকতে বা কোনো পরীক্ষা, পড়াশুনো, বা কাজের আবশ্যিকতায় অংশগ্রহণ করতে অক্ষম হয় তাহলে তাকে সেরকম পরীক্ষা, পড়াশুনো, কাজের আবশ্যিকতা থেকে মকুব করে দিতে হবে, এবং বাদ পড়া এইরকম পরীক্ষা, পড়াশুনো, কাজের আবশ্যিকতাটি পূরণ করার জন্য তাকে

> আরেকবার সুযোগ দিতে হবে; তবে তা এই শর্তে যে এইরকমভাবে দ্বিতীয়বার হওয়া পরীক্ষা বা কাজটি স্কুলের উপরে কোনো অযৌক্তিক বোঝা আনবে না। উল্লিখিত শিক্ষার্থীকে এইরকম সুযোগ দেওয়ার জন্য প্রতিষ্ঠানটি কোনো রকম পয়সা মাশুল হিসাবে নিতে পারবে না। শিক্ষার্থী এই বিভাগের বন্দোবস্তের সুবিধা নিতে চাইলে সেই শিক্ষার্থীর প্রতি কোনোরকম বিরূপ অথবা পক্ষপাতদুষ্ট আচরণ করা চলবে না।

যেসব শিক্ষার্থীরা ধর্মীয় ছুটির দিন পালনের জন্য স্কুলে আসতে পারেনি তাদের অনুপস্থিতি মকুবযোগ্য অনুপস্থিতি বলে নথিভুক্ত রাখতে হবে। দ্বিতীয়তঃ, শিক্ষকদেরকে এইসব দিনগুলিতে কোনো গুরুত্বপূর্ণ পরীক্ষা, চূড়ান্ত কার্যকলাপ, গুরুত্বপূর্ণ পেপার বা রিপোর্টের সময়সূচী না ফেলতে অনুরোধ করা হচ্ছে। এছাড়াও, শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদেরকে যুক্তিগ্রাহ্য সময় দিতে হবে যে সময়ে তারা এই দিনগুলিতে তাদের ঘরের কাজ শেষ করতে পারবে।

## 48. আনুগত্যের অঙ্গীকারের (Pledge of Allegiance) নির্দেশিকা

ম্যাসাচুসেটস জেনারেল আইন: অধ্যায় 71, বিভাগ 69-এ বলা হয়েছে যে:

> প্রত্যেক শিক্ষকশিক্ষিকা সব পাবলিক স্কুলের সব গ্রেডের প্রত্যেক দিনের প্রথম ক্লাস শুরু হওয়ার সময় শ্রেণীকক্ষের সবাইকে একত্রিত করে "প্লেজ অফ অ্যালিজায়েন্স টু দ্য ফ্ল্যাগ আবৃত্তি করাবেন।"

প্লেজ অফ অ্যালিজায়েন্সে অংশগ্রহণ করা কোনো শিক্ষার্থীর আবশ্যিকতার মধ্যে পড়ে না। আশা করা হবে যে শিক্ষার্থী এই আবৃত্তিতে অংশগ্রহণ করতে চায় না সেও যেন অন্য শিক্ষার্থীদের এটি পালন করার অধিকারকে সম্মান করে এবং কোনো রকম বাধা না দেয়।

# সাধারণ নীতিসমূহ

## 49. কম্পিউটার নেটওয়ার্কের গ্রহণযোগ্য ব্যবহার (AUP)

এটি CPS-এর নীতি যে বৈদ্যুতিন আদানপ্রদানের জন্য ব্যবহৃত সব প্রযুক্তি যেন দায়িত্বশীল, আইনি ও নৈতিকভাবে ব্যবহার করা হয়।এই প্রযুক্তিগুলির সীমাহীনভাবে অন্তর্ভুক্ত রয়েছে CPS-এর নেটওয়ার্কে ঢোকার এবং ইন্টারনেটে প্রবেশ করার প্রযুক্তি এবং কর্মী এবং/অথবা শিক্ষার্থীদেরকে CPS-এর পক্ষ থেকে দেওয়া সব বৈদ্যুতিন ডিভাইস (যেমন, কম্পিউটার, টেলিফোন, ইত্যাদি)।

CPS কম্পিউটার নেটওয়ার্ক এবং বৈদ্যুতিন ডিভাইসগুলি সীমিত শিক্ষামূলক উদ্দেশ্যের জন্য প্রতিষ্ঠা করা হয়েছে, এবং প্রকাশ্য পরিষেবার ব্যবহার বা প্রকাশ্য ফোরাম হিসাবে কাজে লাগানোর জন্য বসানো হয়নি। CPS কম্পিউটার সিস্টেম এবং তাদের জারী করা সব বৈদ্যুতিন ডিভাইসের ব্যবহারে বিধিনিষেধ বসানোর অধিকার রাখে, এবং ব্যবহারকারীদের সিস্টেমের বিধি ও স্কুল কমিটির নীতি মেনে চলতে বাধ্য করে, যার মধ্যে CPS-এর বৈষম্যহীনতার নীতি ও যৌন নিগ্রহের বিরুদ্ধে নিষেধাজ্ঞা এবং উত্পীড়নরোধী নীতি ও শিক্ষার্থীদের নথি রক্ষার গোপনীয়তা অন্তর্ভুক্ত থাকলেও তাতেই সীমিত নাও থাকতে পারে।

ইন্টারনেটে বহু মূল্যবান সংস্থান থাকলেও, সেখানে এমন বহু সাইটও রয়েছে যেগুলি শিক্ষার্থীদের পক্ষে অনুপযুক্ত বলে বিবেচিত হতে পারে এবং সেগুলি কোনো শিক্ষামূলক উদ্দেশ্য পূরণ করে না। ইন্টারনেট ব্যবহার করা প্রত্যেক ব্যক্তিকে অবশ্যই কম্পিউটার নেটওয়ার্ক দায়িত্বশীলভাবে ব্যবহার করতে হবে যাতে এটি শুধুমাত্র শিক্ষামূলক উদ্দেশ্যেই ব্যবহৃত হয়, এবং অবশ্যই CPS-এর শিক্ষামূলক কার্যকলাপের সাথে সঙ্গতি রেখে ও CPS কর্মীদের তত্ত্বাবধানের অধীনে চলতে হবে। CPS-এর নেটওয়ার্কভুক্ত তথ্য সংস্থান ব্যবহারের দ্বারা, শিক্ষার্থী এবং প্রাপ্তবয়স্ক ব্যবহারকারী উভয়েই এই নীতিটি স্বীকার করতে সম্মত হচ্ছেন। কোনো বেআইনি বা বাণিজ্যিক উদ্দেশ্যে CPS-এর নেটওয়ার্কভুক্ত তথ্য সংস্থান ব্যবহার করা নিষিদ্ধ।

CPS একটি বাছাইকারী সিস্টেম ব্যবহার করে যা শিক্ষামূলক ক্ষেত্রে অযোগ্য সাইটে প্রবেশ রোধ করার জন্য পরিকল্পিত, তার মধ্যে এমন সাইটও রয়েছে যেগুলিতে অশ্লীল, পর্ণোগ্রাফিক বা অপ্রাপ্তবয়স্কদের পক্ষে ক্ষতিকর বস্তু থাকে। যাইহোক, এটি বোঝাটা গুরুত্বপূর্ণ যে কোনো সমাধানই নিখুঁত নয় এবং CPS এমন নিশ্চয়তা দিতে পারে না যে কোনো শিক্ষার্থী ভুলভাল সাইটে প্রবেশ করবে না। এটি শিক্ষার্থীর দায়িত্ব যে কোনো ভুলভাল সাইট পেলে তার ব্যাপারে শিক্ষককে জানানো এবং আরোপিত শিক্ষামূলক বিষয়ে ফিরে যাওয়া।

যেসব শিক্ষক, প্রশাসক বা অন্যান্য স্কুল কর্মীরা তাঁদের শিক্ষণের অংশ হিসাবে ইন্টারনেট ব্যবহার

করছেন তাঁরা কোনো নির্দিষ্ট সাইট আটকাতে বা উন্মুক্ত করতে CPS-এর ইনফর্মেশন, কমিউনিকেশন অ্যান্ড টেকনোলজি সিস্টেম (ICTS) ব্যবহার করতে পারে। এইরকম সিদ্ধান্তগুলি CPS ফিল্টারিং সিস্টেম নিরীক্ষণ করা ব্যক্তিদের দ্বারা যথাযথ স্কুল কর্মীদের সাথে আলোচনা করে নির্ধারিত হবে।

CPS-এর কম্পিউটার, ইন্টারনেট ও ইমেল সুবিধাসহ কম্পিউটার নেটওয়ার্ক, এবং অন্যান্য বৈদ্যুতিক ডিভাইস (যেমন সেল ফোন এবং/অথবা PDA) ব্যবহার করতে পারা একটি সুবিধামাত্র, কোনো অধিকার নয়। ***সব CPS কর্মচারী, শিক্ষার্থী এবং শিক্ষার্থীদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদের পক্ষে এটি বোঝাটা গুরুত্বপূর্ণ যে গ্রহণযোগ্য ব্যবহার নীতির স্বীকৃতিজ্ঞাপনের রশিদটিতে স্বাক্ষর করতে অস্বীকার করা এবং/অথবা কেমব্রিজ পাবলিক স্কুলের গ্রহণযোগ্য ব্যবহার নীতিটিতে কোনোরকম লঙ্ঘন করার ফলে কম্পিউটার, ইন্টারনেট, কম্পিউটার নেটওয়ার্ক, কোনো বৈদ্যুতিক ডিভাইস এবং/অথবা ইমেল সুবিধা হানি, এবং/অথবা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ, এবং/অথবা স্টেট ও ফেডারেল আইনের অধীনে বিচার পর্যন্ত গড়াতে পারে।***

CPS তাদের প্রদত্ত কোনো পরিষেবা নিয়ে কোনো স্পষ্ট বা নিহিত নিশ্চয়তা প্রদান করে না। যে কোনো কারণে সৃষ্ট ডেটা হানি, পরিষেবা বিঘ্ন, বিলম্ব, পরিষেবা না পৌঁছনো, বা ভুলভাবে অন্য কোথাও পৌঁছনোর জন্য আপনার যে ক্ষতি হবে তার জন্য CPS দায়ী হবে না। নেটওয়ার্কে সংরক্ষিত বা নেটওয়ার্কের মাধ্যমে প্রাপ্ত তথ্যের নির্ভুলতা বা গুণমানের জন্য এবং আপনার নিজস্ব ঝুঁকিতে সেইরকম তথ্য ব্যবহার করার জন্য CPS দায়ী হবে না। নেটওয়ার্ক ব্যবহার করার জন্য যদি কোনো আর্থিক দায়বদ্ধতা দেখা দেয় তাহলে তার জন্য CPS দায়ী হবে না।

এটি কেমব্রিজ স্কুল কমিশন ও CPS-এর নীতি যে বৈদ্যুতিন যোগাযোগের সবরকম সঞ্চার এবং সব তথ্যের সংরক্ষণ যেন প্রযোজ্যতা অনুসারে এই গ্রহণযোগ্য ব্যবহার নীতির শর্তাধীন থাকে। সঞ্চারিত, প্রাপ্ত বা সংরক্ষিত সব বৈদ্যুতিন তথ্য CPS এবং/অথবা কেমব্রিজ স্কুল কমিটির সম্পত্তি হিসাবেই প্রযোজ্যতা অনুসারে গণ্য হবে, এবং তা সন্দেহহীনভাবে নিরীক্ষণ, আর্কাইভ ও পুনরুদ্ধার করা যাবে। সব CPS কর্মচারী, শিক্ষার্থী এবং শিক্ষার্থীদের বাবা-মা/অভিভাবকদের এটা বোঝাটা জরুরী যে ইন্টারনেট ও ইমেল সুবিধা লাভ করাসহ CPS-এর কম্পিউটার নেটওয়ার্কের ব্যবহারের গোপনীয়তা নিয়ে কোন যুক্তিসঙ্গত প্রত্যাশা সেরকম অর্থে নেই, এবং CPS-এর কম্পিউটার নেটওয়ার্কে বা নেটওয়ার্ক থেকে ইন্টারনেট ও ইমেল সুবিধালাভ করাসহ বৈদ্যুতিন যোগাযোগ পাঠানোর ব্যাপারে সেরকম কোনো যুক্তিগ্রাহ্য প্রত্যাশা নেই, তা সে যার বৈদ্যুতিন যোগাযোগের সরঞ্জামই ব্যবহার করা হোক না কেন। CPS এবং কেমব্রিজ স্কুল কমিটি ইমেল ফাইল, কম্পিউটার, হার্ড ড্রাইভ এবং অন্যান্য বৈদ্যুতিন আদানপ্রদানের ফাইল, সিস্টেম, ডিভাইস ও প্ল্যাটফর্মগুলি নিরীক্ষণ করতে পারে ও করবে, তা সেগুলি স্কুলে, কাজের জায়গায় বা স্কুলের ডিস্ট্রিক্ট সার্ভারে সরাসরি যুক্ত রাখা হলে দূর থেকে যেভাবেই ব্যবহার করা হোক না কেন।

দায়িত্ববান নেটওয়ার্ক ব্যবহারকারীরা কখনোই নিম্নলিখিত উদ্দেশ্যে CPS-এর কম্পিউটার নেটওয়ার্ক ব্যবহার করবে না যার মধ্যে সীমাহীনভাবে ইন্টারনেট ও ইমেল সুবিধাও অন্তর্ভুক্ত রয়েছে:

(a) যে কোনো ধরনের বাণিজ্যিক ব্যবহারের জন্য

(b) রাজনৈতিক তদবির করার জন্য, যদিও ব্যবহারকারীরা প্রতিনিধিদের সাথে যোগাযোগ করার জন্য এবং রাজনৈতিক বিষয়ে তাঁদের মতামত প্রকাশ করার জন্য সিস্টেমটি ব্যবহার করতে পারেন

(c) বেআইনি কার্যকলাপের জন্য

(d) কোনো স্কুল প্রশাসকের আগাম অনুমোদন ভিন্ন, এবং যে ব্যক্তির ব্যক্তিগত যোগাযোগের তথ্য ফাঁস করা হচ্ছে তাঁর আগাম লিখিত অনুমতি ব্যতীত নিজেদের বা অন্যান্য ব্যক্তিদের ব্যক্তিগত যোগাযোগের তথ্য পোস্ট করা, প্রকাশ করা বা অন্যথায় ছড়িয়ে দেওয়ার জন্য, যার মধ্যে কোনো ব্যক্তির নাম, ঠিকানা, টেলিফোন, স্কুল বা কাজের ঠিকানা অন্তর্ভুক্ত রয়েছে

(e) শিক্ষার্থীর নথির তথ্য কোনো স্কুল প্রশাসকের আগাম অনুমোদন ভিন্ন, এবং শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর আগাম লিখিত অনুমতি ব্যতীত পোস্ট করা, প্রকাশ করা বা অন্যথায় ছড়িয়ে দেওয়া যদি না সেরকমভাবে ব্যাপারটি প্রকাশ করা বা ছড়ানো ম্যাসাচুসেটস স্টুডেন্ট রেকর্ডের নিয়মকানুনে অনুমোদিত হয়

(f) যে ব্যক্তি মেসেজটি পাঠাচ্ছেন তাঁর অনুমতি ছাড়াই কোনো মেসেজ পোস্ট করা বা অন্যথায় ছড়িয়ে দেওয়া যা তাঁদেরকে গোপনে পাঠানো হয়েছিল এই বিধানটি কোনো ব্যবহারকারীকে তাঁদের

পাওয়া কোনো অনুপযুক্ত বা তাঁদেরকে অসুরক্ষিত বোধ করানো কোনো মেসেজ সম্পর্কে শিক্ষক বা স্কুল প্রশাসককে সত্ত্বর জানানো থেকে আটকায় না।

(g) অন্য কোনো ব্যক্তিকে নিয়ে কুরুচিকর তথ্য অপর কোনো ব্যক্তিকে পাঠাতে বা কাউকে হুমকি দিতে, অপমান করতে, হয়রান করতে, উত্পীড়ন করতে বা ভয় দেখাতে

(h) চেন লেটার পাঠাতে, স্প্যাম করতে বা কম্পিউটার নেটওয়ার্ক ব্যবহার করে অন্য কোনো ধরনের অনুচিত আদানপ্রদানে নিয়োজিত হতে।

(i) স্কুল প্রশাসকের কাছ থেকে আগাম অনুমোদন না নিয়েই ব্যক্তিগত নথির তথ্য পোস্ট করা, ফাঁস করা বা অন্যথায় বিতরণ করা যদি না এইরকমভাবে ফাঁস করা বা বিতরণ করা ফেডারেল বা স্টেট আইনে অনুমোদিত না হয়ে থাকে

(j) স্পষ্টতই যৌন ডিজিটাল ছবি, টেক্সট মেসেজ, ইমেল বা যৌন প্রকৃতির অন্য কোনো উপাদান কোনো কম্পিউটার, সেল ফোন বা অন্যান্য বৈদ্যুতিন ডিভাইসে দেখতে, নিজের কাছে রাখতে, পোস্ট করতে, ফাঁস করতে, পাঠাতে, ভাগ করতে বা অন্যথায় তা বিতরণ করতে, তা সে শিশু পর্ণোগ্রাফি সংক্রান্ত ফেডারেল বা স্টেটের আইন লঙ্ঘিত হোক বা নাই হোক

(k) এমন কার্যকলাপের জন্য যা শিক্ষামূলক পরিবেশ বিঘ্নিত করে

(l) অনৈতিক কার্যকলাপের জন্য, যেমন ঘরের কাজে ঠকানোর জন্য বা পরীক্ষায় ঠকানোর জন্য

(m) এমন কার্যকলাপের জন্য যা অন্যদের গোপনীয়তায় হস্তক্ষেপ করে

(n) ব্যক্তিগত ব্যবহারের জন্য; অন্যভাবে বলতে গেলে, কেমব্রিজ পাবলিক স্কুলের নেটওয়ার্ক এবং বৈদ্যুতিন ডিভাইসগুলি শুধুমাত্র বাণিজ্যিক এবং/অথবা স্কুলের কাজেই ব্যবহার করতে হবে

(o) অন্য এমন কোনো আচরণে নিয়োজিত হতে যা কোনো কেমব্রিজ পাবলিক স্কুলের নীতি এবং/অথবা কেমব্রিজ পাবলিক স্কুলের *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* থাকা বিধান বা কোনোভাবে স্কুলভিত্তিক নিয়ম লঙ্ঘন করে

(p) ICTS-এর দ্বারা অনুমোদিত ওয়েবসাইট না হলে এমন কোনো ওয়েবসাইটে শিক্ষার্থীদেরকে লেনদেনের অনুমতি না দেওয়া বা ব্যবহার করতে না দেওয়া যেগুলিতে ব্যক্তিগত অথবা শিক্ষার্থীর শনাক্তকরণযোগ্য তথ্য দিতে হয় (যেমন, নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, ইমেল ঠিকানা, ইত্যাদি)

(q) M.G.L.c. 71, §37O-এর বিধানগুলি লঙ্ঘন করতে, যার মধ্যে উত্পীড়ন, সাইবার গুন্ডামি এবং প্রতিহিংসা চরিতার্থ করার বিধানগুলিও অন্তর্ভুক্ত রয়েছে।

দায়িত্বশীল নেটওয়ার্ক ব্যবহারকারীরা যা করবেন:

(a) কখনোই ঠিকানা, টেলিফোন নম্বর, ক্রেডিট কার্ড নম্বর, সোশ্যাল সিকিউরিটি নম্বরের মত কোনো ব্যবহারকারীর ব্যক্তিগত তথ্য প্রকাশ না করা, যদি না স্পষ্ট লিখিত অনুমোদন মঞ্জুর করা হয়ে থাকে এবং শিক্ষার্থী ব্যবহারকারীরা কখনোই বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীরঅনুমোদন ভিন্ন অনলাইনে পরিচয় হওয়া কারোর সাথে দেখা করতে সম্মত হবেন না

(b) তারা যদি কম্পিউটার নেটওয়ার্কে কোনো নিরাপত্তা সংক্রান্ত সমস্যার সম্মুখীন হয় তাহলে সিস্টেম প্রশাসককে জানানো

(c) তাদের বৈদ্যুতিন ডিভাইস ও অ্যাকাউন্টের ব্যবহার নিয়ে সর্বদাই দায়িত্বশীল থাকা এবং কখনোই তাদের পাসওয়ার্ড অন্য কোনো ডিভাইসে বা অ্যাকাউন্টে দিয়ে অন্য কারোর কাছে ফাঁস না করা

(d) এটি বোঝা যে কোনো বৈদ্যুতিন ডিভাইসের এবং/অথবা নেটওয়ার্কের ডেটা, ব্যক্তিগত ফাইল বা ইমেলের বিষয়বস্তুতে কোনো গোপনীয়তা নেই, এবং সব বৈদ্যুতিন ডিভাইস ও সিস্টেমগুলি আর্কাইভ, নিয়মমাফিক রক্ষণাবেক্ষণ, প্রবেশাধিকার এবং মেসেজ নিরীক্ষণের শর্তাধীন, ও ফাইলগুলিকে উপযুক্ত পরিস্থিতিতে লাভ করা হতে পারে

(e) যদি তারা এমন কোনো ওয়েবসাইট পায় বা শনাক্ত করে, যা তাদের অনুপযুক্ত বলে মনে হয় যা তাদেরকে অসুরক্ষিত বোধ করায়, তাহলে তারা তত্ক্ষণাত্ সেটি কোনো শিক্ষক বা স্কুল প্রশাসনিককে বলবে

(f) CPS-এর কম্পিউটার নেটওয়ার্ক বা অন্য কোনো কম্পিউটার নেটওয়ার্কে অননুমোদিত প্রবেশাধিকার লাভ করার চেষ্টা করবে না বা ব্যবহারকারীকে যতটা প্রবেশাধিকার দেওয়া হয়েছে তার বাইরে যাবে না, কম্পিউটার নেটওয়ার্কের সংহতিনাশ করার ইচ্ছাপূর্বক প্রচেষ্টা করবে না বা কম্পিউটার ভাইরাস ছড়িয়ে অথবা অন্য কোনোভাবে ডেটা নষ্ট করার চেষ্টা করবে না, বা ভাঙচুর করবে না অথবা অন্যথায় কম্পিউটার নেটওয়ার্ক নষ্ট করবে না, তাতে থাকা

প্রোগ্রাম, ডেটা, ফাইল বা অন্য কোনো বৈদ্যুতিন তথ্য বা ডিভাইসে হস্তক্ষেপ করবে না বা ক্ষতিগ্রস্ত করবে না

(g) সফ্টওয়্যার নির্মাতা, নেটওয়ার্ক প্রদানকারী, গ্রন্থস্বত্ত্ব ও লাইসেন্স চুক্তিগুলির আইনি অধিকারকে মর্যাদা দেবে

(h) এমন কোনো উপকরণ লাভ করার জন্য সিস্টেমটি ব্যবহার না করা যা অশ্লীল বা কুরুচিকর (যেমন পর্ণোগ্রাফি), যা বেআইনি কাজ করার পরামর্শ দেয়, যা হিংসা অথবা অন্য ব্যক্তিদের উদ্দেশ্যে বৈষম্য ছড়ায় (যেমন ঘৃণাসূচক রচনা), বা যা বেআইনি (যেমন জুয়া)

(i) কেমব্রিজ স্কুল কমিটি এবং CPS-এর নীতিগুলির সাথে সঙ্গতি রেখে চলা, যার মধ্যে সীমাহীনভাবে কম্পিউটার নেটওয়ার্ক, কম্পিউটার সিস্টেম এবং ইমেল ব্যবহার করা নিয়ে এদের অবৈষম্যমূলক নীতি ও যৌন হয়রানির বিরুদ্ধে নিষেধাজ্ঞা, ঘৃণাসূচক অপরাধ সহ্য না করারী নতি এবং উত্পীড়নরোধী নীতি অন্তর্ভুক্ত রয়েছে

(j) একইরকম যত্ন, পেশাদারিত্ব ও বিচার নিয়ে কম্পিউটার নেটওয়ার্কে, কম্পিউটার সিস্টেমে এবং ইমেলে যোগাযোগ করা যেটা তারা স্কুল বিভাগের অন্যান্য লিখিত যোগাযোগের ক্ষেত্রেও করতো, যার মধ্যে সীমাহীনভাবে স্কুল বিভাগের আদানপ্রদান বা স্কুলের লেটারহেডে লেখা আদানপ্রদানও অন্তর্ভুক্ত রয়েছে

(k) কোনো হুমকি, অপমান, উত্পীড়ন, সাইবার গুন্ডামি, প্রতিশোধ, হয়রানি, ভয় দেখানো বা অপরাধমূলক যোগাযোগের ঘটনা ঘটলে বা সেগুলি পেলে ( তা সে ইমেল, টেক্সট মেসেজ, সোশ্যাল নেটওয়ার্কিং সাইট বা অন্য যাতেই হোক না কেন), তা CPS-এর অবৈষম্যমূলক নীতি ও যৌননিগ্রহের বিরুদ্ধে নিষেধাজ্ঢা ও উত্পীড়নরোধী নীতি অনুসার জানানো

(l) যখন দূরবর্তী শিক্ষার পাঠ্যক্রমে কোনো বিষয়বস্তু পোস্ট করা হবে, তখন নিশ্চিত হয়ে নিতে হবে যে পোস্ট করা বিষয়টি শুধুমাত্র সেই পাঠ্যক্রমের জন্য আনুষ্ঠানিকভাবে নথিভুক্ত হওয়া শিক্ষার্থীদের জন্যই উপলভ্য যাদের জন্য বিষয়টি পাঠানো হচ্ছে, তা এইরকম ডিজিটাল তথ্য দূরবর্তী শিক্ষার পাঠ্যক্রমের জন্যই পাঠানো হোক বা কোনো লাইভ কোর্সের সম্পূরক হিসাবেই পাঠানো হোক; নিশ্চিত হয়ে নিতে হবে যে ক্লাস সেশনের পরেও দীর্ঘ সময় ধরে কাজটি থেকে যাওয়া রোধ করতে যথাযথ ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং বিষয়বস্তুগুলির অননুমোদিতভাবে বিতরণ করা হচ্ছে কিনা (যেমন, ইন্টারনেট প্রোটোকল পরীক্ষা করে পাসওয়ার্ক, ইউজার ও অবস্থান প্রমাণীকরণ, মুদ্রণ ব্যবস্থা অকার্যকর করে দেওয়া, এবং কাট-পেস্ট টুল অকার্যকর করে দেওয়া), শিক্ষার্থীদেরকে স্পষ্ট বিজ্ঞপ্তি দিয়ে জানিয়ে দিতে হবে যে কাজটি গ্রন্থস্বত্ত্ব দিয়ে সুরক্ষিত এবং শুধু আইনিভাবে পোস্ট করা উপকরণই লাভ করা হয় এবং ব্যবস্থিত শিক্ষামূলক কাজের জন্য শিক্ষকের তত্ত্বাবধানে ব্যবহার করা হয়, সেটির ব্যবহার যেন লাইভ ক্লাসরুমে কার্যসম্পাদন বা প্রদর্শনের অনুরূপ কার্যকলাপের মাধ্যমেই করা হয় এবং যে পরিমাণ উপকরণ ব্যবহার করা হয় তা যেন লাইভ ক্লাসরুমে ব্যবহারের পরিমাণের সাথে তুলনীয় হয় ও কোনো ডিজিটাল শিক্ষামূলক কাজ যেন পোস্ট না করা হয়।

(m) নিশ্চিত করতে হবে শিক্ষার্থীরা যেন যথোচিত অনলাইন আচরণগুলি সম্পর্কে জানে, যার মধ্যে সোশ্যাল নেটওয়ার্কিং সাইটে, চ্যাটরুমে কীভাবে অন্যদের সাথে কথা বলতে হবে, এবং সাইবার গুন্ডামি সম্পর্কে সচেতনতা ও তাতে প্রতিক্রিয়াদানের পন্থাগুলি জেনে রাখে।

**শাস্তিদান**

এই নীতিটি কোনোভাবে লঙ্ঘন করলে তা থেকে নেটওয়ার্ক সুবিধা বাতিল করা হতে পারে এবং/অথবা CPS-এর নিয়মনীতি মেনে যথাযথ শাস্তিমূলক পদক্ষেপ ও দরকার হলে আইনি ব্যবস্থাও নেওয়া হতে পারে।

যদি কোনো ব্যবহারকারীকে নিরাপত্তার ঝুঁকি হিসাবে শনাক্ত করা হয় অথবা যদি কারোর অন্য কোনো কম্পিউটার সিস্টেম ব্যবহারের ক্ষেত্রেও সমস্যাজনক ইতিহাস থাকে, তাহলে হয়তো তাঁকে স্কুল বিভাগের বিবেচনায় নেটওয়ার্ক ব্যবহার করতে নাও দেওয়া হতে পারে।

নেটওয়ার্কের মাধ্যমে যে কোনো বেআইনি কার্যকলাপ সংক্রান্ত তদন্ত চালাতে স্কুল বিভাগ সম্পূর্ণভাবে স্থানীয় স্টেট অথবা ফেডারেল আধিকারিকদের সহযোগিতা করবে।

## 50. সফ্টওয়্যার ব্যবহারের আচরণবিধি

গ্রন্থস্বত্ত্ব থাকা কম্পিউটার সফ্টওয়্যারের অননুমোদিত নকল করা আইনবিরুদ্ধ এবং CPS-এর আদর্শ লঙ্ঘন করে। CPS এইরকমভাবে নকল করা

অনুমোদন করে না এবং যদি সেরকম কিছু করা হয় তা প্রতিরোধের জন্য নিম্নলিখিত আদর্শগুলি অনুসরণ করে

- CPS না তো নিজে কখনো কোনো পরিস্থিতিতে সফ্টওয়্যারের অননুমোদিত নকল করায় নিয়োজিত হবে বা তা করা সহ্য করবে অথবা সেরকম সফ্টওয়্যার ব্যবহার করবেষ
- সফ্টওয়্যারের বৈধ প্রয়োজনীয়তাগুলি সময়মাফিকভাবে পূরণ করতে CPS আইনতঃ লাভ করা সফ্টওয়্যার পর্যাপ্ত পরিমাণে আমাদের সবকটি কম্পিউটারের জন্য প্রদান করবে যাতে সেই সফ্টওয়্যারগুলির প্রয়োজনীয়তা আছে।
- CPS যা যা সফ্টওয়্যার আহরণ করে বা ব্যবহার করে সেগুলির ব্যবহার নিয়ন্ত্রণ করায় সব লাইসেন্স অথবা ক্রয়ের শর্ত মেনে চলবে।
- সফ্টওয়্যারের অননুমোদিত নকল তৈরি করা বা ব্যবহার করা রুখতে CPS কঠোর আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বজায় রাখবে, যার মধ্যে এই আদর্শগুলি যাচাই করে চলার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ ও এই আদর্শগুলি লঙ্ঘন করলে যথাযথ শাস্তিমূলক পদক্ষেপ নেওয়াও অন্তর্ভুক্ত রয়েছে।

## 51. স্কুল পরিদর্শক

নিরাপত্তা ও সুরক্ষা রক্ষা করার জন্য, সব পরিদর্শককে স্কুল ভবনের মধ্যে অন্য কোথাও যাওয়ার আগে স্কুলের প্রধান ভবনের জানাতে বলা হচ্ছে। যদি কোনো পরিদর্শক ভুল আচরণ করে বা অনুপযুক্ত সময়ে পরিদর্শন করতে চেয়ে জোরাজুরি করে শিক্ষার্থী, শিক্ষকশিক্ষিকা বা অন্যান্য কর্মচারীদের কাজের সংহতি নাশ করেন বা বিঘ্ন ঘটান, তাহলে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান হয়তো সেই ব্যক্তির স্কুল পরিদর্শনের ক্ষমতায় বিধিনিষেধ বসাতে পারেন, যার মধ্যে পরিদর্শনের আগে সাক্ষাত্কার ঠিক করে আসা, স্কুল ভবনে থাকার সময় স্কুলকর্মীর সাথে থাকা, বা ভবনে প্রবেশ করা নিষিদ্ধ করার মত পদক্ষেপগুলি অন্তর্ভুক্ত থাকলেও তার মধ্যেই সীমিত নাও থাকতে পারে। যদি পরিদর্শনকারীদের ব্যাপারে স্কুলের নীতি সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকে, তাহলে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের সাথে কথা বলুন।

## 52. মোটর গাড়ি দাঁড় করিয়ে রেখে দেওয়া

ম্যাসাচুসেটস জেনারেল আইনের অধ্যায় 71, বিভাগ 37H-এ স্কুলের মাঠের একশো ফুটের (100) মধ্যে অথবা স্কুল মাঠে ব্যক্তিগত মোটর গাড়ির চালক বা স্কুল বাস চালকের যানবাহন দাঁড় করিয়ে রাখার ব্যাপারে নিষেধাজ্ঞা জারী করা হয়েছে।

## 53. শিক্ষার্থীদের লকার

বহু CPS স্কুলেই, বিশেষ করে নতুন স্কুলগুলিতে শিক্ষার্থীদের জন্য লকার আছে। লকারগুলি একটি বিশেষ সুবিধার মধ্যে পড়ে। যেসব শিক্ষার্থীদেরকে লকার দেওয়া হয়েছে তারা অবশ্যই এই নিম্নলিখিত শর্তগুলি পূরণ করবে:

লকারগুলি নিরাপদ রাখার জন্য এবং তাতে থাকা জিনিসপত্র গোপন রাখার জন্য সবরকম প্রচেষ্টা করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির কাছ থেকে অনুমোদন না পেলে শিক্ষার্থীদের লকার ভাগ করা উচিত নয়।

লকারের গায়ে কিছু লেখা বা লকারগুলিকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে ব্যর্থ হওয়া মেনে নেওয়া হবে না।

লকারগুলি শিক্ষার্থীদের জামাকাপড় এবং শিক্ষামূলক উপকরণ, যেমন বই, খাতা, প্রকল্প, জোগান, মধ্যাহ্নভোজ, ইত্যাদি রাখার জন্য দেওয়া হয়।

শিক্ষার্থীরা অবশ্যই তাদের স্কুলের লকারের নিয়মকানুনগুলি মেনে চলবে যার মধ্যে লকার ব্যবহার করার সূচীনির্দিষ্ট সময় অনুসরণ করা ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।

শিক্ষার্থীরা দিনের শেষে তাদের লকার থেকে যা যা লাগবে তা নিয়ে নেবে। যদি স্কুলের সময় শেষ হওয়ার পরে লকার থেকে কিছু গুরুত্বপূর্ণ জিনিস নেওয়া প্রয়োজনীয় হয়, তাহলে কোনো প্রশাসনিকের অনুমতি লাগবে।

যেহেতু লকারগুলি স্কুল বিভাগের সম্পত্তি, তাই স্কুলগুলি যদি মনে করে যে কোনো লকারে নিষিদ্ধ পণ্য, অস্ত্রশস্ত্র বা তাদের হাতে এমন কোনো প্রমাণ থাকে যা থেকে বোঝা যায় যে লকারে নিষিদ্ধ পণ্য রয়েছে, বা যদি সেখানে স্কুল বা তাদের কর্মী বা শিক্ষার্থীদের আসন্ন শারীরিক বিপদ বা ক্ষতির আশঙ্কা থাকে তাহলে স্কুলগুলি লকার তল্লাশি করার অধিকারও রাখে। স্কুলের পক্ষ থেকে ঘোষিত এবং অঘোষিত লকার পরিদর্শন করা হবে। লকার নীতির ব্যাপারে আরও তথ্য পেতে *অধিকার ও দায়িত্বের পুস্তিকার* বিভাগ 4.0 দেখুন।

স্কুলবর্ষ চলাকালীন সম্পত্তি হারিয়ে গেলে তার জন্য CPS দায়ী হবে না। গত স্কুলদিবসের পরে লকারে থাকা কোনো সম্পত্তি হারিয়ে যাওয়ার জন্য CPS দায়ী হবে না। স্কুলের স্কুলভিত্তিক পদ্ধতিগুলির সাথে এই নিয়মকানুনগুলি শিক্ষার্থীর ডেস্কের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

## 54. অপরাধকারীর নথিভুক্ত তথ্য

CPS এদের শিক্ষার্থীদের জন্য একটি নিরাপদ শিক্ষার পরিবেশ ও এদের কর্মচারীদের জন্য একটি নিরাপদ কর্মস্থল প্রদান করতে চায়। সেই অনুসারে, M.G.L.c. 71, §38R অনুসারে, 2002-এর আইনের অধ্যায় 385 এবং M.G.L.c. 6, §172I-র সংশোধনের পরে, CPS-এর নীতি হল পাক্ষিকভাবে এবং প্রত্যেক বছর অন্ততঃ তিন(3) বার করে বর্তমান ও সম্ভাব্য কর্মচারী, ঠিকায় রাখা পরিষেবা প্রদানকারী, স্বেচ্ছাসেবী(দের), এবং ট্যাক্সিক্যাব কোম্পানি কর্মচারীসহ স্কুল পরিবহণ প্রদানকারী(দের), কোনো উপঠিকাদার অথবা স্কুলের মাঠে কাজ করা শ্রমিকদের এবং অন্যান্য এমন ব্যক্তির(দের) অপরাধমূলক ইতিহাস পরীক্ষা ("CORI পরীক্ষা) করা যাঁদের শিশুদের সাথে প্রত্যক্ষ ও অনিরীক্ষিত যোগাযোগ হতে পারে। CORI পরীক্ষাগুলি বর্তমান ও সম্ভাব্য কর্মচারীর(দের) এবং পরিষেবা প্রদানকারীদের উপরে তাঁদেরকে নিয়োগের এবং/অথবা তাঁদের সাথে চুক্তি করার আগে এবং স্বেচ্ছাসেবী হিসাবে কোনো স্বেচ্ছাসেবককে গ্রহণ করার আগে করা হবে।

এছাড়াও, স্টেট আইনের সাথে সঙ্গতি রেখে, সব বর্তমান ও সম্ভাব্য কর্মচারীদের আঙ্গুলের ছাপ নিয়ে স্টেট ও জাতীয় অপরাধ ইতিহাস পরীক্ষা করা হবে।

## 55. ফিল্ড ট্রিপ

কেমব্রিজ স্কুল কমিটি ফিল্ড ট্রিপ এবং স্কুল স্পনসর করা সফরগুলির মাধ্যমে আহরণ করা হাতে কলমে অভিজ্ঞতা লাভকে স্বীকৃতি দেয়, যেগুলি শেখার পক্ষেও কার্যকর এবং উপযুক্ত পন্থা হয়ে ওঠে; সেজন্যই, কেমব্রিজ স্কুল কমিটি ফিল্ড ট্রিপ ও স্কুল স্পনসর করা সফরগুলিতে অংশ নিতে উত্সাহিত করে যেগুলির সামগ্রিক স্কুল কর্মসূচী এবং পাঠ্যক্রমের সাথে গুরুত্বপূর্ণ শিক্ষামূলক মূল্য আছে। এছাড়াও, ফিল্ড ট্রিপ এবং স্কুল স্পনসর করা সফরগুলির শিক্ষামূলক মূল্যের জন্য সব শিক্ষার্থীই এতে অংশগ্রহণ করতে পারে এবং ফিল্ড ট্রিপ এবং স্কুল স্পনসর করা সফরগুলিতে অংশগ্রহণের সমানাধিকার পায়।

এই লক্ষ্যের সাথে সঙ্গতিবিধান করে, স্কুলের সুপারিন্টেন্ডেন্টকে ফিল্ড ট্রিপ এবং স্কুল স্পনসর করা সফরগুলির জন্য নির্দেশাবলী তৈরি করতে হবে। এই নির্দেশিকাগুলি ফিল্ড ট্রিপ এবং স্কুল স্পনসর করা সফরগুলির বাছাই, মূল্যায়ন ও অনুমোদন করার প্রক্রিয়াতে নজর দেয় যাতে অংশগ্রহণকারীদের স্বাস্থ্য, সুরক্ষা এবং কল্যাণের জন্য সবরকম যুক্তিসঙ্গত পদক্ষেপ নেওয়া যায় এবং ফিল্ড ট্রিপ এবং স্কুল স্পনসর করা সফরগুলির সবরকম শিক্ষামূলক গুণাগুণ লাভ ও শিক্ষালাভের প্রক্রিয়ায় কোনো গুরুতর বাধা না আসে সেটিও নিশ্চিত করা যায়। এছাড়াও, নির্দেশিকায় বলা হয়েছে, যে আচরণের জন্য শিক্ষার্থীকে ইতিমধ্যেই শাস্তি দেওয়া হয়েছে সেরকম আগের কোনো ব্যবহারের শাস্তি বা পরিণাম হিসাবে কোনো শিক্ষার্থীকে ফিল্ড ট্রিপ এবং স্কুল স্পনসর করা সফরগুলিতে অংশগ্রহণ করা থেকে বাদ দেওয়া যাবে না। কোনো শিক্ষার্থীকে হয়তো ফিল্ড ট্রিপ এবং স্কুল স্পনসর করা সফরগুলি থেকে বাদ দেওয়া হতে পারে যদি স্কুলভিত্তিক নিয়ম বা *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* দেওয়া আচরণবিধি লঙ্ঘন করার ফল হিসাবে স্থগিতাদেশ ও বহিষ্কারের তারিখ অথবা তারিখগুলি ফিল্ড ট্রিপ এবং স্কুল স্পনসর করা সফরগুলির সূচীনির্দিষ্ট তারিখের সাথে মিলে যায়, বা যদি, হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের মতে কোনো শিক্ষার্থীর অতীত আচরণ বা বর্তমান আচরণ সেই শিক্ষার্থীর, অন্যান্য শিক্ষার্থীর এবং/অথবা ফিল্ড ট্রিপ এবং স্কুল স্পনসর করা সফরগুলিতে অংশগ্রহণকারী কর্মীদের স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণের পক্ষে গুরুত্বপূর্ণ ঝুঁকি বহন করে। এই নির্দেশিকায় এটিও বলা আছে যে সব ফিল্ড ট্রিপ এবং স্কুল স্পনসর করা সফরগুলিকে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান কর্তৃক এবং সব একরাতের ও স্টেটের বাইরে যাওয়ার সফরগুলিকে সুপারিন্টেন্ডেন্ট এবং/অথবা মনোনীত ব্যক্তি কর্তৃক আগাম অনুমোদিত হতে হবে। এছাড়াও, নির্দেশাবলীটি নিম্নলিখিত বিষয়গুলিকে নিশ্চিত করার জন্য কিছু পদ্ধতির প্রতিষ্ঠা করেছে: (i) সব শিক্ষার্থীদেরকে সফরটির জন্য বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর কাছ থেকে অনুমতি নিতে হবে; (ii) সব সফরগুলিকে যথাযথ তত্ত্বাবধান করতে হবে, (iii) সব সুরক্ষা সতর্কতা অবলম্বন করতে হবে, (iv) সব শিক্ষার্থীর ফাইলগুলি পর্যালোচনা করে নির্ধারণ করতে হবে যে শিক্ষার্থীর অংশগ্রহণের জন্য এবং কোনো ফিল্ড ট্রিপ বা স্কুল স্পনসর করা সফরে সমানাধিকার দিতে স্বাচ্ছন্দ্যবিধান বা সংশোধন করা প্রয়োজনীয় কিনা (v) সব সফরগুলি যেন শিক্ষামূলক

কর্মসূচীতেও গুরুত্বপূর্ণ মূল্য যোগ করে, (vi) ডিস্ট্রিক্টের পক্ষ থেকে নিরীক্ষণ করা হয় যে শিক্ষার্থীরা অংশগ্রহণ থেকে বাদ পড়ছে কিনা এবং/অথবা তাদের ফিল্ড ট্রিপ এবং/অথবা স্কুল স্পনসর করা সফরগুলিতে সমানাধিকার আছে কিনা; এবং (vii) কোনো ফিল্ড ট্রিপ এবং/অথবা স্কুল স্পনসর করা সফরে অংশগ্রহণ ও প্রবেশাধিকার লাভ করা থেকে কোনো শিক্ষার্থী বাদ পড়ে গেলে তাদের বাবা-মা/অভিভাবকের সেই সিদ্ধান্তটির আবেদন করার যথাযথ প্রক্রিয়া আছে কিনা।

সব ফিল্ড ট্রিপ এবং স্কুল স্পনসর করা সফরগুলির অনুমোদন শর্তসাপেক্ষ। যদি পরিস্থিতিতে মনুষ্যসৃষ্ট বা প্রাকৃতিক কোনো পরিবর্তন আসে এবং যে পরিস্থিতির জন্য শিক্ষার্থী ও CPS-এর কর্মীদের সুরক্ষার স্বার্থের ফিল্ড ট্রিপ বা স্কুল স্পনসর করা সফরটি নিশ্চিতভাবে বাতিল করতে হয়, তাহলে কোনো ফিল্ড ট্রিপ অথবা স্কুল-স্পনসর করা সফরে অনুমোদন প্রত্যাহার করা হতে পারে।

CPS এবং কেমব্রিজ স্কুল কমিটি পরিকল্পিত ফিল্ড ট্রিপ বা স্কুল স্পনসর করা সফরের ফলস্বরূপ লাগা কোনো আর্থিক দায়ের জন্য, অথবা ফিল্ড ট্রিপ বা স্কুল স্পনসর করা সফর বাতিল করার দরুণ অফেরতযোগ্য অথবা হারানো টাকার জন্য, অথবা ফিল্ড ট্রিপ বা স্কুল স্পনসর করা সফরের তারিখে বা তারিখগুলিতে শিক্ষার্থী স্কুল থেকে বহিষ্কার অথবা স্থগিত থাকার দরুণ তার ফিল্ড ট্রিপ বা স্কুল স্পনসর করা সফরে অংশগ্রহণ করতে না পারার দরুণ হারানো অর্থের জন্য দায়ী হবে না।

শিক্ষার্থীদের পক্ষে প্রস্তাবিত সফরে অংশগ্রহণের যোগ্য হতে গেলে কী কী নিয়ম ও আচরণবিধি অনুসরণ করতে হবে তা যেন অবশ্যই ফিল্ড ট্রিপ প্রথম ঘোষণা করার সময়েই শিক্ষার্থীদের ও বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদের মধ্যে বিতরণ করা হয়। ফিল্ড ট্রিপ যখন প্রথম ঘোষণা করা হচ্ছে তখনই এবং পরিকল্পিত সফরের অন্ততঃ ছয় সপ্তাহের বেশি আগে নয়, যথাযথ স্কুল কর্মী সব শিক্ষার্থীর ফাইল পর্যালোচনা করে দেখবেন যে যাতে পরিকল্পিত ক্ষেত্র সফরে শিক্ষার্থীদের অংশগ্রহণ করতে কোনো স্বাচ্ছন্দ্যবিধান বা সংশোধনের দরকার আছে কিনা। প্রয়োজন হলে, ফিল্ড ট্রিপ যখন প্রথম ঘোষণা করা হচ্ছে তখনই বা তার কাছাকাছি সময়ে কোনো দলীয় বৈঠকের আয়োজন করতে হবে কিন্তু সেটি যেন পরিকল্পিত সফরের অন্ততঃ ছয় সপ্তাহের বেশি আগে না হয় যাতে পরিকল্পিত ক্ষেত্র সফরে শিক্ষার্থীদের অংশগ্রহণ ও প্রবেশাধিকার পেতে কোনো স্বাচ্ছন্দ্যবিধান বা সংশোধনের দরকার থাকলে তা নিয়ে পর্যালোচনা এবং আলোচনা করা যায়।

ফিল্ড ট্রিপ বা স্কুল স্পনসর করা সফরের খরচা দিতে না পারার জন্য স্কুল দিবসে হওয়া কোনো ফিল্ড ট্রিপ বা স্কুল স্পনসর করা সফরে অংশগ্রহণ করা থেকে কোনো শিক্ষার্থীকে বাদ দেওয়া যাবে না। একদল শিক্ষার্থীর দ্বারা প্রস্তাবিত ফিল্ড ট্রিপ বা স্কুল স্পনসর করা সফরের টাকা তোলার জন্য পয়সা জোগাড় করতে প্রত্যেক ক্লাব, দল বা গোষ্ঠী দায়ী হবে। ফিল্ড ট্রিপ বা স্কুল স্পনসর করা সফর অনুমোদিত না হওয়া পর্যন্ত কোনো ফিল্ড ট্রিপ বা স্কুল স্পনসর করা সফরের জন্য আর চাঁদা তোলা যাবে বা অন্য কোনো প্রস্তুতি করা যাবে না। একরাতের, স্টেটের বাইরে বা দেশের বাইরে কোনো সফরের জন্য CPS বা কেমব্রিজ স্কুল কমিটির তরফ থেকে কোনো আর্থিক সহায়তা পাওয়া যাবে না।

শিক্ষার্থীর অগ্রহণযোগ্য আচরণের জন্য যদি কোনো শিক্ষার্থীকে সূচীনির্দিষ্ট তারিখের আগেই বাড়ি পাঠিয়ে দিতে হয় তাহলে চ্যাপেরোনের (তত্ত্বাবধায়কের) সেই সিদ্ধান্তের ফলস্বরূপ ব্যয়িত খরচার জন্য CPS এবং কেমব্রিজ স্কুল কমিটি দায়ী হবে না। হোটেল, ভাড়া করা সম্পত্তি, স্থাবর সম্পত্তি অথবা ব্যক্তিগত সম্পত্তিতে কোনো ক্ষতি করা হলে তার জন্য শিক্ষার্থীদের এবং তাদের বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীদের দায়ী করা হবে। বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীরা অবশ্যই এমন যে কোনো ক্ষতির জন্য টাকা দিতে সম্মত হবেন যে ক্ষতিটি তাঁদের সন্তান করেছে এবং/অথবা সেটির জন্য স্কুল আধিকারিকদের টাকা সংগ্রহ করার দরকার পড়লেও তাঁরা সেটি দিতে সম্মত থাকবেন।

যেসব ক্ষেত্র সফরের জন্য পরিবহণের দরকার হবে, সেসব ক্ষেত্রে পরিবহণ অবশ্যই এমন কোনো সাধারণ ক্যারিয়ারের দ্বারা প্রদত্ত হতে হবে যাদের কমনওয়েলথ অফ ম্যাসাচুসেটসে ব্যবসা করার লাইসেন্স আছে এবং যারা ফেডারেল মোটর ক্যারিয়ার সেফটি অ্যাডমিনিস্ট্রেশনের দ্বারা যাত্রী পরিবহণ করার লাইসেন্সপ্রাপ্ত, CPS-এর লাইসেন্সপ্রাপ্ত যান অথবা MBTA, বাস, ট্রেন, অথবা অন্যান্য ধরনের সরকারী পরিবহণ। ফিল্ড ট্রিপ বা স্কুল স্পনসর করা সফরগুলির জন্য সব চার্টার পরিষেবাগুলিকে অবশ্যই এমন কোনো সাধারণ ক্যারিয়ার দ্বারা প্রদত্ত হতে হবে যারা কমনওয়েলথ অফ ম্যাসাচুসেটসের দ্বারা চার্টার পরিষেবা দিতে লাইসেন্সপ্রাপ্ত এবং ফেডারেল মোটর ক্যারিয়ার সেফটি অ্যাডমিনিস্ট্রেশনের দ্বারা যাত্রী পরিবহণ করতে লাইসেন্সপ্রাপ্ত। যেসব পরিবহণ বিক্রেতারা

ফিল্ড ট্রিপ বা স্কুল স্পনসর করা সফরগুলির জন্য পরিবহণ প্রদান করে তারা অবশ্যই এমন প্রমাণ দেবেন যে তাঁদের চালক(রা) কমনওয়েলথ অফ ম্যাসাচুসেটসে এমন যানবাহন চালাতে লাইসেন্সপ্রাপ্ত যেগুলি ক্ষেত্র সফরের পরিবহণ এবং/অথবা ক্ষেত্র সফরের জন্য চার্টার পরিষেবা দিতে ব্যবহার করা হয়। সব পরিবহণ বিক্রেতারা অবশ্যই প্রত্যেক শারীরিক চোটআঘাতের ঘটনা পিছু ন্যূনতম $500,000 (পাঁচ শত হাজার ডলার)-এর দায়বদ্ধতার বীমা করিয়ে রাখবেন। কোনো পরিবহণ বিক্রেতা ফিল্ড ট্রিপ বা স্কুল স্পনসর করা ক্ষেত্র সফরের জন্য পরিবহণ পরিষেবা এবং/অথবা চার্টার পরিষেবা প্রদান করতে পারবে না যদি সেটির ফেডারেল মোটর ক্যারিয়ার সেফটি অ্যাডমিনিস্ট্রেশনের পক্ষ থেকে "শর্তসাপেক্ষ" বা "অসন্তোষজনক" মূল্যায়ন পেয়ে থাকে। এই ক্ষেত্র সফরের নীতিতে থাকা কোনো কিছুকেই এমন ক্ষেত্রসফর নিষিদ্ধ করার জন্য ব্যবহার করা চলবে না যেখানে শিক্ষার্থীরা হেঁটেই সফর করছে।

ফিল্ড ট্রিপ, খেলাধূলোর অনুষ্ঠান বা স্কুলের স্পনসর করা সফরে শিক্ষার্থীদেরকে নিয়ে যাওয়া ও আসার জন্য বেসরকারী মালিকানাভুক্ত যানবাহন বা ভাড়ার ভ্যান ব্যবহার করা কঠোরভাবে নিষিদ্ধ, যদি তা একান্তই কোনো আপত্কালীন পরিস্থিতি না হয়। হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের দ্বারা এবং/অথবা হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান উপস্থিত না থাকলে সফরের নেতার দ্বারা কোনো বিশ্বস্ত আপত্কালীন পরিষেবা নির্ধারণ করতে হবে। কর্মী এবং বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীরা যাঁরা নিজেদের যানবাহন ব্যবহার করবেন তাঁদের যানবাহন ব্যবহার করার সময় শিক্ষার্থী গাড়িতে থাকাকালীন চোট পেলে তাঁরা আইনতঃ দায়ী হবেন।

সারা রাতের এবং সকাল 6টার জন্য বাসস্থানের বন্দোবস্ত সর্বদাই নিরাপত্তা ও সুরক্ষার কথা মাথায় রেখেই করতে হবে, যেখানে সম্ভব সেখানে মধ্যরাত্রি ও সকাল 6টার মধ্যে যাতায়াত করা এড়াতে হবে, সফরের সূচীতে যেন ফেডারেল কর্মসময়ের আবশ্যিকতা ও সাধারণ জ্ঞানের উপর নির্ভর করে ও আবহাওয়া, যানজট এবং অপ্রত্যাশিত কারণগুলির কথা বিবেচনা করে চালকের বিশ্রাম করার মত পর্যাপ্ত সময় ছাড়া থাকে।

আমাদের ওয়েবসাইটের নীতি পৃষ্ঠাটি থেকে ফিল্ড ট্রিপ সম্পর্কে বিশেষ নির্দেশাবলীটি পাওয়া যেতে পারে: www.cpsd.us

## 56. টিকাকরণ

স্টেট আইনের আবশ্যিকতা অনুসারে রেজিস্টার করানোর আগে স্কুলের শিক্ষার্থীদের সফলভাবে ডিপথেরিয়া, পারটুসিস (হুপিং কাশি), টিটেনাস, হাম, রুবেলা (জার্মান মিসলস), মাম্পস, পলিওমায়েলাইটিস এবং হেপাটাইটিস বি ও অন্যান্য ছোঁয়াচে অসুখের টিকা দেওয়া হয়ে থাকে যে অসুখগুলি সরকারী স্বাস্থ্য বিভাগ সময়ে সময়ে নির্দিষ্ট করে দিতে পারে। টিকাকরণ সাম্প্রতিকতম করে রাখার জন্য বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীরা দায়ী থাকবেন।

## 57. পারিবারিক অংশগ্রহণ

CPS মনে করে যে পরিবারই হল তাঁদের সন্তানদের প্রথম শিক্ষক। যেহেতু আমরা প্রত্যেকেই আমাদের পরিবার ও সাংস্কৃতিক পার্থক্যের জন্য সম্মানের আশা রাখি, তাই CPS-ও প্রত্যেক শিক্ষার্থী, পরিবারের সদস্য এবং শিক্ষককে পুরো স্কুল সমাজে মানববৈচিত্র্যের প্রতি সংবেদনশীল ও সম্মানশীল হতে উত্সাহিত করবে। পরিবারগুলিকে যা যা করতে উত্সাহিত করা হবে: (a) তাঁদের বাচ্চা কী শিখছে তা জানতে; (b) তাঁদের সন্তানের শিক্ষার ব্যাপারে প্রশ্ন করতে; এবং (c) তাঁদের বাচ্চার শিক্ষাকে সহায়তা করতে উত্সাহিত করা হবে। CPS-এ পরিবারের অংশগ্রহণ হল বাড়ি ও স্কুলের মধ্যে এমন একটি সম্পর্ক গড়ে তোলার প্রয়াস যা সব শিশুকে সারা জীবন ধরে শিক্ষা নিতে উত্সাহিত করবে। CPS-এর পারিবারিক অংশগ্রহণের নীতিটির একটি প্রতিলিপির জন্য হাই স্কুলের প্রধান/অধ্যক্ষের সাথে যোগাযোগ করুন।

## 58. ক্লাসে তুলে দেওয়া এবং রেখে দেওয়া

কেমব্রিজ স্কুল কমিটি স্বীকৃতি দেয় যে প্রতিটি শিশুই সামাজিক, মানসিক ও বৌদ্ধিক দিক থেকে অনন্য এবং প্রতিটি শিশুকে অবশ্যই স্কুল সমাজের পরিবেশের মধ্যে দিয়ে অগ্রগতির সুযোগ দেওয়া উচিত যা তাদের ব্যক্তিগত চাহিদা পূরণ করে। যে শিক্ষার্থী স্কুলে সফল হওয়ার জন্য লড়াই করছে তাকে হয়তো পরের গ্রেডে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধানের বিবেচনায় তুলে দেওয়া হতে পারে যদি দেখা যায় যে তুলে দেওয়াই শিক্ষার্থীর পক্ষে শ্রেয় হবে, যা স্কুল কর্মী এবং বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর মতামতের উপরও নির্ভরশীল।

আশা করা হয় যে শিক্ষার্থীরা প্রতিটি গ্রেড লেভেলে পাস করে অগ্রগতি করবে। যখন কোনো শিক্ষার্থী গ্রেডস্তরের মান পূরণ করতে সংঘর্ষ করে, তখন স্কুলকর্মী, শিক্ষার্থী এবং বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী একসাথে খেটে শিক্ষার্থীকে সফল করতে সাহায্য করার জন্য সহায়তার পরিষেবা দেবেন। ক্লাসে রেখে দেওয়া শেষ অবলম্বন হিসাবেই গণ্য করা উচিত এবং রেখে দেওয়ার পরিকল্পনা মনোযোগ দিয়ে বিচার করে আরোপ করার পরেই সেটি করা হবে। এর ব্যতিক্রম হল কিন্ডারগার্টেনের শিক্ষার্থীরা যাদেরকে বয়সের জন্য হয়তো একই গ্রেডে দুই বছর রেখে দেওয়া হতে পারে, হাই স্কুলে প্রবেশের আগে কোনো শিক্ষার্থীকে এক বছরের বেশি এক ক্লাসে রাখা চলবে না। IEPs থাকা শিক্ষার্থীদের নিয়ে করা সিদ্ধান্তগুলি অবশ্যই IEP দলের পরীক্ষায় খুঁজে পাওয়া বিষয়গুলির সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে। কোনো শিক্ষার্থীকে একই ক্লাসে রেখে দেওয়ার সিদ্ধান্তটি যথাযথ কর্মী সদস্য এবং বাবা-মা/অভিভাবকের সাথে পরামর্শ করে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান কর্তৃকই নেওয়া হবে। প্রাথমিক এবং হাই স্কুলের স্তরগুলিতে, যদি বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী এই সিদ্ধান্তে অসম্মত হন, তাহলে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান একটি চিঠি লিখবেন যেটিতে হাই স্কুলের অধ্যক্ষ/প্রধান কর্তৃক প্রত্যয়ন করিয়ে শিক্ষার্থীর ফোল্ডারে রাখা হবে, কিন্তু বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকেই চূড়ান্ত সিদ্ধান্ত নিতে দেওয়া হবে। IEP দলের পরীক্ষায় অন্য কিছু খুঁজে পাওয়া না গেলে, মাধ্যমিক স্তরে, যথাযথ ক্রেডিট সঞ্চয় শিক্ষার্থীর গ্রেডে নথিভুক্তকরণের স্থিতিটি নির্ধারণ করে।

সফলভাবে গ্রেডটিতে পাস করা কোনো শিক্ষার্থীকে সেই ক্লাসে রেখে দেওয়া হবে না বা তাদের সামর্থ্য উন্নত করতে অথবা পাঠক্রমবহির্ভূত খেলাধূলোর প্রোগ্রামে অংশগ্রহণের যোগ্যতা দীর্ঘায়িত করতে একই ক্লাসের পুনরাবৃত্তি করতে দেওয়া হবে না।

## 59. স্কুলের মধ্যে জীবনহানিকর খাবারের অ্যালার্জির নিয়ন্ত্রণ ও পরিচালনায় প্রেসক্রিপশনের ওষুধ প্রয়োগ

CPS-এ পড়া শিক্ষার্থীদের প্রেসক্রিপশনের ওষুধ যথাযথ ও নিরাপদে প্রয়োগ করার ব্যবস্থা রাখা এবং স্কুলের মধ্যে জীবনহানিকর খাবারের অ্যালার্জির নিয়ন্ত্রণ সংক্রান্ত সমস্যায় নজর দেওয়া CPS-এর নীতি। এই নীতিটি সহায়ক পদ্ধতিগুলি এখানে পাওয়া যেতে পারে: bit.ly/CPSPolicies যদি আপনার সন্তানের স্কুল দিবসের মধ্যে প্রেসক্রিপশন ওষুধের দরকার পড়ে অথবা জীবনহানিকর খাবারের অ্যালার্জির নিয়ন্ত্রণ করার পরিকল্পনা থেকে থাকে, তাহলে হাই স্কুলের প্রধান/অধ্যক্ষের সাথে যোগাযোগ করুন।

## 60. সুস্থতা নীতি

কেমব্রিজ স্কুল কমিটি শিক্ষার্থীদের সুস্থতা ও শিক্ষার্থীদের কৃতিত্ব অর্জনের মধ্যে থাকা সম্পর্কটিকে স্বীকৃতি দেয় এবং সাথে সর্বাঙ্গীণভাবে ডিস্ট্রিক্টের সুস্থতার নীতিগুলির গুরুত্বও উপলব্ধি করে।

### ওয়েলনেস কাউন্সিল

স্কুল কমিটি এমন একটি ওয়েলনেস কাউন্সিল প্রতিষ্ঠার জন্য স্কুলের সুপারিন্টেন্ডেন্ট এবং সুপারিন্টেন্ডেন্টের মনোনীত ব্যক্তিদের আরোপ করেছে যাঁরা এই নীতির বাস্তবায়ন ও মূল্যায়ন সংশ্লিষ্ট ব্যাপারে জরুরী সংস্থান হিসাবে কাজ করতে পারেন।

### পুষ্টির নির্দেশিকা।

স্কুল ডিস্ট্রিক্টের লক্ষ্য হল সব শিক্ষার্থীরা যাতে পুরো স্কুলদিবস জুড়ে খাবার, হালকা খাবার ও পানীয়ের মাধ্যমে সুস্থ পুষ্টির পছন্দ করার সুযোগ, সহায়তা ও উত্সাহ পায়, যে খাবার বা পানীয়গুলি স্কুলের আহার কর্মসূচীতে প্রদত্ত হয়, এবং অন্যান্য সময়ে স্কুল দিবস চলাকালীন অন্যান্য সময়ে এবং স্কুলের সময়ের বাইরে স্কুলের অনুষ্ঠানে ও স্কুলের বাগানে, স্বাস্থ্য পাঠ্যক্রমে সংযোজিত খাদ্য ও পুষ্টিশিক্ষার অংশহিসাবে তা সম্পন্ন করা হয়।

স্কুল ডিস্ট্রিক্টের ফুড সার্ভিস প্রোগ্রামটি শিক্ষার্থীদের বিভিন্ন রকমের সাশ্রয়ী, পুষ্টিকর এবং মনোহর খাবার ও পানীয় লাভের সুযোগ করে দেবে যেগুলি:

* শিক্ষার্থীদের স্বাস্থ্য ও পুষ্টির চাহিদাগুলি পূরণ করবে এবং USDA-র স্কুলে দেওয়া খাবারের নিয়মকানুনগুলি পালন করবে
* যেরকম প্রযোজ্য সেইরকম অনুসারে ম্যাসাচুসেটস স্কুল নিউট্রিশনের নিয়মনীতিগুলি পূরণ করবে
* খাদ্য পরিকল্পনার ক্ষেত্রে বিভিন্ন ধর্মীয়, জাতিগত ও সাংস্কৃতিক বৈচিত্র্যের শিক্ষার্থীদের স্বাচ্ছন্দ্যবিধানের ব্যবস্থা করবে

* শিক্ষার্থীদেরকে খাওয়ার জন্য পরিচ্ছন্ন, নিরাপদ ও মনোরম স্থান ও পর্যাপ্ত স্থান প্রদান করা; এবং বসার পর থেকে খাওয়ার জন্য, জলখাবারের অন্ততঃ 10 মিনিট ও মধ্যাহ্নভোজনের জন্য অন্ততঃ 20 মিনিট সময় দেওয়া।
* নিশ্চিত করা যে স্কুলে থাকাকালীন যেন কোনো শিক্ষার্থীকে ক্ষুধার্ত না থাকতে হয়
* স্কুলগুলি ভেন্ডিং মেশিন, স্কুলের কাফেটেরিয়ায় প্রদত্ত খাদ্যতালিকার উপকরণ, স্কুলের স্পনসর করা বা স্কুল সংক্রান্ত অনুষ্ঠানে প্রতিযোগিতামূলকভাবে খাদ্য ও পানীয় সরবরাহের জন্য ম্যাসাচুসেটস ডিপার্টমেন্ট অফ পাবলিক হেলথের বেঁধে দেওয়া পুষ্টির মানগুলি অনুসরণ করবে।
* তার সাথে, স্কুলটি কনসেশন স্ট্যান্ড, বুস্টার সেল, চাঁদা তোলার কার্যকলাপ এবং স্কুল থেকে স্পনসর করা বা স্কুল-সংক্রান্ত অনুষ্ঠানের জম্য একই ম্যাসাচুসেটস আদর্শ বজায় রাখবে।

## শরীরশিক্ষা ও শারীরিক কার্যকলাপ

স্কুল ডিস্ট্রিক্টের লক্ষ্য হল সব শিক্ষার্থীরা যাতে শরীরশিক্ষার ক্লাসের মাধ্যমে (PE), স্কুলের কার্যকলাপ চলার আগে ও পরে, সক্রিয় পরিবহণ এবং শিক্ষার পাঠক্রমে যেখানে দরকার সেখানে শারীরিক কার্যকলাপ সংযোজিত করার মাধ্যমে নিয়মিতভাবে পুরো স্কুলদিবস জুড়ে শারীরিকভাবে সক্রিয় থাকার সুযোগ, সহায়তা এবং উত্সাহ পায়। তার সাথে, K-8 শিক্ষার্থীদের জন্য দৈনিক কর্মাবকাশের পর্বের সাথে সক্রিয় খেলাধূলো চলবে।

স্বাস্থ্য, শরীরশিক্ষা ও ক্রীড়াবিভাগ অক্ষম শিক্ষার্থীসহ সব শিক্ষার্থীদেরকে বিশেষ স্বাস্থ্য পরিচর্যা প্রদান করবে এবং যারা বিকল্প শিক্ষার বিন্যাসে রয়েছে তাদেরকে শারীরিক কার্যকলাপের জন্য বিভিন্ন এমন সুযোগ দেবে যা:

- ম্যাসাচুসেটস কম্প্রিহেনসিভ হেলথ কারিকুলাম ফ্রেমওয়ার্ক এবং ন্যাশনাল অ্যাসোসিয়েশন ফর স্পোর্ট অ্যান্ড ফিজিকাল স্ট্যান্ডার্ডের আদর্শগুলি মেনে চলা বা তা অতিক্রম করবে
- শিক্ষার্থীরা যাতে জীবনব্যাপী কার্যকলাপের দক্ষতাগুলি শেখে তা নিশ্চিত করবে
- শিক্ষার্থীদের বিভিন্ন ধরনের প্রোগ্রামের মাধ্যমে শারীরিক কার্যকলাপে অংশগ্রহণ করার সুযোগ করে দেবে, যে কার্যকলাপগুলির মধ্যে ইন্ট্রামুরাল ও প্রতিযোগিতামূলক ইন্টারস্কলাস্টিক খেলাধূলো, এবং দক্ষতা নির্বিশেষে সব শিক্ষার্থীদের কাছে উপলভ্য কার্যকলাপ অন্তর্ভুক্ত থাকলেও তার মধ্যেই সীমিত নয়, যেমন ইন্ট্রামুরাল এবং শারীরিক কার্যকলাপের ক্লাব
- শিক্ষার্থীদেরকে কর্মাবকাশ থেকে আলাদা করে রাখা হবে না বা শরীরশিক্ষার ক্লাস থেকে বাদ দেওয়া হবে না যদি না সেটি শিক্ষার্থীর, অন্যান্য শিক্ষার্থীদের এবং কর্মী ও/বা কর্মাবকাশ বা শরীরশিক্ষার ক্লাস চলাকালীন নিয়োজিত অন্য শিক্ষার্থীদের স্বাস্থ্য, সুরক্ষা ও কল্যাণের পক্ষে একান্তই জরুরী হয়ে পড়ে।যার মানে হল কেমব্রিজ পাবলিক স্কুলের *অধিকার ও দায়িত্বের পুস্তিকায়* থাকা আচরণবিধি এবং/অথবা স্কুলভিত্তিক নিয়মকানুন অথবা অন্যান্য কেমব্রিজ পাবলিক স্কুলের নীতি (যেমন উত্পীড়নরোধী নীতি, শারীরিক অত্যাচার রোধী নীতি, বৈষম্যহীনতার নীতি, ইত্যাদি) লঙ্ঘন করা অথবা শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর তরফ থেকে শিক্ষার্থীকে বাদ রাখা বা অপসারণ করার অনুমতি দেওয়া হয়েছে।
- শাস্তিদানের অংশ হিসাবে শারীরিক কার্যকলাপ বা কর্মবিরতি কখনোই আবশ্যিক নয় আবার এটি কখনোই বাতিলও করা হবে না।
- গ্রেড K-8-এ পড়া সব শিক্ষার্থীদেরকে অন্ততঃ 20 মিনিট করে কর্মাবকাশ নিতে হবে যা প্রশিক্ষিত কর্মীদের তত্ত্বাবধানে মূলতঃ বাইরে কোথাও হবে, যেটি চলাকালীন স্কুলগুলি মৌখিকভাবে এবং স্থান ও সরঞ্জামের বন্দোবস্ত করে মাঝারি থেকে কঠোর শারীরিক কসরত্ করতে উত্সাহিত করবে।
- অস্বাভাবিক পরিস্থিতি সৃষ্টি না হলে শিক্ষার্থীদেরকে শিক্ষাকর্মীদের সাথে বৈঠক করার, প্রকল্প শেষ করার বা কাজ শেষ করার অবকাশ দিতে অস্বীকার করা হবে না।
- শিক্ষার্থী ও কর্মীদেরকে স্কুল থেকে যাতায়াতের সময় সক্রিয় আদানপ্রদানে নিয়োজিত হতে উত্সাহিত করা হয় এবং স্কুলে আসা যাওয়ার জন্য সাইকেল চালানো ও হাঁটাহাঁটি করার উপদেশ দিয়ে ছোটোবেলা থেকে আরও সুস্থ ও সক্রিয় জীবনযাত্রা অবলম্বন করতে বলা হয় যাতে পরিবহণের বিষয়টি আরও নিরাপদ ও আরও আকর্ষক হয়ে ওঠে।

## স্বাস্থ্য এবং পুষ্টিশিক্ষা সংক্রান্ত কার্যকলাপ

স্কুল ডিস্ট্রিক্টের স্বাস্থ্য ও পুষ্টিশিক্ষার কার্যকলাপগুলির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে

- শিক্ষার্থীরা পুষ্টিশিক্ষা ও সামাজিক মানসিক শিক্ষাগ্রহণ করাসহ স্বাস্থ্যশিক্ষার মাধ্যমে সুস্থ আচরণ গড়ে তোলার উত্সাহ, সহায়তা ও শিক্ষা পাবে
- শিক্ষার্থীরা স্বাস্থ্যশিক্ষা পাবে যা তাদেরকে সুস্থ আচরণ গড়ে তুলতে ও তা বজায় রাখার দক্ষতাগুলি শেখাবে
- শিক্ষার্থীরা স্কুল প্রোগ্রামের সব আঙ্গিকগুলি থেকে ধারাবাহিকভাবে স্বাস্থ্য সংক্রান্ত বার্তাগুলি পাবে
- স্বাস্থ্যশিক্ষার পাঠক্রমের আদর্শ ও নির্দেশাবলী পুষ্টি ও শারীরিকশিক্ষা উভয়ের দিকেই নজর দেয়
- পুষ্টিকে স্বাস্থ্য শিক্ষার পাঠক্রমে সংযোজিত করা হয়। যেসব কর্মীরা স্বাস্থ্য ও পুষ্টির শিক্ষা প্রদান করবেন তাঁরাও যথাযথ প্রশিক্ষণ পাবেন
- স্বাস্থ্য ও পুষ্টিশিক্ষার পাঠ্যক্রমটি ম্যাসাচুসেটস কম্প্রিহেনসিভ হেলথ কারিকুলাম ফ্রেমওয়ার্ক, ন্যাশনাল হেলথ এডুকেশন স্ট্যান্ডার্ডস এবং ন্যাশনাল সেক্সুয়ালিটি এডুকেশন স্ট্যান্ডার্ডের সাথে সঙ্গতিপূর্ণ করে তোলা হবে এবং স্বাস্থ্য শিক্ষা, স্কুলে খাদ্যসরবরাহের প্রোগ্রাম ও সংশ্লিষ্ট সাম্প্রদায়িক পরিষেবার মধ্যে যোগসূত্র স্থাপন করা হবে। কিন্ডারগার্টেন থেকে গ্রেড 5 পর্যন্ত কর্মীরা ডিস্ট্রিক্ট স্বাস্থ্যশিক্ষার প্রশিক্ষণে উপস্থিত থাকবেন।
- নিউ ট্রিশন প্রোগ্রামটি কেমব্রিজ পাবলিক হেলথ ডিপার্টমেন্টের সাথে স্কুল ডিস্ট্রিক্টের খাদ্য পরিষেবার সহযোগিতায় স্কুল কাফেটেরিয়ায় প্রদত্ত খাওয়াদাওয়ার বন্দোবস্ত করে শ্রেণীকক্ষে পুষ্টিশিক্ষায় সহায়তা ও উন্নতিসাধন করবে এবং স্কুলের বাগানে সব্জী ও ফল প্রাকৃতিকভাবে লাগিয়ে বড় করে তার স্বাদ নেওয়ার সুযোগ করে দেবে।
- যেখানে বাস্তবসাধ্য সেখানে স্কুলের বাগানগুলি স্বাস্থ্য ও পুষ্টির সংস্থান হিসাবে রক্ষণাবেক্ষণ করা হবে এবং সব বাগানগুলিতে ভক্ষণযোগ্য ফল ও সব্জী লাগানো হবে ও প্রাকৃতিক উপায়ে তা বড় করার ব্যবস্থা করা হবে।

## 61. খেলতে গিয়ে মাথায় চোট লাগা এবং প্রচন্ড জোরে ধাক্কা

স্টেট আইনের আবশ্যিকতা অনুসারে, সব স্কুলগুলি ম্যাসাচুসেটস ইন্টারস্কলাস্টিক অ্যাথলেটিক অ্যাসোসিয়েশনের (MIAA) নিয়মকানুনগুলি মেনে, তাদের শিক্ষার্থী খেলোয়াড় এবং তাদের বাবা-মা/অভিভাবক, প্রশিক্ষক, ক্রীড়া অধিকর্তা, স্কুল সেবিকা, এবং চিকিত্সকদেরকে প্রশিক্ষণ কর্মসূচী এবং লিখিত উপকরণের মাধ্যমে মাথায় চোট লাগা এবং প্রচন্ড জোরে ধাক্কা লাগার পরিণাম সম্পর্কে শেখাতে হয়। আইনি আবশ্যিকতা অনুসারে খেলোয়াড় এবং বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে মরশুমের শুরুতেই আগে লাগা মাথায় চোটের সম্পর্কে তাঁদের প্রশিক্ষকদেরকে জানিয়ে রাখতে হবে। যদি কোনো শিক্ষার্থী-খেলোয়াড় খেলা বা অভ্যাস চলাকালীন অজ্ঞান হয়ে যায়, তাহলে এখন আইনি আবশ্যিকতা অনুসারে শিক্ষার্থীকে খেলা বা অভ্যাস থেকে বাইরে বের করে দিতে হবে, এবং "খেলায় ফেরার" জন্য কোনো লাইসেন্সপ্রাপ্ত চিকিত্সকের কাছ থেকে লিখিত শংসাপত্র নিয়ে আসতে হবে। আরও সবিশেষভাবে বলতে গেলে, স্টেট আইনের প্রাসঙ্গিক অংশে দেওয়া নিয়মানুসারে, "যে কোনো শিক্ষার্থী, যদি কোনো প্রতিযোগিতা বা অভ্যাস চলাকালীন মাথায় চোট পায়, বা তার প্রচন্ড জোরে ধাক্কা লেগেছে বলে সন্দেহ করা হয়, বা প্রচন্ড জোরে ধাক্কা লাগার লক্ষণ ও উপসর্গ প্রদর্শন করে, বা অজ্ঞান হয়ে যায়, তাহলে এমনকি স্বল্পক্ষণের জন্য হলেও তাকে অভ্যাস বা প্রতিযোগিতা থেকে অবিলম্বে বের করে দিতে হবে এবং সে আর সেই দিন প্রতিযোগিতা বা অভ্যাসে ফিরতে পারবে না।" 105 C.M.R. 201.010(B).

বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারী এবং যেসব শিক্ষার্থীরা কোনো খেলাধূলোর প্রোগ্রামে অংশগ্রহণ করার পরিকল্পনা করছেন তাঁদেরকে অবশ্যই একটি বিনামূল্যে অনলাইন কোর্স করতে হবে। দুটি নিঃশুল্ক অনলাইন কোর্স উপলভ্য এবং তাতে আইনি আবশ্যিকতা অনুসারে সব তথ্য দেওয়া আছে। প্রথম কোর্সটি ন্যাশনাল ফেডারেশন অফ হাই স্কুল কোচেসের মাধ্যমে উপলভ্য: www.nfhslearn.com

দ্বিতীয় অনলাইন কোর্সটি সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন থেকে এখানে গেলে পাওয়া যাবে: www.cdc.gov/headsup

প্রচন্ড জোরে ধাক্কা লাগা মস্তিষ্কে অভিঘাতের ফলে সৃষ্ট মানসিক স্থিতির পরিবর্তন যা মূলতঃ শরীরে বা মস্তিষ্কে ভীষণ জোরে ধাক্কা খাওয়ার দরুণ মাথার খুলির মধ্যে আলোড়নের ফলে ঘটে। চিকিত্সকদের কাছে এটি সবথেকে জটিলতম একটি চোট যেহেতু এটির লক্ষণ ও উপসর্গগুলি সর্বদা সোজাসুজি দেখা দেয় না এবং চোটের তীব্রতা ও প্রভাবগুলি নির্ধারণ করা শক্ত হয়ে পড়ে। প্রচন্ড ধাক্কা লাগার সাথে জড়িত উপসর্গগুলির মধ্যে রয়েছে: মাথা ব্যথা, মাথা ঘোরা, বিভ্রান্তি, স্মৃতিভ্রংশ, বমিভাব এবং স্থিতিবিন্যাস নষ্ট হওয়া। সব চোটআঘাতের মধ্যে দশ শতাংশেরও কম ঘটনায় মূর্চ্ছা যাওয়ার ঘটনা ঘটে এবং এটি প্রচন্ড জোরে ধাক্কা লাগার কোনো নির্দেশক নয়। চোটআঘাত লাগার পরে খেলোয়াড় আলো ও শব্দের প্রতি সংবেদনশীলতা, কিছু মনে না রাখতে না পারা, ক্লান্তি এবং উদ্বেগ অথবা অবসাদের মত মানসিক পরিবর্তনেও ভুগতে পারেন।

যেসব খেলোয়াড় প্রচন্ড ধাক্কা পান তাঁদের বেশিরভাগই সম্পূর্ণভাবে সেরে উঠতে পারেন যতক্ষণ অবধি তাঁদের মস্তিষ্ক অন্য কোনো অভিঘাত সহ্য করার আগে সেরে ওঠার মত যথেষ্ট সময় পাচ্ছে; যাইহোক, শুধুমাত্র খেলোয়াড় নিজে উপসর্গ সম্পর্কে কী বলছেন সেটির বিচারে চোটআঘাত সেরে ওঠার ধারণা করা অপর্যাপ্ত যেহেতু বহু শিক্ষার্থী খেলোয়াড়ই চোটআঘাতের লক্ষণ ও উপসর্গ, প্রচন্ড ধাক্কার পরে কী ধরনের তীব্রতা আসতে পারে সে সম্পর্কে জানেন না অথবা তাঁদের প্রশিক্ষকরা, বাবা-মা/অভিভাবকরা, সহখেলোয়াড়রা বা অন্যরা তাঁদেরকে যত শীঘ্র সম্ভব খেলায় ফিরতে চাপ দেন। এই কারণগুলির একটি বা একাধিক থেকে চোটটির সঠিক মূল্যায়ন না করা হতে পারে এবং খেলাতে আগেই ফিরে যেতে হতে পারে। গবেষণায় দেখা গেছে যে চোটআঘাতপ্রাপ্ত তরুণ ক্রীড়াবিদরা তাদের মস্তিষ্ক চোটের ধাক্কা কাটিয়ে ওঠার আগেই খেলায় ফেরে, তাদের দীর্ঘায়িত চোটের উপসর্গে ভোগার ঝুঁকি থাকে, বা বিরল ক্ষেত্রে সেকেন্ড ইমপ্যাক্ট সিন্ড্রোম নামক একটি মারাত্মক স্নায়বিক চোট দেখা দেয়। সেজন্যই স্কুলের স্পনসর করা কোনো খেলাধূলোর অনুষ্ঠানে খেলোয়াড়ের চোট লাগলে CPS নিম্নলিখিত পরিচর্যাগুলি নিতে উত্সাহিত করে:

1. যখনই চোট লাগবে, তখন চোটপ্রাপ্ত খেলোয়াড়কে সত্বর চোট লাগার কথা ক্রীড়া প্রশিক্ষক, প্রশিক্ষক ও স্কুল সেবিকাকে জানাতে হবে।
2. যখন মাথায় চোট লাগা বা প্রচন্ড ধাক্কাসহ কোনো চোট লাগবে, বা প্রচন্ড জোরে ধাক্কা লাগার লক্ষণ বা উপসর্গ দেখা যাবে, বা মূর্চ্ছা যাওয়ার ঘটনা ঘটবে, তখন বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীকে জানানো হবে এবং আহত খেলোয়াড়কে স্থানীয় হাসপাতালের আপত্কালীন কক্ষে ভর্তি হতে হবে অথবা প্রাথমিক চিকিত্সকের কাছে তাঁদের অবস্থার পর্যালোচনা করে দেখা হবে যে তাঁদের আপত্কালীন চিকিত্সার দরকার আছে কিনা।
3. আদানপ্রদান করাটা গুরুত্বপূর্ণ। এর পরে চোটপ্রাপ্ত খেলোয়াড়ের প্রাথমিক পরিচর্যার চিকিত্সক এবং CPS-এর ক্রীড়াবিদ প্রশিক্ষকের সাথে বাবা-মা/অভিভাবক, স্কুল সেবিকা, মুখ্য প্রশিক্ষক ও ক্রীড়া অধিকর্তাও চোটের উপসর্গগুলি নিরীক্ষণ করবেন।
4. চোট লাগা খেলোয়াড়কে পর পর কয়েকটি পরীক্ষায় নিয়োজিত করতে হবে যার মধ্যে নিজে থেকে উপসর্গগুলি বলা, ভারসাম্য করা এবং নিউরো-কগনিটিভ পরীক্ষার মিশ্রণ অন্তর্ভুক্ত রয়েছে। মূল্যায়নের এই মিশ্রণটি ধাক্কা লাগার প্রভাবগুলি আরও সংবেদনশীলভাবে ও আরও খুঁটিয়ে মূল্যায়ন করে, যার ফলে খেলোয়াড়ের খেলায় ফিরে যাওয়া নিরাপদ কিনা তা আরও ভালোভাবে নির্ধারণ করা যায়।
5. যতক্ষণ পর্যন্ত না CPS-এর অনুমোদনপ্রাপ্ত কোনো শংসাপ্রাপ্ত লাইসেন্সপ্রাপ্ত ক্রীড়াবিদ প্রশিক্ষণ আহত খেলোয়াড়কে খেলায় বা অভ্যাসে ফিরতে অনুমতি না দিচ্ছে ততক্ষণ পর্যন্ত সে খেলায় ফিরতে পারবে না।

## 62. **এইচআইভি/এইডস নীতি**

CPS এইচআইভি/এইডস থাকার ভিত্তিতে এবং এইচআইভি/এইডস থাকা কোনো ব্যক্তির সাথে মেলামেশার করার ভিত্তিতে বৈষম্য করে না। এইচআইভি/এইডস থাকা শিশুরা CPS-এ পড়া অন্যান্য শিশুদের মতই CPS স্কুলগুলিতে অংশগ্রহণ ও উপস্থিতি সংক্রান্ত অধিকার ও সুবিধা ভোগের স্বত্ব রাখে। এইচআইভি/এইডস থাকা শিক্ষার্থী এবং/অথবা শিক্ষার্থীদের এইচআইভি/এইডস-এর স্থিতি প্রকাশ করার দরকার নেই। আঠারো (18) বছরের নীচে হয়স হলে ব্যক্তির বা ব্যক্তির বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীর স্পষ্ট লিখিত সম্মতি নিয়ে তবেই এইরকম তথ্য প্রকাশ করা হবে। স্কুলের মধ্যে যেখানে সার্বজনীন সংক্রমণ নিয়ন্ত্রণের নির্দেশিকা ধারাবাহিকভাবে অনুসরণ করা হচ্ছে এবং যেখানে সব কর্মচারীদেরকে ধারাবাহিকভাবে স্কুলের

মধ্যে ও স্কুল চলাকালীন সব সময়ে সার্বজনীন সতর্কতা নিতে হচ্ছে ও অনুসরণ করতে হচ্ছে সেখানে HIV ছড়িয়ে পড়ার ঝুঁকি খুবই ক্ষীণ। স্কুল ডিস্ট্রিক্টের এইচআইভি/এইডস নীতির একটি সম্পূর্ণ প্রতিলিপি স্কুল ডিস্ট্রিক্টের ওয়েবসাইটে পোস্ট করা রয়েছে।

## 63. শিক্ষার্থীদেরকে মাদক, মদ, তামাক, এবং নেশার দ্রব্যব্যের সেবন প্রতিরোধ করা সম্পর্কে শেখানো

কেমব্রিজ পাবলিক স্কুল সব গ্রেডে বয়সোচিত, বিকাশের ভিত্তিতে উপযুক্ত মাদক, মদ, তামাক ও নেশার দ্রব্য সেবন থেকে মুক্তির শিক্ষা এবং মাদক সেবন রোধের প্রোগ্রাম প্রদান করে থাকে। এই শিক্ষামূলক প্রোগ্রামটির লক্ষ্য হল শিক্ষার্থীদেরকে মাদক ব্যবহার ও তার সেবনের পরিণাম সম্পর্কে শিক্ষিত করা, যার মধ্যে মদ, তামাক ও অন্যান্য মাদকের আইনি, মানসিক, মনস্তাত্ত্বিক ও সামাজিক পরিণামগুলিও অন্তর্ভুক্ত রয়েছে। শিক্ষামূলক প্রোগ্রামটি শিক্ষার্থীদের মধ্যে অবহিত সিদ্ধান্ত করার সামর্থ্য, মানসিক কষ্টের সাথে মানিয়ে নেওয়ার জন্য কার্যকর কৌশল গড়ে তোলার অভ্যাস, এবং মদ, মাদক বা তামাক সেবনের জন্য সমকক্ষদের থেকে আসা চাপ মোকাবিলা করতে সাহায্য করে। স্কুল ডিস্ট্রিক্টের সম্পূর্ণ নীতিটির একটি প্রতিলিপি স্কুল ডিস্ট্রিক্টের ওয়েবসাইট থেকে পাওয়া যেতে পারে।

## 64. SBIRT (স্ক্রীনিং, সংক্ষিপ্ত হস্তক্ষেপ এবং চিকিত্সার সুপারিশ)

শিক্ষার্থীদেরকে প্রথম থেকেই মাদক ব্যবহার প্রতিরোধে সাহায্য করার জন্য বা ব্যবহার করলেও গোড়ার দিকেই সেটি বন্ধ করার জন্য কেমব্রিজ পাবলিক স্কুলগুলি SBIRT নামক একটি সাক্ষাত্কার নির্ভর স্ক্রীনিং ব্যবস্থার সদ্ব্যবহার করে যেটি মদ, মারিজুয়ানা ও অন্যান্য মাদকসেবনের ব্যাপারে সব সপ্তম ও নবম শ্রেণীর শিক্ষার্থীদের জন্য উপলভ্য। স্ক্রীনিং সেশনটি প্রায় মিনিটপাঁচেক সময় নেয় এবং হাই স্কুলের নির্দেশনা বিভাগ থেকে প্রশিক্ষিত কর্মীসদস্য বা স্কুল সেবিকার দ্বারা গোপনীয় প্রশ্নাবলীতে গোপনভাবে সম্পন্ন করা হয়।

যে ব্যক্তি স্ক্রীনিংটি নির্বাহ করবেন তিনি মাদক ব্যবহারের কথা জানানো বা ভবিষ্যতে মাদক ব্যবহারের ঝুঁকি থাকার কথা জানানো শিক্ষার্থীকে সংক্ষিপ্ত মতামত দেবেন এবং যেসব শিক্ষার্থী স্ক্রীনিংয়ে অংশগ্রহণ করবে তারা কিছু শিক্ষামূলক উপকরণ ও সংস্থানের একটি তালিকা পাবে। প্রয়োজনীয় বলে মনে হলে, শিক্ষার্থীর পরবর্তী মূল্যায়নের জন্য তাকে কোনো স্কুল সেবিকা বা দলীয় সদস্যের কাছেও সুপারিশ করা হবে।

স্ক্রীনিংয়ের ফলাফলগুলি শিক্ষার্থীর স্কুলের নথিতে অন্তর্ভুক্ত থাকবে না এবং স্ক্রীন করা ব্যক্তির ফলাফলের ভিত্তিতে তার বিরুদ্ধে কোনো শাস্তিও নেওয়া হবে না, না তো স্ক্রীনের ফলাফল SBIRT দল ছাড়া অন্য কোনো স্কুলকর্মীর কাছে ফাঁস করা হবে।

স্ক্রীনার প্রয়োগের আগে শিক্ষার্থীর বাবা-মা/অভিভাবক/পরিচর্যাকারীরাও আগাম লিখিত নোটিশ পাবেন এবং তাঁদের হাতে তাঁদের সন্তানকে স্ক্রীনিং থেকে বাদ দেওয়ার পছন্দও থাকবে।

## 65. পাঠক্রম মূল্যায়ন

কেমব্রিজ পাবলিক স্কুলগুলি সারা স্কুলবর্ষ চলাকালীন বিভিন্ন ধরনের মূল্যায়ন ব্যবহার করে যাতে শিক্ষার্থীর পক্ষে শিক্ষামূলক সিদ্ধান্তগুলি বোঝা ও সে বিষয়ে অবগত থাকার প্রমাণ জোগাড় করা যায়। শিক্ষকশিক্ষিকারা শিক্ষামূলক উদ্দেশ্যের সাথে মানানসই দৈনন্দিন গঠনমূলক মূল্যায়ন ব্যবহার করলেও, কেমব্রিজ পাবলিক স্কুলগুলি MCAS 2.0 এবং সাধারণ ডিস্ট্রিক্টের এমন মূল্যায়নগুলি প্রয়োগ করে যেগুলি শিক্ষার্থীরা ক্রমশঃ কোনো বিষয়ে কিরকম ফল করছে তা নির্ধারণ করে এবং কীভাবে ছোট ছোট গোষ্ঠীগুলি সব শিক্ষার্থীদের তুলনায় উন্নতিসাধন করছে তা তুলে ধরার পাশাপাশি পাঠ্যক্রমের ফাঁক ও পেশাদারী শিক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কে তথ্য দেয়।

কিন্ডারগার্টেন গ্রেড থেকে গ্রেড 5 অবধি, গ্রেড 6 থেকে গ্রেড 8 অবধি এবং গ্রেড 9 থেকে গ্রেড 12 অবধি মূল্যায়নের ক্যালেন্ডার সম্পর্কে আরও বিশদ তথ্য স্কুল ডিস্ট্রিক্টের ওয়েবসাইটে bit.ly/CPSci-তে দেওয়া রয়েছে এবং সেটি আপনার সন্তানের স্কুলের অধ্যক্ষ/হাই স্কুলের প্রধানের কাছ থেকেও পাওয়া যেতে পারে।

## 66. স্কুল প্রাঙ্গণে তামাক ব্যবহারের নিষেধাজ্ঞা

স্কুল ভবন, স্কুলের প্রাঙ্গণ, স্কুলের কেন্দ্র, স্কুলের মাঠে বা স্কুলের বাসে স্কুলকর্মী ও শিক্ষার্থীসহ যে কোনো ব্যক্তির যে কোনো ও সব ধরনের তামাকজাত পণ্য

ব্যবহার করা নিষিদ্ধ। "তামাকজাত পণ্য" কথাটির মানে হল যে কোন আকারে তামাক, যার মধ্যে সিগারেট, সিগার, নস্যি, চিবোনোর তামাক, ই-সিগারেট, নিকোটিন ভেপোরাইজার, ধূমহীন তামাক পণ্য ও অনরূপ প্রকৃতির অন্যান্য পণ্য অন্তর্ভুক্ত থাকলেও তার মধ্যেই সীমিত নাও থাকতে পারে। এই নীতিটি খেলাধূলোসহ সব স্কুল-স্পনসর করা এবং/অথবা স্কুল-সংক্রান্ত অনুষ্ঠানের ক্ষেত্রেও প্রযোজ্য, তা সেই অনুষ্ঠানগুলি স্কুল ডিস্ট্রিক্টের সম্পত্তিতে বা মাঠে যেখানেই হোক না কেন। স্কুল সম্পত্তি এবং/অথবা মাঠগুলি বলতে প্রত্যেক স্কুলের চারপাশে থাকা ফুটপাশ থেকে শুরু করে পুরো প্রাঙ্গণটিকে বোঝানো হবে। বিশেষ করে কেমব্রিজ রিঞ্জ ও লাটিন স্কুলের মাঠ যার মধ্যে কেমব্রিজ পাবলিক লাইব্রেরীর মাঠও সব শিক্ষার্থী নীতিতে স্কুলের মাঠ হিসাবেই গণ্য হবে।

যে কর্মী সদস্য এই নীতি লঙ্ঘন করছেন বলে দেখা যাবে তাঁকে শাস্তিমূলক পদক্ষেপের সামনা করতে হবে।

এই আবশ্যিকতাগুলির বিশেষ বিশেষ লঙ্ঘনের উপর ভিত্তি করে, কোনো শিক্ষার্থী হয় শাস্তি পেতে পারে এবং তাকে হয়তো তামাক ছাড়ার সহায়তা এবং/অথবা মাদক সেবন থেকে মুক্তির সহায়তার ব্যাপারে যথাযথ সিটি/হেলথ প্রোগ্রামের সুপারিশ করা হতে পারে।

তার সাথে, সিটি অফ কেমব্রিজের নীতি অনুসারে পৌরসভার ভবনগুলির চারপাশে "ধূমপানহীন ক্ষেত্র" প্রতিষ্ঠা তৈরি করতে হবে বলে, কেমব্রিজ পাবলিক স্কুল ভবনগুলির সব প্রবেশপথের চারপাশে "ধূমপান নিষিদ্ধ এলাকা" কার্যকর থাকবে এবং বিশ (20) ফুটের দূরত্বে ভিতরে আসার বায়ু চলাচলের জানলা থাকবে।